এই একশো ওয়াগন করে যেটা ছিল সেটা ঠিক সব সময় ওখানে পৌছায় না। আমি উদাহরণ স্বরূপ বলতে পারি ১৯৬০ সালে জানুয়ারী থেকে অক্টোবর পর্য্যন্ত যদিও allotment একশো ওয়াগনের জায়গায় বাড়িয়ে ১১৮ ওয়াগন করা হয়েছে, কিন্তু তৎ সত্বেও পৌচেছে মাত্র ৬১ ওয়াগন এবং গতকাল মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন যে চেষ্টা করা হচ্ছে যাতে বেশী করে সফ্ট কোক ওখানে পৌছে দেওয়া যেতে পারে। ১লা নভেম্বর থেকে ১৪ই নভেম্বর পর্য্যন্ত ২৮ ওয়াগন করে পাঠান হয়েছে এবং আমরা মনে করছি ২৮ ওয়াগন কয়লা পৌছালে ওখানকার

অসুবিধা খানিকটা দূর হবে। এখন ওখানে কাঠ কয়লা আমরা রেশন করতে বাধ্য হয়েছি। প্রতি পরিবার পিছু এক ব্যাগ করে লাগলে বছরে ১ লক্ষ ২০ হাজার ব্যাগ অর্থাৎ মাসে পড়ে ১০ হাজার ব্যাগ এবং মাননীয় সদস্য হামাল জানেন দার্জিলিং এর লোকসংখ্যা প্রায় ৪৫।১৬ হাজার অর্থাৎ প্রায় ১০ হাজার পরিবার। এক একটা ব্যাগে ৩০ সের কাঠকয়লা থাকে, সুতরাং তাদের খুব কষ্টে সৃষ্টে চলছে। যতদিন পর্যন্ত না বনবিভাগ ২ লক্ষ ব্যাগ কাঠ কয়লা দিতে পারবে ততদিন পর্যন্ত অসুবিধা থাকবে। আমরা চেষ্টা করছি যাতে soft coke এর ওয়াগনের সংখ্যা বাড়ে। মাননীয় সদস্যরা জানেন ওয়াগনের অনেক অসুবিধা আছে এবং নভেম্বর মাসে ২০টা ওয়াগন বাড়ান হয়েছে। এই করে আমরা চেষ্টা করছি যাতে কয়লা ও কাঠকয়লার অসুবিধা কথঞ্চিৎ পরিমাণে লাঘব করতে পারি।

Shri Bhadra Bahadur Hamal :—সেদিন মিটিংএ ডেপুটি কমিশনারের সঙ্গে কথা হয়েছিল সিকিম, ভুটান থেকে চারকোল আনবার বিষয়ে। সে বিষয়ে একটু বলতে পারলে ভাল হত।

The Hon'ble Prafulla Chandra Sen :—আমি আর ডিটেল্‌স কিছু বলতে পারব না।

Shri Sunil Das :—মাননীয় মন্ত্রী মহাশয় যে বক্তৃতা দিলেন সে সম্বন্ধে আমার দু'একটা কথা বলার আছে। আমাদের মাননীয় সদস্য হামাল সাহেব আমাকে সমর্থন করবেন। আমি ৭।৮ দিন পূর্বে দার্জিলিং গিয়েছিলাম, সেখানে কাঠকয়লার ভীষণ অনটন দেখে এসেছি। একটা কারণ অনুসন্ধান করে পেয়েছিলাম, সেটা মাননীয় মন্ত্রী মহাশয় বলেননি।

Mr. Speaker :—It is a quiry or a speech? Do not make a speech.

Shri Sunil Das :—It is a quiry. এই যে ফরেষ্টগুলি নীলাম হয়ে বিক্রি হচ্ছে—আগে নিয়ম ছিল, আমি শুনেছি, যারা নীলাম করে কিনে নিত তারা ফরেস্টে গাছের টপ্‌স অর্থাৎ ডালপালা গুলিকে কার্বোনাইজ করার অনুমতি পেত অর্থাৎ ফরেস্ট এরিয়াতে সেগুলিকে কার্বোনাইজ করে সেই চারকোল তারা দার্জিলিংএ নিয়ে আসত। কিন্তু ইদানীং তাদের কার্বোনাইজ করার অনুমতি দেওয়া হয় না।

Mr. peaker :—I have asked you not to make a speech.

Shri Sunil Das :—I am not making a speech.

Mr. Speaker:—You are making a speech.

The Hon'ble Prafulla Chandra Sen :—আমি সব শুনেছি, আমার আর বিশেষ কিছু বলার নেই।

Shri Sunil Das :—এই tree tops curbonise করতে দেওয়া হয়নি বলে চারকোল করতে পারে না। কারণ, tree tops দার্জিলিং-এ বহন করে নিয়ে আনবার একটা ব্যয় conveyance এর অসুবিধা থাকার জন্য তারা দার্জিলিং এ নিয়ে আসতে পারে না। কিন্তু Forest Department যদি তাদের জঙ্গলে Charcoal করার অনুমতি দেয় তাহলে তারা Charcoal সেখান থেকে বহন করে নিয়ে আসতে পারে। এজন্য মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি এটা সত্য কিনা?

Mr. Speaker :—He cannot make a further statement on this point.

GOVT. BILL

The West Bengal Land Reforms (Second Amendment) BILL, 1960.

The Hon'ble Bimal Chandra Sinha: Sir, I beg to introduce the West Bengal Land Reforms (Second Amendment) BILL, 1960.

(Secretary then read the title of the Bill.)

The Hon'ble Bimal Chandra Sinha : Sir, I beg to move that the West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1960, be taken into consideration.

Sir, the scope of this Bill is extremely limited. Under the existing provisions of Section 20 (3) of the West Bengal Land Reforms Act, 1955, an order for the ejectment of a bargadar is executable only during the months of Caritra and Baisakh of the Bengali year. The provision was made as lands generally remained uncultivated in the State during that period. Now representations have been received by Government that in the hilly areas of the district of Darjeeling harvesting is generally over by the end of Agrahayan and the field is ploughed again for sowing seeds in the month of Falgoon. Lands therefore remain uncultivated in the hilly areas during the months of Paus and Magh thus making it difficult the execution of eviction orders of bargadars in the hilly areas during the months of Chaitra and Baisakh because of inconvenience of the bargadars. It is, therefore, proposed to amend Section 20 (3) of the Act, so that the execution of such orders in the hilly areas of the district of Darjeeling will be made in the months of Paus and Magh instead of during the months of Chaitra and Baisakh. This is the object of the Bill.

Shri Deben Sen : On a point of information, Sir. কালকে মুখ্যমন্ত্রী আসাম সম্বন্ধে যে বিবৃতি দেবেন তার কপিটা কি আজকে আমরা পেতে পারি ?

Mr. Speaker : Order, order ; we are taking up legislation.

Shri Apurba Lal Majumdar : Sir, I beg to move that the West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1960 be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st day of June, 1961.

মি: স্পীকার স্যার, ওয়েষ্ট বেঙ্গল ল্যাণ্ড রিফর্মস (সেকেণ্ড অ্যামেণ্ডমেন্ট) বিল যেটা আমাদের সামনে এসেছে তার সম্পর্কে আমি কয়েকটা কথা বলতে চাই। ল্যাণ্ড রিফর্মস বিলের সামান্য একটু পরিবর্তন করার চেষ্টা হয়েছে দার্জিলিং সম্পর্কে। আমরা অবশ্য রাজস্ব মন্ত্রীর কাছে আশা করেছিলাম যে, যদি তিনি ল্যাণ্ড রিফর্মস বিলের কোন অ্যামেণ্ডমেন্ট এই আইনের সামনে নিয়ে আসেন তাহলে তিনি আমাদের দেশের ভূমিসমস্যার মূল বিষয়বস্তগুলি আমাদের সামনে আনবেন এবং সেই সমস্ত সমস্যার সমাধান করার চেষ্টা করবেন কিন্তু আমরা সেই আশা পোষন করলেও এবার তিনি যে অ্যামেণ্ডমেন্ট আমাদের সামনে উত্থাপন করেছেন তা দেখে আমরা সম্পূর্ণ হতাশ হয়েছি। আরো হতাশ হয়েছি এজন্য যে, ল্যাণ্ড রিফর্মস অ্যাক্ট কয়েক বছর আগে পাশ হয়েছে। কিন্তু সেই অ্যাকট আজও কার্যকরী করা হয়নি বা তিনি কার্যকরী করতে পারেন নি, যে কোন কারণেই হোক না কেন। তার একটা মাত্র চ্যাপটার কার্যকরী হয়েছে বর্গাদার সম্পর্কে, এবং সে সম্পর্কে আমরা বহুবার আমাদের বক্তব্য রেখেছি: রাজস্বমন্ত্রী জানেন যে ভূমির যে সমস্যা এবং ভাগ চাষীকে জমি থেকে যখন তখন উচ্ছেদ করার যে ক্ষমতা ভূস্বামীকে দিয়ে দিয়াছেন সে সম্পর্কে এখানে বিস্তারিতভাবে আমরা আগেই বলেছি—আবার নূতন করে স্মরণ করিয়ে দিচ্ছি যে এভাবে টিংকারিং করে অর্থাৎ সামান্য একটা দার্জিলিংএর ক্ষেত্রে চৈত্র বৈশাখের পরিবর্তে পৌষ মাঘ হোক, এরজন্য এত সময় নষ্ট করে, এত কষ্ট করে এই অ্যামেণ্ডমেন্ট না নিয়ে এসে তারচেয়ে বাংলাদেশে বা পশ্চিমবংগে ভাগচাষীরা বা পশ্চিমবংগে যারা জমি চাষ করেন—নিজেদের কায়িক পরিশ্রমে তাদের সম্পর্কে যদি আরো কিছু বক্তব্য এখানে রাখতেন এবং সম্পূর্ণভাবে করে নূতন করে যদি একটা বিল আমাদের সামনে উত্থাপন করতেন তাহলে আমরা আলোচনা করার কিছুটা সুযোগ পেতাম এবং আমাদের বক্তব্য কিছু রাখতে পারতাম।

[4-20—4-30 p. m.]

আমি এই সুযোগে আপনার মাধ্যমে রাজস্বমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলবো—যে দীর্ঘদিন ধরে তিনিও জানেন এবং আমাদের কাছে কিছুদিন আগে গত সেশানে যে

ছোট্ট একটা Booklet তিনি দিয়েছিলেন—পশ্চিমবঙ্গের বর্গাদার চাষীদের সম্পর্কে, সেখানে তিনি নিজে স্বীকার করেছেন যে, এটা একটা staggaring problem—যেখানে ৩২ লক্ষের বেশী ভাগচাষী রয়েছে, যে সম্পর্কে আমরা বার বার বলেছি—অন্ততঃ জমি থেকে তাদের উচ্ছেদ না করবার জন্য, বরাবর চাষ করবার অধিকার যেন তারা পায়, উচ্ছেদ যেন বন্ধ করা হয়। এই minimum দাবী বিভিন্ন সদস্যদের তরফ থেকে রাখা হয়েছিল তাদের এটা বলিনি যে সমস্তভাবে তাদের এই জমিতে ভূস্বামীর অধিকার সমস্ত দিয়ে দেন। আমি শুধু এইটুকু বলেছিলাম।

Mr. Speaker : Mr. Majumdar, you are going into the very principles of the Bill. It is a very simple Bill. So what is the good of going into the principles of the Bill ?

Shri Apurbalal Majumdar . স্যার আমি ঐ Chapter-এর উপর শুধু আপনার দৃষ্টি আকর্ষণ করে মোটামুটি ভাষায় এইটুকু বলছি—বেশী সময় আমি নেব না; পাঁচ মিনিটের মধ্যে আমার বক্তব্য শেষ করছি। আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এইজন্য যে, এই বিল কালকে বা পরশু আবার তাঁকে নূতন করে আনতে হবে এবং নীতিগতভাবে যখন জমিদারী প্রথা উচ্ছেদ করে রাষ্ট্রের হাতে জমিদারীর সমস্ত অধিকার আপনারা নিলেন, তখন যে সাধারণ মানুষের মধ্যে যারা জমি চাষ করে তাদের মধ্যে এবং সরকারের মধ্যে তৃতীয় ব্যক্তি উপস্থিত থাকা উচিত নয়। মূলত নীতিগতভাবে যখন গভর্ণমেন্টের এই স্বীকৃতি দেখি—তখন বাস্তবে যদি তার একটু রূপায়িতঃ করবার ব্যবস্থা করা হত, তাহলে অন্যায় হত না। ভাগচাষী জমি থেকে যাতে উচ্ছেদ না হয়, সেটা করা উচিত ছিল সরকারের। আসল যে সমস্যা—তা সরকার এড়িয়ে গিয়েছেন। জমির যে মালিক, সেই ভূ-স্বামীর personal cultivationএর জন্য যে bonafide requirement আছে, এর কোন definition নাই। ইচ্ছা করলে যে কোনসময়ে চাষীকে উচ্ছেদ করবার অধিকার মালিককে দেওয়া হয়েছে। এই অধিকার যখন থাকবে, তখন মাঘ আর পৌষ মাস করে কতটুকু relief দিতে পারছেন। তখন standing crop থাকবে দার্জিলিং হিলি এলাকায়। মাঘ ফাল্গুন মাসে hilly tracts-এ চাষের ফসল থাকবে। কাজেই চৈত্র-বৈশাখের পরিবর্তে পৌষ-মাঘ করা হোক্। এটা আপাতদৃষ্টিতে মনে হয় গভর্ণমেন্ট যেন ভাগচাষীদের দুঃখেকষ্টে খুব দরদ দেখাচ্ছেন, তাদের সুবিধার জন্য যেন এটা থাকা দরকার। এই দৃষ্টিভঙ্গী যদি থাকে তাহলে আমি বলবো—It is merely crocodiles tears. ভাগচাষীদের জন্য সরকার যেটা করতে যাচ্ছেন তা যদি ভাগচাষী লাথী মেরে ফেলে দেয়, তাহলে তাদের প্রতি দরদ ও সহানুভূতি সরকারের আছে, সেটা দেখানো যুক্তিযুক্ত নয়। সেজন্য আমি বলছি—সত্যি যদি সরকারের কোন দরদ ভাগচাষীদের জন্য থাকে, তাহলে ঐ একটা মাস change করে দিন। অন্তত যে Chapterএ Land Reforms Act কার্য্যকরী করেছেন, তার মধ্যে এইটুকু করে দেন যে জমি থেকে ভাগচাষীদের উচ্ছেদ করা যাবে না যদি তারা জমি ঠিকভাবে চাষ করে এবং ফসল দিয়ে যায়। এইটুকু আপনারা করুন যে Land Lordএর খেয়ালখুসীমত ভাগচাষীকে জমি থেকে উচ্ছেদ করা যাবে না—তাহলে আপনারা কিছুটা দরদ ভাগচাষীদের প্রতি দেখাবেন। এইটুকু বলে আমি আমার প্রস্তাব আপনার কাছে রাখছি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Sir, I find there are five amandments for circulation of the Bill. But, Sir, what is the Bill ? The Bill seeks to amend only one section of the act to provide for excution of orders for the ejectment of the bargadars in the hilly areas in the district of Darjeeling during the month of Paus and Magh. If this Bill is circulated for public opinion, what will be the result ? The whole Act is not to be circulated but only this Bill which concerns only one section of the Act will be circula-

ted. I do not understand how people can be so unrealistic as to ask for circulation of a Bill like this when the only issue is whether no order of ejectment of a bargadar should be issued in certain portions of the district of Darjeeling except in the months of Paus and Magh. That is the only issue. So, what is the purpose of this circulation? I would like some honourable members who have moved these motions to give me the answer. What do they gain by circulating this Bill? What do they expect the public to say in answer to this circulation?

Shri Bankim Mukherjee: The purpose is to know whether the Objects and Reasons that have been stated here are correct or not.

Shri Basanta Kumar Panda: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by 1st January, 1961.

Sir, the question involved in this small Bill is with regard to the execution of the order for ejectment of bargadars at a time when it is suitable not only in the district of Darjeeling but also in other parts of West Bengal.

Sir, in this connection, we must remember that the bargadar's relationship with the owner of the land is a contractual relationship. He has no right to the land he cultivates. It is only by virtue of a contract between the owner and the bargadar that the bargadar gets the right to cultivate the land. The bargadar cultivates the land on condition of giving to the owner a certain portion of the crop that he raises on the land. So, I think we should provide for the improvement of his right in this respect. Moreover, when the bargadar dies, his heir does not inherit the land. As soon as the bargadar dies, his heir does not come in automatically.

Then, as soon as the owner sells his land to somebody alse, unless there is a new relationship established by means of a contract between the new purchaser and the bargadar, the latter ceases to be a bargader. Sir, these are the lacunae which are affecting the rights of the bargadar. By means of this Bill, we are trying to safeguard the interests of the bargadars, but we should also try to improve the position of the bargadars by remedying the grievances which I have mentioned. Sir, with the passaing away of the present generation of bargadars, there will be no bargadars in the country.

Mr. Speaker: Are you not going too far? You are discussing about the position of the bargadars—this is not relevant.

Shri Basanta Kumar Panda: I am only trying to explain this works of execution of ejectment orders. I am saying that in order to protect the interests of the bargadar, the made of execution should be changed in such a way that the heirs of the bargadars should be allowed to inherit and they should be treated as bargadars. In case of transfer of land from one owner to another, the transferee should not be given the right of ejectment of the bargadar.

Shri Ramanuj Halder: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 1st April, 1961.

[4-30—4-40 p.m.]

মাননীয় স্পীকার মহাশয়, এখানে দুটি বিষয় রাখা হয়েছে, শুধু দার্জিলিং-এর বিষয় নয়। "Elsewhere" বলে দেওয়া হয়েছে। সাধারণ বর্গাদারদের স্বার্থ যেমন রয়েছে,

ভূমির ক্ষুদ্র মালিকদের স্বার্থও তেমন রয়েছে। এ ছাড়াও আর একটি বিষয় আছে যেজন্য public opinion elicit এর কথা বলা হয়েছে। সেটা হচ্ছে একটা বিশেষ অবস্থায় ভূমি যে সময় বর্গাদারদের কাছ থেকে ছাড়িয়ে নেওয়া যায় বা বর্গাদার ছেড়ে যায় তার জন্য যদি কোন নির্ধারিত সময় বা নির্দ্দিষ্ট সময় না থাকে তাহলে কৃষিকাজের বিশেষ অসুবিধা হয়। যেমন ধরুন—ভূমিতে সাধারণ ভাবে ফসল থাকলে বর্গাদার উচ্ছেদের অসুবিধা হয়—তেমনি ভূমি আগামী ফসলের জন্য উপযোগী করতে হলে একটা নির্ধারিত ও উপযুক্ত সময় থাকা উচিত। বর্গাদারদের কাছ থেকে ছাড়াবার পর জমি যদি কোন জোতদারের কাছে যায় তাহলে ভূমি চাষের জন্য প্রস্তুত করার ও অন্যান্য জিনিষ যথা—বলদ, বীজ, সার ইত্যাদি সংগ্রহ করার জন্য একটা সুযোগ দিতে হয়। সেজন্য লক্ষ্য করে দেখেছি—শুধু দার্জ্জিলিংএ যে সময় ঘোষণা করা হচ্ছে—সেই সময় যেমন তাদের প্রয়োজন আছে বাংলাদেশের অন্যান্য অঞ্চলেও প্রয়োজন আছে। বিশেষতঃ চৈত্র এবং বৈশাখে জমি ফিরে পেলে মালিকের যেমন অসুবিধা, বর্গাদারদের হাত হতে ঐ সময় জমি চলে গেলে তারও অসুবিধা। তদুপরি মাঘ ফাল্গুনে জমি ফিরে না পেলে চাষের সাজসরঞ্জাম যোগাড় করে তাকে উৎপাদনে উপযোগী করা যায় না। সেজন্য জনসাধারণের কাছ থেকে ভূমি থেকে কোন সময় বর্গাদারকে উচ্ছেদ করলে তবে সুবিধা হবে—সে public opinion চাইবার প্রয়োজন আছে, শুধু দার্জ্জিলিংএর ব্যাপার এটা নয়। ভূমিতে ফসল থাকলে ছাড়ানর যেমন অসুবিধা তেমনি ঠিক সময়ে তথা মাঘ-ফাল্গুনে না ছাড়ালে উৎপাদনের তেমন অসুবিধা। দেশের বৃহৎ স্বার্থের দিকে লক্ষ্য রেখে মাঘ-ফাল্গুনেই বর্গাদারদের হাত হতে ভূমি ছাড়াবার ব্যবস্থা করা উচিৎ।

Shri Gobinda Charan Maji: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion there on by the 31st December 1960.

স্যার, আমার শুধু জিজ্ঞাস্য এই চৈত্র এবং বৈশাখেও আমাদের plain landএ বহু জায়গায় নানা রকম ফসল হয়। যেখানে চৈত্র এবং বৈশাখে ফসল থাকবে সেখানে বর্গাদারদের উচ্ছেদ করবেন কি করে?

Shri Hare Krishna Konar: মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই বিলটায় বর্গাদারদের জন্য যা করা উচিত ছিল তা না করে উল্টো করা হয়েছে। অর্থাৎ বাংলাদেশে বর্গাদার উচ্ছেদসমস্যা যেটা গ্রাম্য অর্থনীতির একটা দুর্ব্বল অংশ, যার প্রতিকারের জন্য আইনের ব্যবস্থা আরও শক্ত করা উচিত ছিল,—আমি দেখতে পাচ্ছি যে মন্ত্রী মহাশয় এখানে উচ্ছেদ আরও কি করে pefect হয়, কি করে আরও ভালভাবে করা যায় তারই ব্যবস্থা করেছেন। একথা মন্ত্রী মহাশয় জানেন যে শুধুমাত্র আইনের মারফৎ উচ্ছেদ হয় না, বেশীর ভাগ জায়গায় মৌখিক উচ্ছেদ হয়। যদিও এটা বেআইনী তথাপি দেখিনি বাংলা দেশের রাজস্ব বিভাগ এই মৌখিক উচ্ছেদের কোন প্রতিকার করেছেন বা করবার চেষ্টা করেছেন। যখনই উচ্ছেদের কথা আমরা বলি তখনই মাননীয় মন্ত্রীমহাশয় একটা লিষ্ট নিয়ে এসে দেখান ভাগচাষ কোর্টে এতগুলি case হয়েছে, এতগুলি case হয়নি। Case যেগুলি হয়েছে প্রকৃত উচ্ছেদের তুলনায় শতকরা ১/২ ভাগ কিনা সন্দেহ আছে। একমাত্র শক্তিশালী কৃষক আন্দোলন যদি হয়, যদি রুখে দাঁড়ায়···

Mr. Speaker: It is not relevant. Please confine yourself to the amendment.

Shri Hare Krishna Konar: আপনি দয়া করে আইনটা একটু পড়ুন—Section 20 deals with eviction. The whole section has been opend. It is not irrevelant.

আপনি দয়া করে Land Reform Bill এর এই sectionটা পড়ার পর বলবেন আমি ঠিক বলেছি কিনা।

The Hon'ble Bimal Chandra Sinha: If Mr. Konar thinks himself right, he can speak because everything is open for discussion.

Shri Hare Krishna Konar: আমরা এখানে ৪ বৎসর আছি। আমরা জানি যে একটা clause যখন open হয় তখন সেই clause টার আলোচনা করা যায়। এবং এখানে the whole clause deals with eviction। মন্ত্রী মহাশয় জানেন যে, ব্যাপকভাবে বাংলাদেশে যে মৌখিক উচ্ছেদ হচ্ছে তার সংখ্যা অত্যন্ত বেশী। এবং আমি মনে করি এখানে যে সমস্ত কংগ্রেস M. L. A রা আছেন তাঁরাও স্বীকার করবেন যে, এই মৌখিক উচ্ছেদ ব্যাপক ভাবে হবার ফলে ভাগচাষীদের অবস্থা অত্যন্ত শোচনীয় হয়েছে। এবং আইনের উদ্দেশ্য উলটে যাচ্ছে। আইনে লেখা আছে ভাগ চাষী ৬০ ভাগ ফসল পাবে, মালিক ৪০ ভাগ পাবে, কিন্তু মন্ত্রী মহাশয় জানেন যেখানে কৃষক আন্দোলন নেই—সেখানে ভাগচাষীকে উচ্ছেদের ভয় দেখিয়ে আরো হীন সর্তে দশ আনা:ছ আনা ভাগের সর্ত আরোপ করছে। এবং জমি থেকে উচ্ছেদ হবার ভয়ে চাষীরা সেই সর্তে চাষ করতে বাধ্য হচ্ছে। এর ফলে এই বিশেষ ক্ষেত্রে সামন্ততান্ত্রিক প্রথা দুর্বল হওয়া ত দূরের কথা আরো বেশী পোক্ত হচ্ছে। আমরা যদি ভুলে না যাই, মন্ত্রীমহাশয় আমাদের হিসাব পরে বলে দেবেন, বাংলাদেশের প্রায় ১/৩ অংশ জমি ভাগচাষ প্রথায় চাষ হয়। সেইজন্য যদি বর্গাদাররা এই রকম ভয়ে ভয়ে থাকে তাহলে চাষে বিশৃঙ্খলা হয়। কার্যতঃ তাহলে তাদের ভাল হবার বদলে উলটোটাই হচ্ছে। যতদিন এই উচ্ছেদের ভয় থাকবে—ততদিন যতই বড় বড় কথা বলা হোক না কেন যে উৎপাদন বৃদ্ধি হবে, সেটা অবাস্তবই হবে। আমি আশা করেছিলাম মন্ত্রী মহাশয় এই amendment এনে eviction কে আরো কি করে সীমাবদ্ধ করা যায় তার ব্যবস্থা করবেন কিন্তু এখানে দেখছি সেভাবে এটা আনেন নি? আমি তাঁর logic বুঝি। দার্জিলিংএ চৈত্র-বৈশাখ মাসে উচ্ছেদ করা যায় না, তাই সংশোধন করা হচ্ছে। কিন্তু এই eviction clause open করার লক্ষ্য হওয়া উচিত কি? লক্ষ্য হবে eviction-কে কি করে পাকা পোক্ত করা যায় তা নয়, যাতে eviction এর সুযোগকে আরো সংকীর্ণ করা যায় সেটাই লক্ষ্য হবে। সেইজন্য আমি মনে করি সর্বপ্রথম হওয়া উচিত এখানে উচ্ছেদের জন্য দুই মাস, চৈত্র-বৈশাখ এই ব্যাপক time দেবার প্রয়োজন নেই। মৌখিক eviction যেখানে হচ্ছে সেখানে এই আইনের প্রয়োজন নেই; যেখানে আপোষে eviction হচ্ছে তারজন্য আইনের দরকার নেই; আইনের দরকার বর্গাদার যেখানে resist করে, মালিক যেখানে জোর করে সেখানে যদি মালিককে দুই মাস time দেন তাহলে কি ভাল হবে? মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি যারা প্রতাপশালী জোতদার—যাদের পুলিসের সঙ্গে যোগাযোগ আছে, তাদের কী protection বেশী দরকার, না, যারা ভাগচাষী, যারা দুর্বল, যারা অত্যাচারিত হচ্ছে তাদের protection বেশী দরকার? যদি বর্গাদারদের রক্ষার বেশী প্রয়োজন হয় তাহলে দুই মাস সময় করেছেন কেন? Why not restrict it? এখানে শুধু চৈত্র মাস করলেই যথেষ্ট—তার চাপই সামলাতে মুশকিল হবে। এই সময়টা যাতে অল্প হয় সেই ব্যবস্থাই করা উচিত। ঠিক তেমনি দার্জিলিং-এ—যেখানে পৌষ, মাঘ মাস করছেন সেখানে আর মাঘ মাস দরকার নেই, একমাস নিন।

[4-40—4-50 p. m.]

দ্বিতীয়তঃ এটা স্বীকৃত হচ্ছে যে, উচ্ছেদের অধিকার থাকলেও এবং উচ্ছেদের order হলেও তাকে কার্যকরী করার সময় আমরা restrict করছি। আইনে সারা বছর উচ্ছেদ করতে পারি না-তাকে চৈত্র বৈশাখ মাসে করতে পারি। সেইজন্য আমরা বাংলাদেশের পরিস্থিতির কথা বিবেচনা করে এবারে গ্রামাঞ্চলের বর্গাদারদের helpless অবস্থার কথা বিবেচনা করে এবার আরও বেশী গোলামী প্রথা যাতে দৃঢ় না হয়—(একথা তিনি নিজেও স্বীকার করবেন যে তাঁর এলাকাও বাদ যাচ্ছে না) এইসব বিবেচনা করে যতদিন temporaes setllement operation complete না হচ্ছে এবং ভূমিসংস্কার আইন কার্যে পরিণত না হচ্ছে—ততদিন এক বছর হউক আর দুই বছর হউক উচ্ছেদকে স্থগিত করুন। এটাই বলুন যে No order

of eviction will be complemented। আমি যেটা বলতে চাচ্ছি তা হোল ১৩৬৭ সাল আর ৬৮ সাল—এই দুই বছর evictions order suspended থাকুক। এই যদি উদ্দেশ্য হয় তাহলে এই সংশোধনী আনবার কোন মানে হয় না। কিন্তু আমি বলতে বাধ্য যে inspite of my respect to the Hon'ble Minister এই আইনে উচ্ছেদকে আরও পাকা পোক্ত ও perfect করা হচ্ছে। তার ব্যক্তিগত ইচ্ছা যাই থাকুক না কেন কার্য্যতঃ তাই করা হচ্ছে। তাই আমি এই বিলের ঘোরতর আপত্তি করছি।

The Hon'ble Bimal Chandra Sinha: স্পীকার মহাশয়, এখানে যে কথা উঠেছে, amendment এর সময় হয়ত সেই সব কথাই আসবে কাজেই সংক্ষেপে আমি এখনি বলছি যাতে amendment এর সময় তার জবাব দিতে না হয়। সে কথাটা এখানে সবচেয়ে বেশী করে উঠেছে যে ভাগ চাষীদের যখন তখন উৎখাত করা হয় এবং হরেকৃষ্ণ বাবু যেটা বলেছেন যে ভাগ চাষীদের উচ্ছেদ করার ক্ষমতা এতে আরও পাকা পোক্ত করা হচ্ছে। আমার মনে হয় এই কথাটা একেবারেই ঠিক নয়। তার কারণ মূল আইন যদি দেখেন Original land Reforms Act তার section এ লেখা আছে no order for the ejectment of Bargadars shall be executed except during the months of Chaitra or Baisakh of the Bengali Year. আমরা কোনরকম তার পরিবর্ত্তন করছি না। যা আছে তাই রেখে দিচ্ছি। দার্জিলিং এ কেন করা হচ্ছে সে কথা আমি আগেই বলেছি, সেখানে পৌষ মাঘ করা হচ্ছে এটাই হচ্ছে সাধারণ উদ্দেশ্য। কিন্তু আসল প্রশ্ন তা নয়। এখানে আরও একটা বড় প্রশ্ন উঠে পড়েছে। সেটা হচ্ছে ভাগচাষীদের উচ্ছেদ বন্ধ করা হবে কিনা। আমি একথা জানি এবং হরেকৃষ্ণ বাবুর সঙ্গে আমি একমত যে বর্গাদারদের নিজেদের সংঘশক্তি যদি দুর্ব্বল হয়—তাহলে শুধু আইনের সুবিধা তারা নিতে পারে না। এবার তার সঙ্গে আমি একথাও বলব জগতে আজকে এমন কোন আইন নাই—যদি সেই আইনের সুযোগ তারা গ্রহণ না করতে পারে তাহলে তাদের শুধু আইন করে বাঁচান যাবে। তাদের একমাত্র উপায় তাদের সংঘশক্তি বাড়িয়ে তাদের অধিকার সম্বন্ধে সচেতন করতে হবে। এখন কাজেই এক্ষেত্রে এই হাউসে যাঁরা যাঁরা আছেন—পক্ষনির্ব্বিচারে তাদের আমি এই কথাই বলব—আইন হলেও আইনের বিধানগুলি আপনাদের ভাল করে দেখতে হবে। কারণ আইনে যখন-তখন উচ্ছেদ করার ক্ষমতা দেওয়া হয়নি এবং তার মধ্যে অনেক বাধা নিষেধ ও আছে। কিন্তু আইনের বাহিরে যে সমস্ত উচ্ছেদ হয় তার উপরে আমাদের কোন হাত নেই। সেক্ষেত্রে কি করা উচিত সে কথা আমি পূর্ব্বেই বলেছি। আমি একটা হিসেব থেকে দেখছি—আমি এটা গত cen.ur figure থেকে বলছি যে ১৯৫৭ সালে ৭ লক্ষ বর্গাচাষীদের মধ্যে ২ হাজার ২৭৯ জন উচ্ছেদ হয়েছিল, ১৯৫৮ সালে ২ হাজার ৪৯ জন আর ৫৯ সালে ১ হাজার. ৮৪৪ জন কিন্তু সেই বছর উচ্ছেদের দরখাস্ত হয়েছিল ১ লক্ষ ১০ হাজার ৬২টা। কিন্তু উচ্ছেদ হয়েছিল মাত্র ১হাজার ৮৪৬ জন। সুতরাং এক্ষেত্রে যখন তখন উচ্ছেদের ক্ষমতা দেওয়া হয়েছে এটা সত্য নয়। বর্গাচাষীদের উচ্ছেদ হওয়া উচিত কি উচিত নয়, বাংলাদেশের ভূমি সমস্যা, কৃষির আর্থিক অবস্থা প্রভৃতি অনেক কথাই বলতে হয়।

জমিদারী দখল আইনই বলুন, ভূমিসংস্কার আইনই বলুন, এগুলির উদ্দেশ্য কি?—উদ্দেশ্য হচ্ছে, আজকে পরের উপর ভার দিয়ে কেউ বসে থাকবে না। আজকে হয়তো অনেকেই খাজনা নিয়ে জীবন চালান, তাঁদের এরকম অবস্থা হয়ে দাঁড়াবে যে, মাত্র ২৫ একর জমি নিয়ে নিজেদেরই চাষ-আবাদে মন দিতে হবে। যারা নাকি মাত্র ২।১০।১৫ বিঘা জমির মালিক, তারা যদি নিজহাতে চাষ না করতে পারে—তাহলে ভবিষ্যতে তাদের সন্তান সন্ততিদের কি হবে সে কথাও বিবেচনার যোগ্য। কারণ, বাংলাদেশের বহু জমিই economic unit। কাজেই বর্গাচাষীদের কথা যেমন ভাবতে হবে—এবং ৭ লক্ষ লোক, বড় সোজা কথা নয়,—বাংলাদেশের অর্থনীতিতে তারা একটা গুরুত্বপূর্ণ স্থান অধিকার

করে রয়েছে—তাদের কথা যেমন ভাবতে হবে, ছোট ছোট চাষীদের কথাও ভাবতে হবে। এবং তার সঙ্গে আরও ভাবতে হবে শুধু বর্গাদারদের জমি থেকে উচ্ছেদ বন্ধ করলে হবে না—তারা শুধু জমি নিয়ে কি করবে? তাদের প্রচুর rural credit দরকার। তারা এতদিন মালিকদের নিকট যে সাহায্য পেত. সে সাহায্য আর পাবে না। যাই হোক, সেই প্রশ্নের মধ্যে আমি এখন যাচ্ছি না। যে বৃহৎ সমস্যা এখন আমাদের সামনে রয়েছে, সেই সমস্যার কথাই আমরা চিন্তা করছি। এর মধ্যে বিবিধ ধরণের যে সব গোলমাল রয়েছে সেগুলির মধ্যে একটা সামঞ্জস্য বিধান করতে হবে—কিন্তু সেটা সময়সাপেক্ষ।

The motion of Shri Apurba Lal Mojumdar, that the West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1960, be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and lost.

The motion of the Hon'ble Bimal Chandra Sinha that the West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1960. be taken into considetation was then put and agreed to.

Clause 1

The question that Clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Shri Apurba Lal Majumdar : Sir, I beg to move that in Clause 2, in the proposed sub-section (3), in line 2, after the word "executed" the words "unless one year has passed from the date of the order of ejectment and" be inserted.

I also move that in Clause 2, the following proviso be added to the proposed sub-section (3), namely :—

"Provided that proper compensation is paid in such manner as may be prescribed by the owner to the bargadar for his share of the standing crops, if any."

প্রথম amendmentটা আমি এইজন্য চাচ্ছি যে, Revenue officer যিনি মোকদ্দমার রায় দেবেন, সেই উচ্ছেদের রায় হয়ে যাবার পর execute করার মধ্যে একটা period বা gap যেন থাকে, এটাই আমি চাচ্ছি। কারণ এই বিষয়ে আমাদের রাজস্বমন্ত্রীর হয়ত অভিজ্ঞতা থাকতে পারে যে, এক একটা উচ্ছেদের মামলা এখন Junior Land Revenue officer চালাচ্ছেন, কোনটা ১ বছর, ২ বছর, ৩ বছর পর্যন্ত, অর্থাৎ দীর্ঘদিন ধরে চলছে আমার অভিজ্ঞতায় আমি দেখেছি এবং কয়েকটা মামলায় তাদের তরফ থেকে হাজির হয়েছি।

[4-50—5.5 p.m.]

দীর্ঘদিন ধরে সাক্ষী নিয়ে আসতে হয়, সাক্ষী নিয়ে যায় দিনের পর দিন, ম্যাজিস্ট্রেট কোর্ট আজকে বসতে পারল না, কোর্টের আজ সময়ের অভাব, আজ একটা সাক্ষী নিয়ে বন্ধ হয়ে গেল ইত্যাদি সব খবর নিশ্চয় রাজস্ব মন্ত্রী মহাশয়ের কাছে নিশ্চয়ই আসে। এইভাবে বছরের পর বছর ধরে ছোট ভাগচাষী উচ্ছেদের মামলাগুলি চলে আসছে। এই মামলা যাঁরা করেন তাঁরা সব পার্ট টাইম কাজ করেন।

The Hon'ble Bimal Chandra Sinha—যেখানে ভিক্সড নাম্বার অব কেসেস এর বেশী হয় সেখানে হোল টাইম অফিসার দেওয়া হয়েছে—যেমন সুন্দরবনের অনেক জায়গায় আছে।

Sri Apurba Lal Majumder—আমি নিজে কয়েকটি জায়গায় গিয়ে দেখেছি যে..........

The Hon'ble Bimal Chandra Sinha: যেখানকার ফিগার হচ্ছে ৫০০ সেখানে আমরা পার্ট-টাইম নিয়েছি কিন্তু তার চেয়ে বেশী হলে হোল-টাইম দিচ্ছি।

Shri Apurba Lal Majumdar—এই ভাবে ২ বৎসর চলার পর যখন আর চালান সম্ভবপর হল না তখন তিনি সেই জমি মালিকের সঙ্গে একটা আপোষ মীমাংসা করে ছেড়ে দিলেন। ভাগচাষ বোর্ড. রেভিন্যু অফিসার, এস. এল, আর, ও; জে. এল. আর. ও; ইত্যাদি যারা এই সব কাজ করেছেন তাঁদের অফিসগুলো কোর্টের আওতা থেকে খানিকটা দূরে থাকার জন্য উকিলবাবুরা সেখানে যেতে চান না এবং যেতে চাইলেও অতিরিক্ত ফি ডিমাণ্ড করেন। অধিকাংশ ক্ষেত্রে যাঁরা জোতদার, যাঁরা জমি থেকে উচ্ছেদ করতে চান তাঁরাই উকিল নিয়োগ করেন। কাজেই গরীব ভাগচাষীদের পক্ষে যদি উকিল না দাঁড়ায় তাহলে তাদের কোন ডিফেণ্ড করা মুস্কিল হয়। আবার গরীব ভাগচাষীদের পক্ষে উকিল না যায়-সেজন্য মালিকেরা যদি ২।৩গুণ ফি চার্জ করেন তাহলে সেক্ষেত্রেও দেখেছি বছরের পর বছর এক একটা মামলা adjourment after adjourment হয়ে যায়। ৫০০ এর বেশী কেস যেখানে সেখানে বললেন যে হোল টাইম নিয়োগ করেছেন। কিন্তু আমি নিজে উলুবেড়িয়াতে যেখানে ৫০০ এর কেস হয় কোর্টে হাজির হয়ে শুনলাম আজ ল্যাণ্ড রেভিনিউ অফিসার বসবেন না, কারণ তিনি আউট ডোর ওয়ার্কএ চলে গেছেন। এইভাবে হয়রানী হতে হতে সে বেচারা অন্য কিছু করে ফেলে যাতে তার ক্ষতি হয়। সিভিল কোর্টে থাকলে পর খরচ বেশী হবে বলে আমরা খরচ কমাতে চেয়ে এস. এল. আর. ও; জে. এল. আর. ও; করে ছিলাম এবং ভাবলাম এ করাতে খরচ কম হবে এবং এক্সপিডাইট হবে, কিন্তু আসলে তা হচ্ছে না। আমি নিজে উলুবেড়িয়াতে গিয়ে দেখেছি যে, মাঝে মাঝে অফিসার থাকেন না এ্যাড-জোর্ণমেন্ট অ্যাফ্‌টার এ্যাডজোর্ণমেন্ট হচ্ছে এবং এর ফলে সাক্ষী নিয়ে হাজির হতে হতে যখন সে হয়রান হয়ে যায়—তখন সে জোতদারের হাতে ধরে কেস মিটিয়ে নেয়। তিনি এইমাত্র যে ফিগার দিলেন—তাতে দেখছি যে ১০ হাজার এপ্লিকেশনের মধ্যে ১৬০০ উচ্ছেদ হওয়ার। এই মামলা চালানোর ক্ষেত্রে তাদের সব শেষ হয়ে যায়। সেজন্য আমি আমার এমেণ্ডমেণ্ডে বলেছি—উচ্ছেদের অর্ডার যদি হয়ে যায় তাহলে তার পরে যেন একবছর সে জমিতে চাষ করার সুযোগ পায়। একবছর গ্যাপ দিয়ে দিলে নীতির দিক থেকে ঠিক হবে। এক্সিকিউসানের দিক থেকে দিলে সে লোকটা যেন একটা ফসল তুলে নেবার সুযোগপায়। উনি হয়ত বলবেন যে, সেই সময় যে ফসল হবে, যে প্রোডিউস হবে তার ৫০ বা ৪০% শেয়ারের সম্পর্কে কি বন্দোবস্ত হবে? এটা সম্পর্কে রুলস-এ একটা কিছু ব্যবস্থা করতে পারেন এবং সেই ভাগ দেবার অর্ডার কোর্ট দিতে পারেন। আমি এজন্য এটা বলছি যে, ২ বছর মামলা চালাবার পর সে যদি জমি থেকে উচ্ছেদ হয়ে যায় তাহলে তার সব শেষ হয়ে যাবে। কাজেই এক বছর ফসল পেলে সাময়িকভাবে এক বছরের খাবারের বন্দোবস্ত থাকলে সে একটা ব্রিদিং স্পেস পেতে পারে এবং এই সময়ের মধ্যে সে একটা কাজ জোগাড় করে নিতে পারে। সেজন্য সঙ্গে সঙ্গে এক্সিকিউসনের ব্যবস্থা যেন না হয়। আমরা বিশেষভাবে দেখেছি যে চৈত্র বৈশাখ মাস আসবার আগেই জোতদাররা হিয়ারিং করতে চান। অর্থাৎ ফাল্গুন চৈত্র মাসের মধ্যে হিয়ারিং হয়ে যদি রায় হয়ে যায় তাহলে তাঁরা জমির ফসল পেতে পারেন। সেজন্য আমি বলছি যে, এক্সিকিউসানে ঐ সব দরিদ্র ভাগচাষীদের নীতিগতভাবে উচ্ছেদ স্বীকার নিয়ে যদি তাদের একবছর সময় দেন, তাহলে এর মধ্যে তারা একটু কিছু করে ফেলবে। অর্থাৎ after 12 month executions order এর পর সে জমিটা ছেড়ে দেবে এবং এর জন্যে সে একটা ব্রিদিং স্পেস পাবে। এর ফলে ৬ মাস বা ১ বছরের ফসল তার হলে তার পক্ষে অনেক সুবিধা হবে। সেজন্য আমার এই এমেণ্ডমেণ্ড আমি এই হাউসে প্রেস করছি এবং আশা করি এটা গৃহীত হবে।

তারপর আমার পরবর্তী এমেণ্ডমেণ্ড হল যে চৈত্র এবং বৈশাখ মাস বা পৌষ এবং মাঘ মাসে দার্জিলিংএর হিল ট্রাকটস বাদ দিয়ে এখানকার চাষীদের উচ্ছেদ করবেন। মন্ত্রীমহাশয় তাঁর

statement of object & reasons দেবার সময় একথা স্বীকার করেছেন যে, এই সব সাধারণত জমিতে ফসল কম থাকে। হামাদ সাহেব বললেন যে মাঘ মাসে বা তার পরে দার্জিলিং হিলি ট্রাকটস বা বাংলাদেশের অন্যান্য জায়গায় কিছু কিছু ফসল থাকে। কি একদম যে ফসল থাকেনা একথা মন্ত্রীমহাশয় বলেন নি। যেমন ধরুন সরষে থাকে। সেজ আমি বলছি যে ষ্টাণ্ডিং ক্রপ দার্জিলিং এর হিলি ট্র্যাক্টস এলাকায় যদি পৌষ মাঘ মাসে ফসল থাকে, কিম্বা চৈত্র বৈশাখ মাসে পশ্চিম বাংলার অন্যান্য জায়গায় থাকে,—সেই ষ্টাণ্ডিং ক্রপ এবং এক্সিকিউসন দেবার সময় সেই এক্সিকিউসান অফিসার যিনি থাকবেন - এস-ডি-ও হন আর যেই হন—তিনি এ্যাসেস করার সময় জমিতে কোন ধরণের ফসল হয়, তার মূল কত ইত্যাদি দেখে যেন এসেস করেন। এটা থেকে দরিদ্র ভাগচাষী যেন বঞ্চিত না হয় এই সব বিষয় যেন এক্সিকিউসান অফিসারের উপর নির্দেশ থাকে এবং যিনি অফিসার থাকবেন তিনি নিজে যেন একটা কম্পেনসেসন ধরে দেন। আমি আশাকরি যে নীতির দিক থেকে তিনি এটা গ্রহণ করবেন। আমি হাউসের কাছে এটা উপস্থিত করে এই কথাই বলতে চাই যে দরিদ্র চাষীদের যদি এইটুকুন সুযোগ দেন তাহলে তাদের খানিকটা উপকার করতে পারেন।

(At this stage the House was adjourned for fifteen minutes.)

[After Adjournment]

[5-15--5-25 p.m.]

Mr. Speaker : I find Shri Hemanta Kumar Ghosal is not in the House. Mr. Bhupal Chandra Panda, you move your amendment.

Shri Bhupal Chandra Panda : Sir, I beg to move that in clause 2, the proposed sub-section (3) (ii), be omitted.

I also move that in clause 2, the following proviso be added to the proposed sub-section (3) (ii), namely :—

"Provided that no order for ejectment of a bargadar shall be executed upto the 31st of January 1970."

Shri Subodh Banerjee : Sir with your permission I want to move an amendment on the floor of the House, that in clause 2, in the proposed sub-section to (3) (i), in line 3, for the word "months", the word "month" be substituted.

মিঃ স্পীকার, স্যার, আমি এখানে একটু ভুল দেখছি। এখানে রয়েছে for the months of Pous or Magh এবং months of Chaitra or Baisakh Months কেন হবে, month হবে। Or রয়েছে যখন তখন singular হওয়া দরকার। When there is Pous or Magh, it is certainly one month and so it must be month and not months.

The Hon'ble Bimal Chandta Sinha : Sir, I accept it.

Shri Bhupal Chandra Panda ; মাননীয় স্পীকার মহাশয় যে বিলটা এনেছেন—এটা খুব দুর্ভাগ্যের কথা বা নিয়তির পরিহাস বলতে হবে যে ভূমি সংস্কার আইনের যে সংশোধন বাংলাদেশের মানুষ আশা করেছিল সেই সংশোধন এই আকারে যে দেখা দেবে তা কেউ ভাবতে পারেনি, এটা কৃষকেদের কাছে বজ্রাঘাতের স্বরূপ। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে মাননীয় মন্ত্রী মহাশয়কে এই কথা জানাতে চাই যে ভূমি সংস্কার আইনের মাধ্যমে বাংলাদেশের কৃষকসমাজ চেয়েছিল আজকের দিনে ল্যাণ্ডের সিলিং নির্দিষ্ট হয়ে যাওয়ার পর বাড়তি জমি কি ভাবে তাদের মধ্যে দ্রুত বিলি হবে সেই প্রকার একটা সংশোধন আপাতত: এই আইন সভায় আসবে। কিন্তু তার পরিবর্তে নেইহ জমিতে তারা রয়েছে সেই কৃষকসমাজের বর্গাদার অংশ তা থেকে তাদের উচ্ছেদ

করার পাকাপোক্ত ব্যবস্থা এই বিলের মাধ্যমে আনা হচ্ছে। তাই আমি বলছি এর নিরত্তির পরিহাস। সে দিক থেকে লক্ষ্য করে আমি আমার এ্যামেণ্ডমেন্টের মাধ্যমে ক্লা ২এর Sub-section (3) (ii) টা omit করতে চাই ? এই সঙ্গে অবশ্য আমার আর একট সংশোধন আছে যেটা ১৩ এবং ১৪ তে আছে সেটা হল "Provided that no orde for ejectment of bargadar shall be executed up to the 31st o January 1970"।

আমি দুটোকে একসঙ্গে মিলিয়ে বলছি। আমি এই কথাটা হাউসের সামনে রাখতে চাই যে আজকের বাংলাদেশে সবচেয়ে প্রধান সংকট কৃষির ক্ষেত্রে যেটা এসে উপস্থিত হয়েছে সেটা হচ্ছে—এই যে ৭ লক্ষাধিক বর্গাদার অংশ যা মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, তাদের পরিবার শুদ্ধ প্রায় ৩৫ লক্ষের মত হবে, তাদের জীবনে এই আইন একটা ভীষণ সাংঘাতিক ঘটনা বা সাংঘাতিক বিপর্যয় ডেকে আনবে। এভিক্‌সানের ব্যাপারে এখনই আমরা দেখতে পাচ্ছি যে মৌখিক উচ্ছেদ, বে-আইনী উচ্ছেদ যেটা গুণ্ডা লাঠিয়ালদের সাহায্যে জোর জবরদস্তি করে উচ্ছেদ, সেটা হচ্ছে সেই উচ্ছেদকে ঠেকানোর জন্য কোন ব্যবস্থা আইন সভায় এখনও পর্যন্ত গৃহীত হয়নি, যদিও সেটা ধরে নেওয়ার কথা যে এই রকম বে-আইনী উচ্ছেদকে ঠেকাবার জন্য সরকারের হাতে, তার এ্যাড্‌মিনিষ্ট্রেটিভ অফিসারের হাতে যথেষ্ট ক্ষমতা দেওয়া আছে। কিন্তু তা সত্বেও কোন ক্ষেত্রে এই দুর্ভাগ্য বিশিষ্ট যে বর্গাদার অংশ তাদের রক্ষার কোন ব্যবস্থা এ পর্যন্ত হচ্ছেনা। আমি আপনার কাছে অনেক উদাহরণ তুলে ধরতে পারি। সেখানে সাঁজাচাষী তাদের রায়তিস্বত্ব পাওয়ার কথা—যেখানে সেই রায়তিস্বত্ব বিশিষ্ট সাঁজাচাষীকে ভাগচাষ বোর্ডের মারফৎ ভাগচাষী প্রতিপন্ন কার দেওয়া হচ্ছে এবং এইভাবে উচ্ছেদ হচ্ছে যে বেনামদার যার আইনত: কোন অধিকার নেই সে ভাগচাষ বোর্ডে গিয়ে মিথ্যাভাবে কেস দায়ের করছে।

অফিসারবৃন্দের ডিডস্ এবং ডকুমেন্টস যেগুলি আইনানুগ কিনা তা পরীক্ষা না করেই তাদের ভাগের ডিগ্রী দেয়া হচ্ছে এবং উচ্ছেদের রায় দেয়া হচ্ছে এবং প্রতিটি ক্ষেত্রে ভাগচাষীরা যাতে উচ্ছেদের আক্রমন থেকে রেহাই না পেতে পারে তার চেষ্টা করা হচ্ছে অর্থাৎ তাদের আদালতে যেতে বাধ্য করা হচ্ছে যেখানে যাওয়ার ক্ষমতা তাদের নেই – যার ফলে উচ্ছেদ মেনে নেয়া ছাড়া তাদের আর গত্যন্তর থাকছে না। শুধু তাই নয় আমি আপনার কাছে আরো তুলে ধরতে চাই যে ৫ (ক) ধারানুযায়ী যে বিচার সাপেক্ষ মামলা সেই মামলার ক্ষেত্রে থানার নির্দেশ করে দিচ্ছে বেনামদার বা পুরানো মালিকের আওতার মধ্যে যে, পুরাণো এবং বেনামদার করা চাষীর উৎপন্ন যে ফসল সেই ফসলকে নিজের কায়দায় মধ্যে পেয়ে সেই ভাগচাষীকে বাধ্য করছে ইস্তাফানামা লিখে দিতে, অন্যথায় তার ফসল থেকে বঞ্চিত হবার সম্ভাবনা এসে হাজির হচ্ছে। এইভাবে কোন প্রকারে বে-আইনী রায়ের মাধ্যমে, জবরদস্তি করে, আইনকে রক্ষা করার নামে এবং ন্যায্য মালিকানার অংশ যাতে সরকার পেতে পারে তার গ্যারান্টি করার নামে এমন কায়দায় চাষীদের ফসল তুলতে বাধ্য করছে যাতে সে ইস্তাফানামা লিখে দিতে বাধ্য হয়। কাজেই আমি যে সংশোধনী দিয়েছি ৮নং এবং ১২ – ১৪ নং তার মূল লক্ষ্য হচ্ছে—আজকে ব্যাপকভাবে ভাগচাষীদের উপর যে আক্রমণ চলছে সেই আক্রমণকে রোধ করাই আইনসভার প্রথম এবং প্রধান কর্তব্য; কারণ বাংলাদেশে এই রকম উচ্ছেদকে না ঠেকাতে পারলে পর আমরা যে উৎপাদন বৃদ্ধির কথা বলছি সেই উৎপাদন বৃদ্ধি তো হবেই না, অধিকন্ত, সেই উৎপাদন বৃদ্ধির পথে বিরাট এক বিপর্যয় সৃষ্টি হবে। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে, এই এ্যামেণ্ডমেন্ট তিনি যেন গ্রহণ করেন। তিনি যে কথা তুলেছেন ক্ষুদ্র মালিক এবং অন্যান্য অংশের কথা—আমরা জানি যে বাংলাদেশের ক্ষেত্রে চাষীদের সংগে আলোচনার ভিত্তিতে আপোষে এইসব ঘটনা ঘটে থাকে।

এটা সামাজিক ব্যবস্থার মাধ্যমে হতে পারে। তারজন্ত আইনের মাধ্যমে এ রকম একটা দরজা খুলে দেবার মানেই হচ্ছে বাংলাদেশের ব্যাপক যে বর্গাদার অংশ—যারা কোন রকম জমির কোন স্বত্ব স্বামিত্ব পাই নি তাদের আজকে একটা ভীষণ সাংঘাতিক বিপর্যয়ের পথে ঠেলে দেয়া। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই,—আজকে যেভাবে ব্যাপক উচ্ছেদ চলছে তাতে বংলাদেশের 'চাষীদের আর বেঁচে থাকবার বা জমিতে টি'কে থাকবার কোন উপায় থাকবে না। কাজেই আমি এই বিলের বিরোধিতা করে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি তিনি যেন এই বিলটা উইথড্র করেন।

[5-25—5-35 p. m.]

Shri Saroj Roy: I move that in clause 2, in the proposed sub-section 3 (ii) for the words "the months of Chaitra or Baisakh" the words "the month of Chaitra" be substituted...

আমার এই amendment টা বিমলবাবু যদি একটু লক্ষ্য করেন, তাহলে এটা নিতে ওঁর দিক থেকে কোন বাধা হবে না। আমি জানি বহুবার বিমলবাবু বলেছেন—on principle তিনি ভাগচাষী উচ্ছেদের বিরুদ্ধে। কিন্তু নানা রকম অবস্থা আছে—নানা রকম মালিক আছে—যারা ছোট মালিক তারা জমি চাষ করতে চায়। তার জন্ত এই ধারা রাখা হয়েছে। এটা যদি ঠিক হয় যে তিনি principally ভাগচাষীদের উচ্ছেদের বিরুদ্ধে, তাহলে সেদিক থেকে একটা জিনিষ অন্ততঃ করা দরকার যে উচ্ছেদের period টা যদি কিছুটা restrict করা যায়। এখানে যেটা দেওয়া হয়েছে,—চৈত্র এবং বৈশাখ মাসের মধ্যে উচ্ছেদ করতে হবে। সেখানে মন্ত্রীমহাশয়কে অনুরোধ করতে চাই—চৈত্র বৈশাখ এই না রেখে—যারা eject করবেন—যারা মালিক, তারা আইন কানুন বোঝেন, তাদের scope কিছুটা কমিয়ে দেওয়া হোক—মাত্র ১ মাস রাখা হোক। আর যারা ejected হয়—ভাগচাষী, তারা কোন স্তরের সেটা বিমলবাবু জানেন। তারা অনেকে এসব কিছু খোঁজখবর রাখেন না। কাজেই অনেক সময় দেখা যায়—একতরফা রায় হয়ে যায়। বহুক্ষেত্রে ejection যে আইনী ভাবে হচ্ছে—বিমলবাবু তা জানেন। এখানে যে period দেওয়া হয়েছে—চৈত্র বৈশাখ, সেখানে যদি একটা মাস রাখেন তাহলে তাদের পক্ষেও সুবিধা হয়। যদি eject করতে হয়, তাহলে চৈত্রমাসের ভেতর eject করতে হবে; এইটা রাখলে পর মালিকও সে বিষয়ে conscious হবেন। এতে যে ভাগচাষীদের খুব বেশী লাভ হবে তা নয়, তবুও ভাগচাষী কিছু সুবিধা পেতে পারে—যদি period টা কিছুটা কমিয়ে দেওয়া যায়। এতে করে কোন কোন জায়গায় কিছু কিছু উপকার হতে পারে। সেজন্ত আমার কথাটা হলো—সত্যিকারের যদি বিমলবাবুর কিছু sympathy দরিদ্র চাষীদের প্রতি থেকে থাকে—তাহলে যে কথাটা তিনি বলে থাকেন—on principle তিনি ejection এর বিরুদ্ধে। ভাগচাষী সম্পর্কে যদি তাঁর এতটুকু দরদ থাকে, তাহলে টাইমটা একটু কমিয়ে দিন, ঐ চৈত্র বোশেখের জায়গায় বোশেখটা তুলে দেন। এটা যদি না করে দেন, তাহলে চাষীর কোন interestই maintain করতে পারবেন না। আপনার সদিচ্ছাও প্রমাণিত হবে না।

Shri Ramanuj Halder:

মাননীয় রাজস্বমন্ত্রী মহাশয় ইতিপূর্বে এই উচ্ছেদের প্রয়োজনীয়তা সম্পর্কে যা বললেন, তারই পরিপ্রেক্ষিতে এই কথা অবশ্য স্বীকার্য্য যে দেশের দরিদ্র বর্গাদারদের সংখ্যা যেমন আছে—তেমনি দরিদ্র ভূমির মালিকের সংখ্যাও আছে। এই সমস্ত ভূমির মালিক, যাঁরা বর্তমান অর্থনৈতিক অবস্থার চাপে পড়ে, তাদের ভূমিতে চাষ করতে চান, এবং তার জন্ত যে উচ্ছেদ ব্যবস্থার প্রয়োজন আছে সেটা আমরা অনুভব করি এবং এর সংগত কারণও আছে। কারণ আইন করার প্রধান উদ্দেশ্ত হল বহু গরীব, অসহায় দরিদ্র জনসাধারণের সুবিধার জন্ত। সেই উদ্দেশ্ত যদি বজায় রাখতে হয় তাহলে তার

একটা সংগত ব্যবস্থা ও সংগত পথ থাকা উচিত। সেই সংগতির দিক থেকে দাবী করা যায় যে এখানে উচ্ছেদের প্রয়োজন আছে। কিন্তু কোন সময় সেই উচ্ছেদ হবে, সেটা ব্যবস্থা করারও প্রয়োজন আছে। আমি মনে করি, পশ্চিমবঙ্গে ধান চাষ সর্বাপেক্ষা বড় চাষ। সেই ধান চাষ কোন কোন বিশেষ অঞ্চলে যত ব্যাপক ভাবে বর্গাদার প্রথায় চলে, হয়ত কেন, নিশ্চয়ই অন্য কোন ফসল বর্গাদার প্রথায় এত ব্যাপক ভাবে চলে না। দার্জিলিং অঞ্চলে যেমন একটা অন্তরায় দেখা দেওয়ায় এই উচ্ছেদের একটা বিশেষ সময় নির্দ্ধারিত হওয়ার দরকার; তেমনি পশ্চিমবঙ্গের অন্যান্য অঞ্চলে উচ্ছেদের একটা উপযুক্ত নির্দ্ধারিত সময় থাকার দরকার। তাতে লক্ষ্য করে দেখেছি যে এই উচ্ছেদকালীন যে সময় বর্ত্তমানে আছে সেই সময়টার পরিবর্ত্তন করার একান্ত প্রয়োজন আছে। সেই পরিবর্ত্তন দুটো দিক লক্ষ্য করে' করতে হবে। একটা হচ্ছে ভূমিতে standing crop, ফসল থাকলে পর সেখানে উচ্ছেদ করলে যেমন সম্পদের ক্ষতি হয়, চাষীর ক্ষতি হয়, বর্গাদারেরও ক্ষতি হয়; তেমনি এদিকেও লক্ষ্য করার প্রয়োজন আছে যে যে আইন প্রনয়ণ করবো তার জন্য আমাদের ভবিষ্যতের সম্ভাব্য যে ফসল ফলবে তার যেন কোন প্রকার অসুবিধা না হয়। সেদিক থেকে দেখা গিয়েছে যে আমরা খুব উন্নত ধরণের, উন্নত প্রণালীতে চাষ করতে গিয়ে দেখেছি ভূমির হার্ভেষ্ট তুলে নেবার পরই ভূমি কর্ষণের প্রয়োজন আছে। শুধু তাই নয়, ফসল করবার জন্য যে ভূমিতে বীজধান বপন করতে হবে, সেখানে Seed Bed preparation এর জন্যেও যথেষ্ট আগে জমি যিনি চাষ করবেন, তার জমিটা তার হস্তভূত হওয়ার বিশেষ প্রয়োজন আছে। তা যদি না হয়, অ-সময় বৈশাখ মাসে যদি ভূমি চাষীর হাতে ফিরে আসে, তাহলে সে বৎসর চাষের ব্যাপারে নানা রকম অন্তরায় সৃষ্টি হওয়ার সম্ভাবনা থাকে। সুতরাং বহু আগে থেকে চাষের ভূমিটাকে উপযুক্ত ভাবে তৈরী করতে না পারলে এবং তার আনুসঙ্গিক যা প্রয়োজন চাষের জন্য তা সংগ্রহ করবার জন্য সময় না দিলে যথেষ্ট অসুবিধা দেখা দেবে। আমরা দেখতে পাই বাংলা দেশের আমন ধান পৌষ মাসের মধ্যেই সম্পূর্ণ কাটা শেষ হয়ে যায়, তার কোন অংশ পড়ে থাকে না। সুতরাং সেই ভূমিকে উচ্ছেদ করবার প্রয়োজন থাকলে আমি মনে করি সেটা মাঘ ফাল্গুন মাসের মধ্যেই করার প্রয়োজন কাছে। দার্জিলিং অঞ্চলে ঐ সময় পরিবর্ত্তনের যে আবশ্যকতা বোধ, সেই আবশ্যকতা বোধ এখানে না থাকলে বৃহৎ স্বার্থের ক্ষতি হবে। সেইজন্য আমার এ্যামেণ্ডমেণ্টে বলা হয়েছে মাঘ ফাল্গুন মাসে উচ্ছেদ ব্যবস্থা করা হোক।

আমি আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় এটা গ্রহণ করবেন।

Shri Basanta Kumar Panda: Sir, I have got a very small amendment. I beg to move that in clause 2, in the proposed sub-section 3 (ii), after the words "elsewhere, the months of" the words "Magh, Falgoon" be inserted. Sir, I whish to introduce two more months, i. e. Magh and Falgoon before the words 'Chaitra and Baisakh," Some of the honourable members have said before me that the period should be as less as posible but my argument is that we can protect the bargadars not after the order for eviction is passed but before. We may safeguard their interest up to the time of eviction, but as soon as the competent Tribunal passes an order that the bargadar shall be evicted for the purpose of execution, delay is immaterial. But one consideration should be there that the bargadars shall not be evicted while the land is full of crops and the crops are still on the land. Sir, you know and we also know that during these four months—Magh, Falgoon, Chaitra and Baisakh—generally all the lands are devoid of any crops. These lands remain vacant. Therefore, for the purpose of execution delay should not be tolerated because just before the execution order is passed bargadar's right can be protected,

bargadars can be given more rights, *bargadars* may be permitted to remain on the lands; all this can be done. But whatever may be the position of the law, it should be executed as soon as possible. If somebody says that execution should be delayed or execution should be restricted, then the application of the law is hampered. Therefore I say that for the purpose of facilitating the application of the law, its scope should rather be enlarged than restricted. Therefore, Sir, during the four months of the year while the land remains vacant, execution should be ordered and execution should go on.

[5-35—5-45 p.m.]

Shri Bhadra Bahadur Hamal :

माननीय अध्यक्ष महोदय, मैं अपने इस संशोधन के द्वारा माननीय भूमि-राजस्व मंत्रीसे थोड़ा विचार करनेके लिए अनुरोध करना चाहता हूँ। इस कानून के द्वारा बर्गादार आधियारा किसान का उच्छेद किया जा रहा हैं। यह कानून किसानोंके लिए टी॰ बी रोग को ओति अभिण्य स्वरुप है। योंतो किसान टी॰ बी॰ से कभी नहीं डरते हैं मगर इस कानूनसे वे बहुत अधिक भय-भीत एवं साशंकित हैं। १३वर्ष की स्वाधीनता में आज भी किसान जमीन से उच्छेद किया जा रहा हैं। किसानों को जमिन देनेकी बात तो होती नहीं है उल्टे उच्छेद किया जा रहा है। यह बड़े ताज्जुब की बात है।

मैं मंत्री महोदय से निवेदन करता हूँ कि ये मेरे अमेन्डमेण्ट को स्वीकार कर ले। मेरा अमेन्डमेन्ठ बहुत बड़ा नहीं है। माननीय बिमलबाबू जरा ध्यानसे सुनिये। मैं ३१ जनवरी १९६१ तक के लिए उच्छेद बन्द करने के लिए निवेदन करता हूँ। मेरे इस अमेन्डमेण्ट को स्वीकार कर लेनेसे बर्गादारों का बहुत बड़ा कल्याण होगा। नहीं तो किसानों को बहुत कष्ट होगा और उन्हें बड़ी तकलीफ उठानी पड़ेगी।

योंतो दार्जिलिंग में मेरे॰ कानूनी प्रथा बड़े जोरो से चालू है। मंत्री लोगोने ही कानूनको तोड़ना शुरू किया है। यह प्रायः सभी लोग अच्छी तरह से जानते हैं। अध्यक्ष महोदय, मैं एक बात सदन के बताना चाहता हूँ। वह यह है कि पहले चैत्र-बैसाख की बात है, जिस वक्त बगान में लम्बा २ मुद्दा हुया था, उस वक्त गंगाराम दिवान को माननोय डिप्टी मिनिस्टर के लठ्ठधारियोंने मारकर भागा दिया। इस प्रकार जब मंत्री लोग ही कानून तोड़ते हैं तो फिर साधारण लोग क्या करेंगे? मंत्री महोदय को तो गंगाराम जैसे किसान की रक्षा करनो चाहिए परन्तु रक्षा कहाँ हो रहा है? माननोय बिमलबाबू से मैं निवेदन करता हुं कि कृपया किसानों को बचा दीजिए। अगर लोग किसानों को डण्टा से मारकर भगा देना चाहते हैं तो अपने कमसे कम कानूनका प्रोटेक्सन दीजिए ताकि किसानों को जमीन से उच्छेद न किया जा सके। अगर कानून का प्रोटेकशन मिल जायगा तो किसानों का अधियारा जमीन नहीं निकल सकेगा। माननोय बिमलबाबू से मैं नम्र निवेदन करताहूँ कि थोड़ा सा ध्यान देकर इधर देखिये। अगर आप इधर ध्यान दीजिए या तो अधियरा को लाभ होगा : बिमल बाबू एक अच्छे मिनिस्टर हैं। अतः मै आशा करताहूँ कि किसानो के कि स्वार्थ की रक्षाके लिए मेरे इस छोटे अमेन्डमेण्टको अवश्य स्वीकार करेंगे।

Shri Shyama Prasanna Bhattacharya: মাননীয় স্পীকার মহাশয়, ভূমিসংস্কার আইন পাশ হবার পর মোটামুটি দেখছি জমি পাওয়া চাষীর পক্ষে সম্ভব হলেও উচ্ছেদ প্রচুর পরিমাণে হচ্ছে, এটা রাজস্বমন্ত্রী মহাশয়ও ভাল করে জানেন। এখন এ সম্বন্ধে আলোচনা করার প্রয়োজন হয়েছে ভূমি সংস্কার আইনের উদ্দেশ্যকে রক্ষ করার জন্য।

দ্বিতীয় কথা হচ্ছে এই বর্গাদার প্রথা কিছুদিন ধরে থাকছে, এটা একটা বিশেষ ব্যবস্থা। কারণ বর্গাদারপ্রথায় চাষ করলে কম খরচে ধান পাওয়া যায়। অন্য মানুষ রেখে চাষ করলে হিসাব করে দেখা গেছে ৫০ টাকা খরচ পড়ে বিঘা প্রতি চাষ করতে। বর্গাদার দিয়ে চাষ করলে যতটা ধান পাওয়া যায় তা বিনা খরচে হয়। কাজেই বর্ত্তমান অবস্থায় এই বর্গাদার প্রথায় চাষটা থেকে যাচ্ছে। কিন্তু ভূমি সংস্কার আইন পাশ হবার পর যেভাবে উচ্ছেদ হচ্ছে তার কতকগুলি বড় কারণ আছে। প্রধান কারণ হচ্ছে যারা জমি খাস করতে চান, বে-আইনী হস্তান্তরিত করতে চান, তারা উচ্ছেদ করছে ব্যাপকভাবে; এটাই বড় কারণ। দ্বিতীয় হচ্ছে, বর্গাদার যতটা আইনে সুযোগ সুবিধা পাচ্ছে ৪০এ, তা থেকে বঞ্চিত করে কাঁচা কবুলিয়ত কিংবা ঠিকা বিলিতে যাতে বিলি-বন্দোবস্ত করা যায় তারই জন্য ভাগ-চাষীকে উচ্ছেদ করা হচ্ছে।

তৃতীয় কারণ হল ছোটখাট মালিকরা জমি হাতছাড়া হয়ে যাবার ভয়ে জমি থেকে উচ্ছেদ করে দিচ্ছে। এই কতকগুলি কারণে বর্গাচাষীরা উচ্ছেদ হয়ে যাচ্ছে। এখানে আমাদের রাজস্বমন্ত্রীর কর্ত্তব্য, বর্ত্তমানে এই রকম ব্যাপক উচ্ছেদের হাত থেকে যাতে তাদের রক্ষা করতে পারেন তার ব্যবস্থা করা। সেইজন্য আমি amendment দিয়েছি যে, এটাকে ১০ বৎসর স্থগিত রাখুন। এই restriction করা দরকার, নইলে সমস্তই নষ্ট হয়ে যাবে। এখানে জমিতে টাকা invest করে এমন অবস্থায় আসবে যে তখন cricisএর অবস্থা সৃষ্টি হবে। সেইজন্য আমার amendment হচ্ছে বর্ত্তমান উচ্ছেদ বন্ধ করে ভাগচাষীদের নিশ্চিন্ত করুন এবং যারা ছোটখাট মালিক—তাদের সম্বন্ধে আমরা কৃষক-সভায় আলোচনা করেছি—তাদের জন্য রাজস্বমন্ত্রী যদি কোন বিশেষ ব্যবস্থা করেন তাতে আমাদের আপত্তি নেই; কিন্তু সাধারণভাবে ১০ বৎসরের জন্য উচ্ছেদ স্থগিত থাক, নইলে ভূমি সংস্কার বিল সফল হবে না।

Shri Hare Krishna Konar: Sir, I beg to move that in Clause 2, after the propospd sub-section 3(ii) the following proviso be added:

"Provided that no order for the ejectment of a Bargadar shall be executed in any month in the Bengali years 1367 and 1368."

আমার amendment সম্বন্ধে আমার বক্তব্য আগেই বলেছি। আমার amendment হচ্ছে বাংলা সাল ১৩৬৭ এবং ১৩৬৮, এই দুই বৎসর ejectment বন্ধ করা হোক। এটা মন্ত্রী মহাশয় নিতে পারছেন না। আমার জবাব দিতে গিয়ে মাননীয় মন্ত্রীমহাশয় একটি কথা বলেছেন তা হচ্ছে, যতই আইন করা হোকনা কেন, আইন দিয়ে বর্গাদারদের রক্ষা করা যায় না, যদি না বর্গাদারদের পক্ষ হতে সংগঠিত ভাবে প্রচেষ্টা করা যায়। একথা আমরাও মর্মে মর্মে বুঝি। কিন্তু মুস্কিল হচ্ছে —যখন চাষীরা সংগঠিত ভাবে বে-আইনী উচ্ছেদ বন্ধ করতে চেষ্টা করে তখনই দেখতে পাই কালিপদ বাবুর department, তাঁর পুলিশ দিয়ে, আইনের নানা ধারা ব্যবহার করে সব শেষ করে দেবার চেষ্টা করেন। এই ব্যাপারে আমরা বার বার সরকারের দৃষ্টি আকর্ষণ করেছি কিন্তু তাঁরা তখন বলেন যে law and order আমাদের রক্ষা করতেই হবে। একদিকে একজন মন্ত্রী বলবেন সংগঠিত আন্দোলন দিয়ে এটা কার্য্যকরী কর। অন্যদিকে করতে গেলে সেখানে ভাগচাষী খুন হয়ে যায়, যেমন ক্যানিংএ হয়েছিল, সেখানে দেখতে পাই জোতদারদের বিরুদ্ধে terror সৃষ্টি করা হয় না, কিন্তু মালদহে আমরা দেখেছি সেখানে সংগঠিত আন্দোলনের চাপে প্রায় ৩/৪ হাজার বিঘা জমি কৃষকরা উদ্ধার করেছিল এবং যেটা সরকারও ন্যায্য বলে মেনে নিয়ে তাদের সংগে settlement করেছিলেন ১০৲ টাকা licence fee দিয়ে। সেখানে কালিপদ বাবুর department গিয়ে গ্রামকে গ্রাম

চচ্‌ নচ্‌ করলেন in the name of law and order। একদিকে সংগঠিত আন্দোলনের কথা বলেন এবং অন্যদিকে আন্দোলন করলে সেখানে law and orderএর নামে তা মন করে দেওয়ার চেষ্টা হয়। এই অবস্থা হচ্ছে বলেই আইনের দিক দিয়ে এটিকে াধা দরকার আছে। তবুও কেন বিমলবাবু এটা নেবেন না? আমরা এও জানি Select Committeeর সিদ্ধান্ত কি করে বানচাল করে দেওয়া হয়েছে। সেই জন্য লছি যে এই eviction period কমিয়ে ১মাস করা যায় কিনা এবং অন্ততঃ দুই এক ৎসরের জন্য স্থগিত রাখা যায় কিনা এটা ভেবে দেখবেন।

[5-45—5-55 p. m.]

The Hon'ble Bimal Chandra Sinha : Mr. Speaker, Sir, I have listened arefully to all the speeches that have been made in moving the mendments. I think I covered most of the grounds in my reply on he consideration motion. As I said, the number of cases evicted by he Bhag Chas Board is dwindling down. Therefore, it cannot be said o far as the work of the Board is concerned we are encouraging viction. So that point does not stand.

I would like to refer to one point that has been mentioned by Shri Bhupal Panda. He mentioned that sometimes transfer is becoming reality in *benami*. These transferees or new owners try to evict argadars on the ground that they require the land for personal consi- eration. I think he is out of date because after prolonged discussion, ven with the members of the Opposition, the rule was amended to he effect that whenever there is an application under section 5A the Bhag Chas Board will not grant any decree for eviction and I think t was brought to my notice first by Mr. Provash Chandra Roy and Mr. Hare Krishna Konar and then the rule was amended. So far as I know that rule has been taken advantage of by a large section of people. In some cases it was also mentioned to me that the Bhag Chas Boards do not take cognisance. I inform them that is not the rule at the present moment and therefore they should take cognisance of the new rule and should not grant any eviction where there is an appli- cation before the settling officer under section 5A during *benami* transfer. Therefore that point is covered.

Now, as regards the other amendments, I heartily accept the grammatical amendment made by Shri Subodh Banerjee and secondly I find that there is some logic, rather good deal of logic in amend- ment No. 16 moved by Shri Apurba Lal Majumdar, but unfortunatly the wording of the amendment is a little vague. So I have suggested a slight change in the amendment and if he gives that in that from I am quite prepared to accept it.

Shri Apurba Lal Majumdar : Sir, to make this amendment No. 16 specific I move it in the amended form that in clause 2, the follo- wing proviso be added to the proposed sub-section (3), namely :—

> "Provided that proper compensation is paid in such manner as may be prescribed by the owner to the bargadar for his share of the standing crops, if any."

The Hon'ble Bimal Chandra Sinha : I accept that.

The motion of Shri Subodh Banerjee that in clause 2, in the proposed sub-section (3) (i), in line 3, for the word "months" the the word "month" be substituted, was then put and agreed to.

The motion of Shri Apurba Lal Majumdar, as amended, that in

clause 2, the following proviso be added to the proposed sub-section (3), namely :—

"Provided that proper compensation is paid in such manner as may be prescriced by the owner to the bargdar for his share of the standing crops, if any."

was than put and agreed to.

The motion of Shri Apurba Lal Majumdar that in clause 2, in the proposed sub-section (3), in line 2, after the word "executed" the words "unless one year has passed from the date of the order of ejectment and" be inserted, was than put and lost.

The motion of Shri Hemanta Kumar Ghosal that in clause 2, in the proposed sub-section 3 (i), lines 2-4, for the words "the months of Paus or Magh" the words "the month of Paus" be substituted, was then put and lost.

The motion of Shri Bhupal Chandra Panda that in clause 2, the proposed sub-section (3) (ii) be omitted was then put and lost.

The motion of Shri Saroj Roy that in clause 2, in the proposed sub-section (3) (ii), for the words "the months of Chaitra or Baisakh" the words "the month of Chaitra be substituted, was then put and lost.

The motion of Shri Ramanuj Haldar that in clause 2, in the proposed sub-section (3) (ii), for the words "Chaitra or Baisakh" the words "Magh or Falgoon" be subtituted, was then put and lost.

The motion of Shri Basanta Kumar Panda that in clause 2, in the proposed sub-section (3) (ii), after the words "elsewhere, the months of" the words "Magh, Falgoon" be inserted, was then put and lost.

The motion of Shri Bhadra Bahadur Hamal that in clase 2, the following proviso be added to the proposed sub-section 3 (ii), namely :—

"Provided that no order for ejectment of a bargadar shall be executed up to the 31st of January, 1970."

was then put and lost.

The motion of Shri Subodh Banerjee that in clause 9, in the proposed section 5B, in line 8, after the words "person or authority" the words "and the use of such fire-fighting arrangements" be inserted, was then put and lost.

The motion of Shri Ramanuj Halder that in clause 9, in the proposed section 5C, in line 5, after the word "ambulances" the word "or any vehicles carrying patients" be inserted, was than put and lost.

The question that clause 9 do stand part of the Bill was then put and agreed to.

Clause 10

Shri Apurba Lal Majumdar : Sir, I beg to move that in clause 10, line 3, for the word 'area" the words "local or other area" be substituted.

এটা আমি এই জন্য আনছি আমরা যখন definition এর ছ নম্বর সেকসনের আলোচনা করেছিলাম, sub-section (1) তে একথা বলা হয়েছে—for the words in such local area

the words" in such local or other area shall be substituted কাজেই যেখানে section 2 subsecton (1) এ local area বলতে such local or other area mean করছি, সেটা sudstitute করবার জন্য এই amendment করছি। কাজেই এই section 10 তে আমি প্রস্তাব আনছি Local area শুধু না রেখে—Local or other area substitute করা হোক। এটাই আমার বক্তব্য।

The Hon'ble Iswar Das Jalan : It is not necessary to insert it.

The motion of Shri Apurba Lal Majmdar that in clause 10 line 3 for the words area "the word" "local or other .area" be substituted, was then put and lost.

The question that clause 10 do stand part of the Bill was then put and agreed to.

Mr Speaker : The House stands adjourned till 3 p. m. to-morrow. There will be no questions to-morrow.

Adjournment

The House was then adjorned at 7 p.m. till 3 p. m. on Friday, the 18th November, 1960 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 18th November, 1960, at 3 p. m.

Present :

Mr. Speaker (THE HON'BLE BANKIM CHANDRA KAR) in the Chair, 13 Hon'ble Ministers, 11 Deputy Ministers and 199 Members.

[3-3-10 p. m.]

Shri Jatindra Chandra Chakravorty : Mr. Speaker, Sir, স্যার, আজকের আলোচনা আরম্ভ হওয়ার আগে আমি একটি বিষয় উল্লেখ করতে চাই।

Mr. Speaker : Let me deal with the adjournment motions first.

Adjournment motions.

Mr. Speaker : There are two adjournment motions of which notice has been given. I have refused consent. However. the honourable members may read them.

Mr. Roy, I see that your motion contains statement. I hope that members will, in future, kindly draft their motions cautiously. However, you read it.

Shri Pravash Chandra Roy : Sir, my motion reads thus :

জন সাধরণের স্বার্থ সংশ্লিষ্ট জরুরী ও আধুনিক ঘটনা সম্পর্কে আলোচনার জন্য আমি অদ্যকার এই বিধানসভার অন্যান্য কার্য্য মুলতুবী রাখার প্রস্তাব করিতেছি। সংশ্লিষ্ট বিষয়টি এই যে ১০ মাইল দীর্ঘ্য ঠাকুর পুকুর-রামপুর পাকা রাস্তাটা ইংরাজী ১৯৫৯ সালে বন্যায় ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়। এমন কি বহুস্থানে রাস্তাটি আধহাত হতে একহাত গর্ত্ত হইয়া যায়। ফলে ঐ সময় বহুদিন বাস চলাচল বন্ধ ছিল। রাস্তাটি ভালভাবে মেরামত না করায় এ বৎসরও বহুদিন বাস চলাচল বন্ধ ছিল এবং এখনও মাঝে মাঝে বাস চলাচল বন্ধ হচ্ছে এবং প্রায়ই accident হইতেছে। ফলে এ রাস্তাটির সঙ্গে সংশ্লিষ্ট বজবজ-বিষ্ণুপুর ও বেহালা থানার ২০।২৫টি ইউনিয়নের ১০।১৫ হাজার যাত্রীর প্রতিদিনই কলিকাতা শহর, শহরতলী ও শিল্পাঞ্চলে রুজি রোজকার করিতে আসায় অপরিসীম কষ্ট ও ক্ষতি হইতেছে। এবিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করিবার পর রাস্তাটি মেরামত ও প্রশস্ত করিবার জন্য বাজেটে মোট ৭ লক্ষ ৯২ হাজার টাকা মঞ্জুর হয় কিন্তু এখনও পর্য্যন্ত তাহা কার্য্যকরী করা হয় নাই। এর ফলে জনসাধারণের অপরিসীম কষ্ট হচ্ছে। এ বিষয়ে ব্যবস্থা অবলম্বনের জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Sitaram Gupta : My motion is this : জনস্বার্থের দিক হইতে অত্যন্ত জরুরী ও গুরুত্বপূর্ণ নিম্নলিখিত নির্দিষ্ট বিষয়টির আলোচনা করার জন্য অদ্যকার অধিবেশনের অন্যান্য কাজ মূলতুবী রাখা হোক্। বিষয়টি নিম্নরূপ :—

গুণ্ডা দমনের নাম করিয়া গত ১৩ই নভেম্বর সন্ধ্যা প্রায় ৭টার সময় ২৪ পরগণা জেলার জগদ্দল থানার একদল পুলিশ কাঁকিনাড়া নয়া বাজারের ৩নং ৪নং ও ৫নং গলির বিভিন্ন বাড়ীর দরজা ভাঙ্গিয়া ঘরে প্রবেশ করিয়া দোকানে বল পূর্ব্বক ঢুকিয়া বেপরোয়া ভাবে দোকানের মালিক, দোকান কর্মচারী, সাধারণ গৃহস্থ ও মিলের শ্রমিক প্রভৃতি নির্বিশেষে মারধোর করে, অনেকে গুরুতর ভাবে আহত হন। প্রায় ৩৮ জনকে গ্রেপ্তার করা হয়, গৃহস্থ মহিলাদের মুখের কাপড় টানিয়া অশ্লীল গালিগালাজ করিয়া শালীনতাহানি পর্য্যন্ত করে, ফলে সমস্ত এলাকায় এক আতঙ্কের সৃষ্টি হইয়াছে সরকার এ বিষয়ে এখনও কোন হস্তক্ষেপ করেন নি।

Repair of unfiltered water pipe in Burra Bazar area

Shri Haridas Dey : On a point of information, Sir—মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে জানাচ্ছি যে, কলিকাতা বড়বাজার একটা ঘন বসতি পূর্ণ এলাকা। সেই এলাকায় গত তিন দিন হল গঙ্গাজল বন্ধ হয়ে গিয়েছে, পাইপ ফেটে যাবার জন্য। এর ফলে সেই এলাকার অবস্থা অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়েছে এবং রাস্তাঘাট পরিষ্কার হচ্ছে না এবং এর ফলে epedemic হতে পারে এই বিষয় আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

Reception to Nandaghunti Explorers.

Shri Jatindra Chandra Chakravorty : মাননীয় স্পীকার মহোদয়, আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে একটা কথা বলতে চাই যে, নন্দাঘুন্টি অভিযাত্রী দল ফিরে এসেছে। ভারতবর্ষের প্রধানমন্ত্রী, রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি, সকলেই তাদের সম্বর্দ্ধনা জানিয়েছে। আমার কথা হচ্ছে আমাদের সরকারপক্ষ থেকে তাদের সম্বর্দ্ধনা দেওয়া হোক। শুধু তাই নয়, এর মধ্যে নিমাই বসু বলে একজন গভর্ণমেণ্ট কর্মচারী আছেন, তিনি Secondary Education Boardএ কাজ করেন। তাকে ছুটী মঞ্জুর করা হয় বেতন সুদ্ধ নয়—বেতন বাদ দিয়ে, তার সম্পর্কে বন্দোবস্ত করার জন্য আমি সরকারকে অনুরোধ জানাচ্ছি। ছবিতে দেখলাম যে আমাদের প্রফুল্লবাবু তাদের সম্বর্দ্ধনা জানাচ্ছেন। সেইজন্য আমি আবার বলছি যে তাদের সম্বর্দ্ধনা করার জন্য কোন বন্দোবস্ত করবেন কিনা।

The Hon ble Prafulla Chandra Sen : আমি শ্রীনিমাই বসু সম্বন্ধে মাননীয় শিক্ষামন্ত্রীকে বলছি, তিনি ব্যবস্থা করবেন।

Mr. Speaker: Now, is it the desire of the honourable members that the Private Members' Bills be taken up first?

Shri Ganesh Ghosh : Yes, Sir.

PRIVATE MEMBERS BILLS

The West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1960.

Shri Clifford Noronha : Sir, as the Government is shortly going to bring a comprehensive official Bill so I do not move the Bill.

The Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1960.

Shri Subodh Banerjee : Sir, I beg to introduce the Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1960.

The Hon'ble Kali Pada Mookerjee : Sir I beg to oppose leave for the introduction of this Bill on the ground that the Central Government are contemplating to bring in an amendment of this Act.

(Shri Subodh Banerjee rose to speak)

Shri Ananda Gopal Mukhopadhyay : Sir, is the member entitled to make a statement in the House on a Private Bill if he does not get the leave to introduce.

Mr. Speaker : Yes, he can. I have allowed it. Refer to rule 51 of our Rules.

Shri Subodh Banerjee : স্পীকার মহোদয়, আপনি জানেন যে ১৯৪৭ সালে কেন্দ্রীয় সরকার আমাদের দেশে শ্রমবিরোধ নিষ্পত্তির জন্য Industrial Disputes Aot, 1947 বিধিবদ্ধ করেন। সেই Industrial Disputes Actএ অর্থাৎ employerর যে সংজ্ঞা দেওয়া আছে এবং শ্রমিক অর্থাৎ warkmen সংজ্ঞা আছে, এই দুইটি সংজ্ঞায় আমাদের দেশে যে সমস্ত contractor দের কর্মচারী আছে তাদের বিবেচনা করা হয় না। ফলে সমস্ত contractar দের labourers are left at the mercy of these contractors.

তাদের চাকুরীর terms and condition নেই, তাদের চাকরীর guarantee নেই, যে কোন দিন, যে কোন উপায়ে তাদের ছাটাই করে দিতে পারে। তাদের কোন রকম protectian নেই আইনের চোখে।

[3-10—3-20 p. m.]

আপনি জানেন যে, এই contract labour system যাকে কোথাও কোথাও সর্দারী প্রথা বলে এটা এমন একটা প্রথা যা universally condemned হয়েছে। আপনি জানেন আন্তর্জাতিক সংস্থা I. L. O এই contract system এর তীব্র নিন্দা করেছে। আপনি জানেন সাম্রাজ্যবাদী শাসনের যুগে ১৯৩১ সালে যখন Royal Commission on Labour আমাদের দেশে আসেন তারাও এই contract systemর তীব্র নিন্দা করেছেন। তাঁরা recommend করেছিলেন যত তাড়াতাড়ি পারা যায় এই contract system abolish করা দরকার। তারপর ১৯৪৭ সালের পর বহু tribunal গঠিত হয়েছে। এইসব tribunal এর অধিকাংশের মতে তাঁরা বলেছেন অতীতে এর প্রয়োজনীয়তা যাই থাকুক না কেন, বর্তমানে এই contract system এর কোন প্রয়োজনীয়তা নাই এবং এটা তুলে দেওয়া উচিৎ। কারণ, এই system থাকলে principal employer of industries labour laws violate করে এবং কর্মচারীদের যে সমস্ত guarantee আইনসংগত ভাবে পাওয়া দরকার তা তারা পায় না। আপনি একথাও জানেন, আজকে বহু industryতে এই contract labour system তুলে দেওয়া হয়েছে, যেমন Jute indusry, মিঃ স্পীকার স্যার, রাতারাতি একটা system তুলে দেওয়া যেতে পারে না, তাতে difficulty আছে আমি জানি। তাই যতদিন না এটা তুলে দিতে পারছেন ততদিন এই সমস্ত workerদের চাকরীর স্থায়ীত্ব এবং terms and conditions of serviceএ some amount of protection দিতে হবে—যদি একেবারে এটা তুলে দিতে পারেন, খুব ভাল কথা, I am for it। আমি মনে করি কতগুলি practical difficulty আছে এখনই সমস্ত জায়গা থেকে তুলে দেওয়া যায়; কিন্তু যাতে করে এই সমস্ত কর্মচারীরা একেবারে unprotected না থাকে তার একটা ব্যবস্থা করার দরকার আছে। স্পীকার মহাশয় আমি এমন কোন অদ্ভুত জিনিষ আনিনি যাতে করে শ্রমমন্ত্রী আমার প্রস্তাবের বিরোধিতা করতে পারেন, যাতে করে কংগ্রেস Govt. তার বিরোধিতা করতে পারবে। এটা কংগ্রেস সরকারেরই নীতি, The Congress itself is committed to that। স্পীকার মহাশয় আপনি জানেন এটা কেন্দ্রীয় আইন। ইংরাজ আমলে বোম্বের সরকার এই আইন করেছে, Bombay Industrial Relations Act, 1946—একথা আপনি জানেন। ১৯৪৭ সালে উত্তর প্রদেশের কংগ্রেসী মন্ত্রীসভা এই আইন করেছে, United Provinces Industrial Relations Act, 1947.

আপনি জানেন মধ্য প্রদেশ এবং বেরার কংগ্রেসী মন্ত্রীসভা এই আইন করেছে, Central Provincies and Berar Industrial Disputes Settlement Act, 1947.

তারা যদি এগুলি করে থাকতে পারেন তাহলে বাংলাদেশে কেন এটা হবে না? স্পীকার মহাশয়, আর কিছু নয়, শুধু দুটো জিনিষ যদি আমরা করি—Industrial Diputes Act, 1947—কেন্দ্রীয় আইন এটা—Industrial Disputes Act, 1947—তার employer-এর definition যা আছে clause (d) তে এবং workmen এর definirion যা clause (f) and (s) under section 2—এই দুটো যদি আমাদের সংবিধানে আমরা একটু পরিবর্তন করি তাহলে contractor labour দের আমরা protection দিতে পারি। স্পীকার মহাশয়, Bombay Act এর যে ভাষা আছে সেই ভাষাই আমি দিয়েছি, কোনমতেই বাড়াইনি। এটা আমি করেছি, কারণ আমি ওঁদের কোন আপত্তির কারণ দিতে চাই না যাতে করে ওঁরা বলতে পারেন সুবোধবাবু এমন একটা বিল নিয়ে এসেছেন যা নীতিগত ভাবে আমরা সমর্থন করতে পারি না। কেন্দ্রীয় শ্রমিক সংস্থা INTUC এর

সুপারিশ করছেন, কংগ্রেস সরকারও অন্য জায়গায় এই জিনিষ করছেন। সেদিক থেকে আমার বক্তব্য, আমি যে কি নিয়ে এসেছি এটা আপনারা গ্রহণ করুন। মিঃ স্পীকার স্যার, আমি আমার right of reply exercise করব না, এখনই আমি সবকথা বলে দিচ্ছি—মন্ত্রীমহাশয়ের যুক্তি কেন্দ্রীয় সরকার এরকম একটা amendment নিয়ে আসবেন—খুব ভাল কথা। In the meantime যাতে আমাদের অংসখ্য শ্রমিকদের কিছুটা protection দেওয়া যেতে পারে সেই উদ্দেশ্যেই বিল এনেছি। কেন্দ্রীয় সরকার যদি সংশোধনী আনেন, ভাল, কিন্তু তার জন্য আমাদের অপেক্ষা করার কোন প্রয়োজন আছে বলে আমি মনে করি না। যদি বোম্বে সরকার করতে পারেন, উত্তর প্রদেশ সরকার করতে পারেন, Central Provinces ১৯৪৭ সালে এটা করে থাকতে পারেন, সেই জায়গায় ১৩।১৪ বৎসর পরেও পশ্চিমবংগ সরকার কেন করতে পারবেন না?

Dr. Ranendra Nath Sen: স্যার উনি এক্ষনি যে কথা বললেন তা সম্পূর্ণ misleading। উনি বললেন Central Government আনছেন। কিন্তু আমরা জানি 1958 October মাসে Central Governmentএর তরফ থেকে এই প্রস্তাব আনা হয়েছে যে তারা একটা amendment আনবেন। অথচ এ পর্যন্ত তাঁরা সে amendment আনেন নি। কালীবাবু যে বলছেন যে আনা হবে সেটা সম্পূর্ণ পূর্ব্ব ধারণা থেকে। হয় তিনি জানেন না না হয় তিনি জেনে Houseকে mislead করছেন।

The Hon'ble Kali Pada Mookerjee: মাননীয় স্পীকার মহাশয়, প্রস্তাবের যে মূল উদ্দেশ্য তার সঙ্গে আমি সম্পূর্ণ একমত। এবং আমাদের এই ব্যাপারে যথেষ্ট সহানুভূতি আছে। কেন্দ্রীয় সরকার এ সম্বন্ধে বিশদভাবে আলোচনা করেছেন। ১৯৫৯ সালে বোম্বেতে যখন Labour Conference হয়েছিল সেখানে প্রস্তাব গ্রহণ করা হয়েছে। তারপর যখন কেন্দ্রীয় সরকার ভারতবর্ষের সর্ব্বরাজ্যের জন্য একই আইন প্রবর্ত্তন করতে চাচ্ছেন তখন সেখান কোন প্রতিদ্বন্দ্বিতা বা অন্তরায় সৃষ্টি করতে চাই না। যখন কেন্দ্রীয় সরকার এই বিষয়ে অগ্রনী হতে চলেছেন তখন আমার মনে হয় এই হাউসে বর্ত্তমানে এই বিল আনার কোন প্রয়োজনীয়তা নাই।

The motion of Shri Subodh Banerjee for leave to introduce the Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1960, was then put and a division taken with the following result:

NOES—105

Abdul Hashem, Shri
Badiruddin Ahmed, Hazi
Bandopadhyay, Shri Khagendra Nath
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shrimati Maya
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Shri Satindra Nath
Bhagat, Shri Budhu
Bhattacharjee, Shri Shyamapada
Bhattacharyya, Shri Syamadas
Chakravarty, Shri Bhabataran
Chatterjee, Dr. Benoy Kumar,
Chattopadhya, Dr. Satyendra Prasanna
Das, Dr. Bhusan Chandra
Das, Shri Durgapada
Das, Shri Gokul Behari
Das, Dr. Kanilal
Das, Shri Mahatab Chand
Das, Shri Sankar
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Shri Haridas
Dhara, Shri Hansadhwaj
Digpati, Shri Panchanan
Dolui, Dr. Harendra Nath
Dutt, Dr. Beni Chandra
Dutta, Shrimati Sudharani
Fazlur Rahman, Shri S. M.
Gayen, Shri Brindaban
Ghosh, Shri Bejoy Kumar
Go am Soleman, Shri
Gupta, Shri Nikunja Behari
Gu rung, Shri Narbahadur
Hafijur Rahaman, Kazi
Haldar, Shri Kuber Chand

Hansda, Shri Jagatpati
Hasda, Shri Lakshan Chandra
Hazra, Shri Parbati
Hembram, Shri Kamalakanta
Hoare, Shrimati Anima
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Shri Mrityunjoy
Kazem Ali Meerza, Shri Syed
Kolay, Shri Jagannath
Lutfal Hoque, Shri
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Mahendra Nath
Mahato, Shri Bhim Chandra
Mahato, Shri Debendra Nath
Mahato, Shri Sagar Chandra
Mahato, Shri Satya Kinkar
Mahibur Rahaman Choudhuri, Shri
Maiti Shri Subodh Chandra
Majhi, Shri Budhan
Majhi, Shri Nishapati
Majumdar, The Hon'ble Bhupati
Majumder, Shri Byomkes
Mallick, Shri Ashutosh
Mandal, Shri Sudhir
Mandal, Shri Umesh Chandra
Maziruddin Ahmed, Shri
Misra, Shri Sowrindra Mohan
Mohammad Giasuddin, Shri
Mohammed Israil, Shri
Mondal, Shri Bhikari
Mondal, Shri Dhajadhari
Mondal, Shri Rajkrishna
Mondal Shri Sishuram
Mukherjee, Shri Pijush Kanti
Mukharji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Murmu, Shri Jadu Nath
Murmu, Shri Matla
Muzaffar Hussain, Shri
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Noronha, Shri Clifford
Pal, Shri Ras Behari
Panja, Shri Bhabaniranjan
Pati, Dr. Mohini Mohan
Pemantle, Shrimati Olive
Pramanik, Shri Rajani Kanta
Pramanik, Shri Sarada Prasad
Prodhan, Shri Trailokyanath
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Shri Sarojendra Deb
Ray, Shri Jajneswar
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Singha, Shri Satish Chandra
Saha, Shri Dhaneswar
Sahis, Shri Nakul Chandra
Sarkar, Shri Amarendra Nath
Sarkar, Dr. Lakshman Chandra
Sen, Shri Narendra Nath
Sen, The Hon'ble Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Sinha, The Hon'ble Bimal Chandra
Sinha, Shri Durgapada
Sinha, Shri Phanis Chandra
Sinha Sarkar, Shri Jatindra Nath
Tarkatirtha, Shri Bimalananda
Thakur, Shri Pramath Ranjan
Trivedi, Shri Goalbadan
Yeakub Hussain, Shri Mohammad

AYES—47

Banerjee, Dr. Dhirendra Nath
Banerjee, Shri Subodh
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Chitto
Basu, Shri Hemanta Kumar
Basu, Shri Jyoti
Bhagat, Shri Mangru
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharjee, Shri Panchanan
Bose, Shri Jagat
Chakravorty, Shri Jatindra Chandra
Chatterjee, Shri Basanta Lal
Chatterjee, Dr. Hirendra Kumar
Chattoraj, Dr. Radhanath
Chobey, Shri Narayan
Chowdhury, Shri Benoy Krishna
Das, Shri Gobardhan
Das, Shri Sunil
Dhar, Shri Dhirendra Nath
Dhibar, Shri Pramatha Nath
Elias Razi, Shri
Ghosh, Dr. Prafulla Chandra
Ghosh, Shri Ganesh
Ghosh, Shrimati Labanya Prova
Gupta, Shri Sitaram
Haldar, Shri Renupada
Hamal, Shri Bhadra Bahadur
Hansda, Shri Turku
Kar Mahapatra, Shri Bhuban Chandra
Lahiri, Shri Somnath
Majhi, Shri Chaitan
Majhi, Shri Jamadar

Majhi, Shri Ledu
Maji, Shri Gobinda Charan
Mazumdar, Shri Satyendra Narayan
Mondal, Shri Haran Chandra
Mukhopadhyay, Shri Rabindra Nath
Obaidul Ghani, Dr. Abu Asad Md.
Pakray, Shri Gobardhan
Rai, Shri Deo Prakash
Ray, Dr. Narayan Chandra
Roy, Shri Jagadananda
Roy, Shri Provash Chandra
Sen, Shri Deben
Sen, Dr. Ranendra Nath
Tah, Shri Dasarathi

The Ayes being 47 and the Noes 105, the motion was lost.

The West Bengal Registration of Veterinary Practitioners Bill, 1960.

[3-20—3-30 p.m.]

Mr. Speaker : The West Bengal Registration of Veterinary Practitioners Bill, 1960, given notice by Shri Siddhartha Sankar Roy appears on the agenda of the Non-official Business today. I find from the notice of business circulated to the members that Government is bringing a Bill on the same subject and as such, I hope the honourable member will not proceed with his Bill and shall wait and see the fate of the Government Bill. The two Bills are almost identical Bills and are on the same subject. As Shri Roy is also not present in the House, I wish to defer the Bill till the Government Bill is disposed of.

Non-official Rosolutions

Shri Jagat Bose : Sir, I beg to move that whereas the problems of drainage and drinking water supply in Calcutta City and its vast environs, together known as 'Greater Calcutta" have become extremely serious and threaten the very existence of this region in the near future ;

Whereas this grave situation has arisen due to the cumulative operatin of the following factors :—

(a) Continued neglect, inefficiency and bungling in tackling the most elementary problems concerning drainage and drinking water supply,

(b) Steady deterioration of the Hooghly river,

(c) Gradual silting up and death of natural drainage channels in Greater Calcutta area,

(d) Rapid decay of the Kulti river system which now carries the storm water of Calcutta,

(e) Silting up of the underground sewarage channels of Calcutta to the extent of about 75 per cent of their capacity, and outmoded system of sewarage disposal,

(f) Extreme inadequacy of mordern pumping equipments at the city's pumping stations ;

Whereas the serious situation facing greater Calcutta was underlined by the W. H. O.'s team of experts at their Press Conference in Calcutta on November 12, 1959 ;

This Assembly is of the opinion that the West Bengal Government should immediately take the following steps :—

(1) measures for improving and draining the Hooghly river should be immediately undertaken and; in this connection, the Farakka Barrage Scheme should be accorded topmost priority,

(2) with a view to improve the Kulti river system, steps for resuscitating the Haroagang, Shealdahgang, and the Sunthi and Nowi rivers should be taken,

(3) local drainage schemes in Greater Calcutta area should be implemented,

(4) effective measures should be taken to remove, as early as posible, the accumulated silt in Calcutta's Sewarage Channels, to introduce modern methods of cleaning and then widen the channels where necessary,

(5) the City's pumping stations should be adequately equipped with different types of modern pumps,

(6) an adequate number of tubewells should be sunk in different parts of Greatter Calcutta,

(7) a greater Calcutta Metropoliton District Board should be set up, as suggested by the W. H. O. team, with the following checks and safeguards,—

(i) the entire cost of the improvement and development of drainage and drinking water facilities should be met from subsidies by the Centre. There should be no additional taxation for the purpose, either by the civic bodies concerned or by the State Government,

(ii) the Boord should be a democratically constituted body and its constitutian should be consistent with the powers enjoyed by the present self-governig institutions. There should be no curtailment of these powers except where necessary,

(iii) the civic bodies in the entire area which comes under the jurisdiction of the Board, should be actively associated in the formulation and implementation of the Boards' schemes affecting their respective areas,

(iv) there should be an equitable distribution of facilities created by the Board.

Shri Dhirendra Nath Dhar : স্পীকার স্যার, শ্রীজগৎ বোস মহাশয় যে প্রস্তাব তাকে সমর্থন করে আমি কয়েকটা কথা বলতে চাই। কোলকাতা এবং তার সঙ্গে মিউনিসিপ্যালিটি গুলোর কথা আমাদের ভাবতে হবে। এই সমস্ত শহরে বর্ত্তমানে খুব গুরুতর পরিস্থিতির উদ্ভব হচ্ছে। কিন্তু আজ আমরা সর্বাগ্রে কোলকাতার কথাই আলোচনা করব। আগে যেখানে এই শহরের লোকসংখ্যা অতি সামান্য ছিল, বর্ত্তমানে সেখানে লোকসংখ্যা অনেক বেড়েছে এবং লোকের আগমনেরও স্থিরতা নেই। অর্থাৎ বলা যেতে পারে যে প্রত্যহ প্রায় ৫০/৬০ লক্ষ লোক এখানে আসে। এই শহরের বর্ত্তমান অবস্থা যে রকম অস্বাস্থ্যকর হয়ে উঠেছে তা'তে অনতিবিলম্বে এই শহরের অবস্থার অধঃপতন হবে এবং শীঘ্র মহামারী ইত্যাদি দেখা দেবে। সেজন্য আমি এখানে কতকগুলি ব্যবস্থার কথা বলতে চাই। আমি একটা কথা বলব যে যেখানে পৃথিবীর সমস্ত দেশ থেকে কলেরাকে সম্পূর্ণরূপে বর্জন করেছে সেখানে আজ কোলকাতা শহরে এবং বড় বড় মিউনিসিপ্যালিটিতে লোকে কলেরায় মারা যাচ্ছে। এর কতকগুলি যে কারণ আছে তার মধ্যে প্রধান কারণ হচ্ছে জলের অভাব এবং দ্বিতীয় কারণ হচ্ছে ড্রেনেজের অব্যবস্থা। দীর্ঘ

দিনের অব্যবস্থার ফলে এই অবস্থা ঘটেছে। আমি কেবল বর্তমানে পরিস্থিতি কি রকম অবস্থায় উপস্থিত হয়েছে সেটাই উল্লেখ করছি। ১৮৯১ সালে এই শহরের যখন লোকসংখ্যা ছিল মাত্র ৭ লক্ষ তখন জলের ব্যবস্থা ছিল প্রায় ১৮ মিলিয়ন গ্যালন। এই লোকসংখ্যা ১৯০১ সালে ৮২ লক্ষ হল, ১৯১১ সালে ৯ লক্ষ হল, ১৯২১ সালে ৯ লক্ষ, ১৯৩১ সালে, ১৯৪১ সালে ২১ লক্ষ হল। কিন্তু জলের দিক থেকে দেখা যায় যে ১৯১১ সালে ৩৩, ১৯২১ সালে ৫১ এবং বর্তমানে ৮০ মিলিয়ন গ্যালন জল মাত্র সরবরাহ করা হয়। এইভাবে যেখানে লোকের প্রয়োজন এর চেয়ে অনেক বেশী সেখানে মাত্র ৮০ মিলিয়ন গ্যালন জল বর্তমানে সরবরাহ করা হচ্ছে। এর সঙ্গে অবশ্য কিছু টিউবওয়েল যুক্ত করে সব সমেত ৯০ মিলিয়ন গ্যালন জল শহরে দেওয়া হচ্ছে। এই জল বড় বড় ফ্যাক্টরী যেমন নিচ্ছে তেমনি বারাকপুর মিউনিসিপ্যালিটি, বারাকপুর রেলওয়ে, দমদম, সাউথ সুবার্বান, গার্ডেন রীচ ও টালিগঞ্জ মিউনিসিপ্যালিটি ইত্যাদি জায়গায় নিচ্ছে। অর্থাৎ যেখানে জলের প্রয়োজন অন্ততঃ পক্ষে ৩০০ মিলিয়ন গ্যালন সেখানে ৮০ মিলিয়ন গ্যালনে কি হবে? অবশ্য এটার পূরণ কিছুটা আনফিলটার্ড ওয়াটার এর দ্বারা হচ্ছে। কিন্তু গঙ্গার জল ব্যবহার করা উচিত নয়। কারণ ডাক্তাররা বলছেন যে গঙ্গার আনফিলটার্ড ওয়াটার ব্যবহার করাই হচ্ছে কলেরার প্রধান কারণ। এছাড়া বহু ট্যাঙ্ক পাতকুয়া আছে যার জল লোকে ব্যবহার করছে। এ গুলিতে সব আনসেফ ওয়াটার থাকে। এই আনসেফ ওয়াটার যাতে লোকে ব্যবহার না করে তারজন্য আইন আছে কিন্তু জলের অভাবে লোকে গঙ্গা, পুকুর ট্যাঙ্ক, পাতকুয়া ইত্যাদির জল ব্যবহার করছে। এই যে একটা এত বড় সমস্যা আমাদের সামনে উপস্থিত হয়েছে তার সমাধান কেবল কর্পোরেশন বা মিউনিসিপ্যালিটির দ্বারা সম্ভব নয় বা তাঁরা এর জন্য যে ট্যাক্স আদায় করেন তার দ্বারাও সম্ভব নয়। ভারতবর্ষে আজকে যেখানে মিউনিসিপ্যালিটিকে ডেভালাপ করে কর্পোরেশনে হয়েছে—যেমন দিল্লী, বম্বে, নাগপুর, বেনারস সেখানে এর জন্য যে বাড়তি টাকা তা সরকারকে দিতে হচ্ছে। দিল্লীতে দেখলাম যে স্যানিটেশান এবং ওয়াটার সাপ্লায়ের ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কোন রকম কৃপণতা নেই—অর্থাৎ যে টাকার প্রয়োজন সেই টাকা তাঁরা দিয়েছেন এবং দিচ্ছেন বলেই দিল্লীর লোক এখন আর আনসেফ ওয়াটার ব্যবহার করছে না এবং পরিষ্কার জল দিল্লীর সমস্ত লোকই ব্যবহার করছে।

[3-30—3-40 p. m.]

আপনারা জানেন যে দিল্লী আর আগেকার মত ছোট্ট দিল্লী নেই, দিল্লী এখন প্রকাণ্ড দিল্লী হয়েছে। সেই দিল্লীর আয়তন বেড়েছে, লোকসংখ্যা বেড়েছে। আমি একটা কথা বলতে চাই সেটা হচ্ছে এই যে একটা বড় প্রতিষ্ঠান এর ভার নিক। এই প্রস্তাব নিয়ে এক সময় কর্ণেল চক্রবর্তীর সঙ্গে আমার আলোচনা হয়েছিল। তিনি যে প্রস্তাব নিয়ে এসেছিলেন সেই প্রস্তাবে তিনি দেখিয়েছিলেন যে Metropolitan Water Board, এই জাতীয় বোর্ড যেমন অন্য দেশে আছে, সেই রকম বোর্ড যেন গঠন করা হয় এবং এর মারফৎ যদি জল সংগ্রহের ব্যবস্থা হয়, জল উৎপাদনের ব্যবস্থা হয় তাহলে এই যে জলের বিরাট সমস্যা সেই সমস্যার সমাধান হবে। কিন্তু এটা একটা মিউনিসিপ্যালিটির পক্ষে সম্ভব নয়। এটা নিয়ে আলোচনা মিউনিসিপ্যাটির তরফ থেকে করা হয়েছিল। এই ব্যাপারে ডাঃ রায় দার্জিলিং-এ কন্‌ফারেন্স করেছিলেন এবং সমস্ত মিউনিসিপ্যালিটি সমবেত হয়েছিল। সেখানে ডাঃ রায় নিজে স্বীকার করেছেন এবং আজকে তাঁর মত হচ্ছে এই যে তিনি যা চেয়েছেন সেটা হচ্ছে কেবল একটা মিউনিসিপ্যালিটির উপর ভার দিলে হবে না, কয়েকটা মিউনিসিপ্যালিটির উপর ভার দিতে হবে। কিন্তু বর্তমানে মিউনিসিপ্যালিটি গুলি যেভাবে ডেভেলপ করছে তাতে মনে হয় কয়েকটা মিউনিসিপ্যালিটি কেন অনেকগুলি মিউনিসিপ্যালিটি নিয়ে এর ব্যবস্থা করতে হবে। সংলগ্ন মিউনিসিপ্যালিটি গুলিকে যদি একসঙ্গে গঠন করা যায় তাহলে খরচের দিক থেকে কম হবে এবং ব্যবস্থাপনার দিক থেকেও সুবিধা হবে। বিজ্ঞানের যুগে

আমরা সব সময় একটা কথা বলি যে সময়কে সংক্ষিপ্ত করতে হবে; সময় যাতে কম লাগে সেদিকে আমাদের দৃষ্টি দিতে হবে, যাতে টাকা কম লাগে সেদিকে দৃষ্টি দিতে হবে, ক্যাপিট্যাল কষ্ট যাতে সবচেয়ে কম হয় সেদিকে দৃষ্টি দিতে হবে। বিজ্ঞানসম্মত উপায়ে যদি কাজ করতে হয় তাহলে কেবলমাত্র রেট পেয়ার্সদের টাকা দিয়ে ডেভেলপ্‌মেন্ট হবে এটা কল্পনা ছাড়া আর কিছু নয় এবং সেই কল্পনার মধ্যে মানুষ অনেকদিন ছিল বলেই আজ পর্যন্ত কোন ডেভেলপ্‌মেন্ট হচ্ছে না এবং ডেভেলপ্‌মেন্ট হওয়ার সম্ভাবনাও নেই। ড্রেনেজের কথা আমি এখানে উল্লেখ করছি। সকলেই জানেন যে বর্ত্তমানে একটু বৃষ্টি হলেই শহরের মধ্যে জল জমে যায়। এর অনেক কারণ আছে। প্রধান কারণ হচ্ছে জল বেরিয়ে যাবার পথ নেই, বেরুবার পথে বাধা হচ্ছে। আমাদের আগেকার যে কুলটি এবং বিদ্যাধরী নদী ছিল বিদ্যাধরী মজে গেছে, কুলটি বেঁচে আছে, অবশ্য অনেকের সন্দেহ আছে, যে বেঁচে আছে কিনা। যা হোক, কুলটি দিয়ে কলকাতার ময়লা জল যায় এবং জোয়ার ভাটার সময় ১২ ঘণ্টা কুলটি দিয়ে জল যেতে পারে। তার ফলে হচ্ছে কলকাতার ময়লা জলের সঙ্গে যে অফুরন্ত particles যাচ্ছে তাতে কুলটি খাল মজে যাচ্ছে। শহরের মাঝখানে যে sewerage খালগুলি আছে সেই sewerage খালগুলি বুজে যাচ্ছে এবং ময়লা জমা এবং পরিষ্কারের মধ্যে একটা প্রতিযোগিতা চলছে, তাতে দেখা যাচ্ছে ময়লা জমাটা বেশী—পরিষ্কারটা কম। তার ফলে দেখা যাচ্ছে শহরের মাঝখানের নালা থেকে আমাদের বাড়ীর দরজা পর্য্যন্ত যে বিরাট নালা সেই বিরাট নালা বুজে যাচ্ছে এবং যে দুর্গন্ধ সেই দুর্গন্ধ সারা শহর অস্বাস্থ্যকর আবহাওয়ার সৃষ্টি করছে। স্বাস্থ্য সম্বন্ধে যাদের অভিজ্ঞতা আছে তাঁরা জানেন যে শহরের আবহাওয়া দূষিত হচ্ছে এবং এটার দূর দু' একটা স্কীম বা প্ল্যানিংএর ফলে হবে না। আমরা জানি ১৯৪৭ সালে গভর্ণমেন্ট Greater Calcutta Drainage Scheme নিয়ে ছিলেন। একটা তালিকায় পড়েছিলাম যে ২০টা স্কীম আছে, তার মধ্যে কতখানি হয়েছে, কতখানি হয়নি বলতে পারব না— সামান্য হয়ত দমদমের কিছু অংশ করেছেন, পঞ্চান্ন গ্রামে হয়ত হাত পড়েছে। একটার সঙ্গে আর একটার কি সম্পর্ক, তার মধ্যে Co-ordination আছে কিনা জানিনা। এর মধ্যে Improvement Trust, Calcutta Corporation এর কাজ কর্ম চলছে, এতে জগাখিচুড়ি হচ্ছে। সবাই মিলে এটাকে একটা common plan এর মধ্যে যদি না আনতে পারি তাহলে সম্ভব কিছুতেই হবে না। দ্বিতীয়তঃ কলকাতা ড্রেনেজের যা অবস্থা, কলকাতার আশেপাশে ড্রেনেজের যে অবস্থা চলছে তাতে ড্রেনেজ কিছু কিছু নষ্ট হয়ে যাচ্ছে এবং শহরের মাঝখানে জল জমছে, কলকাতার বাইরে গিয়ে জল জমা হচ্ছে; কলকাতার ২।৩ দিন পরে জলটা বেরিয়ে যায় কিন্তু শহরের বাইরে যে সমস্ত অঞ্চল রয়েছে সেই সব অঞ্চলে অস্বাস্থ্যকর আবহাওয়ার সৃষ্টি হচ্ছে।

আজকে এই গোঁজামিল দিয়ে কোন কাজ চলতে পারে না। ড্রেনেজ ইমপ্রুভ-মেণ্টের সংগে নিশ্চয়ই বিজ্ঞানকে ওখানে প্রয়োগ করতে হবে। বিজ্ঞান সম্বন্ধে আমরা জানি যে সেখানে যেমন ওয়াটার ট্রিটমেণ্টের প্রশ্ন আছে তেমনি সুয়েজ ট্রিটমেণ্টেরও প্রশ্ন আসে। আমি দিল্লীতে দেখে এসেছি যে সেখানে ময়লা জল যমুনায় সরাসরি ফেলে না। সেটা ট্রিট করে যমুনায় ফেলে এবং ঠিক জানিনা, সেটা নিশ্চয়ই ব্যাধিমুক্ত হয়—তা ব্যবহার করলে অসুখ বিসুখ বিসুখ করে না। করলে নিশ্চয়ই যমুনার জলের জন্য অনেক কিছু খারাপ অবস্থা হোত। এই ভাবে পলিউটেড ওয়াটারকে ট্রিট করে যদি ঠিকমত তাকে বৈজ্ঞানিক পদ্ধতিতে পরিশোধন করে নদী নালা খাল বা কুলটিতে ছেড়ে দেওয়া যেত তাহলে কুলটির আজকে এই অবস্থা হোত না। অবশ্য আমরা জানি যে কুলটি মজে যাচ্ছে তার প্রধান কারণ হচ্ছে সিল্টের সংগে ময়লার যে সংমিশ্রণ তার থেকে কেক জাতীয় একটা জিনিষ ফর্ম করে এবং সেটাই ক্রমশঃ কুলটি নদীকে মজে যেতে বাধা করছে। এটা স্মরণ করবার বিষয় যে বাসতলা টু কুলটি পরিষ্কারের ভার সরকার নিলেন কিন্তু তা পরিষ্কার হয়নি। অনেক কিছু কাজ হয়ত হয়েছে—৩১ লক্ষ টাকা খরচ

করে ক্যালকাটা কর্পোরেসন পরিষ্কার করেছিল। আজ সকালে আমি সেখানে গিয়েছিলাম—একবছরে দেখা যায় ঐ বাসতলা থেকে কামার বাজার বা বেলেঘাটা পর্য্যন্ত অঞ্চলটার অনেকাংশ সিল্টেড্ হয়ে যাচ্ছে। কাজেই অনেকগুলি জিনিষ দেখলে বুঝতে পারা যায় যে এটা সরকার নিয়ে নিলে বা কোন একটা ডিপার্টমেন্ট নিয়ে নিলেই যে এর সমাধান হয়ে যাবে তা নয়। এর জন্য দরকার হচ্ছে একটা অথোরিটি, একটা বডি যে বডির হাতে সব জিনিষ থাকবে - সমস্ত জিনিষ তারা উপলব্ধি করতে পারবে এবং সমস্ত প্ল্যান তারা করতে পারবে। তাদেরই হাতে এই জিনিষটা দেয়া উচিত—এটা খণ্ড খণ্ড ভাবে করলে হবে না, সরকার খানিকটা নিলেন। সি, আই, টি খানিকটা নিলেন, ক্যালকাটা কর্পোরেসন খানিকটা নিলেন, ডিষ্ট্রিক্ট বোর্ড খানিকটা নিলেন—এরকম করলে এর সমাধান কখনও হতে পারে না।

মাননীয় স্পীকার মহাশয় আমরা মেট্রোপলিটান ওয়াটার বোর্ডের কথা বলেছি। এটা নিয়ে আমাদের পৌরসভাতেও আলোচনা হয়েছিল এবং আমরা দেখি যে অনেকেই এতে আতঙ্কিত হয়ে পড়েছেন। কর্পোরেসান উল্লেখ করাটা ঠিক নয়, তবুও দেখা যায় যে বিশিষ্ট পক্ষের লোকেরা বিশেষ ভাবে আতঙ্কিত হয়ে পড়েছেন। তারা বোধ হয় মনে করেন যে তারা ক্ষমতাচ্যুত হতে যাচ্ছেন, তারা মনে করছেন বোধহয় স্বায়ত্বশাসন বিভাগের ক্ষমতা কেড়ে নেয়া হচ্ছে। আমি জানিনা সরকারের এর পেছনে কোন উদ্দেশ্য ছিল কিনা। তবে আমি নির্ভয়ে বলতে পারি যে এই রকম ধরণের বোর্ড যদি তৈরী করা হয় যে বোর্ড জনসাধারণ কর্তৃক নির্বাচিত প্রতিনিধি যথেষ্ট পরিমাণে থাকবে তাহলে আপত্তির কোন কারণ থাকতে পারে না। অনেকে ভয় করেন যে বোর্ডটা বোধহয় ট্রেনিং কর্পোরেশনের মত হবে, অর্থাৎ ইলেকট্রীক সাপ্লাই প্রভৃতির মত হবে। পাব্লিকের কাছ থেকে ট্যাক্স কেজ নিয়ে কাজ আরম্ভ করবে এরকম বোর্ড হওয়া উচিত নয়। আমরা এরকম বোর্ড পছন্দ করিনা। বোর্ড কাজ করবে কিন্তু তার জন্য ট্যাক্স ফিক্স নিতে পারে না, বাজার থেকে লোন রেজ করতে পারে না। এই টাকা সম্পূর্ণভাবে কেন্দ্রীয় সরকারকে দিতে হবে। কেন্দ্রীয় সরকারের টাকা যদি একটা বডির কাছে গিয়ে উপস্থিত হয় এবং তারা যদি প্লান করে এটা করে তাহলে নিশ্চয়ই বলা যেতে পারে সেই কাজ সুষ্ঠুভাবে হতে পারে। যে বডির মধ্যে জনসাধারণের প্রতিনিধি আছে সেখানে ভয়ের কোন কারণ নেই। জনসাধারণের যার উপর বক্তব্য সেখানে উপস্থাপিত করা হচ্ছে এবং সেখানে ইঞ্জিনিয়ার্স ও জনসাধারণের প্রতিনিধি দুজনে মিলে যে কাজ করবে সেই কাজটা নিশ্চয়ই সুষ্ঠুভাবে হবে। এবং তার জন্য কেন্দ্রীয় সরকারকে টাকা দিতে হবে। এই টাকা রেট পেয়ারদের কাছ থেকে নিতে হবে না। এক সময় ডাঃ রায় কনফারেন্সে বলেছিলেন যে ট্যাক্স বাড়াও-- ট্যাক্স বাড়িয়ে যে টাকাটা হবে তা থেকে বরোয়িং ক্যাপাসিটি হবে, টাকা বরো করে ট্রেডিং কর্পোরেশনকে কাজ করতে হবে।

[3-40—3-50 p. m]

আজকে আর সে তর্কে প্রবেশ করতে চাই না। কেন্দ্রীয় সরকার টাকা দেবেন—বোর্ড সমস্ত কিছু execute করবেন। এই বোর্ডের মধ্যে জনসাধারণের প্রতিনিধি থাকবে। তার জন্য নূতন করে ট্যাক্স ধরা উচিত নয়। এ সম্পর্কে যাঁরা আতঙ্কিত হচ্ছেন, তাদের আতঙ্কিত হবার কোন কারণ নাই। এটা আমি বিশেষ করে বলছি এই জন্য যে প্রস্তাব এসেছে, সেটা নূতন কোন প্রস্তাব, তা নয়। লণ্ডনে ও নিউ ইয়র্কে সমস্ত জায়গায় আছে তাঁরা বোর্ড মারফৎ fees আদায় করে। ইলেক্ট্রিক সাপ্লাই ব্যবস্থাও সেখানে ঐ ভাবে অনেক দিন আগে হয়েছে। আর অন্য যে সমস্ত জায়গায় হয়েছে, সেখানে দেখা যায় গভর্ণমেন্ট এই ধরণের বোর্ডকে সাহায্য করেন—finance করেন—, তাঁরা Develop করেন। তারপর মিউনিসিপ্যালিটীর উপর তার ভার দেওয়া হয়েছে। আর এঁরা ভাবছেন মিউনিসিপ্যালিটিকে এ ভার দেওয়া যায় কিনা! এবং দেওয়া গেলে তা কি ভাবে দেওয়া

যায়? এই financeকে দিতে পারে? কেন্দ্রীয় সরকার দিতে পারে, রাজ্য সরকার দিতে পারে প্লান—বোর্ডকে execution করতে এবং বোর্ড চেষ্টা করবে জনসাধারণকে suffering থেকে কতকটা releif দিতে পারে। কেননা দিনের পর দিন মানুষের কি suffering জলের জন্য, ড্রেনেজের জন্য! কর্পোরেশন বা মিউনিসিপ্যালিটিতে কেন এই রকম অসুবিধা থাকবে? একটা কিছু বিধি ব্যবস্থা কর্পোরেশন করতে পারে না! এজন্য সরকারী গ্যারাণ্টি থাকবে। এই সরকার ও পৌরসভার বিরোধের মাঝখানে জনসাধারণের কষ্ট কেন দিনের পর দিন বাড়বে? এটা আমি বাস্তবিকই বুঝতে পারি না।

আমার শেষ বক্তব্য এই যে একটা বিষয়ে সরকারকে সাবধান হতে হবে। সরকার মনে করছেন যে ভাবে চলছে, সেই ভাবে চললেই হবে। গঙ্গা—যেটা হলো,—drainage and water supply এর দুটো প্রধান সাহায্যকারী—যদি কিছু থাকে তা হচ্ছে ভাগীরথী। সেই ভাগীরথীর অবস্থা দিনের পর দিন খারাপ হচ্ছে। কিন্তু আমরা গঙ্গা ব্যারেজের কথা বহুদিন থেকে শুনে আসছি। সেটা কবে হবে জানিনা। এই গঙ্গা ব্যারেজ হলে পরে কি পরিমাণ জল আসবে—তা সঠিক না জানলেও এইটুকু বলতে পারি যে এর দ্বারা অনেকগুলি পৌর এলাকার জনসাধারণ উপকৃত হবে। গঙ্গা ব্যারেজ বহু লোকের সাহায্য করবে এবং ভাগীরথীর উভয় তীরবর্তী অসংখ্য পৌরসভার drainage and water supply improve করবে। কি পরিমাণ জল আসলে গঙ্গা পরিষ্কার-পরিচ্ছন্ন থাকবে, তা আমি বলতে পারি না। তবে এটা দাবী করতে পারি যে গঙ্গা ব্যারেজ যে ভাবেই হউক না কেন, তাতে যথেষ্ট পরিমাণ জল দিতে পারবে। এ নিয়ে সরকারের আরো চিন্তা করা উচিত ছিল, এ নিয়ে আরো আন্দোলন করা উচিত ছিল। তা না করে—এই রকম নীরব থাকার কোন কারণ থাকতে পারে না।

এটা সকলে আমরা জানি—গঙ্গার কি ক্ষতিটা আমরা করছি! সেখানে turbidity বা ঘোলাটে ভাব ক্রমশঃ বাড়ছে। ১৯০১ থেকে ১৯৬০ সালের মধ্যে এই turbidity খুব সাংঘাতিক ভাবে বেড়ে গেছে। ১৯০১ সালে যদি এর পরিমাণ থাকে ২০০ তাহলে এখন তার highest limit দাঁড়াচ্ছে ৪ হাজার। এই turbidity ক্রমশঃ বাড়বে, কমবার সম্ভাবনা নাই। ওদিকে গঙ্গাতে আবার salinity ও সাংঘাতিক ভাবে বাড়ছে। এ সম্পর্কে আমি একজন প্রখ্যাত বৈজ্ঞানিকের মত refer করছি। তিনি হচ্ছেন ডাঃ হোরা—ডিরেক্টর জেনারেল, জিওলজিক্যাল সার্ভে অব্ ইণ্ডিয়া,—তিনি বলেছেন—এই ভাবে যদি গঙ্গার জলের অবস্থা ক্রমশঃ অবনতির দিকে যেতে থাকে অর্থাৎ salinity বাড়তে থাকে, তাহলে এখন পলতা থেকে যে জল আমরা নিয়ে আসছি,- সে জল আর আমরা পাব না।

Shri Deben Sen : On a point of order, Sir. Has this resolution been taken out of turn with your permission ?

Mr. Speaker : Yes.

Shri Dhirendra Nath Dhar : তিনি যে ভাবে study করেছেন, তাতে তিনি বলছেন এই গঙ্গার লবনাক্ত জল ও সমুদ্রের লবণাক্ত জল ক্রমশঃ উপর-এর দিকে যাচ্ছে—ঠিক যেন কাঁকড়ার দুটা মুখের মত ক্রমশঃ উত্তর দিকে এগুচ্ছে—এবং তার আশেপাশে যত জায়গা আছে—সব poison করছে, নষ্ট করছে; এবং হয়ত এমন এক সময় আসতে পারে যখন দেখা যাবে সমুদ্রের জল যেমন লবণাক্ত তেমনি গঙ্গার জলও সমস্ত লবণাক্ত হয়ে গিয়েছে। কাজেই আজকে আমাদের নিশ্চয় এ সম্বন্ধে সাবধান হতে হবে এবং গভর্ণমেণ্ট যে ভাবে নীরব রয়েছেন, এটা নিয়ে ভাবছেন না, এ সম্বন্ধে কিছু করছেন না, তা দুর্বোধ্য।

গঙ্গার অবস্থা এত খারাপ যে তার salinity ক্রমশঃ বেড়ে চলেছে এবং flowing capacity কমে যাওয়ার ফলে তার আশেপাশের নদীগুলিও নষ্ট হয়ে যাচ্ছে। এখানে গঙ্গা ব্যারাজ নির্মাণ করা ছাড়া, এই solution এর আর কোন পথ নেই। কাজেই এটা

যাতে শীঘ্র নির্মাণ হয়, তার জন্য আমাদের সকলের চেষ্টা করা উচিত। অবশ্য আমরা যদি এটা নিয়ে চেষ্টা করি—জানিনা আমরা কতখানি সাকসেসফুল হবো, কিন্তু আমাদের চেষ্টা করতে হবে। এ সম্বন্ধে সরকার নীরব কেন বুঝতে পারছি না।

এই জল সম্বন্ধে আমি আর একটা কথা বলতে চাই। অন্যান্য দেশে—শুধু অন্যান্য দেশে কেন, যে সমস্ত দেশে সমাজতন্ত্র প্রতিষ্ঠিত হয়েছে সেখানকার ম্যাগাজিনে আমরা দেখতে পাই তারা underground water দিয়ে irrigation এর ব্যবস্থা করছে। কাজেই আমাদেরও underground water এর দিকে নজর দেওয়া উচিত। তাছাড়া tubewell water এর দিকেও আমাদের নজর দেওয়া উচিত ছিল। আমাদের দেশে কোন জায়গায় কেমন tubewell water, তা নিয়ে কোন research করা হচ্ছে না। অর্থাৎ tubewell water treat করলে সব কাজে ব্যবহার বা চলবে কিনা? সেই জল perennial supply বা continuous supply—এই ধরণের কোন research বা অনুসন্ধান আমরা করছি না। কিন্তু অন্যান্য দেশে টিউবওয়েল ওয়াটারের উপর ভরসা করে বিরাট বিরাট ওয়াটার ড্যাম কনস্ট্রাকশন করে যাচ্ছেন এবং সেখানে রিসার্চের ফলে improvement হচ্ছে, এবং এর দ্বারা তারা সেখানে গ্রামাঞ্চলে irrigation এর জল পাচ্ছে। শুধু গ্রামাঞ্চলেই তারা জল পাচ্ছে তা নয়, সহরেও তারা প্রয়োজনমত যথেষ্ট পরিমাণ জল পাচ্ছে। সুতরাং আমাদের এখানেও টিউবওয়েল ওয়াটার নিয়ে রিসার্চ করে দেখা উচিত সেটা কি পরিমানে কাজে লাগান যায়।

বর্তমানে গঙ্গার অবস্থা যদি এই রকম হয় এবং খুব শীঘ্র গঙ্গা ব্যারাজের ব্যবস্থা হচ্ছে না যদি দেখা যায় তাহলে নিশ্চয়ই আমাদের টিউবওয়েল ওয়াটারের দিকে যেতে হবে এবং তার জন্য study করতে হবে, আর দেরী করলে হবে না।

আমি এই প্রস্তাব সর্বান্তকরণে সমর্থন করছি।

Shri Bijoy Singh Nahar : Sir, I move that for the words beginning with "and drinking water supply" in lines 1 and 2 and ending with the words "created by the Board" at the end, the following be substituted, namely :—

"Sewerage, disposal of garbage and drinking water supply of Greater Calcutta area are very serious and require urgent consideration ;

That whereas the W. H. O. team have strongly recommended the early creation of a Statutory Calcutta Metropolitan Board covering an area of about 270 square miles in and around Calcutta on either side of the river Hooghly in order that a composite and detailed scheme for providing sufficient supply of drinking water, for efficient drainage of the area, for providing sewerage in the area, and for effective removal of garbage,

This Assembly requests the Government to take early steps for creating the necessary machinery for the purpose."

[3-50—4 p. m.]

আপনারা সকলেই জানেন এবং পূর্ববর্তী বক্তা ও বললেন কলকাতার অবস্থা বর্তমানে এমন হয়েছে যে জল, রাস্তা পরিষ্কার ড্রেনেজ ইত্যাদি প্রায় অচলাবস্থায় এসে গিয়েছে। জলের অবস্থা আমরা নিজেরাই বুঝতে পারছি, পাওয়া যায় না, যতটা পাওয়া যায় কাজ চলে না। বহু টিউবওয়েলের ব্যবস্থা হয়েছে সত্য কিন্তু খাবার জলের ব্যবস্থা এখনও কলকাতা এবং

তার আশেপাশে করা সম্ভবপর হয়নি। রাস্তা পরিষ্কার সম্বন্ধেও দেখতে পাওয়া যাচ্ছে, যে ব্যবস্থা কলকাতা কর্পোরেশন করেছে তাতে কলকাতা শহর নোংরা হয়ে থাকে এবং একটু যদি বৃষ্টি হয় জল রাস্তায় জমে যায়, গাড়ী চলা বন্ধ হয়ে যায়। কলকাতার আশেপাশে যে সমস্ত জায়গা আছে তাতে কয়েকদিন ধরে জল জমে থাকে। খাবার জলের ব্যবস্থা, ড্রেনেজ রাস্তা পরিষ্কার এসব দিক থেকে যদি সুব্যবস্থা না করা যায় তাহলে কলকাতা শহরকে শহর বলে পরিচয় দেবার থাকবে না। এ শহরে বাংলা দেশের লোক ত আছেই, ভারতবর্ষের প্রত্যেক জায়গার লোক আছে এবং বহু বিদেশীও এই কলকাতায় আসে তারা সকলেই দেখছে কলকাতা এত বড় শহর হওয়া সত্ত্বেও এরকম অসুবিধা রয়েছে। এর একটা আশু প্রতিকার হওয়া দরকার। আপনি লক্ষ্য করেছেন এবং এই যে মূল প্রস্তাব তাতেও বলা আছে যে কিছুদিন আগে W. H. O. team experts তাদের report-এ পরিষ্কার ভাষায় বলেছে শুধু কলকাতা শহর নয়, তার আশেপাশের যে সমস্ত মিউনিসিপ্যালিটি আছে, সাধারণ ভাবে তারা বলেছেন যে কল্যাণী থেকে বজবজ এবং বাঁশবেড়িয়া থেকে উলুবেড়িয়া এই সমস্ত জায়গারই একসঙ্গে ব্যবস্থা করা উচিত তাহলে জলের ড্রেনেজও পরিষ্কারের ব্যবস্থা একসঙ্গে করা সম্ভব হবে। তা নাহলে খুচরা খুচরা কিছু করা সম্ভব হবে না। এবং তারজন্য একটা Greater Calcutta Metropolitan District Board এর কথাও বলেছেন। আমি আশা করেছিলাম ইতিমধ্যে সরকার থেকে একটা Board করার প্রস্তাব আনবে কিন্তু এখনও আনে নি। তারা হয়ত এটা পরীক্ষা করে দেখছেন। কিন্তু এটা যাতে তাড়াতাড়ি হয় তারজন্য আমি আমার এই amendment দিয়েছি। আরও amendment দিয়েছি এজন্য যে প্রস্তাবে যা বলা হয়েছে তাতে পরিষ্কার ভাবে কি চাই সেরকম কিছু বলা নেই। Metropolitan District Boardএর terms ইত্যাদি এমন ভাবে বলা হয়েছে, safe guard এবং check করার কথা যা দেওয়া হয়েছে তাতে কাজ ভালভাবে চলে না। সেজন্য সরকারকে অনুরোধ করবো যাতে এরকম একটা Board গঠনের জন্য একটা বিল আনেন বা এমন ব্যবস্থা করেন যাতে কলকাতা শহরের এই অসুবিধা তাড়াতাড়ি দূর হয়। এ সম্বন্ধে দৃষ্টি আকর্ষণ করে আমি আপনার কাছে W. H. O.র Leader Mr Woolman যা বলেছেন—যে Press statement করেছেন তা আপনার সামনে রাখতে চাই।

'You have plenty of highly talented technicians. You have many good schemes. You have money too in your pockets Your major deficiency is managerial. You do not move. From the preparation of the scheme to its execution things do not just move. You spend money that you have two to three Years too late. Your engineers who are competent to execute any scheme are thus a frustrated group.'

তাই এই বোর্ড যাতে তাড়াতাড়ি হয় তার জন্য আমি এই amendment দ্বারা অনুরোধ জানাচ্ছি।

Shri Sunil Das : মাননীয় স্পীকার মহাশয়, এই যে non-official প্রস্তাব এসেছে এটা খুব গুরুত্বপূর্ণ প্রস্তাব। কারণ এর উপর শুধু কলকাতার ভবিষ্যৎই নির্ভর করছেনা— এই প্রস্তাবের সার্থক রূপায়ণের উপর গোটা পূর্ব ভারতের ভবিষ্যৎ নির্ভর করছে এবং ভারতের সার্থক শিল্পায়ণও এর উপর নির্ভর করছে।

এই কলকাতা সহর, স্পীকার মহোদয় আপনি জানেন, জব চার্ণকের আমল থেকে এর ভিত্তি পত্তন হয়ে বাড়তে আরম্ভ করে। কিন্তু গত ৬০ বৎসরের মধ্যে কলকাতা সহরের ভিতর ও তার আশেপাশের industrial belt বিপুল ভাবে বৃদ্ধি পেয়েছে এবং হুগলীর পাশ দিয়ে অসংখ্য মিল গড়ে উঠেছে। সেই মিলের অপরিস্রুত জল তারা হুগলী নদীতে ছেড়ে দেয় যার ফলে হুগলী নদীর জল অপরিস্রুত হয় এবং অনেক সময় তা পানের অযোগ্য হয়। এখানে আমাদের সামনে সমস্যা হল এই যে polution, এই polution বন্ধ করতে হবে অথবা potable বা protected water supply করা এবং

drainage ও sewage এর বন্দোবস্ত করা। ১৯৫১ সালে যে census, সেই census অনুযায়ী আমরা দেখতে পাই, total urban population অর্থাৎ যারা সহরে বাস করে তাদের ভিতর যারা protected কিম্বা potable water পেয়ে থাকে তাদের ভাগ মাত্র শতকরা ২৫ অর্থাৎ a quarter of the urban population। আর 1951 সালের census অনুযায়ী যারা sewage এর সুযোগ পেয়ে থাকে তাদের সংখ্যা মাত্র ২০ ভাগ। কলকাতা সহরের যারা অধিবাসী তাদের বেলায় কিছুটা রদবদল হবে। কারণ কলকাতা সহরের যে water supply, যা পলতা থেকে করা হয়, সেই পলতা intake station ১৮৬৫ সালে করা হয়। সেই সময় মাননীয় সদস্য, আমার বন্ধু ধীরেনবাবুও বলেছেন তখন এখনকার যে জনসংখ্যা তার ৪০ ভাগ কম জনসংখ্যা জল ব্যবহার করতো। আর এখন জলের যে কতো প্রয়োজন হয়েছে তা অল্প কথায় বুঝিয়ে বলতে পারি। আজকে কলকাতায় ৪০ লক্ষ লোক যদি থাকে তাহলে মাথা পিছু দৈনিক ৫০ গ্যালন জল তারা ব্যবহার করে, অবশ্য Municipal Actএ ২৫ গ্যালন করে দেবার দায়িত্ব কর্পোরেসনের রয়েছে, কিন্তু ২৫ গ্যালন জলে কোন কাজ হয় না, ৫০ গ্যালন জল যদি মাথা পিছু ব্যবহার করে তাহলে ২০ কোটি গ্যালন জলের প্রয়োজন কলকাতায় দৈনিক রয়েছে। আর Metropoliton Water Board, যে অঞ্চলে পরিব্যাপ্ত রয়েছে, সে অঞ্চলে ৮০ লক্ষ লোকের বাস, সেই ৮০ লক্ষ লোককে যদি দৈনিক পরিস্রুত জল সরবরাহ করতে হয় তাহলে ৪০ কোটি গ্যালন জল দৈনিক Metropoliton Water Boardকে সরবরাহ করতে হবে। এবং পলতার যে intake station, যা ১৮৬৫ সালে হয়েছিল, আজকে সেখান থেকে দৈনিক ৮ কোটি ১০ লক্ষ জল suction হয়। আর বাকীটা হয় এই কলকাতায় যে deep tubewell আছে, অর্থাৎ 6" diameter, তা থেকে ১ কোটি ২০ লক্ষ গ্যালন জল সরবরাহ করা হয়ে থাকে। কিন্তু স্পীকার মহোদয়, কলকাতার জল সরবরাহের উন্নতি করার যে প্রচেষ্টা হচ্ছে, সে প্রচেষ্টার ভিতর দিয়ে 150 million gallons, যা প্রয়োজন কলকাতা সহরের, দেবার কথা হচ্ছে তা মোটেই সফল হবেনা যদি না 72" main বসান হয়। সেদিন কর্পোরেশনে purification plant বসানর জন্য tender গৃহীত হয়েছে কিন্তু তা সত্ত্বেও পলতার যে intake, তার capacity বাড়াবার জন্য কোন tender এখনও finalise করা হয়নি। এবং টালার যে storage capacity সেই storage capacity 150 million gallon এর জন্য sufficient নয়। সেই storage capacity বৃদ্ধি করার কোন tender নেবার প্রয়োজন হয়নি। এই অবস্থায় কলকাতা রয়েছে। সুতরাং 72" main বসিয়ে এবং preficiation plant এর tenk গৃহীত হবার পর পানীয় জলের এখানে দৈনিক ১০ কোটি ১০ লক্ষ গ্যালন সরবরাহ করা যেতে পারে।

[4—4-10 p. m.]

Drainage সম্বন্ধে বলব, pipe sewerএ ময়লা যাচ্ছে pumping station থেকে যার ফলে pipe sewer এর diameter-পরিধি - সংকুচিত হয়ে গিয়েছে এবং তাতে crust পড়ে পড়ে এমন অবস্থা হয়েছে যে মাত্র আট ইঞ্চি পরিমিত জায়গা দিয়ে জল যাতায়াত করছে যার ফলে বৃষ্টি হলেই কলকাতার জল সরে না। গত বৎসর বানতলা drainage channel খনন করা হয়েছে এবং ধাপায় 6.6 million gallon capacityর একটা pump বসান হয়েছে, কিন্তু তৎসত্ত্বেও kulti drainage outfull যে অবস্থা সেটা অত্যন্ত আশংকা-জনক, এবং ইতিপূর্ব্বে বিদ্যাধরী ও পিয়ালীরও যে অবস্থা হয়েছে যদি এখনই সাবধান না হওয়া যায় তাহলে কুলটীরও সেই অবস্থা হবে। ১৯৩৮ সালে এই deterioration শুরু হয়েছে, তাছাড়া ১৯৩৬ সালেই কলকাতায় জলের salinityর প্রথম প্রত্যক্ষ পরিচয় পাওয়া গিয়াছে—তারপর দীর্ঘ সময় কেটে গিয়েছে। তারপর, ফারাক্কা সম্বন্ধে বলতে গেলে বলতে হয়, আমাদের upland water এর যে প্রবাহ সেটা পরিমাণে কমে গিয়েছে। ভাগীরথী,

জলঙ্গী, মাথাভাঙ্গা—এগুলিতে গঙ্গার main stream থেকে জলের প্রবাহ ৮ মাস বন্ধ থাকে। ১৯৩৬ সালেই এ সম্পর্কে সতর্ক করেছেন আমাদের engineerরা, কিন্তু তৎসত্ত্বেও আমরা কোনদিকে এগুতে পারিনি। Ganga Barage সম্বন্ধে আমাদের আশা ছিল, একটা fond belief ছিল যে গঙ্গা ব্যারাজ শীঘ্র হইবে, কিন্তু পাকিস্তান যে কথা বলছে তাতে আমাদের মনে হচ্ছে গঙ্গা ব্যারাজ এখনো বহুদূর। কারণ, আমাদের সেচমন্ত্রী আমাকে নিশ্চয়ই সমর্থন করবেন যে, Indus Basin এর যে negotiation হল তাতে Chief negoitator N. D. Gulata সাহেব বলেছেন, Indus Basion এর যে problem সেই problem খুবই সামান্য। সে যাই হোক, সামান্য হোক আর যাই হোক, এখনকার যে problem সেটা খুব জটিল। এ সম্পর্কে বহু hydrological data সংগ্রহ করা হয়েছে। আজকে পাকিস্তান বলছে তাদের খুলনাতে যে multipurpose unit রয়েছে,—development unit project, এই খুলনা project সম্প্রসারিত করার করার জন্য গঙ্গা-কোবাদক স্কীম ব্যহত হবে—এবং তার জন্য তারা আপত্তি জানাচ্ছে। সেজন্য গঙ্গা ব্যারাজ সম্পর্কে আমাদের যতই আশা থেকে থাকুক, এই সমস্ত report পেয়ে আমরা হতাশ হয়েছি। এই ব্যাপারে মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে সেচমন্ত্রী পর্যন্ত কেউ আমাদের কোন আশ্বাস দিতে পারেন নি নতুন করে। বরং তাঁরা তুষ্ণীভাব অবলম্বন করে আমাদের যে সন্দেহ সেটাই সমর্থন করছেন। তারপর, Calcutta Port—এই Calcutta Portএর ভিতর দিয়ে 45% of export পাঠান হয়—যে portএর ভিতর দিয়ে আমাদের foreign exchange আসে, যে portএর ভিতর দিয়ে machinery equipment আমাদের আনতে হয়, যে portএর উপর eastern region এবং development নির্ভর করছে—তার অভাবে কি দুরবস্থা হয়েছে! কাজেই গঙ্গা ব্যারেজ যদি না হয়, তাহলে শুধুমাত্র কলকাতার জলের salinityই নয়, Calcutta Portই বন্ধ হয়ে যাবে এবং তার ফলে Calcutta export import ব্যাহত হবে, এবং সমগ্র ভারতের industrialisation ব্যাহত হবে এমন আশংকাও দেখা দিয়েছে। কিন্তু তা সত্ত্বেও সেদিক দিয়ে আমরা কোন কাজেই অগ্রসর হতে পারিনি। মি: স্পীকার, স্যার, World Bank teamর leader Paul Hoffman একটা report দিয়েছেন—এই World Bank Team আসার পূর্বে আরো তিনটি দেশের ব্যাঙ্কের নেতা আমাদের দেশে এসেছিলেন—তাঁরা আমাদের Third Five Year Plan নিয়ে নাড়াচাড়া করেছেন। এই team যে report দিয়েছেন সে বড় সাংঘাতিক রিপোর্ট। আমাদের প্রধানমন্ত্রী তো কলকাতাকে দুঃস্বপ্ন নগরী বলে দিয়েই তাঁর দায়ীত্ব শেষ করেছেন। কিন্তু Paul Hoffman তীব্র কশাঘাত করেছেন আমাদের গভর্ণমেন্টকে-বড়ই আমাদের Gavt. কেন্দ্রীয় সরকার কলকাতাকে write off করে দিন। বিশ্বব্যাঙ্কের দৃষ্টি, অর্থাৎ সমগ্র পৃথিবীর দৃষ্টি পড়েছে ভারতবর্ষ নয়, কলকাতার উপর; কারণ তাঁরা মনে করছেন কলকাতা এবং বোম্বে ধ্বংস হলে ভারতবর্ষ ধ্বংস হবে।

"The Mission has warned that Calcutta is the half of India to export industries and there is no alternative to it as airport, financial centre and major market in the country's industrial belt. তারপর Paul Hoffman এবং team বলেছেন The Government of India tend to regard these problems as wholly the concern of the Government of West Bengal."

যদিও Calcutta Portএর development এর দায়িত্ব পশ্চিমবংগ সরকারের নয়, তাহলে তাঁদের যেটুকু দায়িত্ব তার সবটুকু তাঁরা পালন করেছেন কিনা আমাদের সন্দেহ আছে। ভারত সরকারের এই যে মনোভাব—as wholly the concern of the Government of West Brngal which in turn is struggling with many other difficulties etc. etc.

এই ভাবের নিন্দা করে তাঁরা আরো বলেছেন—everybody admits that more ought to be done about it but nobody is ready to do it.

এবং কলকাতার উন্নয়নের জন্য একটা ২০০কোটি টাকার একটা পরিকল্পনা তাঁরা দিয়েছেন। সেই সঙ্গে আমরা আরো দেখতে পাই, তাঁরা একথাও বল্ছেন কলকাতার উন্নতির সঙ্গে ভারতের ৪র্থ steel plantএর সংঘর্ষ বেঁধেছে—অর্থাৎ যদি এমন হয় যে 3rd Five Year Planএ টাকা নাই, steel plant হবে, না Calcuttaর উন্নতি হবে, সেক্ষেত্রে তাঁরা বলেছেন steel plant can wait but the development of Calcutta cannot wait.

তারপর, এই প্রসংগে Mrtropoliton Water and Sewage Board যে পরিকল্পনা দিয়েছেন World Health Organisation, মাঃ সদস্যরা তা উল্লেখ করেছেন। ৩০০ square mile ব্যাপী এই পরিকল্পনা, এবং ৩৪টি মিউনিসিপ্যালিটি যাতে ৮০ লক্ষ লোক বাস করে—এই Metropoliton Water and sewage Board এর আওতায় নেবেন এবং ২০০কোটি টাকা ব্যয় করবেন।

[4-10—4-20 p. m.]

ইউনাইটেড নেসনস্ টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্স বোর্ড ইতিমধ্যেই ষ্টেট গভর্ণমেন্টকে প্রিলিমিনারি প্রিপারেসন এবং প্লান তৈরী করবার জন্য ১৭ লক্ষ টাকা দিয়েছে। আমার যতদূর জানা আছে তাতে বলতে পারি যে, এই স্কীম রচনা করবার জন্য কেন্দ্রীয় সরকার ১২ লক্ষ টাকা, আমাদের সরকার ১০ লক্ষ টাকা ম্যাচিং গ্র্যান্ট এবং তাঁরা ১৭ লক্ষ টাকা দিয়েছেন এবং ডাটা কালেক্সন হচ্ছে কোয়ালেটেটিভ ভ্যারিয়েসন অব ওয়াটার সম্পর্কে। এ ছাড়া কোথায় জল নেবার ব্যবস্থা করা যায় তারও সন্ধান তাঁরা করছেন। মিঃ স্পীকার স্যার এ প্রসংগে আমি এই হাউসের সামনে জল সরবরাহের ২টি বিকল্প প্রস্তাব রাখতে চাই এবং তার একটি হোল ডি. ভি. সি-র নেভিগেসন ক্যানেল থেকে জল সাবরাহ করা যায় কিনা—অবশ্য নেভিগেসন ক্যানেলটি কার্যকরী হোল না ১৯৬১-র আগে তাতে কোনো জলযান চলাচল করতে পারবে না। এবং আর একটি হোল Layne tubewell. এই Layne tubewell সম্বন্ধে ডাঃ বি. এন. দে যিনি এক সময় কলকাতা কর্পোরেশনের চিফ ইঞ্জিনিয়ার এ্যাণ্ড চিফ কনসালট্যান্ট ছিলেন তিনি তখন বহুবার বলেছেন যে ইউনাইটেড ষ্টেটস্ অব আমেরিকায় এই টিউব-ওয়েলের বহুল প্রচলন আছে এবং ডিপ টিউবওয়েলের মতনই এই Layne tubewell-কে ৪/৫ হাজার ফিট নীচে বসান হয়। কাজেই এর দ্বারা জল সরবরাহ করা যায় কিনা সেটা দেখবার জন্য আমি আমার এই প্রস্তাব হাউসের সামনে রাখছি এবং যাতে করে আমাদের জল সরবরাহ সমস্যার কিছুটা সমাধান হতে পারে, তার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষদের চিন্তা করতে অনুরোধ করছি। আমার যতদূর জানা আছে তাতে বলতে পারি যে, টেকনিক্যাল কো-অপারেসন মিসন তাঁরা একটা প্রিলিমিনারি, এক্সপেরিমেন্টাল টিউব-ওয়েল করবার জন্য কিছুটা সাহায্য করবেন বলেছেন এবং কলকাতা কর্পোরেসন-কে একটা Layne tubewell খনন করে দেবার দায়িত্ব নিয়েছেন। মিঃ স্পীকার স্যার, এখন প্রশ্ন হোল ওয়ার্লড হেল্থ অরগ্যানাইজেসন এর থেকে মেট্রোপলিটান ওয়াটার এ্যাণ্ড সিউএজ বোর্ড-এর যে পরিকল্পনা দিয়েছেন সেই ওয়াটার এ্যাণ্ড সিউএজ বোর্ড-এর ফাংসনস, পাওয়ারস্ এ্যাণ্ড কম্পোজিসন কি হবে সেটা আমাদের জানা দরকার। তবে আমি শুনেছি যে, গত ১১ই নভেম্বর ওয়ার্লড হেল্থ অরগ্যানাইজেন-এর ও ইউ. এন-এর রিপ্রেসেন্টেটিভ-রা আমাদের মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করে এই অথরিটির ফাংসনস্ এ্যাণ্ড পাওয়ার্স কি হবে সে সম্বন্ধে তাঁর সঙ্গে আলোচনা করেন। কিন্তু আমার কথা হোল যেন একটা ওভারল্যাপিং অব অথরিটি না হয়ে যায়, কারণ আমরা শুনেছি এবং সংবাদ-পত্রেও পড়েছি যে এই মেট্রোপলিটন ওয়াটার এ্যাণ্ড সিউয়েজ বোর্ড নাকি ট্যাক্স ধার্য করবেন। কর্পোরেসন ট্যাক্স নেয়, গভর্ণমেন্ট ট্যাক্স নেয় এবং এরাও যখন ট্যাক্স নেবে তখন লক্ষ্য রাখবেন যেন ওভারল্যাপিং অব অথরিটি না হয়ে যায়। তবে এ প্রসংগে

আমি আর একটা কথা জানতে চাই যে, কলকাতা কর্পোরেসন যে সমস্ত পরিকল্পনা নিয়েছে—অর্থাৎ ফাইভ ইয়ার প্ল্যানে ১শত কোটি টাকার একটি পরিকল্পনা, আর একটি ৪৫ কোটি টাকার পরিকল্পনা যার দরুন সেকেণ্ড ফাইভ ইয়ার প্লানে তাঁরা ৬ কোটি টাকা খরচ করেছেন এবং এছাড়া ৫'৬১ কোটি টাকার একটি ড্রেনেজ এ্যাণ্ড সিউয়েজ স্কীম, যে স্কীম নিয়ে কাগজে লেখালেখি হয়েছে—সেই সমস্ত স্কীমের কি হবে? এগুলো কি স্পিল ওভার হবে থার্ড ফাইভ ইয়ার প্ল্যানে? তা'ছাড়া পশ্চিমবঙ্গ সরকারের যে স্কীম রয়েছে—অর্থাৎ টালিগঞ্জ স্কীম যার জন্য ৬ কোটি টাকা খরচ হবে, ড্রেনেজের স্কীম, টালিগঞ্জ পঞ্চান্নগ্রাম স্কীম, হারোয়া—কুলটিগঞ্জ স্কীম এবং শিয়ালদহগঞ্জ স্কীম—এই সমস্ত স্কীমের টাকা কোথায় যাবে? এগুলো কি এই বোর্ডের খরচের সঙ্গে ইন্টিগ্রেটেড হবে, না যার যার তার তার থাকবে সেটা জানতে চাই এবং সঙ্গে সঙ্গে এটাও জানতে চাই মুখ্যমন্ত্রীর কাছে থেকে এই বোর্ড গঠনের জন্য আর একটা এনাবেলিং লেজিসলেসন-এর প্রয়োজন রয়েছে সে সম্বন্ধে তিনি কিছু চিন্তা করছেন কিনা?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Sir, the question of water-supply, drainage, sewerage, disposal of garbage of the city of Calcutta and the environment has been brought before the Assembly none too soon. I congratulate the member who has brought this resolution before us, because it is only by discussion that we might rouse the consciousness of the members of the legislature as well as of the people outside without the co-operation of which there can be no advance in any field. While I say so I do not agree with the method of approach of the resolution. I will explain to the members later on why and therefore I support the amendment that has been moved by Shri Bijoy Nahar.

In the year 1906 a Committee came from England in order to find out the character of the water of the river Ganges. As you know there is a popular idea that the Ganges water is pabitra, that no bacteria can grow in the Ganges water. The finding of that Committee was that while the water that is taken from the midstream is really anti-bacterial and no bacteria can grow in it, the water taken from the shore and the banks would often give opportunity for bacteria to grow.

Eligibility of Purulia district primary school teachers to the upward revision of pay sanctioned by Bihar Government

20. (Admitted question No. 2267.) **Shri Benoy Krishna Chowdhuri :** Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(*a*) whether the attention of Government has been drawn to the fact that an extra amount is due to the primary school teachers of the ceded district of Purulia from 1st April, 1956, to 31st October, 1956, on account of the upward revision in pay-scale of

primary teachers made by the Bihar Government with effect from 1st April, 1956 ; and

(*b*) if so, will the Hon'ble Minister be pleased to state whether Government consider the desirability of requesting the Bihar Government to make these amounts available for immediate payment to the primary teachers concerned ?

The Minister for Education (The Hon'ble Rai Harendra Nath Chaudhuri) : (*a*) The Government of Bihar sanctioned an upward revision in the pay scales of the primary school teachers of Bihar on the 22nd December, 1956, that is, more than seven weeks after the merger of Purulia with West Bengal on the 1st November, 1956, and revised scales were sanctioned with retrospective effect from the 1st April, 1956.

(*b*) No. The Bihar Government order issued after the merger could be applicable to only that area which constituted the State of Bihar on the day the order was issued.

Starred Questions

(to which oral answers were given.)

[3-40—3-50 p.m.]

Failure of crops due to drought in Banagram in 1957

*40 (Admitted question No. *1862.) **Shri Ajit Kumar Ganguli :** Will the Hon'ble Minister in charge of the Agriculture Department be pleased to state—

(ক) ১৯৫৭ সালে জল অভাবে বনগ্রামের মোট ধান ও পাট উৎপাদনের কত অংশ নষ্ট হইয়াছে এবং তাহার পরিমাণ কত ;

(খ) জলাভাবে শস্যহানি প্রতিরোধ করার জন্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কি ; এবং

(গ) যদি (খ) প্রশ্নের উত্তর হঁ্যা হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কি প্রকার ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে,

(২) কোথায় কোথায় তাহা কার্যকরী করা হইবে, এবং

(৩) কতদিনে সেই ব্যবস্থা অনুসারে কাজ শুরু হইবে ?

The Minister for Agricuture and Food Production (The Hon'ble Tarun Kanti Ghosh) :

(ক) সময়মত বৃষ্টি না হওয়ায় বনগ্রামের মোট ধান ও পাট উৎপাদনের যথাক্রমে শতকরা ২৩ ভাগ অর্থাৎ ৩১১,৩৮৭ মন ও শতকরা ১৬ ভাগ অর্থাৎ ৩৬৫ বেল নষ্ট হইয়াছে।

(খ) হঁ্যা।

(গ) (১) ক্ষুদ্র সেচ-পরিকল্পনা গ্রহণ করিবার জন্য কৃষকগণকে ও সমবায় সমিতিসমূহকে ঋণ দেওয়া হয় এবং কৃষকদিগের নিকট হইতে পরিকল্পনার অর্ধেক খরচ পাইলে সরকার কর্তৃক ক্ষুদ্র সেচ-পরিকল্পনা গ্রহণ করা হয়। এতদ্ব্যতীত সরকারের পাম্পিং মেশিন এবং নলকূপ দ্বারা জলসেচের পরিকল্পনা আছে।

(২) বনগ্রাম থানার অন্তর্গত গোপাল নগরে নলকূপ বসান হইবে। অন্যান্য সেচ-পরিকল্পনাগুলি সমগ্র মহকুমার বিভিন্ন অংশে চালু আছে।

(৩) শীঘ্রই পাম্পিং মেশিন বিতরণ করা হইবে এবং নলকূপ বসান হইবে।

Shri Ajit Kumar Ganguli : মন্ত্রীমহাশয় জানাবেন কি, বনগাঁ-তে কত পাট নষ্ট হয়েছে ?

The Hon'ble Tarun Kanti Ghosh : এখানে উত্তরে বলা হয়েছে, "শতকরা ১৬

ভাগ অর্থাৎ ৩৬৫ বেল নষ্ট হইয়াছে"—কাজেই এবারে আপনি হিসেব করে নিন। তবে $\frac{1}{8}$th মানে ২ হাজার বেল।

Shri Ajit Kumar Ganguli : মন্ত্রীমহাশয় জানাবেন কি, ৪ লক্ষ মণ গড়ে পাট হয় বলে যে হিসেব কমার্স মিনিষ্টার দিয়েছেন সেটা কি ভুল ?

The Hon'ble Tarun Kanti Ghosh : আমি বলতে পারিনা।

Shri Ajit Kumar Ganguli : মন্ত্রীমহাশয় জানাবেন কি, যারা মাঝারী কৃষক অর্থাৎ ১৫ বিঘা জমির মালিক তারা কিরকম ক্ষতিগ্রস্থ হয়েছে ?

The Hon'ble Tarun Kanti Ghosh : সঠিক এখন বলতে পারিনা।

Shri Ajit Kumar Ganguli : আপনি যে উত্তর দিয়েছেন তার "গ-এর ১-এ" বলা হয়েছে যে, অর্দ্ধেক খরচ দিলে আপনারা সেচ পরিকল্পনা গ্রহণ করেন। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে যেখানে কৃষকরা এরকম ভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে সেখানে তাদের পক্ষে কি এই খরচ দেওয়া সম্ভব ?

The Hon'ble Tarun Kanti Ghosh : আপনার সঙ্গে এ বিষয়ে আমি একমত। আমার মনে হয় এটা চেন্‌জ করা উচিত এবং আমার বিভাগের তরফ থেকে আমি চেষ্টাও করব। তবে খাদ্যোৎপাদন বৃদ্ধির জন্য যতটা পরিমাণ জল ইউটিলাইজ করা সম্ভব তা' করা উচিত। যা' হোক, আপাততঃ যে নিয়ম আছে সেটাই বললাম।

Shri Ajit Kumar Ganguli : মন্ত্রীমহাশয় যখন এই আইন পরিবর্ত্তন করতে চাচ্ছেন তখন বনগাঁ-র অবস্থা বিবেচনা করে একটা স্পেসাল কেস্ হিসেবে সেখানে খরচ না নিয়ে সেচ-ব্যবস্থা করতে প্রস্তুত আছেন কি ?

The Hon'ble Tarun Kanti Ghosh : আমরা বনগাঁতে অলরেডি ৪টি নলকূপ করেছি এবং আরও ৬টি করব এবং তার জন্য খরচ নেব না। তবে ক্ষুদ্র সেচ-পরিকল্পনা করতে গেলে এই নিয়ম না বদলে আর করা সম্ভব নয়।

Shri Ajit Kumar Ganguli : আপনি বলছেন এই নিয়ম পাল্টে তবে সেই রকম সেচ-ব্যবস্থা হবে। কিন্তু আপনি নিশ্চয়ই জানেন যে সেখানকার প্রত্যেক জমিতে ২/৩ রকম ফসল হতে পারে এবং সেটা বিবেচনা করেই আপনাকে প্রশ্ন করেছিলাম যে সেটাকে যদি এফেক্ট না দেন তাহলে সেচ ব্যবস্থার কি হবে ? এ ব্যাপারে কিছু জানাবেন কি ?

[No reply.]

Shri Ajit Kumar Ganguli : আপনি উত্তরে বলেছেন যে, গোপাল নগরে নলকূপ বসান হইবে। কিন্তু কবে পর্যন্ত সেটা বসান হবে তা' দয়া করে জানাবেন কি ?

The Hon'ble Tarun Kanti Ghosh : গোপাল নগরে যে ৪টি নলকূপ বসান হবে সেই অ্যানসার আগেই ছিল। তবে এ ছাড়া নাওদা, বর্দ্ধনবেরিয়া, ব্যারাকপুর এবং সাতবেরিয়ায় আরও ১৫টি নলকূপের জায়গা করা আছে এবং তা' থেকে আরও ৬টি পাব।

Shri Ajit Kumar Ganguli : মন্ত্রীমহাশয় জানাবেন কি, এখনও যে জল দেওয়া সুরু হয় নি সেটা কি ঠিক কথা ?

The Hon'ble Tarun Kanti Ghosh : সেটা এ বছর থেকে করা হয়েছে অর্থাৎ ১৯৫৯-৬০ সাল থেকে।

Shri Ajit Kumar Ganguli : আপনি অর্দ্ধেক খরচ দেওয়ার কথা বলেছেন। কিন্তু আমি জিজ্ঞেস করতে চাই যে, সেচের জন্য এই পাম্পিং-এর ব্যাপারে আর কোন সর্ত্ত আছে কিনা ?

The Hon'ble Tarun Kanti Ghosh : অর্দ্ধেক খরচ দেওয়া ছাড়া আর কোন সর্ত্ত

নেই। অর্থাৎ ১০ হাজার টাকার পরিকল্পনা যদি থাকে তাহলে ৫ হাজার টাকা দিলেই হবে।

Shri Ajit Kumar Ganguli : মন্ত্রীমহাশয় জানাবেন কি, তাহ'লে এমন কোন কথা নেই যে এক একটি প্লটে ১শত একর জমি থাকা চাই ?

The Hon'ble Tarun Kanti Ghosh : এত ডিটেইলস্ জানা নেই, তবে যেটা জেনারেল রুল সেটাই বলছি।

Shri Hare Krishna Konar : আপনি উত্তরে বলেছেন, "ক্ষুদ্র সেচ-পরিকল্পনা গ্রহণ করিবার জন্য কৃষকগণকে ও সমবায় সমিতি সমূহকে ঋণ দেওয়া হয়"। আমি জিজ্ঞেস করতে চাই যে, জেনারেলী এক একটা কেস-এ কত টাকা ঋণ দেওয়া হয় ?

The Hon'ble Tarun Kanti Ghosh : সব সমেত আমরা ১০ হাজার টাকার স্কীম গ্রহণ করি এবং তার ৫০%অর্থাৎ ৫ হাজার টাকা তাঁদের তুলে দিতে হবে আর বাকী ৫ হাজার টাকা আমরা দেব।

Shri Hare Krishna Konar : এখানে ২টি আলাদা উত্তর রয়েছে। অর্থাৎ আবার বলছেন যে. "কৃষকদের নিকট হইতে পরিকল্পনার অর্দ্ধেক খরচ পাইলে সরকার কর্তৃক ক্ষুদ্র সেচ-পরিকল্পনা গ্রহণ করা হয়"। এটার অর্থ কি ?

The Hon'ble Tarun Kanti Ghosh : I do not think it is very correct. কেননা, ক্ষুদ্র সেচ-পরিকল্পনার নিয়ম হচ্ছে যে তাঁরা ৫০% জমা দিলে আমরা সমস্ত কাজ করে দেব।

Shri Hare Krishna Konar ; মন্ত্রীমহাশয় কি জানেন যে, প্রত্যেকটি ব্লকে টাকা নমিন্যাল হলে ক্ষুদ্র সেচের নামে সেখানে ব্যক্তিগত লোককে ঋণ দেওয়া হয় ?

The Hon'ble Tarun Kanti Ghosh : এটা আপনি সমাজ উন্নয়ন বিভাগে জিজ্ঞেস করবেন।

Shri Ajit Kumar Ganguli : এখানে বলেছেন যে, নলকূপ এবং পাম্পিং মেসিন দেওয়া হচ্ছে। তাহলে কতগুলো পাম্পিং মেসিন দেওয়া হচ্ছে সেটা বলবেন কি ?

The Hon'ble Tarun Kanti Ghosh : আমাদের পাম্পিং মেসিন দেওয়া নির্ভর করে সেখানকার জনগণের চাহিদার উপর, অর্থাৎ তাঁরা যতটা কিনতে চান তার উপর। ১৯৫৭-৫৮ সালে তাঁরা যা' কিনেছেন সেই টাকা অর্থাৎ ঐ ৫০% টাকা ৩টি ইনষ্টলমেণ্টে দিয়েছেন।

Shri Ajit Kumar Ganguli : মন্ত্রীমহাশয় নিশ্চয়ই জানেন যে, আদিবাসীগণের জন্য এই টাকার ব্যবস্থা নেই। কাজেই আমি বলতে চাই, বনগাঁ অঞ্চলে যে প্রচুর সংখ্যক আদিবাসী রয়েছে তাদের বিনাপয়সায় এই পাম্পিং মেসিন দেওয়ার ব্যবস্থা করবেন কি ?

The Hon'ble Tarun Kanti Ghosh : আপনি জানাবেন, আমি বিবেচনা করব।

Shri Hemanta-Kumar Ghosal : আপনার দপ্তরের একটা খবর কাগজে দেখলাম যে ২৪ পরগণা জেলায় সরকার ছোট ছোট সেচ-পরিকল্পনা গ্রহণ করেছেন। কিন্তু আমার প্রশ্ন হোল যে, যে সমস্ত অঞ্চল বন্যায় ভেসে যাওয়ার দরুন একেবারে ফসল হয়নি সেই সব জায়গায় যে সেচ-পরিকল্পনা গ্রহণ করা হবে তা'তে সেখানকার লোকের যখন টাকা দেওয়ার ক্ষমতা নেই তখন তাদের জন্য বিনা পয়সায় সেই ব্যবস্থা করা হবে কিনা ?

The Hon'ble Tarun Kanti Ghosh : কোথাও ক্ষুদ্র সেচ পরিকল্পনা করতে গিয়ে যদি দেখা যায় যে টাকার অভাবে করা যাচ্ছে না বা সেখানে অন্য ওয়াটার রিসোর্স-ও কিছু নেই তাহলে নিশ্চয়ই বিবেচনা করব। কিন্তু যতক্ষণ পর্য্যন্ত না বর্ত্তমান নিয়মগুলো রিল্যাক্স্ হচ্ছে ততক্ষণ পর্য্যন্ত তা' করা সম্ভব নয়। তবে আমি মনে করি এটা করা উচিত।

[3-50—4 p. m.]

Shri Hemanta Kumar Ghosal : যে পরিকল্পনাগুলি গ্রহণ করেছেন অথচ ধরুন টাকার অভাবে সেখানে লোক কণ্ট্রিবিউসান করতে পারছে না, সেই পরিকল্পনাগুলি কি স্থগিত থাকবে, না, সত্যিকারে করা হবে ?

The Hon'ble Tarun Kanti Ghosh : সে সম্বন্ধে এখন উত্তর দেওয়া আমার পক্ষে সম্ভব নয় কারণ সেগুলিকে নিয়ে মন্ত্রীসভার অনুমোদন নিতে হবে, আমি ব্যক্তিগত ভাবে বলতে পারি না। কিন্তু মনে করি যেগুলি আরম্ভ করা হয়েছে এবং যেখানে যেখানে করার উপযুক্ততা আছে অথচ সেখানে দরিদ্রতার জন্য করতে পারছে না সেখানে খাদ্য উৎপাদন কম থাকতে পারে না, কিছু করা দরকার।

Shri Subodh Banerjee : মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় টিউবওয়েল মারফৎ জল সেচের ব্যবস্থা করার জন্য যে ২২ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছিল সেই টাকা অনুযায়ী যে টিউবওয়েল হবে তাতে কি লোকাল কণ্ট্রিবিউসানের স্কীম আছে ? এই রকম কোন প্রভিসান আছে ?

The Hon'ble Prafulla Chandra Sen : প্রশ্নটা বনগ্রাম সম্পর্কে।

Shri Subodh Banerjee : বনগ্রাম সম্পর্কে জিজ্ঞাসা করছি। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বরাদ্দ টাকায় কৃষির জন্য নলকূপ বসিয়ে জল সেচের ব্যবস্থা করেছেন। সেখানে কি লোকাল কণ্ট্রিবিউসানের প্রভিসান ছিল ?

The Hon'ble Tarun Kanti Ghosh : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি শুধু এই কথা বলতে চাই যে একটা বড় নলকূপ করতে ৭৫ হাজার টাকা খরচ হয় এবং যেখানে আরও বেশী গভীর করতে হয় সেখানে এর চেয়ে বেশী টাকা খরচ করতে হয়। সেখানে এখন যে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তাতে জনগণের কণ্ট্রিবিউসান করার কোন প্রশ্ন নেই, এখন কোন কণ্ট্রিবিউসানের প্রশ্ন রাখিনি, আগেও ছিল না বলে আমার বিশ্বাস। আপনি যখন জিজ্ঞাসা করছেন তখন আমাকে জিজ্ঞাসা করতে হবে, আমার ঠিক জানা নেই।

Shri Haridas Dey : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে নলকূপ থেকে জল নিতে হলে সঙ্গে সঙ্গে জলের টাকা জমা দিতে হয় ?

The Hon'ble Tarun Kanti Ghosh : না এটা ঠিক নয়। প্রথম এক বছর যেখানে যেখানে নলকূপ করা হয়েছে সেখানে সেখানে ফ্রি জল সরবরাহ করা হয়েছে। জল দেওয়ার সময় প্রথমে টাকা দিয়ে জল নিতে হয় এটা ভুল।

Shri Haridas Dey : জল নিতে হলে টাকা জমা দিতে হয়। যখন দরখাস্ত করে জলের দরকার—সেই সময় চাষীদের হাতে টাকা থাকে না এবং সেজন্য অনেকে জল নিতে পারে না। জলটা দেওয়ার পরে অর্থাৎ ফসল উঠে গেলে পর টাকাটা নেওয়ার ব্যবস্থা সরকার থেকে করবেন কিনা ?

The Hon'ble Tarun Kanti Ghosh : আমি আগেই বলেছি যে এক বছর প্রথমে ফ্রি জল দেওয়ার বন্দোবস্ত রয়েছে, সেজন্য টাকা দিয়ে জল নওয়ার প্রশ্ন উঠে না।

Shri Haridas Dey : এক বছর যাদের হয়ে গেছে ?

The Hon'ble Tarun Kanti Ghosh : যারা এক বছর ফসল উৎপন্ন করেছে তারা টাকা দিতে পারবে ?

Shri Subodh Banerjee : আমি বনগ্রামের কথা বলছি না ; এই যে বড় টিউবওয়েল করার কথা হচ্ছে...

Mr. Deputy Speaker : Make it relevant.

Shri Subodh Banerjee : আমি relevant প্রশ্ন করছি। এই যে টিউওয়েলগুলি সিংক করা হয়েছে এবং বড় টিউবওয়েলগুলিতে ইলেকট্রিক কানেকসান না লাগানোর জন্য ডলায় জমে যাচ্ছে এটা কি ফ্যাক্ট ?

The Hon'ble Tarun Kanti Ghosh: না, এই রকম কোন জিনিস আমার জানা নেই। একটা টিউবওয়েল সিংক করলে সেটা জমে যাচ্ছে এই রকম কোন খবর আমার কাছে আসেনি।

Shri Chitta Basu: আপনি কি জানেন যে টিউবওয়েল যেখানে করা হয়েছে সেখানে ইলেকট্রিকের সঙ্গে যোগাযোগ করতে না পারার জন্য অনেকগুলি টিউবওয়েল কার্য্যকরী হচ্ছে না?

The Honbl'e Tarun Kanti Ghosh: টিউবওয়েলগুলি এ বছর আমরা করেছি। অনেকগুলি করা সত্বেও আমরা এখনও অনেক জায়গায় দিতে পারিনি। নিশ্চয়ই তার কারণ আমরা Electricity Board-কে জানিয়েছি। তারা যতক্ষণ না পর্যন্ত আমাদের ইলেকট্রিসিটি দিতে পারছে ততক্ষণ আমরা জল দিতে পারি না।

Shri Chitta Basu: বিরাট পরিমাণ টাকা খরচ করে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের সঙ্গে আপনার ডিপার্টমেন্টের যোগাযোগ না থাকার দরুন সেই সমস্ত টাকা নষ্ট হচ্ছে একথা কি আপনি মনে করেন?

The Hon'ble Tarun Kanti Ghosh: কথাটা হচ্ছে আপনারা কিনা টিউবওয়েলের প্রশ্নে এসে গেছেন। যাক আমার ডিসকাস করতে কোন আপত্তি নেই। আজকের দিনে আমরা যেখানে টিউবওয়েল করেছি সেটা যদি দু'মাস চলে থাকে তাহলে নিশ্চয়ই লোকসান হয়—এটা কান প্রশ্ন করার প্রয়োজন হয় না। আমরা চেষ্টা করছি যত শীঘ্র সম্ভব টিউবওয়েল করে সঙ্গে সঙ্গে এগুলিকে ইউটিলাইজ করার।

Shri Ramanuj Haldar: এখানে (গ) (১) প্রশ্নে আছে কি প্রকার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। জবাবে পরিকল্পনাগুলি কি করা হয় সেগুলি শুধু বলা হয়েছে। আমি জানতে চাচ্ছি য এখানে কি ব্যবস্থা করা হয়েছে? পরে বলেছেন কৃষকদিগের নিকট হইতে পরিকল্পনার অর্দ্ধেক খরচ পাইলে সরকার কর্তৃক ক্ষুদ্র সেচ-পরিকল্পনা গ্রহণ করা হয়, আমি জানতে চাচ্ছি কি প্রকার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে পরিকল্পনা থেকে তা নয়, কতটুকু পর্য্যন্ত কার্য্যকরী করা হয়েছে?

The Hon'ble Tarun Kanti Ghosh: ১৯৫৮-৫৯ সালে আমরা ৩৬টা স্কীম এক্সিকিউট করেছি, ১৯৫৯-৬০-তে ৬৩টা করেছি, আর ৪টা ডিপ টিউবওয়েল করেছি।

Acreage under Japanese system of cultivation during the years 1955-56, 1956-57 and 1957-58

*41. (Admitted question No. 1942.) **Shri Haridas Dey:** Will the Hon'ble Minister in charge of the Agriculture Department be pleased to state—

(ক) সমগ্র পশ্চিমবাংলায় গত ১৯৫৫-৫৬, ১৯৫৬-৫৭ ও ১৯৫৭-৫৮ সালে প্রতি বৎসরে কত একর জমিতে জাপানী প্রথায় চাষ হইয়াছে;

(খ) কত একর জমিতে ধান এবং কত একর জমিতে পাট উৎপন্ন হইয়াছে;

(গ) জাপানী প্রথায় উৎপন্ন ফসলের পরিমাণ পুরাতন প্রথায় উৎপন্ন ফসলের পরিমাণ অপেক্ষা ঐ তিন বৎসরে একরপ্রতি গড়ে কত বেশী হইয়াছে; এবং

(ঘ) জাপানী প্রথায় প্রতি বৎসরে গড়ে ঐ তিন বৎসর কি পরিমাণ খরচ হইয়াছে এবং পুরাতন প্রথায় কি পরিমাণ গড়ে একরপ্রতি খরচ হইয়াছে?

The Minister for Agriculture and Food Production (The Hon'ble Tarun Kanti Ghosh):

(ক) এবং (খ) ১৯৫৫-৫৬ সালে ৩৫,৫৬৯'৩৭ একর, ১৯৫৬-৫৭ সালে ৫৫,৩৯৫'৬৪ একর, এবং ১৯৫৭-৫৮ সালে ৫৭,৫৫৯'৮৫ একর জমিতে জাপানী প্রথায় ধান চাষ করা হইয়াছিল।

জাপানী প্রথায় পাট চাষ করা হয় নাই, কেবলমাত্র ধান চাষ করা হইয়াছে। এখানে আমি জানাচ্ছি যে জাপানে সাধারণতঃ পাট চাষ হয় না।

(গ) জাপানী প্রথায় চাষ করার ফলে ঐ তিন বৎসরে একরপ্রতি গড়ে যথাক্রমে ১৯·১৪ মণ, ১৫ মণ এবং ১৫·৩৫ মণ বেশী ধান্য উৎপন্ন হইয়াছিল।

(ঘ) জাপানী প্রথানুসারে চাষের খরচ প্রতি বৎসর প্রতি একরে গড়ে ১৭৫ টাকা হইতে ২০০ টাকার মধ্যে হইয়াছে। পুরাতন প্রথায় চাষের খরচ প্রতি বৎসর একরপ্রতি ১২৫ টাকার মত হইয়া থাকে।

Shri Haridas Dey: আপনি দেখিয়েছেন তিন বছরে প্রত্যেক একরে চাষ বেশী হয়েছে কিন্তু উৎপন্ন ফসলের বেলায় কমে গেছে এর কারণ কি?

The Hon'ble Tarun Kanti Ghosh: এটা অ্যাভারেজ পার একরে কত হয়েছে সেট বলা হয়েছে। তারপর যেটুকু কম হয়েছে সেটা হয়ত ড্রাউটি কণ্ডিসনের জন্য বা অন্যান্য কারণে হয়েছে।

Shri Saroj Roy: মন্ত্রীমহাশয় কি জানেন যে গত ২ বছর জাপানী প্রথায় চাষ অনেক কমে গেছে?

The Hon'ble Tarun Kanti Ghosh: এ খবর আমি জানিনা।

Shri Ajit Kumar Ganguli: মন্ত্রীমহাশয় কি জানাবেন যে প্রথমবারে ৩৫ হাজার একর তারপর ৫৫ হাজার, তারপর ৫৭ হাজার—৩৫ থেকে ৫৫ অনেক বেশী কিন্তু ৫৫ থেকে ৫৭ মাত্র মাত্র ২ হাজার বেশী—এই রকম প্রপোরসনেটলি যে কমে যাচ্ছে এর থেকে কি প্রমাণ হচ্ছে না যে অধিক কৃষক জাপানী প্রথায় চাষ করার ব্যাপারে উৎসাহ পাচ্ছে না?

The Hon'ble Tarun Kanti Ghosh: তার অনেকগুলি কারণ থাকতে পারে—ড্রাউটি কণ্ডিসন প্রভৃতি অনেক কারণ থাকতে পারে।

Mr. Deputy Speaker: Question time over.

Adjournment motions

[4—4-10 p. m.]

Mr. Deputy Speaker: There are some adjournment motions consent to which have been refused. The members may read them

Shri Suhrid Mullick Chowdhury: My adjournment motion reads thus:—This Assembly do now adjourn to discuss a matter of urgent public importance and of recent occurrence, viz., the situation arising out of the decision taken by the refugees of the Coopers and Rupasree Camps at Ranaghat in the district of Nadia to resort to hunger-strike from today as a protest against the failure of the Government to fulfil the eight points demands of the refugees of the different camps in the district of Nadia.

Shri Saroj Roy: My adjournment motion reads thus:—This Assmbly do now adjourn to discuss a matter of urgent public importance and of recent occurance, viz., the situation arising out of the reign of terror let loose by the Police in the Sadar Subdivision of the Midnapore district in the shape of:—(1) setting up new police camps between the 10th and **17th** November; (2) large-scale arrest of Kisan Samity organisers and other kisans; and (3) route march of armed Police force in villages to create panic among the people. The main purpose of this police offensive is to crush the peaceful movement of the peasants against eviction and benami transfer land.

Shri Sunil Das: My adjournment motion is that the House do stand adjourned to consider a matter of urgent importance and of

recent occurrence, viz., the tragic situation arising out of the sinking of the dredger "the Lake Fithian" in the Hooghly off Fulta on the evening of Friday, the 18th November last causing the death by drowning of 17 men who were engaged in work in the dredger.

Shri Deben Sen: My adjournment motion is that the business of the Assembly do now adjourn for the purpose of discussing a definite matter of urgent public importance and of recent occurrence, viz., the action of the Government of West Bengal in not placing the Bill already sent to it for amending the Constitution for the purpose of transferring Berubari to Pakistan for the opinion of this Assembly,

স্যার, আপনাকে request করছি, আপনার কাছে একটু সময় চেয়ে নিচ্ছি,—যদি আমাদের অঙ্গচ্ছেদ হয়—এবং সেটা যদি আমরা বন্ধ করতে না পারি, তাহলে আমাদের Assembly-তে আসার দরকার কি? ভবিষ্যৎ ইতিহাস আমাদের সম্বন্ধে কি লিখবে? যখন বেরুবাড়ী হস্তান্তর হতে যাচ্ছে, তখন আমাদের কি কোন কর্তব্য নাই? আমি বলতে চাই—পশ্চিমবঙ্গ সরকার এ ব্যাপারে তাঁদের দায়িত্ব সম্বন্ধে আমাদের স্পষ্ট করে বলেন না কেন? তাঁরা কি বিলটা আমাদের সামনে আনবেন? তাঁরা বেরুবাড়ী হস্তান্তরের বিরুদ্ধে আছেন, না, পক্ষে তাঁরা গিয়েছেন? এই ষড়যন্ত্রের তাঁরা অংশীদার কিনা সেটা আমরা তাঁদের কাছ থেকে স্পষ্ট করে জানতে চাই। যেটা কেন্দ্রীয় সরকার আমাদের না জানিয়ে পাস করিয়ে নিতে যাচ্ছেন, পশ্চিমবঙ্গ সরকার কি তার দায়িত্ব স্বীকার করে নিয়েছেন? আমরা এভাবে আর কতবার আমরা অপমানিত হব? আমাদের মন্ত্রীমণ্ডলী, কি এই ইস্যুর উপর পদত্যাগ করতে পারেন না? আমরা দাবী করি—আমাদের মন্ত্রীমণ্ডলী পদত্যাগ করুন এই ইস্যুর উপর—যদি আমাদের কথা কেন্দ্রীয় সরকার না মানেন। স্যার, আমাদের সুযোগ দিতে হবে—এ সম্বন্ধে আমাদের মতামত জানাবার জন্য। এত বড় একটা জিনিষ গোপনে হতে চলেছে, সেখানে কি আমরা চুপ করে থাকবো?

Shri Jatindra Chandra Chakravorty: Sir, my adjournment motion is as follows:

The business of the House do adjourn to raise a discussion on a definite matter of urgent public importance, viz. designed, motivated and purposeful move of the Central Government in drafting two separate Bills in relation to the Indo-Pak Agreement and making the transfer of Berubari Union No. 12 a subject matter of only the Constitution (Ninth Amendment) Bill, 1960 to be placed and passed in the Lok Sabha under Article 368 of the Constitution and thereby attempting to bypass reference of the subject of transfer of the said Berubari Union territory for opinion of the West Bengal Legislative Assembly and mysterious silence of the West Bengal Government in this regard and failure to immediately press home upon the Central Government the deep feeling and resentment of the entire people of the State against such a transfer and such method of transfer.

স্যার, আমার কাছে দুটি বিলই আছে, যে দুটি বিল পার্লামেন্টে উপস্থিত হতে যাচ্ছে। তার একটা কপি আমি এখানে নিয়ে এসেছি। স্যার, লোক সভাতে যে বিল উপস্থিত হতে যাচ্ছে সেটা Constitution সম্বন্ধে Ninth Amendment বিল এবং আমাদের এখানে যেটা পাঠান হবে সেটা দেখছি সংগৃহীত অঞ্চল সমূহ (সংযুক্তি করণ) বিল। দিল্লীতে এখন printed হয়েছে—লোক সভায় সদস্যদের কাছে সেটা ডিষ্ট্রিবিউটেড্ হয়নি। আমার কাছে printed বিল আছে, আমি সেটা copy করে এনেছি।

বিশেষ করে আমি বলতে চাই—বেরুবাড়ী আমাদের অবিচ্ছেদ্য অংশ। যদি পণ্ডিত মতিলাল নেহেরুর আনন্দ ভবন দিয়ে দিতেন আমরা আপত্তি করতাম না। কিন্তু আজকে

বেরুবাড়ী যেখানে ভারতবর্ষের অবিচ্ছেদ্য অংশ সেখানে আমরা জানতে চাই যে পশ্চিম বাংলার জনমতকে উপেক্ষা করে পণ্ডিত নেহেরু বেরুবাড়ী পাকিস্থানের নিকট হস্তান্তর কেন করতে চাচ্ছেন? যদি পশ্চিমবাংলা সরকার কিছু না করেন তাহলে এ সম্বন্ধে বিরোধী ব্যক্তিরা নিশ্চয়ই ব্যবস্থা অবলম্বন করবেন।

Mr. Deputy Speaker : Please sit down I cannot allow all these things.

Shri Jyoti Basu : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনাকে বলতে চাই আপনি জানেন যে প্রথম যেদিন এখানে হাউসের বিজনেস্ সুরু হয় সেদিন এই বেরুবাড়ী নিয়ে আলোচনার জন্য মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে একটা দিন ধার্য্য করবার জন্য বিশেষ করে অনুরোধ করা হয়; তাতে তিনি বললেন—উনি নাকি কি লিখে পাঠিয়েছেন দিল্লীতে, তার জবাব না এলে, তিনি এ সম্বন্ধে কিছু করতে পারছেন না। এ্যাসেম্বলী বেশী দিন চলবে না, ১০ই তারিখে শেষ হয়ে যাবে—এর মধ্যে কবে এ সম্বন্ধে আলোচনা হবে তা আমরা জানতে চাই। দিল্লী থেকে খবর পেয়েছি এখানে বিলের copy আছে, সংবাদ পত্রেও বেরিয়েছে। এখন কি সরকার পক্ষ এইটাই মতলব করেছেন যে বেরুবাড়ী সম্পর্কে আর কোন আলোচনা এখানে করতে দেবেন না?

বরাবর আমরা বলে আসছি যে এই বেরুবাড়ী হস্তান্তর ব্যাপারে আমাদের এখানে সকলের যা মতামত, তা ওরা গ্রহণ করবেন না; তার আগেই সমস্ত কিছু হয়ে যাবে। সেইজন্য আমরা দেখতে পাচ্ছি—ওখানে এ সম্বন্ধে একটা বিল ছাপা হয়ে গিয়েছে। এই রকম অবস্থা কিসের জন্য—মুখ্যমন্ত্রী মহাশয় চুপ করে বসে আছেন! কি তিনি সেখান থেকে আশা করছেন? দিল্লী থেকে কোন সংবাদ কি তিনি পাননি? তিনি কোথায়? Adjournment motion এসেছে তা আপনি refuse করেছেন। এই রকম একটা জরুরী ব্যাপার সম্পর্কে adjournment motion এসেছে, তখন মুখ্যমন্ত্রী মহাশয়েরও কিছু বলা উচিত। আমরা তার কাছ থেকে একটা ষ্টেটমেন্ট চাই।

[4-10—4-20 p. m.]

আজকে কি অবস্থা দাঁড়াচ্ছে? এ রকমভাবে যদি আমাদের ফাঁকি দেবার কোন অভিপ্রায় থাকে তাহলে এর প্রতিবাদ না করে পারি না, এবং আপনার কাছে জানতে চাই, এখানে বলুন, মুখ্যমন্ত্রী মহাশয় এখানে আছেন কিনা? যদি এই হাউসে থাকেন তো এখানে এসে একটা time fix করে দিন, তা নাহলে হাউস ১০ মিনিট adjourn করে দিন, আমরা তাঁকে টেনে নিয়ে আসি—আমরা জেনে নেই কি হবে। এসেম্বলী এখন চলছে, ১০ তারিখে শেষ হয়ে যাবে—আর আমরা কিছুই জানব না? পণ্ডিত নেহেরুর prestigeই কি সবচেয়ে বড় কথা হবে? এ সম্বন্ধে আমরা জানতে চাই, আর এটা একার কথা নয় এ পক্ষের এবং ওপক্ষের সবাই মিলে আমরা এই হাউসে প্রস্তাব গ্রহণ করেছিলাম, সুপ্রীম কোর্টও রায় দিয়েছে। তাতেও দেখছি হস্তান্তর করতে চলেছেন—তার কি reason আছে, যদি থাকে তো সে সব আলোচনা তো হবে! সেজন্যই adjournment motion ও আজকে এসেছে সেজন্য জিজ্ঞাসা করছি আপনার কি ক্ষমতা আছে মুখ্যমন্ত্রী কোথায় আছে জানতে? তাঁকে আপনি এখানে আনতে পারেন কিনা -এটা আমাদের বলে দিন। নইলে আমাদের প্রতিবাদে walk out করতে হয়। আপনি তো consent refuse করে দিলেন এ সম্বন্ধে আলোচনা করতে।

Mr Deputy Speaker : মুখ্যমন্ত্রী মহাশয় এই হাউসেই আছেন।

Shri Jyoti Basu : আমরা তাহলে মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে খোঁজ নিই, আপনি House ১০ মিনিট adjourn করে দিন, আমরা deputation এ গিয়ে তাঁর কাছে খোঁজ নিয়ে আসি! অনর্থক গোলমাল আমরা করতে চাই না, তাহলে আমাদের walk out করতে হয় না; শুধু walk outই নয়, পরে আবার recess এর পর গোলমাল হবে,

কালও আবার হবে। তাই বলি আপনি ১০ মিনিট adjourn করুন আমরা একটু আলোচনা করি ওঁর সঙ্গে।

Mr. Deputy Speaker : আমি কি করবো ! আপনাদের ইচ্ছামত আপনারা করুন, আমি আমার ইচ্ছামত করবো।

Shri Jyoti Basu : ১০ মিনিট time দিন না, মুখ্যমন্ত্রী মহাশয় তো এখানে নাই ! আর যদি তা' না দেন তো আমাদের আপনি বাধ্য করছেন হাউস দুমিনিটের জন্য ছেড়ে যেতে।

[Noise & interruptions]

[At this stage members of the Communist and the P. S. P. Benches walked out.]

[Noise]

Shri Hemanta Kumar Basu : এটা একটা গুরুতর ব্যাপার। মুখ্যমন্ত্রী মহাশয়কে ডাকুন, আমরা clarification চাই, তিনি এসে একটা দিন ধার্য্য করে দিন নইলে এসব আমরা নির্বিবাদে মেনে নেবোনা।

[Shri Basu walked out at this stase]

Shri Subodh Banerjee : (He posed to walk out and turned back to the Mike) এটা avoid করার চেষ্টা বলে মনে করি।

আপনি Chief whip কে দিয়ে Chief Ministerকে ডাকুন, এখানে আলোচনা হবে—কারণ এভাবে Houseকে bypass করে যেতে দিতে পারিনা। আমরা বলছি যে কোন work হতে পারে না, হবে না। আপনি Chief Ministerকে ডাকুন। He must make a statement. যদি মনে করে থাকেন যে তারা Houseকে ignore করে next Bill আনবেন তাহলে আমরা কোন business এ Houseএ হতে দেবনা, We will make it impossible, আমরা কোন জিনিষ হতে দেবনা। [noise]

[At this stage all Members walked out]

Shri Subodh Banerjee : এই বিল পাশ হতে আমরা দেবোনা।

Mr. Deputy Speaker : Mr. Banerjee, I ask you to behave properly, Order, Order.

Shri Subodh Banerjee : স্পীকার মহোদয়, আমরা আমাদের বক্তব্য বলতে চাই, we are not showing disregard or disrespect to the chair, আপনি বিবেচনা করে দেখুন যদি Central Governmentএর তরফ থেকে in connivance with the state Government এই রকম একটা important জিনিষ Legislatureকে ignore করে bypass করে পাশ করতে চায় তাহলে, whether that is a reflection on the Legislature, whether that is a reflection on the chair ; এবং এ ক্ষেত্রে আমাদের বক্তব্য হচ্ছে যে এই রকম একটা important জিনিষ bypass করিয়ে নেবার চেষ্টা হচ্ছে। তা যদি হয় তাহলে আমরা এতদিন যে Co-operation extend করেছিলাম সেই co-operation আর থাকবেনা। আপনারা যা খুশী তাই করবেন এটা চলতে পারেনা। আর তা যদি করেন তাহলে what is the good of giving this show ? আপনার Legislatureএর কথা বলেন, Parliamentary democracyর কথা বলেন, এই সব show রাখার দরকার কি ? যেখানে transfer of a part of a State হচ্ছে সেখানে Chief-Minister এর একটা statement করা দরকার এবং আলোচনা করা দরকার। তা যদি করেন তাহলে আমাদের co-operation পাবেন।

Shri Jagannath Kolay : ডাঃ রায় এখনই আসছেন।

[At this stage the member of the Communist and P.S.P. Benchas returned to the chamber.]

Shri Jyoti Basu : ডেপুটি স্পীকার মহাশয়, আমরা আবার এসেছি এই কথা শুনে যে মুখ্যমন্ত্রী মহাশয় এসেছেন। আমরা walk outও করলাম অথচ আপনি ১০ মিনিট house adjourn করলেন না। এখন এই ব্যাপারে আর একবার মুখ্যমন্ত্রীর কাছ থেকে জানতে চাই যে, যে বিলের copy এসেছে তা হয়ত আমাদের কাছে আসবে এবং তাতে বেরুবাড়ী চলে যাবে। তখন মুখ্যমন্ত্রী মহাশয় হয়ত সংবিধানের নানা কথা বলবেন কিন্তু আমার কথা হচ্ছে যে এই বিষয় আমাদের আলোচনা করার অধিকার আছে কিনা এবং মুখ্যমন্ত্রী কোনদিন দেবেন এটা আলোচনা করবার জন্য। তিনি বারবার বলছেন যে চিঠি দিয়েছেন কিন্তু Parliamentএ হয়ে গেলে লাভ কি। আসামের ব্যাপারেও আমরা একদিন পরে আলোচনা করলাম, যদিও তাতে কিছু ফল হয়েছিল কিন্তু এখানে আর একটু আগে আলোচনা করার প্রয়োজন আছে। সেইজন্য মুখ্যমন্ত্রী মহাশয় দয়াকরে বলুন যে আমাদের আলোচনা করার জন্য কবে দিন দেবেন।

Shri Jatindra Chandra Chakravorty : Sir, আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি, তিনি যেন জবাব দেন। মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে যে বিল এসেছে সেটা cabinet এর অন্য কোন memberএর কাছে আসেনি। এর একটা copy আমি জোগাড় করেছি দিল্লী থেকে। Sir, প্রথম যে বিলটি লোকসভায় উপস্থিত করবার জন্য আনা হচ্ছে, তার copy মুখ্যমন্ত্রীমহাশয়ের কাছে আছে, সেটা হল—

Draft Constitution (9th Amendment) Bill, 1960, A Bill Further to amend the Constitution of India to give effect to the transfer of certain territories to Pakistan in pursuance of the agreement entered into between the Governments of India and Pakistan.

এটা কেবলমাত্র লোকসভায় আসছে। আর আমাদের কাছে যে বিল পাঠাবার জন্য লোকসভায় আসছে তার নাম হল—

The Acquired Territories Merger Bill, 1960. A Bill to provide for the merger into States of Assam, Punjab and West Bengal of certain territorios acquired in pursuance of the agreements entered into between the Governments of India and Pakistan and for matters connected therewith.

[4-20—4-30 p.m.]

অর্থাৎ, আমাদের এখানে যে বিল পাঠান হবে সেটা যে জমি আমরা পাচ্ছি এই agreement অনুসারে acquisition হবে সেটাই আমাদের কাছে পাঠাচ্ছেন, কিন্তু যে বেরুবাড়ী পাকিস্তানকে দিয়ে দেওয়া হবে, সেই area পাকিস্তানকে দেবার জন্য constitution amendment bill সেই বিল এখানে পাঠাচ্ছেন না, কেবলমাত্র লোকসভায়ই হচ্ছে, অথচ আমরা বারবার একথা এখানে দাবি করেছি। মুখ্যমন্ত্রী আমাদের কাছে বলেছেন, আমরা clarification চেয়েছি; কবে সেই clarification আসবে সেজন্য আমরা বসে থাকতে রাজী নই। মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে এখনই আমরা এর জবাব চাই।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy ; I have already twice said in the House that there are two Bills—one with reference to taking over and the other with reference to giving over of areas in order to solve Indo-Pakistan Dispute. But the two Bill have got to be placed before the Parliament. But the merger Bills can be placed before Parliament, only after the Bill has been referred by the President to the Legislature of the State. They sent the Bill to us. We have said that we are not going to place it before the House unless and until we get some clarification with regard to particular points. We have not received the answer.

I have verbally told them, when I was to Delhi, that I am not prepared to place it before the House unless these points are cleared. Therefore I do not propose to place the Bill before the House this session, and I do not think it will be placed before the Parliament this session. This is all I can say about it.

Shri Subodh Banerjee: একটা point clarify করুন, যদি এই house এ placed না হয় তাহলে lapse করে যাওয়ার জন্য Parliament পাশ করে নিতে পারে কিনা ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: পারে না।

Shri Deben Sen; কোন ধারায় পারে না দেখিয়ে দিন।

Dr. Prafulla Chandra Ghosh: Under Art 368 of the Constitution they can do it.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: There are two parts in the Bill. One, by which they want to alter, the constitution is under section 368 in which they have not got to refer to the House because Articles 1, 2 and 3 are enlreuched in that section. I may explain. There are two parts in the Bill. Jyoti Bobu has just mentioned that one is that of taking over and the other is that of giving over. The portion by which we shall take over has got to come to us according to Art. 3. Because it is the area of any State that has got to come to us and when this matter was discussed I said I was not prepared to place this particular part. They cannot simply pass a Bill only of giving away and not of taking over. It cannot be done; it must be both ways.

Shri Subodh Banerjee: আরেকটা Bill clarify করুন, the Bill for giving away does that Bill require our sanction? অর্থাৎ আমার point হচ্ছে, taking over এর কথা বল্লেন কিন্তু giving away এটাতে কি আমাদের হাউসের sanction লাগবে সেটা একটু explain করুন।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: That is again a point which has got to be discussed. My point is, technically or constitutionally if it is to be ceding a territorry, that can be done, as Dr. Ghosh has said, under section 368. what I am saying is that the Bill is a composite whole-one part is of taking over and other part is of giving over.

Shri Jyoti Basu: যতীনবাবু বলতে উঠেছিলেন, আমার পক্ষে এটা interruption হয়ে গেল। যাই হোক, তাঁর কাছে দুটো বিল আছে—আপনার পিছনে একজন lawyer দাঁড়িয়ে আছেন, তাঁকে জিজ্ঞাসা করে দেখুন না—দুটো draft bills তাঁরা আলাদা করে বিল এনেছেন যাতে করে বেরুবাড়ী পাকিস্থানে transfer এর ব্যাপারটা এখানে না আনতে হয়। দিল্লীতে আপনার থেকে বড় সব আছেন। আমার মনে হয় ব্যাপারটা খুব simple হয় যদি আপনি trunk call করে জেনে নেন তাহলেই সবচেয়ে ভাল হয়।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I will telephone to them to day asking are you going to take one part only leaving the other part or are you going to take both parts'. I might say this. My law Department says that it is a bilateral agreement and, therefore, they cannot take one half of the Bill only; the other half also should be taken. In order to obtain opinion on one half we must come to the Assembly. I told them in so many words that the moment the matter comes before the Assembly for the expression of their opinion on one portion of the Bill, the other portion also would come before the Assembly although they may not place it formally. As I have said I will put in a trunk call and if they say that this matter is being placed before the Parliament and discussed in the House this Session, then naturally I will have to place it before the House.

Dr. Hirendra Kumar Chattopadhyay : Chief Minister আমাদের বলবেন কি, ছুটো বিলের draft যদি এসে থাকে তাহলে একটা raised হবে, আরেকটা হবে না, এমন কোন নির্দেশ আছে কিনা কেন্দ্র থেকে একটা বিল place করা হবে, আরেকটা হবে না এমন কোন directive আছে কিনা ?

Programme of Business

Shri Jyoti Basu : Mr. Deputy Speaker, আমরা programmeটা জানতে পারলাম না—প্রথম দিন থেকে ১০ই ডিসেম্বর অবধি programmeটা কি। সেদিন মুখ্যমন্ত্রী বলেছিলেন তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোচনার জন্য আমরা ছুদিন পেতে পারি, এখন শুনছি একদিন হবে, সেও আবার শুক্রবার আমাদের non-offical dayটা কেড়ে নিয়ে। শুক্রবার দিন আসাম সম্বন্ধে debate হবে, তারাও programme পাইনি। তারপর Education Bill নিয়ে, আপনারা ঘরোয়া meeting করছেন, তাতে ৩।৪।৬ ঘন্টা বৈঠক হবে। এত বড় একটা আলোচনা একদিনে কি করে করতে পারেন ? সুতরাং progamme না দিলে আমরা কিছুই ঠিক করতে পারছি না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : You will get it to-morrow.

GOVT. BILL.

The Bengal Municipal (Second Amendment) Bill, 1960.

The Hon'ble Iswar Das Jalan : Sir, I beg to introduce the Bengal Municipal (Second Amendment) Bill, 1960.

(Secretary then read the title of the Bill.)

The Hon'ble Iswar Das Jalan : Sir, I beg to move that the Bengal Municipal (Second Amendment) Bill, 1960, be taken into cosideration.

Sir, as it will appear from the Statement of Objects and Reasons, the growth of townships in West Bengal poses the problem of their civic administration. Anchal Panchayats are meant for rural areas. Municipalities with all the powers and limitations may not be suitable for such townships, particularly in their nascent stage These difficulties are sought to be obviated by setting up a speacial authority and it is proposed to give such authority only such power and duties under the Bengal Municipal Act as may be suitable to the locality in which such bodies are set up. It will also have some other powers, when found necessarY, under any other Act.

[4-30—4-40 p. m.]

Dr. Pabitra Mohan Roy : Sir, I beg to move that the Bengal Municipal (Second Amendment) Bill, 1960, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March 1961.

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, বেঙ্গল মিউনিসিপাল সেকেণ্ড এমেণ্ডমেণ্ট বিল নিয়ে আজকে আমরা আলোচনা করছি। স্যার, প্রথমে আমি মুভ করছি যে এই বিলটা সার্কুলেশানের জন্য দেওয়া হোক—ফর পাবলিক ওপিনিয়ন। আমি মনে করি এই যে বিল আনা হচ্ছে বেঙ্গল মিউনিসিপাল এমেণ্ডমেণ্ট বিল এটা আমাদের পক্ষে অত্যন্ত ক্ষতিকারক। এই বেঙ্গল মিউনিসিপাল এমেণ্ডমেণ্ট বিল এনে বলা

হচ্ছে যে মিউনিসিপ্যালিটির সুখ সুবিধা এর উন্নত করা হবে। আমরা বহুবার বহু সময় এর এমন কি বাজেটের সময়ে এই সভাতে বলেছি যে মিউনিসিপ্যালিটিগুলোর জন্য বহু কিছু করা দরকার, কিন্তু আজ পর্য্যন্ত কিছুই করা হয় নি। ইংরেজ আমলে তৈরী ১৯৩২ সালের যে বিল রয়েছে সেটা আজ আর চলতে পারে না। তিনি যদিও বেঙ্গল মিউনিসিপ্যাল এমেণ্ডমেণ্ট বিল এনেছেন এটা অত্যন্ত পিসমিল এবং মিউনিসিপ্যালিটি গুলোর সঙ্গে এর কোন সম্পর্ক নেই। উনি যে সেকসন রয়েছে তার পেছনে আর একটা চ্যাপটার জুড়ে দিয়েছেন—এ. বি. সি. ডি ইত্যাদি করে। অর্থাৎ সেকসান—৯৬ এর সঙ্গে এ, বি, সি, ডি জুড়ে দিয়েছেন। কিন্তু আপনি দেখবেন যে এটার সঙ্গে মিউনিসিপ্যালিটি-গুলোর কোন সম্পর্ক নেই। উনি যে ডিপার্টমেণ্টের মন্ত্রী সেটা হল মিউনিসিপ্যালিটি, পঞ্চায়েৎ এবং ইউনিয়ন বোর্ড নিয়ে কাজ করা। উনি এই মিউনিসিপ্যাল এমেণ্ডমেণ্ট বিল এনে করতে চাচ্ছেন যে এর দ্বারা মিউনিসিপ্যাল, পঞ্চায়েৎ এবং ইউনিয়ন বোর্ডের মধ্যে যেসব অনুন্নত জায়গা রয়েছে সেগুলিকে উন্নত করা এবং তারজন্য উনি একটা টাউন কমিটি করার চেষ্টা করছেন। ওঁর ডিপার্টমেণ্ট এত বেশী এফিসিয়েণ্ট যে এই ডিপার্টমেণ্টকে বাংলাদেশের প্রত্যেকটা মানুষ ভয় করে। এই আশায় উনি আর একটা নুতন টাউন কমিটি করতে যাচ্ছেন। এই টাউন কমিটি করার জন্য উনি যে কথা বলছেন সেটার উদ্দেশ্য ছিল যে যে জায়গায় পুরাপুরি সহর হয়নি সে সব জায়গায় টাউন কমিটির দ্বারা উন্নত করা। কিন্তু আমি মনে করি যে পশ্চিমবাংলার লোকে এ জিনিস চায় না। কারণ এ জিনিসটা যে ভাবে আনা হচ্ছে তাতে লোকের উপকার বেশীর ভাগ জায়গায় করা সম্ভব নয়। মিউসিসিপ্যাল বিলের বহু সেকসান রয়েছে তার সঙ্গে যদি জুড়ে দিতেন তাহলে বহু উন্নতি করতে পারতেন। প্রত্যেকটা মিউনিসিপ্যালিটির কমিশনারদের কাছে উনি জানতে চেয়েছিলেন যে এডালট্ ফ্রানচাইজ সম্বন্ধে তাদের মত কি? প্রত্যেক সভাই বাজেটের সময় বলেছেন যে—মিউনিসিপ্যালিটিগুলিতে আমরা এডালট্ ফ্রানচাইজ চাই। কিন্তু সে সম্বন্ধে আপনারা আজ পর্য্যন্ত কিছুই করেন নি। আমরা দেখছি যে যেখানে এখন ইউনিয়ন বোর্ড রয়েছে সেখানে সেগুলিকে কি পঞ্চায়েৎ করা হবে, কিন্তু তার কোন উত্তর তিনি দেননি! আমি যে এলাকা থেকে এখানে এসেছি সেই এলাকা সম্বন্ধে প্রশ্ন করে আমরা জানতে চেয়েছিলাম যে আমাদের এখানে যে দুটো থানাতে ইউনিয়ন বোর্ড রয়েছে সেখানে কেন কোন পঞ্চায়েৎ ইলেকসান হচ্ছে না তার কোন উত্তর তিনি দেননি। ১৯৬২ সালের মধ্যে সেগুলিকে পঞ্চায়েৎ করবেন কিনা তা তিনি বলেন নি। আজ তিনি যে টাউন কমিটি করতে যাচ্ছেন সে সম্বন্ধে আমার সন্দেহ হচ্ছে যে এর পেছনে কোন দুরভিসন্ধি আছে। কারণ এই বিল সম্বন্ধে রাইটার্স বিল্ডিং থেকে সংবাদ পত্রের-লোকেরা যে সব খবর ছেপে প্রচার করে সে সম্বন্ধে মন্ত্রী মহাশয়ের দপ্তর থেকে তার বিরুদ্ধে কোন প্রেস নোট দেওয়া হয়নি। সেগুলি সম্পূর্ণ সত্য না হলেও তার কিছুটা সত্য বলে আমরা ধরে নিয়েছি এবং পশ্চিমবঙ্গের জনসাধারণ সেটাকে যথেষ্ট গুরুত্ব দিয়ে সত্য বলে মেনে নিয়েছে। রাইটার্স বিল্ডিং থেকে আমরা যে সব খবর পাই তাতে আমরা জানতে পাই যে ডায়মণ্ডহারবার, হাবড়া, নিউ বারাকপুর কলোনীতে একটা কিছু হচ্ছে। আমার কনষ্টিটুয়েন্সি নিউ বারাকপুরে এই টাউন কমিটি করার কোন গূঢ় উদ্দেশ্য আছে কিনা আমি জানি না। এটা একটা ভাইটাল বিল বাংলাদেশের মানুষের জীবনকে আঘাত করছে। স্যার, আমি জিজ্ঞাসা করছি উনি এই টাউন বিল এনেছেন এটা কি ভাবে করা হবে? মিউনিসিপ্যালিটি গুলি একটা ইলেকটেড বডি, ইলেকসানের মারফতে হয়। ইউনিয়ান বোর্ডে ইলেকসান হয়, পঞ্চায়েতে ইলেকসান হয়। কিন্তু এই টাউন কমিটিতে ইলেকসান হবে—এটা একটা নমিনেটেড বডি। এই নমিনেশন কিভাবে করছেন—কোথাও একজন দেবেন আবার কেথাও বেশীও দিতে পারেন। মাননীয় মন্ত্রী-

মহাশয়ের যদি কোন বিশেষ লোক থাকে তাহলে একজনকেই বসিয়ে দেবেন। আজকে এই ডেমোক্রেটিক হাউসে বসে আমরা কি দেখব যে এই ভাবে অটোক্রেসী চলবে? আমরা ডেমোক্রাটিক হাউসে বসে এডাল্ট ফ্রাঞ্চাইজ যে হবে না সেটা দেখতে চাই না।

Mr. Deputy Speaker: এটা একটা সংশোধনী বিল এবং আপনি যদি এত সময় নেন তাহলে অন্য সদস্যেরা কখন বলবেন।

[At this stage red light was lit]

তারপরে এই কমিটির লাইফটা কত দিনের হবে সে সম্বন্ধে উনি কিছুই বলেন নি। অ্যাসেম্বলী যতদিন বলবে ততদিন এর লাইফ চলবে, না জালান সাহেব যতদিন মন্ত্রী থাকবেন ততদিন চলবে অথবা কংগ্রেস সরকার যতদিন গদীতে থাকবেন ততদিন চলবে? একবার যদি কাউকে নমিনেট করে বসান তাহলে তার কি আর শেষ হবে?

[4-40—4-50 p. m.]

Mr. Deputy Speaker: এসব কি বিলে আছে?

Dr. Pabitra Mohan Roy: বিলে রয়েছে স্যার। বাংলাদেশের মানুষ আজ মরে যাচ্ছে। সেজন্য তাদের কথা চিন্তা করে আমি এত সব কথা বলছি।

Mr Deputy Speaker: আপনি এসব জিনিষ রুলের সময় বলবেন।

Dr. Pabitra Mohan Roy: ওঁর মন্ত্রীত্বে নূতন নূতন রুল করে সমস্ত রাইট কেড়ে নেয়া হচ্ছে। ভোটারদের যে রাইট ছিল ওঁর মন্ত্রীত্বের আমলে তাও কেড়ে নেয়া হচ্ছে। সুতরাং কেবল ক্ষমতা কেড়ে নেবার জন্য তিনি আছেন। আর একটা জিনিস মন্ত্রীমহাশয়কে বলি—ইউনিয়ন বোর্ড, পঞ্চায়েৎ এলাকায় প্রাইমারী স্কুলস এবং গার্লস স্কুলসে ক্লাস এইট পর্য্যন্ত ষ্টুডেন্টরা যে ফ্রি ষ্টুডেন্টশিপ পাচ্ছে তারা আর তা পাবে না। ছেলেমেয়েরা প্রাইমারী স্কুলে ফ্রিতে যে পড়তে পারবে সে সম্বন্ধে কিছুই বলেননি। ইউনিয়ন বোর্ড বা পঞ্চায়েৎ থেকে চলে গেলে সেটা ওঁরা বন্ধ করে দেবেন।

Mr Deputy Speaker: দেখুন, আমি লাল বাতী জ্বালিয়ে দিয়েছি, আপনার বসে যাওয়া উচিৎ। আপনাকে আমি একবার সময় দিয়েছি। আপনি এই যে সমস্ত কথা বলছেন বিলের সংগে এর কোন সংস্রব নাই। আরো অনেকে বলবেন। এবার আপনি বসুন আপনাকে আমি আর সময় দিতে পারবো না।

Dr. Pabitra Mohan Roy: আপনি যদি আদেশ করেন তাহলে আমি বসে পড়তে বাধ্য কিন্তু আমি মনে করি আপনি আমার উপর অত্যন্ত অবিচার করছেন। আমি বিলের বাইরে একটি কথাও বলিনি। প্রত্যেকটা কথা বিলের মধ্যে রয়েছে—যেমন কমিটির লাইফ সম্বন্ধে, রুলের কথা প্রভৃতি রয়েছে। অনেক বক্তা আছেন এটা সত্য কথা কিন্তু স্যার, আমার বলারও যে অধিকার আছে সেই অধিকারকে আপনি কার্টেল করছেন এবং আমার উপর অবিচার করছেন। আমি আপনার আদেশ মানতে বাধ্য কিন্তু আমি মনে করি আমাদের যে ডেমোক্রেটিক রাইট আছে সেই রাইট আপনি কেটে নিচ্ছেন। হাউসের রাইট আপনি কেড়ে নিচ্ছেন। আমি আশাকরি যে সমস্ত কথা বল্লাম মন্ত্রীমহাশয় তার জবাব দেবেন কারণ ইউনিয়ান বোর্ড পঞ্চায়েৎ এলাকায় যে সমস্ত গার্ডিয়ান রয়েছে তারা জানতে চান যে আজকে প্রাইমারী স্কুল এবং গার্লস স্কুলে আপটু ক্লাস এইট তাদের ছেলেমেয়েরা যে বেনিফিট পাচ্ছে টাউন কমিটি হলে পর তারা সেটা পাবে কি পাবেন।—সেগুলি বিলের কোথাও কিছু নেই এবং এগুলি না থাকার জন্য আজকে বাংলাদেশের মানুষ আতঙ্কগ্রস্থ হচ্ছে। পরিশেষে আমি আপনার কাছে জানিয়ে রাখছি যে আপনি আমার প্রতি অবিচার করেছেন।

Strike in Arati Cotton Mill.

Shri Hemanta Kumar Basu : স্যার, একটা গুরুতর প্রশ্নের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। শ্রমমন্ত্রীকে দেখছি না, প্রধান মন্ত্রীকে দেখছি না, প্রায় ২ শো আরতি কটন মিলের কর্মী এসেছে। ১॥ মাস হল ধর্মঘট চলছে, ২২ জন নেতৃস্থানীয় কর্মী সদস্যকে ছাটাই করেছে। লেবার ডিপার্টমেণ্ট চেষ্টা করছে শ্রমিকদের সঙ্গে একসঙ্গে বসে একটা ব্যবস্থা করতে তাতে তারা রাজী হয়নি। কাজেই এ বিষয়ে সরকারের যা কর্তব্য সরকার সেটা করছেন না। সেজন্য আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

The Bengal Municipal (Second Amendment) Bill 1960.

Shri Chitto Basu : স্যার, খগেনবাবু যখন এখানে বক্তৃতা দিলেন তখন আপনি মাঝে মাঝে ইণ্টারাপ্ট করে বলবার চেষ্টা করেছেন এই বিলের সঙ্গে সঙ্গতি নেই এই ধরণের অনেক কথা। কিন্তু মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি যদি এই বিলখানি পড়ে দেখতেন তাহলে নিশ্চয়ই আমার সঙ্গে একমত হতেন যে এই বিলের সঙ্গে আমাদের নাগরিকদের কতকগুলি ফাণ্ডামেণ্টাল রাইটের প্রশ্ন জড়িত আছে। কতকগুলি গণতান্ত্রিক অধিকারের কথা এর সঙ্গে সংশ্লিষ্ট। কাজেই সেই গণতান্ত্রিক অধিকার, সেই ফাণ্ডামেণ্টাল রাইটের উপর আঘাত করা হয়েছে বলেই আমরা এখান থেকে অনেক সদস্যই সার্কুলেশনের দাবী করেছি। দাবী করেছি এই কারণে যে গণতান্ত্রিক অধিকারগুলি হরণ করবার জন্য পরিপূর্ণ ক্ষমতা আমরা সরকারের হাতে তুলে দেব কি দেব না সে সম্পর্কে জনমত সংগ্রহ করবার জন্য আমরা সার্কুলেশন চেয়েছি। আর গ্রামাঞ্চলে যে সমস্ত অঞ্চলের অধিবাসী যে সমস্ত সুযোগ সুবিধা পাচ্ছেন সেই সুযোগ সুবিধাগুলি তারা ব্যবহার করতে পারবে কি পারবে না তার উল্লেখ মন্ত্রী মহাশয়কে করতে হবে। শুধু তাই নয়, সেই সব অঞ্চলের জনসাধারণের উপর নতুন করে বেশী পরিমাণে ট্যাক্সের বোঝা চাপান হবে কিনা এবং সেই ট্যাক্সের বোঝা বহন করার ক্ষমতা তাদের আছে কিনা এই প্রশ্নটা এর সঙ্গে সংশ্লিষ্ট। কাজেই নীতিগতভাবে গণতান্ত্রিক প্রশ্নের সঙ্গে এই বিল জড়িত। কাজেই এই বিলটাকে বৃহত্তর জনসাধারণ যারা এই সভায় আসতে পারে না তাদের মতামত সংগ্রহ করবার জন্য আমরা দাবী উপস্থাপিত করেছি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি বিলটা পড়লে দেখতে পেতেন যে প্রথমে একথা বলা হয়েছে যে আমাদের সরকার যদি মনে করেন যে সমস্ত অঞ্চলে মিউনিসিপ্যালিটি গঠন করবার জন্য যে কণ্ডিসান থাকা প্রয়োজন সেই কণ্ডিসান নেই অথবা যে সমস্ত অঞ্চলে নতুন শহর গড়ে উঠেছে অথবা যেখানে শিল্প গড়ে উঠেছে অথবা উঠবে তাহলে সেই সমস্ত অঞ্চলকে এই নতুন বিলের মারফৎ নোটিফায়েড এরিয়া ঘোষণা করবেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি লক্ষ্য করবেন যে আমরা বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্টে কোন কোন সর্ত থাকলে পর একটা অঞ্চলকে মিউনিসিপ্যাল অঞ্চল ঘোষণা করতে পারি। মাননীয় মন্ত্রীমহাশয় কি একথা বলবেন যেহেতু একটা অঞ্চলে কিছুসংখ্যক পাকা বাড়ী আছে, যেহেতু একটা অঞ্চলে কনসেনট্রেটেড পপুলেশান আছে সেইহেতু এই দুইটি কারণে সেই অঞ্চল মিউনিসিপ্যালিটির অন্তর্ভুক্ত হবার যোগ্য? একটা অঞ্চলে পাকাবাড়ী থাকলে, কিছু কিছু পাকা অথবা কাঁচা রাস্তা থাকলে নতুন পল্লী গঠন করার উদ্যোগ হচ্ছে, সেটাকে কি নতুন ডেভেলপিং টাউন বলবেন? ইণ্ডাষ্ট্রিজ এর কথা আমরা বুঝি। মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি—সম্প্রতি গত ৪ঠা আগষ্ট তারিখে তিনি একটা গেজেটে নোটিফিকেশান করে বলেছেন যে নব ব্যারাকপুর কলোনী অঞ্চলগুলিকে মিউনিসিপ্যালিটির অন্তর্ভুক্ত করা হবে, কারণ তারা ফরমা জারি করলেন, সরকারের মতে, যেহেতু তারা সেখানে বসবাস করে, সকলে অ-কৃষিজীবী, সেখানে মাইল প্রতি ১ হাজারের বেশী ঘন বসতি এজন্য সেখানে মিউনিসিপ্যালিটি গঠন করতে হবে। আপনি কি মনে করেন যেহেতু সেখানকার ৩ হাজার অধিবাসী কেন্দ্রীয় সরকারের কাছ থেকে হাজার হাজার টাকা ঋণ গ্রহণ করে বাধ্যতামূলক ভাবে সরকারের ষ্টাণ্ডার্ড স্পেসিফিকেশান অনুসারে

বাড়ী তৈরী করেছেন অথচ যে পাকা বাড়ী হয়েছে সেই পাকাবাড়ীর উপর তাদের নিজেদের কোন অধিকার নেই, সেই জমির উপর তাদের নিজের কোন অধিকার নেই, সেই জমির উপর পাকা বাড়ী হওয়ার দরুন সেই অঞ্চলে নিউ টাউন হবে অথবা গড়ে উঠবার সম্ভাবনা আছে? শুধু নব ব্যারাকপুরে নয় খড়দহ মিউনিসিপ্যালিটির পাশে কল্যান নগরের দিকে তাকিয়ে দেখুন।

[4-50—5-15 p. m.]

বারাসাত সহরের পার্শ্ববর্ত্তী নব-পল্লীর দিকে তাকান—; সেই সমস্ত অঞ্চলের লোক সরকারী ঋণ গ্রহণ করে সেখানে তাঁরা পাকা বাড়ী করেছেন। মন্ত্রীমহাশয় তাঁর একটা কলমের খোঁচায় সব নস্যাৎ করে দিয়ে বললেন আমরা সেখানে মিউনিসিপ্যালিটি করবো। তার অর্থ সেই সমস্ত লোকের উপর ট্যাক্সের বোঝা বাড়ান হবে। কি পরিমাণ বাড়ান হবে? আপনি একটু লক্ষ্য করুন—যেখানে আমাদের নব ব্যারাকপুর Co-operative কমিটির কর্তৃপক্ষের পক্ষ থেকে বলা হয়েছে—প্রতি প্লটে quaterly tax ১৩ টাকা। ইউনিয়ন বোর্ডে যেখানে এক এক জনকে tax দিতে হয় বছরে দু'টাকা, তিন টাকা, এক্ষেত্রে সেখানে প্রতি বৎসর ট্যাক্স দিতে হবে ৫২ টাকা। কারণ পাকা বাড়ী আছে। তাঁদের সেখানে এটা asset নয়, liability, যে বাড়ী সরকারের কাছে ঋণদায়ে দায়াবদ্ধ। অথচ তার জন্য ট্যাক্সের বোঝা বেড়ে যাচ্ছে।

তারপর এর definitionটা খুবই অস্পষ্ট—vague. এই ভাবে যদি বিলটা পাশ হয়ে যায় এবং তাতে definitionটা অস্পষ্ট রাখা হয় তাহলে এই রকম অনেক অঞ্চল এই মিউনিসিপ্যালিটির সঙ্গে জুড়ে যাবে—যাঁরা এই রকম পাকা বাড়ী করেছেন—সরকারী ঋণের টাকায়; তাদের আয়ের কোন সংস্থান হয়নি, যেখানে কোন industryও গড়ে ওঠেনি। সে অঞ্চলকেও notified area authorityর অন্তর্ভুক্ত করা যাবে। সেই অঞ্চলে এমন একটি লোকও নাই, যে মনে করতে পারবেনা—তার অঞ্চলে পাকা রাস্তা হোক্ লাইট হোক্ এবং অন্যান্য পৌরসভার মত সুযোগ সুবিধা ভোগ করুক। আমাদের বুঝতে হবে সেই পৌরসভার মত সুযোগ সুবিধাগুলি ভোগ করতে হলে ট্যাক্সের কথা আসে। আমি নিউ ব্যারাকপুরের কথা বলছি—সেখানে অথরিটি ১ লক্ষ ৫৬ হাজার টাকা তাঁরা ট্যাক্স হিসেবে জনসাধারণের কাছ থেকে আদায় করবেন। আপনারা জানেন লক্ষ লক্ষ দরিদ্র লোক সেখানে ও তার আশেপাশে বাস করে। একটা কলকারখানাও সেখানে নাই, কোন রকম আয়ের সংস্থান তাদের নাই, মিউনিসিপ্যালিটির ঐ রকম বর্দ্ধিত হারে ট্যাক্স দেবারও কোন সংস্থান নাই। তাদের উপর ট্যাক্স বসিয়ে কাজ চালাবার ব্যবস্থা ওঁরা করবেন।

দ্বিতীয়তঃ মূলগত প্রশ্ন যেটা নমিনেশনের প্রশ্ন। Notified area অথরিটির অন্তর্ভুক্ত যদি না হয়, পঞ্চায়েতের অন্তর্ভুক্ত হয়—বা ইউনিয়ন বোর্ডের অন্তর্ভুক্ত হয়, তাহলে সেখানে সীমাবদ্ধ ভোটাধিকার পাবে অঞ্চল পঞ্চায়েৎ নির্বাচন করবার জন্য। মাননীয় ডেপুটী স্পীকার, এই আইনের তাঁরা বলেছেন—সেই অঞ্চলের পঞ্চায়েতের লোকেরা ভোটাধিকার পাবে,—আর Notified areaর লোকেদের ভোটাধিকার থাকবে না। যে সবসাধারণের ভোটাধিকার নাগরিক অধিবাসীরা অর্জন করেছে, সেই অর্জিত অধিকার ছিনিয়ে নেবার জন্যই এই আইন আনা হচ্ছে। আপনার কি অধিকার আছে, জনসাধারণের সেই ভোটাধিকারকে এক কলমের খোঁচায় সরিয়ে দেবেন? কতদিনে জানিনা সেই Notified area authority করবেন! আমি জিজ্ঞাসা করি কে সেই Notified areaর মালিক? সরকার যদি মনে করেন একজন লোককে nominate করতে পারেন। আবার সরকার মনে করলে ৯ জন লোককেও nominate করতে পারেন। এমনকি একটা ক্ষুদে হিটলার তৈরী করে একজন মাত্র লোককে সরকার nominate করে সাধারণ লোকের

নির্বাচনের অধিকারকে হরণ করে নিয়ে এই যে বিল সরকার আনছেন, তার একমাত্র উদ্দেশ্য হচ্ছে সাধারণ মানুষের গণতান্ত্রিক অধিকারকে হরণ করা। মন্ত্রীমহাশয় আজ যদি সর্বজন স্বীকৃত ভোটাধিকারের ভিত্তিতে এই বিল আনতেন, তাহলে তাঁকে আজ আমরা অভিনন্দন জানাতাম। এখানে মিউনিসিপ্যালিটির সীমাবদ্ধ ভোটাধিকার পর্যান্ত থাকবেনা। সাধারণের গণতান্ত্রিক অধিকারকে সম্প্রসারণ করবার জন্য এবং তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে জনগণের সহযোগিতা অর্জন করবার জন্য সরকার যদি এই বিলের মাধ্যমে কোন অগ্রগতির প্রয়াস পেতেন—, তাহলে তারা এই অগ্রগতিমূলক বিলকে সমর্থন জানাতে পারতেন।

সম্প্রতি বাঙ্গালোরে যে সম্মেলন হয়ে গেল, সেখানে বিভিন্ন অঞ্চলের মন্ত্রীদের বলা হলো—তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় জনগণের উন্নয়ন মূলক কাজে যদি আরো সহযোগিতার দরকার হয়, তাহলে তার প্রাথমিক সর্ত হচ্ছে—মিউনিসিপ্যালিটিতে সকলের ভোটাধিকার দিতে হবে। যেখানে সরকারী নীতি হলো—development এর কাজে লোকের সহযোগিতা অর্জন করবার জন্য সাধারণের ভোটাধিকার দিতে হবে; গঠনমূলক ও উন্নয়নমূলক কাজে তাদের সমর্থন অর্জন করতে হবে; সেখানে আমরা দেখতে পাচ্ছি এই নূতন বিলের মধ্য দিয়ে জনগণের সেই অধিকারকে হরণ করা হচ্ছে। ফলে সর্বত্র তাদের প্রতিবাদ প্রতিফলিত হবে।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই সমস্ত অঞ্চলে প্রাথমিক শিক্ষা অবৈতনিক ও আবশ্যিক হবার কথা চলেছে এবং পশ্চিমবঙ্গ সরকার নাকি এটা সিদ্ধান্ত করেছেন যে তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার আমলে সমস্ত গ্রামাঞ্চলে অবৈতনিক ও আবশ্যিক শিক্ষা প্রচলন করবেন। ডেপুটী স্পীকার মহাশয়, আপনি জানেন এই সমস্ত মিউনিসিপ্যালিটির নিকটবর্ত্তী গ্রামের কি দুরবস্থা! সাধারণের সহযোগিতা এবং সরকারের সহযোগিতায় অনেক প্রাথমিক স্কুল আজ চারিদিকে গড়ে উঠেছে। সেই প্রাথমিক স্কুলগুলি আজ সরকারের সাহায্য ও সহযোগিতা ব্যতিরেকে বেঁচে থাকতে পারে না। কিন্তু যে মুহূর্তে এই মিউনিসিপ্যালিটি গঠিত হবে অথবা Notified area ঘোষিত হবে, সেই মুহূর্তে সরকারের কাছ থেকে যে সাহায্য ও সহযোগিতা জনগণ পেতেন, তা থেকে তারা বঞ্চিত হবেন। সরকার মিউনিসিপ্যালিটিকে যে সামান্য গ্রাণ্ট দিয়ে থাকেন, তার মধ্য দিয়ে প্রাথমিক শিক্ষা সুষ্ঠু ভাবে পরিচালিত হতে পারে না। মিউনিসিপ্যালিটিকে যদি শিক্ষার ভার গ্রহণ করতে হয়, তাহলে তাকে নূতন ট্যাক্স বসাবার ক্ষমতাও দেওয়া হবে। কাজেই আমার মনে হয় প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে একটা বিপর্যায়ের সৃষ্টি হবে। সে কথা কি মন্ত্রীমহাশয় একটু চিন্তা করেছেন? শুধু তাই নয়—গ্রামাঞ্চলে স্ত্রীশিক্ষা প্রসার করবার জন্য অষ্টম শ্রেণী পর্যান্ত বালিকাদের বিনা বেতনে পড়বার ব্যবস্থা করা হয়েছে। কিন্তু সে সুযোগ মিউনিসিপ্যাল অঞ্চলে নাই। যে মুহূর্তে Notified Area ঘোষিত হবে বা মিউনিসিপ্যালিটি ঘোষিত হবে, সেই মুহূর্তে মেয়েদের শিক্ষা প্রসারের জন্য সরকারের বিঘোষিত নীতিকে পরাস্ত করা হবে। এই সমস্ত fundamental questions সম্পর্কে আলো চিন্তা না করে যদি এই ধরণের বিল সরকার আনবার চেষ্টা করেন, তাহলে আমরা মনে করবো, এই অগণতান্ত্রিক ও জনস্বার্থের পরিপন্থী বিল সরকার আনছেন জনগণের মনে একটা ভ্রান্তি সঞ্চার করবার জন্য। কাজেই মন্ত্রীমহাশয়কে বলবো—এখনো সময় আছে, জনসাধারণের মতামত নির্দ্ধারণের জন্য আমাদের সুযোগ দেওয়া হোক্। কেননা এর সঙ্গে জড়িত আছে আমাদের শিক্ষার প্রশ্ন, এর সঙ্গে জড়িত আছে আমাদের বৈষয়িক প্রশ্ন; এর সঙ্গে জড়িত আছে আমাদের fundamental rights এর প্রশ্ন, এর সঙ্গে জড়িত আছে আমাদের ভোটাধিকারের প্রশ্ন, এর সঙ্গে জড়িত আছে আমাদের অপরাপর যাবতীয় প্রশ্ন—যা আমাদের গণতান্ত্রিক অধিকার ও fundamental rights. কাজেই এই বিলের দ্বারা আমাদের fundamental rights এবং গণতান্ত্রিক

right উপর যে প্রচণ্ড একটা আঘাত হানা হয়েছে, তার বিরুদ্ধে আমি তীব্র প্রতিবাদ করছি এবং জনগণের মতামতের জন্য এই বিলটি circulation দেওয়া হোক্—বলে আমার বক্তব্য শেষ করছি।

[At this stage the House was adjourned for 15 minutes.]

After Adjournment

[5-15—5-25 p. m.]

Shri Basanta Kumar Panda : Mr. Deputy Speaker, Sir, I have also a motion for circulation of the Bill. I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 1st February, 1961.

Sir, the Bill is very small but the implications involved in the Bill are very great and I would say it will take way certain rights which the people were enjoying so long. First of all, I shall say that this Bill is misplaced without introducing this Bill as a new chapter in the Bengal Municipal Act. The Hon'ble Minister ought to have done better by introducing such a Bill in the West Bengal Panchayat Act.

Sir, our State usually consists of two things, that is. either a town or a municipal area and a rural area. Rural area is so long covered by panchayats and somewhere there are union boards but union boards are very rapidly being done away with and are being supplanted by panchayats. So the ultimate picture of the country is that the whole land is either covred by municipalities or by panchayats. Sir. without entering into the merits and demerits of the Bill, at the first instance I would say that the people who were residing in the panchayat area were enjoying universal adult franchise as all the people enjoy when they come to vote for election of their members to this House or to the Parliament. That right they were enjoying when they were in the panchayat area but as soon as the notification is made under this Act they will lose all their franchise right and the Government will nominate anybody according to its sweet-will and by that nomination the people will be deprived of management of their own thing. Sir, I can conceive that in place of a panchayat, a town or a municipality is introduced there although franchise is curtailed to some extent, because in panchayat area the people enjoy universal franchise right but in municipal area they have got a limited franchise. In this area, which is sought to be something in between a village and a town there is no question of franchise. They are benig deprived of some of their rights by virtue of this Act, the right to vote, which is inherent in a citizen of India. If by any Act we take away that right to vote without any just reason, this taking away of the right of franchise of the people will be in my humble opinion unconstitutional in accordance with Articles 13 and 14 of the constitution of India. Anybody in whose area this Act will be introduced may move the Hon'ble High Court for this purpose. Apart from this, on the utility side what is the position ? Suppose the Hon'ble Minister says, the Objects and Reasons also say, this Act will be introduced in certain area which has developed or which is developing or where industrial potentiality is increasing. Suppose there is no panchayat in a particular area. They by virtue of their labour and by virtue of their honest pursuance develop an area with their own efforts, but the Government would say that a paticular panchayat in a particular area has developed a certain area, or if the authority in a panchayat area is not in the good books of the Government they can at once declare that they would introduce this provision of the Act there. Therefore I an saying, without placing this chapter in the Bengal Municipal Act if they put it in the

Bengal panchayat Act, then all the provisions of that Act would have been applicable there. But you are taking away that right. Sir so long as the people are within a panchayat area, what rights do they enjoy? Apart from the right of franchise, they are getting the benefit of the Bengal Rural Primary Education Act, i e. they are enjoying the right of education of the students up to Class IV free and female students up to Class VIII free. As soon as this Act will be introduced, the position will be that the area shall not be a panchayat area, it shall not be an actual municipal are either but an area which is governed by the Town Committee. It will be the same as a cantonment area. Therefore, on its utility side also they will lose something. They will be subjected to taxation, but for the realisation and imposition of the taxes they will have no power as the people of the municipal area or the people of the panchayat area enjoy. Therefore, I would say that this is a misplaced legislation of this Act.

Apart from this there are certain other things to be considered. Here it is written that when an area is going to be a newly developing town, etc. What is the definition of 'town? Has a town been defined either in the parent Act i. e. the Bengal Municipal Act or in this particular piece of legislation? No; we can rely only on the dictionary meaning of it. Sir, 'villages' have been defined in many Acts but 'towns' have not been defined any where. For this many difficulties come in and I will cite one instance. An area has been declared to be the newly constituted Contai Municipality. Certain villages have been included there. In those village the main pursuit of the people is agriculture. A municipality can be introduced in such places where the main pursuit of the people or the majority pursuit of the people is something other than agriculture. But if in constituting a municipality Government by a declaration says that "we include this large area consisting of these agricultural places, the majority of the people of which area generally depend on agriculture, mere declaration of the Government will in that case at once convert that area into a town. The same thing is contemplated here. If this area becomes some thing between a town, a municipality and a panchayat area, then the rights of the people which they were already enjoying when they were in the villages should not be taken away. They should be given those rights and in addition to that you may give some thing more. But what are you doing? You are curtailing those rights. I would, therefore say of course there is some provision in this Bill that when there will be a notification by the Government people will be asked to give their objections and the matter will be considered that when the Government make such a declaration. On whose report at on what basis they would make such a declaration? It is really a new Bill and there is a provision that if any area satisfies these test, etc. The tests are very vague i. e. newly developing town. We do not know what is called a 'town' or where things are growing up. In many villages extension blocks have been developing and each place where there has been a block can at once be converted into such an area where people shall be disfranchised and new taxes will be imposed. This is a small beginning and it is provided here that different provisions of the Bengal Municipal Act will be gradually introduced there. Sir, as to assessment or as to taxation these are very obnoxious things and these are very serious things for the purpose of assessment, and for the purpose of realisation. Throughout the country people have got the right to assess and people have got the right to have those taxas realised by their own elected persons but here the Town Committee or the nominated persons they will be the sole

arbitrators with regard to the imposition of taxes or with regard to the mode of realisation of taxes. Apart from these things, we would also say that the small body which has been introduced in the Bengal Panchayat Act if it was introduced there people would not have lost those rights.

With these words I would commend my motion for the acceptance of the House, namely, that the Bill should be circulated for eliciting public opinion.

[5-25—5-35 p. m.]

Shri Rabindra Nath Mukhopadhaya : Sir, I move that the Bengal Municipal (Second Amendment) Bill, 1960, be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th January, 1961.

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আমি এই বিলটিকে জনমত সংগ্রহার্থে প্রচারের জন্য আবেদন জানাচ্ছি এবং সেজন্য আশা করি আমার amendment গ্রহণ করবেন। কারণ গত দুই মাস যাবৎ municipalityর কতকগুলি ব্যাপারে আমি জালান সাহেবের কাছে গিয়েছি। তখন দেখেছি তিনি অন্তত মুখে খুব ভাল ভাল কথা বলেন কিন্তু কাজে যখন আসেন তখন দেখা যায় মন্ত্রিসভার যে কাজগুলি অকেজো বলে সকলে জানে সেই কাজগুলি তিনি করেন। আমরা দেখেছি গত দুই তিন মাস আগে খবরের কাগজে কতকগুলি খবর প্রচারার্থ পাঠিয়েছেন সেখানে আমরা দেখলাম—বিশেষ করে এ সম্বন্ধে আমরা উদ্‌গ্রীব ছিলাম, তারই পরিচিত কয়েকটা Municipalityতে কতকগুলি ঘটনা ঘটেছে। এবং সেই কারণেই প্রধানতঃ তার কাছে আমি যাতায়াত করেছিলাম। ঠিক সেই সময় খবরের কাগজে বের হ'ল High Court নানা রকম order এর ফলে court এর অধিকার অত্যন্ত সঙ্কুচিত হয়ে পড়েছে। Municipalityতে কোন দিনই Adult Franchise বলে কিছু ছিল না, যা ছিল তাও সঙ্কুচিত হয়ে পড়েছে। এবং একমাত্র property right and education vote ছাড়া আর কিছু নাই। গত বছর পর্যন্ত বহু জায়গায় Joint family voter system ছিল সেটাও বন্ধ হয়ে গিয়েছে। এখন আমরা একটা খবরের কাগজে দেখলাম যে এইরূপ একটা বিল আসছে যে বিলের মধ্যে দিয়ে এগুলি সম্পর্কে সরকার বিধিব্যবস্থা করছেন। এমন কি এটাও প্রচার হল যে আগামী সেসন পর্যন্ত অপেক্ষা না করেই তাঁরা ordinance করবেন। কিন্তু প্রথম দিকে কিছুই করা হল না। একেবারে সম্পূর্ণ অন্য জিনিস আনা হল, তাঁরা ordinance আনলেন না। ভোট এবং অন্যান্য জিনিস তাঁরা সঙ্কুচিত করলেন। এখন আমার কথা হচ্ছে তাঁরা যতই এই বিলটিকে নির্দোষ ও নিরামিষ বলুন না কেন আসলে তত্টা নয়। জালান সাহেব অনেকদিন এই Dept. এর সঙ্গে যুক্ত আছেন এবং তাঁর অনেক officerও আছেন কিন্তু সেই সব অফিসাররা এক এক ক্ষেত্রে এক এক রকম ব্যাখ্যা করেন। যার ফলে প্রত্যেক জায়গায় গণ্ডগোল হচ্ছে। তিনি জানেন অধিকাংশ municipality গুলিতে যদি কোন চেয়ারম্যান এবং তাঁর দলবল বিশেষ করে জালান সাহেবের দলবল যদি বলেন এবং চান যে election হবে না, কারো সাধ্য নাই সেখানে election করতে পারে। Election এর কোন guarantee নাই। Election এর পূর্ব্বে ও পরে বহু গণ্ডগোল হয়। ভোটাররা তো গায়ের জোরে election করতে পারে না? সুতরাং আমরা কোথায় যাব? তাঁরাও স্বীকার করলেন পরিবর্তন করা দরকার। কিন্তু তাঁরা কাগজে যে কথা বলেন বাস্তবে তার সঙ্গে কোন সম্পর্ক থাকে না। এই যে বিল এনেছেন এ একেবারে নতুন ধরনের, যার municipalityর সঙ্গে কোন সম্পর্ক নাই। অথচ এটাকে West Bengal Municipal Amendment Bill বলে উপস্থিত করলেন। তিনি Dept. এর মন্ত্রী

হিসেবে জানেন যে প্রত্যেকটা municipalityতে সাধারণ ভাবে কাজকর্ম অচল হয়ে গিয়েছে। ১৯৩২ সালের municipal act আজকের দিনে অচল হয়ে গিয়েছে। তিনি মনে করেন একটা comprehensive বিল আনা দরকার অথচ সেই সমস্ত জিনিষগুলি এই করলে নাই। ভবিষ্যতে আসবে কিনা জানিনা। আপাততঃ সেই সমস্ত জিনিষগুলি বাদ দিয়ে আনলেন এক অপূর্ব জিনিষ। আমরা মনে করি এর একটা বিশেষ উদ্দেশ্য আছে। তাঁরা একটা লক্ষ্যের দিকে এগিয়ে যাচ্ছেন। সেটা Democratic Franchise সম্প্রসারিত করার দিকে নয়। যত দিন যাবে ততই এগুলিকে সরকারের দখলে নিয়ে আনবেন এবং তাদের direct administration এ নিয়ে আসবেন। সেই দিকেই লক্ষ্য করে সমস্ত বিলটা আনা হয়েছে। Municipalityর যে সমস্ত অধিকার এতদিন ছিল তা কেটে নেওয়া হচ্ছে। গতবার তিনি এই Assemblyতে দাঁড়িয়ে—যখন আমার নামে একটা বেসরকারী বিল ছিল—তিনি বলেছিলেন তিনি এই নিয়ে আমাদের সঙ্গে আলোচনা করবেন এবং একটা বিল নিয়ে আসবেন। এবং Adult Franchise সম্বন্ধেও আলোচনা করবেন। কিন্তু দুই বছর কেটে গিয়েছে তিনি বিল আনলেন না। যেটুকু Municipalityর অধিকার ছিল তাও আজ তিনি কেড়ে নিচ্ছেন। উদাহরণস্বরূপ আমি বলতে পারি South Suburban Municipality, বেহালার municipalityতে ২ লক্ষ ২৫ হাজার লোকের বাস তার মধ্যে মাত্র ১০ হাজার লোকের বেশী ভোটার হয়নি। তখন আমরা তাঁর কাছে বললাম আপনি বলেছিলেন যে ordinance করবেন এখন করবেন কি? এই জিনিষও হলনা। এর উদ্দেশ্য কি, আপনাদের মতলব হচ্ছে যে অধিকারগুলি municipalityর আছে সেগুলি নিয়ে নিয়ে বাদবাকী নতুন যা করবেন তাদের উপর সম্পূর্ণ সরকারী grip রাখা। যে Town কমিটি করবেন তাঁরাই administration চালাবেন। আপনাদেরই নিয়োজিত একজন বা কয়েকজন তারাই চালাবেন, তারাই tax বসাবেন। তাদের সম্পর্কে কোন রকম প্রতিবাদ করবার পথ নাই। সুতরাং মতলব হচ্ছে municipality এতদিন যে ক্ষমতা ছিল তাও সব চলে যাবে। এই administration অধিকার জীবনভোর থাকবে যতদিন আপনাদের মন্ত্রীসভা থাকবে—এ কি রকম আইন। যদি কোন ক্ষেত্রে এর পরিবর্তনের প্রয়োজন হয় তার জন্য সেখানে মানুষের কোন অধিকার আছে কি? না, বার বার আপনাদের কাছে, Dept. এর কাছে Deputation এ যাবে? যদি তাদের উপর অতিরিক্ত কর ধার্য্য হয় তার জন্য তারা কোন বিচার বিবেচনার সুযোগ পাবে না। এবং education ব্যাপারে তাদের যে সমস্ত সুযোগ সুবিধা ছিল তা থেকে তারা বঞ্চিত হবে। সুতরাং আজকে কোন সদুদ্দেশ্য নিয়ে এই বিলটি আনা হয়েছে? গত কিছুকাল যাবৎ এই Dept. এ যাতায়াতের মধ্য দিয়ে দুর্ভাগ্যক্রমে আমার এই ধারণা হয়েছে যে জালান সাহেব মুখে অনেক ভাল ভাল কথা বলেন এবং মিটিং ও জনসাধারণের অধিকারের কথা বলেন, কিন্তু মূলত তিনি যে পথে যাচ্ছেন সেটা মানুষের অধিকার হরণেরই ব্যাপার। এবং যেখানে municipality হবার সম্ভাবনা আছে সেখানেই এই ধরণের কমিটি তৈরী করে Franchise যাতে না হয় মানুষের অধিকার যাতে নাকচ করে দেওয়া যেতে পারে তার জন্যই তাঁরা চেষ্টা করছেন। সেই উদ্দেশ্য নিয়েই তাঁরা এই বিলটি নিয়ে এসেছেন। সেই জন্য আমি বিলটীর তীব্র প্রতিবাদ করছি।

[5-35—5-45 p. m.]

Shri Benoy Krishna Chowdhury : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 5th of January, 1961.

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই বিল জনমত সংগ্রহের জন্য প্রচার করা হোক

এই বলে আমি মোশন এনেছি। এই বিল আমি পড়েছি এবং মনে হচ্ছে বিলের নাম দেখে অনেকেরই হয়ত একটা ভুল ধারণা হবে যেন এটা মিউনিসিপ্যাল সংশোধন বিল হিসাবে আনা হয়েছে। কিন্তু আসল ব্যাপার তা নয়। আসলে মিউনিসিপ্যালিটি করতে না দেওয়াই হচ্ছে এই বিলের উদ্দেশ্য। দুর্গাপুর প্রভৃতি যে সমস্ত শিল্পনগরী গড়ে উঠেছে সেখানকার কতগুলো বিশিষ্ট স্বার্থের দিকে দৃষ্টি রেখে সেই এলাকায় যাতে কোন মিউনিসিপ্যালিটি না করতে দেওয়া হয় তার জন্যই প্রধাণতঃ এই বিল আনা হয়েছে। সুতরাং সেই দিক থেকে দেখা যায় যে, এই বিলের দ্বারা সেই সমস্ত অঞ্চলের একটা বিরাট জনসংখ্যার মৌলিক অধিকার হরণ করা হচ্ছে। কিছুদিন আগে "দিঘা"তে যখন একটা সেমিনার হয়েছিল তখন আমরা কেন্দ্রীয় মন্ত্রীর কাছ থেকে শুনেছিলাম তাঁরা নাকি ভেবেচিন্তে শেষপর্য্যন্ত এই সিদ্ধান্তে উপনীত হয়েছেন যে, খানিকটা সাহস সঞ্চয় করে জনসাধারণের হাতে ভরসা করে ক্ষমতা ছেড়ে দিতে হবে। কিন্তু এখানে ব্যবস্থা হচ্ছে যে, জনসাধারণের হাতে ক্ষমতা দেওয়া হবে না। আমি জিজ্ঞেস করতে চাই কেন সেই ক্ষমতা জনসাধারণকে দেওয়া হবেনা? দুর্গাপুরে হেভি ইঞ্জিনিয়ারিং এর কারখানা প্রতিষ্ঠিত হওয়ার ফলে এই ৫ বছরে সেই জায়গাটা এক বিরাট শহরে পরিণত হয়েছে এবং সেখানকার জনসংখ্যা ৫০ হাজারের উপর। কাজেই আমার মনে হয় এতগুলো লোকের যেখানে বাস সেখানে এই বিরাট জনসংখ্যাকে তাদের মৌলিক অধিকার থেকে বঞ্চিত করার কোন অধিকার এই সরকারের নেই। সেখানকার লোকেরা ৩ মাইল দূরে পাচিল দিয়ে ঘেরা ফ্যাক্টরিতে কাজ করতে যায়। কিন্তু কাজের পর যখন তারা শহরে ফিরে আসেন তখন আর ৫ জন ভারতীয় নাগরিকের মতই তারা স্ত্রী-পুত্র পরিবার নিয়ে নাগরিক জীবন যাপন করেন সেদিক থেকে বিচার করলে এটা কিছুতেই বুঝতে পারিনা যে অন্য ৫জন লোকের নাগরিক জীবনের সুখ স্বাচ্ছন্দ্য ভোগ করার যে অধিকার আছে ঠিক তেমনি ভাবে এঁদের কেন সেটা থাকবে না বা সেই অধিকার থেকে তাদের বঞ্চিত করে মাত্র ১ জন লোক বা সরকার নিযুক্ত কমিটির হাতে সমস্ত ক্ষমতা দেওয়া হবে? এর ফল কি মারাত্মক হয় তা' একটা উদাহরণ দিলেই আপনারা বুঝতে পারবেন। আপনারা অনেকেই জানেন কিনা জানিনা যে, দুর্গাপুরের শিক্ষায়তনে মিডিয়াম অব ইনষ্ট্রাকসন হচ্ছে ইংরেজী। এর কারণ হয়ত সেখানকার উদ্ধতন কর্তৃপক্ষ এবং কিছু বড়বড় অফিসাররা মনে করছেন যে এরকম একটা কসমোপলিটন্ জায়গার মিডিয়াম অব ইনষ্ট্রাকসন ইংরেজী করলেই বোধ হয় ভাল হবে। অবশ্য সেখানে বাঙ্গালী, বিহারী এবং দাক্ষিণ ভারতীয় প্রভৃতি সমস্ত জায়গার লোকই আছে। কিন্তু এটা ইউনিভারসিটিতে নয়, কলেজে নয় একেবারে ছোট থেকে আরম্ভ করে দুর্গাপুরের সেকেণ্ডারী স্কুলে যদি ইংরেজী মিডিয়াম অব ইনষ্ট্রাকসন হয় তাহলে সেটা কি মারাত্মক জিনিস হবে তা' আপনারাই চিন্তা করে দেখুন। এরকম বহু ব্যাপার আছে এবং একজন ব্যক্তি বা কিছু লোকের খামখেয়ালীর উপর যদি এই জিনিস ছেড়ে দেওয়া হয় তাহলে সাধারণ নাগরিক জীবন যে বিপর্য্যস্ত হতে পারে সেটা আমরা দেখেছি। যারা চটকল এলাকায় থাকেন তাঁরা জানেন এবং আমারও অভিজ্ঞতা রয়েছে যে, মিউনিসিপ্যালিটির আইন থাকা সত্ত্বেও চিরকাল ধরে চটকলের মালিকরা তাঁদের বড়বাবুদের উপর চাপ দিয়ে—যেহেতু তাঁরা ভোটার—ভোট সংগ্রহ করে সেই সমস্ত মিউনিসিপ্যালিটি দখল করে বসে আছে। যা'হোক্, উত্তর প্রদেশের বিভিন্ন জায়গায় মিউনিসিপ্যালিটি তে অ্যাডাল্ট ফ্র্যানচেইস্ প্রথা চালু করা হয়েছে। কিন্তু আশ্চর্য্যের বিষয় আমাদের এখানে কোলকাতা কর্পোরেশনে সেই অ্যাডাল্ট ফ্র্যানচেইস্ প্রথা চালু করা করা হয়নি অথচ গ্রামে যে পঞ্চায়েত হয়েছে সেখানে এই অ্যাডাল্ট ফ্র্যানচেইস্ প্রথা চালু করা হয়েছে। সাধারণতঃ আমরা জানি যে গ্রাম শহর থেকে পিছিয়ে থাকে। কিন্তু এখানে দেখছি সবই উল্টো ব্যাপার অর্থাৎ শহরে অ্যাডাল্ট ফ্র্যানচেইস্ এর ব্যবস্থা নেই। কিন্তু গ্রামে সেই ব্যবস্থা আছে। কিন্তু এখানে

আবার তাও নয়। এখানে তাঁদের নিজেদের অধিকার বেশীরভাগ যা' রয়েছে তা' থেকে তাঁদের বঞ্চিত করা হচ্ছে। অবশ্য এখন স্বায়ত্বশাসন কথাটা বলা ঠিক হবে না। কারণ, এটা আপনারা সকলেই জানেন যে, যখন আমরা পূর্ণ স্বাধীনতা লাভ করেছি তখন এই লোকাল-সেল্‌ফ গভর্ণমেন্ট কথাটা মিস্‌নোমার হয়ে যায়। যখন বিদেশী শাসন ছিল তখন এটা চলতে পারত, কিন্তু আজ যেট হচ্ছে সেটা হোল লোকাল গভর্ণমেন্ট। অর্থাৎ লোকাল লেভেলের কতগুলো ব্যাপার তাঁরা নিজেদের প্রতিনিধি মারফৎ নিজেরাই দেখবেন বা সেই সমস্ত সমস্যার সমাধান নিজেরাই করবেন। এই মৌলিক অধিকার যখন গ্রামের পঞ্চায়েতে অর্থাৎ যে পঞ্চায়েতরাজ স্বয়ং নেহেরুজী চাচ্ছেন—সেখানে রয়েছে তখন দুর্গাপুরের এতগুলো লোক কি অপরাধ করল যার ফলে তাঁদের সেই অধিকার থেকে বঞ্চিত করা হচ্ছে সেটাই আমার প্রশ্ন। আপনারা এইযে মিউনিসিপ্যাল অ্যাক্টের ২য় সংশোধনী বিল এনেছেন এটা যেন অ্যাক্টের মামুলি সংশোধন। কিন্তু আসলে তা' নয়। আসল কথা হোল, এঁরা একটা স্পেশাল আইন করে যেভাবে "চিত্তরঞ্জন কে" একটা কারানগরীতে পরিণত করেছেন ঠিক সেইভাবে যে সমস্ত নূতন নূতন শিল্পনগরী গড়ে উঠবে সেগুলোকেও যাতে ঐ রকমভাবে কারানগরীতে পরিণত করা যায় তারই ব্যবস্থা হচ্ছে। সরকার এই ধরনের শহরের অধিবাসীদের তাঁদের সাধারণ নাগরিক জীবনের অধিকার থেকে বঞ্চিত করে সরকার নিযুক্ত ব্যক্তি বা অ্যাডমিনিষ্ট্রেশনের অধীন সেই নাগরিক জীবনকে পরিচালিত করবার ব্যবস্থা আইনের মারফতে করছেন এবং তার জন্যই মিউনিসিপ্যাল এ্যাক্টের এই অ্যামেণ্ডমেন্ট এনেছেন।

এটা একটা মারাত্মক জিনিস এবং প্রায় এই কথাই বলা যেতে পারে যে তাঁরা একটা স্পেশাল পাওয়ার-এর বলে এখানে লোককে তাঁদের মৌলিক অধিকার থেকে বঞ্চিত করছেন। শুধু তাই নয়, এখানে এমন একটি ধারা আছে যেখানে কতগুলো ব্যাপারে মিউনিসিপ্যালিটিকে অধিকার দিচ্ছেন না আবার কতগুলো ব্যাপারে সেই কমিটিকে এতবেশী ক্ষমতা দিচ্ছেন যা ডিফাইন করা হয়নি যে কতদূর তাঁদের দেবেন। মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, এ প্রসঙ্গে আমি আপনাকে ৯৩১-টাকে একটু লক্ষ্য করতে বলি। সেখানে আছে "The State Government may by order vest the notified area Authority with such powers and duties exercisable by any other authority within the whole or any part of the notified area under any local or special law as the State Government thinks fit". এ ছাড়া গভর্ণমেন্ট মনে করলে পর সেই যে অথরিটি যা' তারা তৈরী করছেন তাঁদের আরও কতগুলো পাওয়ার দিতে পারেন। তবে সেই পাওয়ারগুলো যে কি, এখানে তা' ডিফাইন করা হোলনা। সুতরাং এথেকে এটা আজ স্পষ্ট দেখতে পাচ্ছি যে, যারা নির্বাচিত নয় তাঁদের হাতে সরকার একটা সর্বময় কর্তৃত্ব দিয়ে দিচ্ছেন। এখানে বলা হচ্ছে, অ্যাপয়েন্ট ফর এ নোটিফাইড এরিয়া আইদার এ পার্সন অর কমিটি। "এ পার্সন" কে হোল? সরকার একটি লোককে মিউনিসিপ্যালিটির পূর্ণ ক্ষমতা বা তদতিরিক্ত ক্ষমতা যা' তাঁরা মনে করবেন তা' দিয়ে দিবেন এটা অত্যন্ত ভয়ানক জিনিস এছাড়া যদি তাঁরা কমিটি গঠন করেন তাহলেও সেটা পূর্ণভাবে নিজেরা করবেন সেটাও মারাত্মক। সেইজন্য আমি মনে করি যে এই বিলে মৌলিক অধিকার হরণের প্রশ্ন রয়েছে। অবশ্য এটা আমরা ভালভাবেই জানি যে, এই বিল প্রধানতঃ দুর্গাপুর-কে লক্ষ্য করেই করা হয়েছে। কিন্তু আমি বুঝতে পারছিনা যে, এত সংখ্যক লোকের মৌলিক অধিকার হরণ করার কি অধিকার বা যুক্তি সরকারের আছে। তাঁরা অন্য ৫ জনের মত নিজেদের ব্যবস্থা নিজেরা করে নেবেন এতে কেন যে সরকার বাধা দিচ্ছেন সেটা আমি বুঝতে পারছিনা। তবে কি যেহেতু তাঁরা একটা শিল্পাঞ্চলে বাস করছেন সেই জন্য তাঁদের বিরুদ্ধে এই ব্যবস্থা অবলম্বন করছেন? তবে আমার মনে হয় তাঁদের নাগরিক জীবন তাঁদের উপর ছেড়ে দিলেই সেটা ভালভাবে পরিচালিত হবে এবং ঐ জায়গায় আরও উন্নতি হবে। যা'

হোক্, আমার কথা হচ্ছে এটা এরকম ভাবে পাশ হওয়া উচিত নয় এবং সেই জন্যই আমি অত্যন্ত মৃদুভাবে বলছি যে জনমত সংগ্রহের জন্য ১৯৬১ সালের ৫ই জানুয়ারী পর্য্যন্ত একে সার্কুলেসনে দেওয়া হোক।

[5·45—5·55 p. m]

Shri Dhirendra Nath Banerjee : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1960.

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, এই বিল দেখে আমার মনে হচ্ছে যে স্বাধীনতার পর যতই দিন যাচ্ছে আমাদের সরকারের মনে জনমতের ভীতি ততই বেড়ে যাচ্ছে। তাই যেখানে আমাদের সামান্য একটু গণতান্ত্রিক অধিকার ছিল সুযোগ পেলে বা সুযোগ করে নিয়ে তারা সেটা হরণ করার চেষ্টা করছেন। আমি নিজে স্বাধীনতার পূর্বে গ্রামে বাস করতাম অর্থাৎ ইউনিয়ন বোর্ডে ছিলাম, এখন মিউনিসিপ্যালিটিতে বাস করছি। ইংরাজ আমলের যে মিউনিসিপ্যাল অ্যাকট আছে তাতে জনসাধারণ বাস্তকরের চাপ-ব্যবসা করার চাপ অনুভব করছে। বাংলা দেশের প্রত্যেক মিউনিসিপ্যালিটিতে দেখা যায় তাদের যে টাকা তা দিয়ে অফিস চালিয়ে জনকল্যাণকর কোন কাজ করা তাদের পক্ষে সম্ভব হয় না। প্রত্যেক মিউনিসিপ্যালিটি দুরাবস্থার মধ্যে চলছে। আমরা প্রতি বছর মিউনিসিপ্যাল আইন পরিবর্ত্তনের জন্য দাবী করে আসছি মিউনিসিপ্যাল আইনকে সর্বাঙ্গ সুন্দর করার জন্য কিন্তু আজ দেখা যাচ্ছে জনমতের ভীতি সরকারকে এমন জায়গায় নিয়ে গেছে যে সামান্যতম সুযোগ যাতে আমরা কোন প্রতিষ্ঠানের মাধ্যমে না পেতে পারি তারজন্য একটা ষড়যন্ত্র চলেছে এই বিলের মধ্যে এটা অত্যন্ত ন্যাংটা হয়ে আমাদের সামনে ভেসে উঠছে। নোটিফায়েড এরিয়ায় যে অথোরিটি তার যে অধিকার তার মধ্য দিয়ে ডিকটেটরী ব্যবস্থা কায়েমী করবার চেষ্টা হচ্ছে এটা দেখে আমরা ভীত সন্ত্রস্ত হচ্ছি এবং গণতন্ত্র যে উঠে যাচ্ছে সেটা আমরা বেশ বুঝতে পারছি। মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, তাই আমার মোশান হল যে ৩১শে ডিসেম্বর পর্য্যন্ত এটা সার্কুলেসনে থাকুক যাতে জনসাধারণ এটাকে বিচার বিশ্লেষণ করে তাদের মতামত দিতে পারে; কারণ এরমধ্যে একটা ষড়যন্ত্রের আভাস পাওয়া যাচ্ছে। আমাদের সরকার সত্য সত্যই যদি গণতান্ত্রিক সরকার হন্ তাহলে তারা জনমতকে নিয়ে নূতন করে একটা মিউনিসিপ্যাল আইন নিয়ে আসবেন এই আশা আমি করি যাতে যে সমস্ত সহর এবং বন্দরগুলি গড়ে উঠছে সেখানকার জনসাধারণ স্বায়ত্ত্বশাসনের অধিকার পায় কিন্তু প্রকৃত-পক্ষে আজকে দেখা যাচ্ছে স্বায়ত্ত্বশাসনের নামে জনসাধারণের নড়াচড়ার অধিকারও থাকবে না। আমাদের অভিজ্ঞতায় বলে দিচ্ছে এবং এখনকার যে সমস্ত নূতন নূতন মিউনিসিপ্যাল আইন আসছে তাতেও দেখা যাচ্ছে যে জনসাধারণের সামান্যতম প্রতিবাদ জানাবারও ক্ষমতা থাকবে না। সরকার তাদের নিজস্ব একটা এজেন্ট বসিয়ে দেবেন যিনি যথেচ্ছাচার চালাবেন, ফলে গরীব জনসাধারণ ধ্বংসের পথে যেতে বাধ্য হবে। নব ব্যারাকপুরে যে মিউনিসিপ্যালিটির ব্যবস্থা হচ্ছে তার মধ্য দিয়ে আমরা একটু এর আভাস পাচ্ছি। ইউনিয়ন বোর্ড বা পঞ্চায়েৎ এলাকায় যে সুযোগগুলি লোকে পাচ্ছিল নোটিফায়েড এরিয়ায় আসার সংগে সংগে সেই অধিকারগুলি হারিয়ে যাবে মন্ত্রীমহাশয়ের সেই একটা ভাব এই আইনের মারফৎ আমরা পাচ্ছি কিন্তু সেই স্বেচ্ছাচারিতা কোন্ সময়ে সীমিত হবে তার কোন কথা নেই। কাজেই মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আমার যে মোশান, এটাকে ডিসেম্বর মাস পর্য্যন্ত সার্কুলেসনে দেবার দাবী রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Ramanuj Haldar : মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, এই বিলকে সার্কুলেশানে দেওয়ারমূল কারণ হচ্ছে এই যে, যে অঞ্চলে এই

টাউন প্রতিষ্ঠা করার চেষ্টা করা হচ্ছে এই আইন দ্বারা সেই অঞ্চলের যে জনগণ নাগরিক হিসাবে রয়ে গেছে তাদের অধিকারকে খর্ব করা হচ্ছে, তাদের নিজেদের ভালমন্দ বিচার করবার যে স্বার্থ সেটা এই বিলের দ্বারা হরণ করা হচ্ছে। প্রথমে আমার ধারণা হয়েছিল যে হয়ত বা কলকাতা নগরীর যে পরিচয় সংবাদপত্রে কিছুদিন আগে প্রকাশিত হয়েছে যে সারা ভারতবর্ষের মধ্যে এটা প্রথম নগরী নয় এটা দ্বিতীয় নগরী, হয়ত বা ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্টের মধ্যে কোন পরিবর্তনের সম্ভাবনা রেখে মিউনিসিপ্যাল এরিয়া আরও সম্প্রসারিত করা হবে। কিন্তু এখন দেখছি বিষয়টা তা নয়। নূতন নূতন ক্ষেত্রে যেখানে মিউনিসিপ্যালিটি করা যাবেনা, করা যাচ্ছে না, যেখানে নতুন শহরাঞ্চল গড়ে উঠছে অথবা নতুন ইণ্ডাষ্ট্রিয়াল এরিয়া গড়ে উঠছে এই রকম জায়গায় এই টাউনসিপ পরিকল্পনা রাখা হয়েছে। আমরা লক্ষ্য করে দেখি যে এই পরিকল্পনার দ্বারা হয়ত বা সরকারের মনে এই ধারণা থাকতে পারে যে কলকাতা নগরীতে যে ঘন বসতি এবং জনবিপুলতা রয়ে গেছে তা কিছু কিছু পরিমাণে হ্রাস পাবে। কিন্তু আদৌ তা সম্ভব হবে না। আমার আরও ধারণা হচ্ছে এই যে নিকটবর্তী কোন অঞ্চলকে যদি শহরাঞ্চলে পরিণত করা হয় তাহলে গ্রামাঞ্চলের স্বার্থকে বিঘ্নিত করে তা করা হবে এবং যে অঞ্চলে তা করা হবে সেই অঞ্চলের জনবসতি বহুল পরিমাণে বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা থাকবে। আমরা লক্ষ্য করে দেখেছি যে পাবলিক একটা অঞ্চলে বাস করছে—আমি উদাহরণ স্বরূপ বলতে পারি যে আমার যে কনস্টিটিউয়েন্সিতে ডায়মণ্ডহারবার টাউন রয়েছে সেই ডায়মণ্ডহারবার টাউনকে যখন মিউনিসিপ্যালিটিতে পরিণত করার কথা বলা হয় তখন আমরা জবাব পাই যে তার জনসংখ্যা এবং অন্যান্য দিক বিবেচনা করে সেখানে মিউনিসিপ্যালিটি করার কোন সম্ভাবনা নেই। সেখানে টাউন করার স্কীম রাখা হচ্ছে সেখানে আমরা দেখছি যে একজন লোকের উপর নমিনেশান দিয়ে কাজ চালানর ব্যবস্থা থেকে গেছে। ২৪ পরগণা জেলা বোর্ড বা অন্য কোন জেলা বোর্ডের দিকে যদি আমরা লক্ষ্য করে দেখি তাহলে দেখব যে সেখানে একজন এ্যাডমিনিষ্ট্রেটর নিয়োগ করে অন্য ভাবে কাজ করা হচ্ছে। এখানে একটা পরিচয় দেওয়া হচ্ছে যে গভর্ণমেন্ট এ্যাডমিনিষ্ট্রেটর রেখে কাজ করে যাচ্ছেন। বাংলাদেশের মধ্যে বিভিন্ন অঞ্চলে যে ৮৫/৮৬টি মিউনিসিপ্যালিটি চলছে তাতে উপযুক্ত ভাবে কাজ করতে পারা যাচ্ছে না। এই অবস্থায় নতুন এরিয়ায় টাউন-সিপ দিয়ে গ্রামের জনসাধারণের স্বার্থের বিরোধিতা করে এটাকে সম্প্রসারিত করার প্রয়োজনীয়তা আছে বলে আমি মনে করিনা। সাধারণতঃ সরকার যে গ্রামরাজের কথা বলে থাকেন, গান্ধীজীর আদর্শের কথা বলে থাকেন, গ্রামের সভ্যতার কথা বলে থাকেন—সেদিকে লক্ষ্য রেখে বলতে হয় সব পণ্ড করা হবে, গ্রামের সভ্যতা, স্বার্থকে বিঘ্নিত করা হবে। গ্রামীন সভ্যতাকে, উন্নয়নকে ধ্বংস করা হবে। সেজন্য আমি মনে করি জনমত সংগ্রহ করার জন্য এটাকে সার্কুলেশানে দেওয়ার প্রয়োজন আছে।

[5-55—6-5 p. m.]

Shri Phakir Chandra Roy: Sir, I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th January, 1961.

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, এই বিলের উদ্দেশ্য সম্বন্ধে বলা হয়েছে যে শহর অঞ্চলে মিউনিসিপ্যালিটি আছে, পল্লী অঞ্চলে আছে অঞ্চল পঞ্চায়েৎ বা ইউনিয়ন বোর্ড। বর্তমান অবস্থায় দেখতে পাচ্ছি যে নানা অঞ্চলে নানাভাবে উন্নতির দিকে যাচ্ছে, নানা রকম ইণ্ডাষ্ট্রি গ্রো করছে। কোন জায়গাতে সরকার উপর থেকে চাপ দিয়ে সব সৃষ্টি করবার চেষ্টা করছেন। এই সব এলাকার জন্য একটা ব্যবস্থা করা দরকার। সেই

ব্যবস্থা এই বিল মারফৎ সরকার করতে চাচ্ছেন। এটার উদ্দেশ্য ভাল। কিন্তু যেভাবে এই বিল রচনা করা হয়েছে, তাতে মনে হয় যে উদ্দেশ্য ভাল বলেই সেই উদ্দেশ্যকে রূপ দেবার জন্য যে ব্যবস্থার কথা চিন্তা করা দরকার, তা সরকার করেন নি।

প্রথমত সরকার যে শহর সৃষ্টি করেছে সেই শহরের কথা বলি। যেমন ধরুন—Community Development Project এর আমলে যেখানে শহর সৃষ্টি হয়েছে বর্দ্ধমানে শক্তিগড়—বোলপুর টাউনশিপ, তার জন্য একজন করে Administrator নিযুক্ত হয়েছে, এই Administrator এর কি শক্তি তা তিনি জানেন না। তাঁর অধীনে একটি লোকও নাই। টাউনশিপের maintenance বা উন্নতির জন্য খরচ করবার মত একটি পয়সা ও তাঁর কাছে নাই। একজন বা কয়েকজন লোককে নমিনেট্ করে দিয়ে যদি দায়িত্ব খালাস করা হয়, তাহলে বলা যায় এর দ্বারা কাজ কিছুই হবে না।

তারপর দেখি রেলওয়ে এলাকায় টাউন কমিটি আছে, মিলিটারী এলাকায় Cantonment কমিটী আছে, রেলওয়ে এলাকায় টাউন কমিটী যে ভাবে কাজ করেন Contonment কমিটী যেভাবে efficiently তাদের এলাকায় কাজ করেন, সেখানে Administrator বা appointed body র দ্বারা যে সেইভাবে কাজকর্ম হতে পারে তা দেখিনি। অন্ততঃ আমাদের যেখানে যেখানে এই সব হয়েছে, সেখানে তার কোন পরিচয় পাইনি। দুর্গাপুরে Administrator, নিযুক্ত হয়েছে, শক্তিগড় ও বোলপুরে ও administrator নিযুক্ত হয়েছে। কাজেই এই সমস্ত দিক বিবেচনা করে বিলটিকে recast করা উচিত। যদি full fledged municipality করবার দিকে ব্যবস্থা হিসেবে এই appointed body করবার ব্যবস্থা হয়, তাহলে interim period এর জন্য আমরা কোন আপত্তি করবো না। কিন্তু ভেবে চিন্তে এটা করতে হবে। সেই ভাবনা চিন্তা এর ভেতর নাই। সেজন্য আমি অনুরোধ করবো এই বিল সম্পর্কে জনমত সংগ্রহের জন্য জনসাধারণের মধ্যে বিলটা প্রচার করা হোক্।

Shri Subodh Banerjee: Sir, I beg to move that the Bill be Circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November, 1960.

ডেপুটি স্পীকার মহাশয়, এই বিলটি যদিও Bengal Municipal (Second Amendment) বিল নয়, কিন্তু এই বিলটিতে মিউনিসিপ্যালিটির কিছু ব্যাপার আছে। কি ব্যাপারটা আছে, এর composition টা কি, সেটা Local Self-Government মন্ত্রী মহাশয়ের একটু বোঝা দরকার। গ্রামাঞ্চলে apply করে পঞ্চায়েৎ এ্যাক্ট, আর শহরে apply করে বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট। পঞ্চায়েৎ এ্যাক্ট এইজন্য বললাম, কোথাও কোথাও ইউনিয়নবোর্ড গুলি আছে, সেটা আমি বাদ দিচ্ছি। কারণ that is in the process of being abolished. যেখানে পঞ্চায়েৎ এ্যাক্ট চালু হচ্ছে সেখান থেকে ইউনিয়ন বোর্ডগুলি উঠে যাচ্ছে। তাহলে মোটামুটি দেখছি গ্রামের জন্য পঞ্চায়েৎ এ্যাক্ট রেখেছেন এবং শহরের জন্য মিউনিসিপ্যাল এ্যাক্ট রয়েছে। এবং এটার নাম হল বেঙ্গল মিউনিসিপ্যাল (এ্যামেণ্ডমেণ্ট) এ্যাক্ট। অর্থাৎ এর উদ্দেশ্য হল মিউনিসিপ্যালিটি establish করা হবে new area তে। এ-ছাড়া আর কিছু হতে পারে না। এই হল এর বক্তব্য। তাহলে বিলে করা উচিত ছিল for the specific areas. এটা একেবারে inconsistency and incongruity. আপনি যদি মনে করেন এই সমস্ত এলাকায় মিউনিসিপ্যালিটি আনবো, তাহলে মিউনিসিপ্যালিটি সেখানে স্থাপন করুন; আর আপনি যদি মনে করেন এই সমস্ত এলাকায় মিউনিসিপ্যালিটি না করে, পঞ্চায়েৎ এ্যাক্ট apply করবো, তাহলে তাই করুন। সুতরাং আপনি যদি মনে করেন কোথাও মিউনিসিপ্যালিটি এ্যাক্টের পরিবর্ত্তে

পঞ্চায়েৎ এ্যাক্ট করবেন, some thing new, তাহলে frame up a new Bill for that, এতে ত তা হবেনা। কিন্তু তা হল না, আপনি একটা জোড়াতালি দিয়ে বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্টে একটা chapter add করে দিলেন। এটা কি হল? সুতরাং principle হিসাবে এটা একটা amendment which is inconsistent with the objects and reasons of the Bengal Municipal Act. বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্টটা একটু দেখুন, তার preamble এর মাথার উপর কি লেখা আছে। তার object এ দেওয়া আছে to set up municipalities. আর সেই মিউনিসিপ্যাল এ্যাক্টের মাঝখানে ঢুকিয়ে দিচ্ছেন town কমিটি set up হবে। সুতরাং these provisions হচ্ছে throughly inconsistent with the provisions of the Municipal Act এবং objects and resons of the Bengal Municipal Act. সুতরাং এটা খাটেনা এবং আইনগত কতখানি সিদ্ধ, তাতে আমার যথেষ্ট সন্দেহ আছে। আপনার যা খুসী তাই এই Bengal Municipal Act এর মধ্যে ঢুকিয়ে দেবেন, তা কখনও শোভন হয়না। এখন যদি বলেন ছাগল, ঘোড়া বিক্রয় আইন এর মধ্যে ঢুকিয়ে দিলাম, সেটা কখনই preamble এর সঙ্গে fit in করবে না। এটাও ঠিক তাই হয়েছে। একটা নূতন জিনিষ এই municipality আইনের মধ্যে ঢুকিয়ে দিলেন। সুতরাং that is No I. inconsistency কিন্তু তার ফল হল কি? হয় স্বর্গে যান, না হয় নরকে যান। তাতে আমাদের আপত্তি নেই। কিন্তু ত্রিশঙ্কুরের মত মাঝামাঝি থাকবেন কেন? এই রকম থাকলে যা অবস্থা হয়, এও তাই হয়েছে। শহরের মিউনিসিপ্যালিটিগুলিতে adult franchise নেই, কিন্তু পঞ্চায়েতে adult franchise আছে। পঞ্চায়েতে Commissioner's elections আছে, পঞ্চায়েতে adult franchise আছে এবং election এর ব্যবস্থা আছে। Municipality তে adult franchise নেই, সেখানে restricted franchise. Adult Franchise এর উপর ভিত্তি করে election হয়না। None-the-less in both the places election is there. Elected representativeরা সেখানে যান। সুতরাং the Body is formed through election. আর এখানে এটা হল কি? Adult Franchise নয়, restricted franchise এবং nominated by the Government কি অপরাধ করলো এই এরিয়ার লোকগুলি; যার জন্য সেখানকার জনসাধারণরা তাদের elect করতে পারবেন না? আপনারা গ্রামের বেলায় adult franchise দিচ্ছেন আর শহরের বেলায় restricted franchise দিলেন; আর এখানে কোন franchis ই দিলেন না। গভর্ণমেন্ট যাকে মনে করবেন সব জনই হোক বা একজনই হোক, উপর থেকে চাপিয়ে দিলেন; and this will continue for ever. That is the whole tragedy. এখানে যেটা সবচেয়ে বেশী দরকার, সেটা না করার কারণটা মাননীয় মন্ত্রীমহাশয় তাঁর বিপ্লায় যেন আমাদের বোঝান। এর জবাবটা তাঁকে দিতেই হবে। ডেপুটি স্পীকার মহাশয়, আপনি এখানে একটা অদ্ভুত জিনিষ দেখুন। এ সম্বন্ধে মন্ত্রীমহাশয় এর যুক্তিটা কি হয়, সেটা বলবেন।

এই পঞ্চায়েৎ এ্যাক্ট ধরুন। First পঞ্চায়েত Act এ গ্রাম বা অঞ্চল পঞ্চায়েৎ এ সরকার nominate করে করেন, সেটা আমি on principle মেনে নিলাম। কিন্তু exigency যেখানে, প্রয়োজন হলে পর ভোটার লিষ্ট কারা তৈরী করবে? Pragmatic দিকগুলি করার জন্য একটা body set up করে দিলাম, হয়ত বলবেন।

6-5—6-15 p. m.]

কিন্তু কখনো tenure of service একটা bodyর চিরকাল হতে পারেনা। Nominated body, appointed body কোথাও চিরকাল থাকবে এমন হতে পারে না।

যেমন Bengal Municipal Act করে দিলেন, প্রথমাবস্থায় একটা body appoint করে দিতে পারেন, যেমন পঞ্চায়েত Actএ দুবছর পরে আরও এক বছর extend করতে পারেন, সেই রকম provision for a temporary period can set up, appoint some members for the purpose. পঞ্চায়েত Act এর ক্ষেত্রেও সেরকম আছে কিন্তু Bengal Municipal Act এবং Panchayat Act এই দুইটি Act এ চিরকাল appointed body চালিয়ে দেবেন অর্থাৎ একবার appoint করে দিলে চিরকাল চলবে এরকম Provision হতে পারেনা। সরকার একজন লোককে appoint করে দিতে পারেন কিংবা একটা committee consisting of members from 5 maximum 9 করে দিতে পারেন কিন্তু tenure of service unlimited হতে পারেনা। যতদিন না মরেছে বা otherwise disqualified হচ্ছে ততদিন কমিটির member হয়ে থাকবে what is this? কিসের জন্য এই discrimination, কিসের জন্য এই special consideration সে সম্বন্ধে মাননীয় মন্ত্রীমহাশয় সন্তুষ্ট করতে পারেন নি। বলার আপনার উদ্দেশ্য কি যদি এই উদ্দেশ্য থাকে যে এই জায়গাগুলি Municipality নিয়ে যাবে তাহলে তা বলে দিতে পারেন, for a certain period বলে দিতে পারেন। যদি এই উদ্দেশ্য হয় যে Local Bodiesকে কোন ক্ষমতা, power tower দেবনা, Local Self Govt. ই সমস্ত সরাসরি appoint করে দেবে—সেটা আলাদা কথা। হয়ত এখনি জালান সাহেব বলবেন Election করলে কত ঝামেলা, দেখুন না দমদম, ভাটপাড়া Municipalityতে গণ্ডগোল চলছে, tax collection করেনা সুতরাং Election এর পথে যাবনা—তাহলে তো ডেপুটী স্পীকার মহাশয় এই Houseকেও একটা permanent কিছু করে দেওয়া দরকার। মন্ত্রীমণ্ডলীও সেখানে হবে permanet আর জালান সাহেবও হবেন permanent মন্ত্রী কিংবা যদি মনে করেন Hou e permanent হবে কিন্তু এখানে যে লড়াই মাঝে মাঝে হয় সেটা তরজা গাওয়া ছাড়া বেশী কিছু opposition থেকে করছেন না তাহলে আমি বলবো এরকম মনে করা অন্যায়। Parliamentary form of Democracy তা নয়। Election করলে corruption হয় এ কথা শুনলে ডেপুটী স্পীকার মহাশয় আশ্চর্য্য লাগে। হয়ত বলবেন Secondary Education Board এর ক্ষেত্রে এরকম ঘটেছে। আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের argument গুলি apprehend করেই বলছি। এসব যুক্তি মুখ্যমন্ত্রী থেকে আরম্ভ করে সব মন্ত্রীমহাশয়ই দিয়েছেন। মুখ্যমন্ত্রী মহাশয়ও বললেন Secondary Education Board এ corruption চলেছে—কি corruption? তাদের সময় question paper বার হয়ে গেছল। সেজন্য আপনারা Administrator বসিয়ে দিলেন। তাদের সময় হয়েছিল একবার আর এবেলা তিন তিনবার question out হয়ে গেল। শুধু out নয় বিদ্যার্থীমণ্ডল থেকে ১০।১৫।২০।২৫ টাকায় question বিক্রী করা হল, Election করলে যদি corruption হয় তাহলে Govt, হল is full of corruption. তাহলে তো এই Govt. কে উঠিয়ে দিয়ে supersede করিয়ে permanent Military dictatorship চালাতে হবে। এরকম মনে করার কোন যুক্তি নাই সুতরাং Election বাদ দেবারও দরকার নাই।

বরং যেগুলি দরকার, people যাতে politics এ actively participate করতে পারে এবং যা করলে corrupt practices দূর হবে, সেটা করবেন না। যতদিন এই restricted franchise ও না থাকবে ততদিন corruption এর possibility থাকবে। তাই বলছি এগুলি করেন না কেন, যেগুলি মোটেই নেই এর মধ্যে। অদ্ভুত জিনিষ—এটা কি হচ্ছে? সরকার ইচ্ছা করলে যা খুসী তাই করবেন। এমনও হতে পারে যে আপনারা যাকে বসিয়ে দেবেন সে citizen of India নাও হতে পারে। এখানে কোন disqualification, qualification এর প্রশ্ন নেই। অবশ্য মন্ত্রীমহাশয় আমার জবাব দেবার চেষ্টা করবেন এই বলে যে, প্রয়োজন বোধ করলে Bengal Municipal Act

এর দ্বারা গেজেট করে order জারী করবেন। প্রয়োজন যখন হবে তখন certain provisions of the Bengal Municipal Act এর মধ্যে ঢুকিয়ে দেবেন। এই hush-hush policy কেন, এত ঢাক ঢাক গুড় গুড় কেন? স্পষ্ট করে বিলে বলুন যে election হবে, কি না হবে? এবং member-দের qualification এর মধ্যে থাকা দরকার অন্যান্য সদস্যরা যে কথা বলেছেন আমি সেকথার মধ্যে যাচ্ছিনা। Municipality হলে আপনাদের ক্ষতি হবে, কারণ Municipality করলেই peoples' participation হবে, peoples' voice থাকবে এবং restricted franchise ও খানিকটা থাকবে। সেই জন্য এই রকম একটা করে দিয়ে total জিনিষটাকে নিজেদের controlএ রাখতে চাচ্ছেন। এবং আপনাদের দ্বারা ditto করবে, সেই রকম dittoওয়ালা stamped মার্কা body আপনারা তৈরী করার চেষ্টা করছেন। সেই জন্য আমি এটা oppose করছি।

Shri Mihirlal Chatterjee: Sir, এই বিলের উপর general discussion দীর্ঘ সময় ধরে হয়েছে এবং অনেক সদস্য নানাদিক দিয়ে এই বিলের উপর আলোকপাত করেছেন। আমি সকলের কথা শোনার পর এই অনুভব করি যে, যে উদ্দেশ্য নিয়ে এই বিল আনা হয়েছে সেটা সম্পূর্ণ নিষ্প্রয়োজন, অবাস্তব এবং অপ্রাসঙ্গিক। আমি অপ্রাসঙ্গিক বলছি কারণ Bengal Municipal Act amend করবার জন্য মন্ত্রী মহাশয় এই বিল এনেছেন। যদি তিনি নতুন Municipality গঠন করবার জন্য কিংবা notified areaর উন্নতি হলে অবিলম্বে তাহা Municipality বলে গণ্য হবে— এই রকম উদ্দেশ্য নিয়ে যদি এই বিল আনতেন তাহলে নিশ্চয়ই বিলের statement of objects and Reasonsএ তা বলা থাকতো যে এই Act-এর দ্বারা এই জিনিষ করতে চাই। কিন্তু বিলটির কোথাও এ কথা লেখা নেই। যে, notified areaগুলিকে municipality করা হবে কিম্বা কালক্রমে municibalityর পর্য্যায়ে উন্নত করা হবে। যদি town-shipগুলি পরিণামে municipality না হয়, সেই উন্নতির সম্ভাবনা যদি না থাকে এবং মন্ত্রীমহাশয় সেদিক দিয়ে যদি কোন আশ্বাস দিতে না পারেন তাহলে town authority গঠন করবার জন্য, notified area কতকগুলি গঠন করবার জন্য, এই Bengal Municipal Act এর সংশোধনের প্রয়োজন কি? Municipal Act এর প্রয়োজন municipal areaর জন্য। Notified area ঠিক ঠিক ভাবে municipal area নয়। যেভাবে notified areaর ব্যবস্থা সরকার করতে চাচ্ছেন, সেই কাজ করার জন্য আলাদা আইন রচনা হওয়া উচিত—Bengal Notified Areas Bill এবং তার উপর আমরা তার ভালমন্দ বিচার করে রায় দেবো। কিন্তু Bengal Municipal Act সংশোধন করার কি প্রয়োজন আছে যদি শুধু notified areaর ব্যবস্থার জন্য এই বিল আনা হয়ে থাকে।

[6-15—6-25 p, m.]

কাজেই আমি এই বিলটি অসংগত বলে মনে করি, সেইজন্য আমি বিলের সম্পূর্ণ বিরোধিতা করতে চাই। জালান সাহেব একটা কথা বলেছেন বাংলাদেশে অনেক নতুন নতুন newly developing towns হচ্ছে। একথা সত্য যে, যে সমস্ত newly developing towns হচ্ছে সেখানকার জনগণ হয়তো মিউনিসিপ্যালিটির অন্তর্ভুক্ত হতে চায়,—সেই সকল স্থানে মিউনিসিপ্যালিটি হোক এটাই তাঁরা চান। যেমন, দুর্গাপুরের কথা বিমল বাবু বলেছেন। তাঁরা মিউনিসিপ্যালিটি চান। আমি যে জেলায় বসবাস করি সেই জেলায় কতগুলি এলেকা developing area,—সাঁইথিয়া, নলহাটী, দুবরাজপুর। সব অঞ্চলের লোকসংখ্যা অনেক বেড়ে গিয়েছে। এই সমস্ত জায়গায় কিছু কিছু লোক হয়তো চায় মিউনিসিপ্যালিটি। কিন্তু মন্ত্রী মহাশয় সেগুলিকে মিউনিসিপ্যালিটি করবেন না, সেগুলিকে notified area করবেন—people want to have bread, you give

them stone। শহরের লোক অঞ্চল পঞ্চায়েতে থাকতে চায় না, অঞ্চল পঞ্চায়েৎ যারা নাগরিক সুবিধা বিধান শক্ত। দুর্গাপুরের মত জায়গা কি অঞ্চল পঞ্চায়েতের মাধ্যমে পরিচালনা করা যায় না? আমি বুঝি এইরকম কতগুলি বড় বড় জায়গায় হয়তো মিউনিসিপ্যালিটি করতে হবে। তা যদি করবার মতলব থাকে, Municipal Act এ সেই power সরকারকে দেওয়া হয়েছে। Municipal Act এ ষোল আনা power আপনার আছে। Bengal municipal Act এ কোন অসুবিধা নাই। কিন্তু সেই authority থাকা সত্বেও আবার township authority create করবার জন্য কেন Municipal Act সংশোধন করতে চান? আপনি নতুন বিল নিয়ে আসুন। তা না করা আপনার পক্ষে অশোভন। আপনি আইনজ্ঞ লোক। আরেকটা কথা আপনাকে বলতে চাই, দিনের পর দিন একটা notified area চালিয়ে যেতে চান nominated member দিয়ে? দুই বৎসর পারেন, তার বেশী পারেন না আপনি। আপনারা local bodyর যথা, District Board এবং Chairman nominate করতে পারে মাত্র এক বৎসরের জন্য। আমি যে জেলায় বাস করি সেই জেলায় একই ব্যক্তিকে বৎসরের পর বৎসর District Board এর nominated chairman করে রেখে দিয়েছেন। আইনে বলছে আপনারা এক বৎসরের জন্য appoint করতে পারেন, কিন্তু তাঁকে 1952 থেকে 1960 অবধি সমানে chairman করে রেখে দিয়েছেন। আপনার হাতে কেন লোকে ছেড়ে দেবে nomination authority? nomination এবং authority নিয়ে আপনারা বাংলাদেশের যেখানে ইচ্ছা সেখানে township create করে কাজ চালিয়ে যাবেন—তা শোভন হবে না, গৌরবজনকও হবে না। আপনি জানেন আমাদের Upper House এর একটা local bodies constituency আছে municipalityর commissioners এবং district board member-রা তাদের প্রতিনিধি elect করে পাঠান। কিন্তু nominated peoples হলেও তাঁরা council election এ ভোট দিতে পারেন নির্বাচিত সদস্যদের মতই। আমি বলব এটা আমাদের constitution এর গলদ। Nominated members of district boards should have no right to vote আপনি যা করতে যাচ্ছেন তাতে আপনি বাংলাদেশে আপনার প্রয়োজন অনুযায়ী কতগুলি nominated members of the local body সৃষ্টি করবেন। বাংলাদেশে এরকম কতগুলি notified area করবেন যাতে সেগুলিতে কংগ্রেসের লোকেরই সংখ্যাধিক্য হয়—তাঁরা nominated মানুষ—আর তাঁরা বাংলাদেশের Upper House এর নির্বাচনে ভোটাধিকার পাবেন। আপনি এরকম বিসদৃশ কাজ করবেন না। Municipal Act-এ যথেষ্ট ক্ষমতা আপনাকে দেওয়া হয়েছে; newly developing areaতে, আপনি municipality করতে পারেন। আপনি যদি আমার কথা না শোনেন তাহলে বলব nominated যে body করবার কল্পনা করছেন তার পরমায়ু যেন কখনো ২ বৎসরের বেশী না হয় for two years only and never more than two years. এটা যদি করতে পারেন তাহলে মনে করব আপনার অভিসন্ধি সৎ তা নাহলে আমাদের মনে নানারকম সন্দেহ থেকে যাবে।

The Hon'ble Iswar Das Jalan: Sir, I have heard the arguments advanced by the honourable members in the Opposition. I need not enter into those discussions which have no relevancy to this Bill. One of the suggestions was that it has got nothing to do with municipalities and therefore why should this Bill form a part of the Bengal Municipal Act? I think this is based on certain misapprehension. As a matter of fact, the provisions regarding notified areas are to be found in every Municipal Act in those States in which the notified areas are involved, for instance, Bihar and Orissa, Punjab,

Bombay, Central Provinces and U. P. Even New Delhi was a notified area until it was merged in the Delhi Corporation.

Next you will find that most of the powers which are to be given to the notified area Committee will be those which are contained in the Bengal Municipl Act and we have mentioned in 93B—The State Government may, by order to be published in the Official Gazette, extend to a notified area with such incidental or consequential modifications as the State Government may consider necessary for giving effect to the provisions of this Chapter—any provisions of this Act which applies to a municipality. Where we go beyond this, certain powers may have to be given to the notified area which are not even contained in the Bengal Municipal Act but which are necessary for the purpose of developing the area and therefore we have provided in 93I—The State Government may by order vest the notified area Authority with such powers and duties exercisable by any other authority within the whole or any part of the notified area under any local or special law as the State Government thinks fit. So far as the towns are concerned, there is no difficulty about the application of the Municipal Act. Different kinds of new towns are not growing up. For instance, the Durgapur area which is practically an industrial area in which there are very large factories held by the Government, whether Central or the State, and the whole of the town is developing because it is now being converted into an industrial field. Similary, there are other areas where small towns are growing up and it may be necessary to provide it with a civic body in order to provide the necessary amenities which are necessary and suitable for the nature of the town which is developing.

[6-25—6-35 p. m.]

Therefore we have mentioned in our Act that it will apply firstly to any area which does not fulfil the conditions for being constituted a municipality or any area which is comprised in a newly developing town or any area in which new industries have been or are being established. What we want is that there should be an ordered growth of a new town and that it should not develop in a haphazard fashion so that in course of time it may not create slums and may not create bigger problems with which we are faced in the existing towns at present. Therefore, some short of a civic body with some powers which are suitable to the locality for which the civic body has been constituted is necessary and a certain amount of flexibility is also necessary in the powers and duties of such a body. Therefore every State practically has provided for notified areas in their Municipal Bills because primarily it is a civic body invested with the powers which are ordinarily vested in a municipal body with such modifications and restrictions as may be suitable to the occasion or suitable to the nature of the towns which are developing. That is the main purpose of the Act. At present what is happening is that the towns are developing in a very haphazard fashion without any restriction whatsover as to how the towns should be developed and once the towns are developed, it is very costly and rather impossible to improve the towns as we find from our experience in the city of Calcutta or in the town of Howrah, and therefore a special kind of body has to be constituted to suit the purposes of such towns and such areas. That is the reason why in many of the Municipal Acts the provisions for notified areas have found place, and I may

inform the House that in Bihar there are about 29 notified areas, in U. P. there are about 30 notified areas and there are notified areas in practically every State, and as I have stated that even the New Delhi area was a notified area Committee until it was merged in the Corporation of Delhi. You will find that in most of the Acts the appointment is by nomination, for instance, the Punjab Act, the Bomby Act or the Bihar Act, and it is always a small body. In the United provinces the authotity is to be a committee of three or more persons as may be decided by the State Government and in the Punjab they have appointed a committee even of one as it has been provided in this Act. But I am going to delete that provision of one because a committee is better than one person being invested with the powers. According to the Punjab Act the State Government may eppoint a committee of one or more persons, according to the Bombay Act the State Government may appoint a person or a committee. Therefore these provisions are found in those Acts. But my purpose will be served if I do not vest these powers in one person. Rather the powers may be vested in a committee of five and not more than nine. What we want is a small body of action, not of talks and you will find that the larger the body the larger is the amount of talks indulged in instead of action being taken and that cannot be allowed in a growing town which if developed and if no action is taken in time will produce a very very big problem for the administration later on. Therefore a small body has to be provided and that body should be an active body and a body which can take decisive action and that as quickly as possible.

With regard to the nomination question, certain objection have been raised.

I know that whenever there is a question of nomination there is always an objection. But our dificulty is that there are circumstances in which nomination is necessary, and there are circumstances in which election on more or less wide scale is necessary. We have provided under the Panchayat Act for the widest possible franchise because so far as the rural area is concerned we are vesting the entire development of the local area in the hands of the Gram Panchayats and other Panchayats which may be fromed on a higher plane. There, we are vesting them with agriculture, with industry, with education, with practically the entire life of the rural area. But that cannot be done in connection with a town. That is not done under the Bengal Municipal Act, nor under other Acts, because the problems are more complex there and a different type from the problems of the rural area. Therefore, you cannot say that it is not the desire of the Government to do all these things. We think, and I do feel that wherever circumstances justisy there should be a small board and it should be a nominated board. It does not offend against the principles of democracy when the entire Government is based upon democracy. There are certain things which can be done by an officer. There are certain things which can be well done by nominated persons, and there are other things which can be done by elected bodies.

One honourable member has asked "why don't you establish a municiplity", A municipality has got certain difficulties and limitation, aud the area for which these bodies are constituted may not be suitable for that purpose. Many of the questions have been raised with regard to educational institutions and several other things which may not be possible to provided in a municipal area but which are

necessary to be provide in a notified area, and therefore, there must be these bodies on a different plane in which different things can be done according to the suitability of the area, according to the purpose for which the area is constituted. Even under the Bengal Municipal Act we know that the first body was a nominated body and that may be extended up to 4 years. Therefore, if we have this body as a nominated body I should not think there should be any harm of objection provided this body can effectively do the work which is entrusted to it.

The nevt question is about the indefininiteness. There is no doubt that there is no definite time as to how the area is to be developed. No Government in this world can always remain in the static condition, much less a Government of the present day, and the idia is that ultimately all these areas will be converted into a municipality and that area will then enjoy all the facilities, franchise and everything that a municipal body will enjoy. But you must admit that you cannot convert an area like Durgapur into a Panchayat, nor into a municipality at present, because there are so many industries of the Government established therein, and according to a recent judgment of the Suprem Court the State Government's properties have been declared not to be liable for taxation by a municipal body. Therefore, this town will require all the assistance from the Gorernment, Central as well as the State, and it must be put on a different footing from the footing on which municipalities are formed, because you cannot treat one municipality in one particular way and another municipality in another way. These notified areas have to be dealt with in a special way in order to suit the purpose for which it is meant. That is the reason why these notified areas are constituted as an effective instrument. They are nominated so that there may not be squabbles about it.

One of the members has said that we shall appoint only Congressmen. At present also we have nominated men in the municipalities and we have also nominated members who are not Congressmen. We must remember that we must not convert the body into a talking body. We have got our nominated members in the Calcutta Improvement Trust. We have got persons who are nominated by the Calcutta Corporation on it. It is a small body of 11, and my friends will agree that this is a more effective instrument for carrying out the purpose for which it has been constituted.

I think, Sir, with these words my frinds will be disarmed from their predilections, their difficulties, their misapprehension in their minds. Government had proceeded on with this Bill with the purest of motive and in order to suit the areas for which it is made.

With these words, Sir, I commend my motion for acceptance of the House.

[6-35—6-45 p. m.]

The motion of Dr. Pabitra Mohan Roy that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and a division taken with the following result :—

NOES—86

Badiruddin Ahmed, Hazi
Banerjee, Shrimati Maya
Banerjee, Shri Profulla Nath
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Shri Abani Kumar
Basu, Shri Satindra Nath
Bhattacharyya, Shri Syamadas
Blanche, Shri C. L.

Bose, Dr. Maitreyee
Chakravarty, Shri Bhabataran
Chatterjee, Dr. Binoy Kumar
Chattopadhya, Dr. Satyendra Prasanna
Chaudhuri, Shri Tarapada
Das, Dr. Kanailal
Das, Shri Khagendra Nath
Das, Shri Mahatab Chand
Das, Shri Radha Nath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Shri Haridas
Dey, Shri Kanailal
Digpati, Shri Panchanan
Dolui, Dr. Harendra Nath
Dutta, Shrimati Sudharani
Gayen, Shri Brindaban
Ghatak, Shri Shib Das
Ghosh, The Hon'ble Tarun Kanti
Golam Soleman, Shri
Gupta, Shri Nikunja Behari
Gurung, Shri Narbahadur
Haldar, Shri Kuber Chand
Hasda, Shri Lakshan Chandra
Hazra, Shri Parbati
Hoare, Shrimati Anima
Jalan, The Hon'ble Iswar Das
Jehangir Kabir, Shri
Kazam Ali Meerza, Shri Syed
Khan, Shrimati Anjali
Kolay, Shri Jagannath
Kundu, Shrimati Abhalata
Lutfal Hoque, Shri
Mahata, Shri Surendra Nath
Mahato, Shri Bhim Chandra
Mahato, Shri Sagar Chandra
Maiti, Shri Subodh Chandra
Majumder, Shri Jagannath
Misra, Shri Sowrindra Mohan
Mohammad Giasuddin, Shri
Mondal, Shri Sishuram
Muhammad Ishaque, Shri
Mukharji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
The Hon'ble Purabi Mukhopadhyay : Sir, I rise on a point of privilege. Yesterday, on your ruling Mr. Basu referred to a rule under which to a private member could be put any question but that must be relating to the business of the House. In this case Mr. Majumdar did not do this as a member of the House, nor did he address an open meeting. He only addressed a secret meeting. And he was given an opportunity to defend himself with your ruling. I only want to point out that the adjournment motion was already disposed of—it was finally decided by you—it was disallowed. After that this cannot be stretched further. Therefore we submit that your ruling should be reconsidered.

Shri Subodh Banerjee : Sir, point of privilege does not mean the right of any member to speak here. What is the point of privilege in her statement, I do not understand. There is nothing peculiar or specific in her statement. She may rise on a point of order.

The Hon'ble Purabi Mukhopadhyay : I was on a point of privilege.

Shri Subodh Banerjee : There cannot be any point of privilege on this.

Dr. Hirendra Kumar Chattopadhyay : She has got a point which has got position but no magnitude.

Dr. Jnanendra Nath Majumdar : Mr. Speaker, if you.......

Shri Sankardas Bandyopadhyay : Sir, is Dr. Majumdar going to deal with rule 31(2) ?

Dr. Jnanendra Nath Majumdar : I am on a point of clarification.

Mr. Speaker : Dr. Majumdar, I tell you, I won't say anything today ; as I have said, I shall reconsider the whole matter. I shall do it from beginning to end and consider the statements of both sides.

Dr. Jnanendra Nath Majumdar : Sir, this will give a sort of opportunity for reconsideration of ruling of the Speaker for all time. A ruling has been given by the Speaker already. Can we all raise such questions in future ? I hope Sir, you will give us that privilege.

Mr. Speaker : I may give one ruling Subsequently I may change it.

Shri Jatindra Chandra Chakravorty : স্যার, এটা একটা ইনসপিরেশানের ব্যাপার। শ্রীশঙ্করদাস ব্যানার্জি কি সোর্স থেকে এই পয়েন্ট তুলেছেন সেটা আমি জানি। আমি জানি যে ইনসপায়ার্ড হয়েছেন। এখন আমার বক্তব্য হচ্ছে যে আপনার রুলিং দেবার আগে ওঁদের কথা যেমন আপনি শুনেছেন তেমনি জ্যোতিবাবুকেও আপনার চেম্বারে ডেকে আপনি আলাপ করবেন।

Mr. Speaker : কি করতে হবে সেটা আপনাকে বলতে হবে না।

Shri Jatindra Chandra Chakravorty : আমি জানি যে উনি ইন্সপায়ার্ড হ এখানে এসে বক্তৃতা দিলেন। So do you want me to tell it before the House.

Shri Sankardas Bandopadhyay : I do not know what is meant by personal reflection against me by saying that it was inspired. There must be inspiration before you talk at all. Without inspiration it is absurd.

Shri Jatindra Chandra Chakravorty : Is it not a fact যে রিসেসের সময় আপনার ঘরে বসে এ জিনিষটা হয়েছে ?

Shri Sankardas Bandopadhyay : Yes, I had been to see you. I have the right to see you.

Shri Jatindra Chandra Chakravorty : স্যার, একটা কন্‌সপিরেসি আপনার ঘরে বসে হয়েছে এবং তারপর এই জিনিষটা হ্যাচট্ আউট হয়েছে। আমার বক্তব্য যে জিনিষটা হবে সেটা প্লেনলি, ক্লিয়ারলি, ডাইরেক্টলি হোক। কারণ এই যে পয়েন্ট এখানে উঠেছে এই পয়েন্টে আমরা সবাই কনসার্নড এবং ভবিষ্যতে আমাদের এইরকম করতে হবে। সুতরাং a conspiracy has been hatched during the recess in the room of the Speaker.

Shri Jyoti Basu : আমি জানি না যে আপনি ওঁর কথাগুলো শুনতে পেয়েছেন কিনা ? কিন্তু আমরা যা শুনলাম এটা একটা সিরিয়াস্ অ্যালিগেশান্ আপনার বিরুদ্ধে হল। অর্থাৎ আপনার ঘরে বসে রিসেসের সময় এইরকম একটা আলোচনা—এটা আমার কল্পনার বাহিরে—হওয়ার পর শ্রীশংকরদাস ব্যানার্জি ওখান থেকে এইসব পয়েন্ট তুললেন। সুতরাং এরপর আপনার রুলিং-এর মূল্য কি আছে ? এছাড়া এটা একটা প্রেষ্টিজের প্রশ্ন।

Mr. Speaker : Wait for my ruling.

Shri Jatindra Chandra Chakraborty : এটা কোন এ্যাপ্রোচের ব্যাপার নয়, কারণ আমি জানি যে আপনার ঘরে বসে এইরকম একটা কন্‌ফারেন্স হয়েছে।

Mr. Speaker : What do you mean by conference ?

Shri Jyoti Basu : এটা একটা গুরুতর ব্যাপার, একে এইভাবে এড়িয়ে গেলে হবে না—আমরা এর জবাব চাই।

Mr. Speaker : আমি পরে এর উত্তর দেব।

Shri Bijoy Singh Nahar : স্যার, মাননীয় সদস্য শ্রীযতীনবাবু যা বললেন সেটা একটা serious aspersion on the Speaker, on the privilege of the House.

Shri Subodh Banerjee : এটা কোন প্রিভিলেজের প্রশ্ন নয়।

Shri Bijoy Singh Nahar : আমি জানি যে আপনি খুব আইন বোঝেন, কিন্তু তার আগে আমার কথাটা শুনুন। আমার কথা হচ্ছে যে স্পীকারের উপর যদি কোন অ্যাসপার্সান হয় তাহলে সমস্ত হাউসের উপরেই অ্যাসপার্সান হয়েছে বলে আমি মনে করি। উনি বলতে চাচ্ছেন এবং জ্যোতিবাবু গ্রামোফোন হয়ে ঐ এক কথাই বললেন যে স্পীকারের সংগে কন্‌সপিরেসি করে শ্রীশংকরদাস ব্যানার্জি এখানে এই প্রশ্ন তুলেছেন।

Shri Jatindra Chandra Chakraborty : আমি যা বলেছি ঠিকই বলেছি।

Shri Bijoy Singh Nahar : আমার বক্তব্য হচ্ছে যে এটার একটা ধরো এন্‌কোয়ারী হোক্ যাতে স্পীকারের বিরুদ্ধে কোন সদস্য যেন এইরকম কোন কথা না বলতে পারেন। এটা একটা প্রেষ্টিজের প্রশ্ন। যদি কোন সদস্য না হয় তাহলে যার যা ইচ্ছা সে তাই বলে যাবেন। এটা বন্ধ হওয়া উচিত।

Shri Jatindra Chandra Chakraborty : I agree to the enquiries into what I said. আমি কোন য্যাসপার্সান করছি না। আমি বলেছি যে আপনার ঘরে বসে কয়েকজন লোক—নামও জানি—আপনার সংগে আলোচনা করে এসে তারপর শ্রীশংকরদাস ব্যানার্জির মারফৎ এখানে এই প্রশ্ন তুলেছেন। আমার বক্তব্য হচ্ছে যে আপনি এতবড় একটা important রুলিং দিয়েছেন—যেটা unpresented in the House—সেটা সম্পর্কে আপনি হঠাৎ রিসেসের পর এসে বললেন যে আপনার পূর্বের রুলিংটা রি-কন্‌সিডার করে ৩ দিন পরে একটা রুলিং দেবেন। এখানেই আমি প্রোটেষ্ট করছি। আমরা জানি যে রি-কন্‌সিডারেশানটা কিভাবে হয়েছে। সেজন্য আমার বক্তব্য যে আপনার চেম্বারে আপনি যেমন শংকরদাস ব্যানার্জির কথা শুনেছেন, তেমনি আপনার রুলিং দেবার আগে আপনি জ্যোতিবাবুর কথাও শুনুন এবং তা শুনে বিবেচনা করে, তারপর আপনার রুলিং দেবেন। কারণ এটা একটা ভবিষ্যতের গুরুত্বপূর্ণ ব্যাপার।

[5-50—6 p.m.]

Shri Sankardas Bandyopadhyay : I refrain from going into the merits of the matter. I said "this is a thing which is likely to recur in future.' It is an important point. Shri Jyoti Basu himself said, it is a matter of great importance', and having regard to it will you kindly reconsider" ? Shri Jyoti Basu said I want to know the reasons, Mr. Banerjee' It was a legitimate request and I answered it. I do not think other questions arise. It is nothing but a point of law ; it is not a question of inspired move.

Hungerstrike at Rupasree and Coopers Camps.

Shri Suhrid Mullick Chowdhury : মিঃ স্পীকার, স্যার, আমি একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমি ২১ তারিখে এখানে একটা এ্যাড্‌-জোর্নমেণ্ট মোশান দিয়েছিলাম, আপনি অনুগ্রহ করে সেটা রিফিউজ করেছিলেন। আমার এ্যাড্‌জোর্নমেণ্ট মোশানটা ছিল যে রূপশ্রী ক্যাম্প এবং কুপার্স ক্যাম্পের কয়েকজন উদ্বাস্তু ৮টা দাবীর উপর অনশন সত্যাগ্রহ করছে। এইমাত্র একটা টেলিগ্রাম এসেছে, সেই টেলিগ্রামে বলা হচ্ছে—Hunger strike at Coopers and Rupasree continuing since 21st, Charu Bala Mazumdar's condition alarming. Pulse beat 40, please intervene. আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট যিনি মন্ত্রী আছেন তাঁর দৃষ্টি এর প্রতি আকৃষ্ট করছি—দয়া করে মানবতার দিকে তাকিয়ে যদি কিছু একটা ব্যবস্থা করেন তাহলে কয়েকটা লাইফ সেভ করা যায়।

Point of Privilege

Shri Bijoy Singh Nahar : স্যার, যে কথাটা আমি আগে তুলেছিলাম—মাননীয় সদস্য শ্রীযতীন চক্রবর্ত্তী মহাশয় চেয়ারের উপর, স্পীকারের উপর এ্যাস্‌পার্সান্‌ করে যে কথাগুলি বলে ছিলেন সেগুলি তিনি উইথড্র করেননি। এসম্বন্ধে হয় কিছু একটা ব্যবস্থা করা হোক না হয় এটাকে প্রিভিলেজ কমিটিতে পাঠান হোক্ ডিসিসানের জন্য।

Shri Jatindra Chandra Chakraborty : স্যার, মাননীয় বিজয় সিং নাহার মহাশয় প্রিভিলেজ মোশান্ প্রিভিলেজ কমিটিতে পাঠাতে হলে কোন্ কোন্ জিনিস প্রাইমাফেসী হওয়া দরকার তা জানেন না। দ্বিতীয় নম্বর হচ্ছে, আমি যে যে কথা বলেছি I stand by every word I say।

Shri Bijoy Singh Nahar : স্যার, উনি যখন এই কথা বলছেন তখন আপনাকে অনুরোধ করছি যে আপনি রেকর্ড দেখুন। ওঁর যদি বিচার না হয় তাহলে এই হাউস চলা অসম্ভব হয়ে যাবে।

Mr. Speaker : He said that he did not cast any aspersion on me.

Shri Bijoy Singh Nahar : মাননীয় স্পীকার মহাশয়, উনি এখন যে কথাটা বললেন তাতে আমাদের কোন আপত্তি নেই কিন্তু এর আগে উনি চেয়ারের উপর যে এ্যাস্‌পার্সান্ করলেন সে সম্বন্ধে বিবেচনা করা হোক্ কিংবা প্রিভিলেজ কমিটিতে পাঠান হোক্। তার বিচার হওয়া উচিত। [Noise : Shri Nepal Ray : চায়নার দালাল। শ্রীনারায়ণ চৌবে : চুপ্ কর সিমেণ্ট চোর। Interruptions]

Shri Sankardas Bandyopadhyay : Sir, whatever may be the nature of acrimonius discussion a member should not call another member 'cement chor' in the midst of noise, and he must apologise for it and withdraw [noise ....] Otherwise let the matter be thoroughly enquired in to

Shri Ganesh Ghosh : When Shri Nepal Roy had been calling this side Chinese 'dalal' you could not hear it ? noise and interruptions ......

Mr. Speaker : Order, Order. If a member says that he did not cast any aspersion on the Chair, it must be accepted.

Shri Sankardas Bandyopadhyay : If you say that, that is the end of the matter and we abide by your decision.

The Hon'ble Iswardas Jalan : Sir, it is highly objectionable for an honourable member to call another member cement 'chor'..... noise....... interruptions........]

Shri Jyoti Basu : When the other side was saying Chinese 'dalal' you could not hear it ?

The Hon'ble Iswar Das Jalan : No. But the decorum of the House demands that those words should not be used and if any honourable member has said like that he must withdraw it. [noise and interruptions . ....]

Shri Jyoti Basu : কালকে থেকে ওরা যে বলছে চীনের দালাল, চীনের দালাল—এগুলি আপনি শোনেননি ? ন্যাকামি পেয়েছেন ?

Shri Jatindra Chandra Chakraborty : আমি অন্য কথা কিছু বলিনি।

Shri Bijoy Singh Nahar : স্যার, এখন উনি কথাটা ঘুরিয়ে নিচ্ছেন ওর বিচার হওয়া উচিত। উনি চেয়ারের উপর এ্যাস্‌পার্সান্‌ করেছেন, স্পীকারের উপর এ্যাস্‌পার্সান্‌ করেছেন। কাজেই এটাকে প্রিভিলেজ কমিটিতে দেওয়া হোক্‌।

Shri Nepal Ray : স্যার, এটাকে প্রিভিলেজ কমিটিতে দেওয়া হোক [noise and uproar]

[6—6-10 p.m.]

Mr. Speaker : It is unfortunate that honourable members, whoever they may be, should cast aspersions from one side to another. I have got to admit that such aspersions are thrown from this side to that side and from that side to this side. So, I would request you that in future, as honourable members of the Assembly, to keep the decorum of the House, you will be pleased to dissuade yourselves from such behaviour. That is all I would like to say.

Clause 10.

Shri Saroj Ray : Sir, I beg to move that in clause 10(1), line 4, the words "or appointment" be omitted.

স্যার, শেষ লাইনে একটা ছোট amendment আমি রাখতে চাচ্ছি। যেখানে appointed কথাটা আছে আমি সেটা omit করতে বলছি। এমনি সাধারণভাবে দেখতে গেলে কথাটা ছোট্ট; কিন্তু এই সুদীর্ঘ নয় বছর ধরে আইন করার ক্ষেত্রে ও সরকারের প্রশাসনিক ক্ষেত্রে একটা জিনিস লক্ষ্য করছি যে আইনের প্রথমদিকে যেসমস্ত কমিটী হয় তাতে election কথাটা থাকে। তারপর ক্রমের শেষে nomination বা appointed এই কথাগুলি দেওয়া হয়। Nomination থাকে বা State Govt.এর দ্বারা appointed হয়—এই জিনিস দীর্ঘদিন ধরে লক্ষ্য করছি। এইভাবে কমিটী করার মানে হয় না। শেষ পর্যন্ত সরকার নিজের হাতে এইসমস্ত ক্ষমতা নিয়ে নেন। ইলেকসনের কথা কোথায় উড়ে যায় এবং নমিনেশনের কথাটা বড় হয়। এই সূত্রে একটা কথা বলা দরকার। কিছুদিন থেকে বাংলাদেশে একথা উঠেছে যে প্রশাসনিক ক্ষেত্রে গভর্ণমেন্টের মূল নীতি হলো decentralisation নয়; সমস্ত জায়গায় তাঁরা centralisation করে নিচ্ছেন। একটা Council করে আইনের প্রথম দিকে রাখা হয়েছে, appoint করবেন তার সমস্ত মেম্বার। তারপর রাখা হলো প্রথম বছর যা হবে তা nominated করবেন। যেখানে প্রথম বছর যাদের nominate করবেন গভর্ণমেণ্ট, সেখানে যদি মেম্বার তাঁরা না থাকেন, তাহলে সেখানে election রাখছেন না, সেখানে nominationএর কথা রাখছেন। এখানে আমি অনুরোধ করবো দ্বিতীয় দফায় রাখছেন সেখানে, যেখানে appointed কথাটা রাখবেন না। যেসমস্ত আইনকানুন করছেন, তার democratic character—গণতান্ত্রিক চরিত্র যদি রাখতে চান, তাহলে এটা এখানে honestly maintain হবে। প্রথম বছর যেখানে কমিটী চালু করছেন, সেখানে nomination ইত্যাদি দিয়ে দিলেন। তারপর আবার যখন রাখছেন, সে যে একটা nomi-

nation এর ব্যাপার, নমিনেশানের হাত থেকে কমিটীকে মুক্তি দিতে চাচ্ছেন না। এর implication যথাসম্ভব গভীর। সেজন্য আজকে যারা দাঁড়িয়েছে—কমিটী করতে গেলে, nomination এর কথা প্রথমদিকে থাকে না। State Govt. appoint করবেন—এই যদি শেষ দিকে থাকে, তাহলে মূল প্রশ্ন এসে দাঁড়াচ্ছে—appointed by the State Govt. দ্বিতীয় স্তরে যাতে এই নমিনেশনের প্রশ্ন না থাকে, তার জন্য আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি।

I also move the amendment standing in the name of Dr. Narayan Chandra Roy. I move that in clause 10(1), in line 5, after the words "is later" the words "and in case of appointed member until the expiry of a term of one year from the date of his appointment or until his successor has been duly appointed, whichever is later" be inserted .. ..

ঐটা যদি এইভাবে গ্রহণ না করেন, যদি আপনি সেটা রেখে দেন, সেখানে যদি appointment এর প্রশ্ন থাকে, তাহলে যেন একটা বছরের জন্য থাকে; এইটুকু—যাকে আমরা বলি less danger; তাহলে আপনার সভার চরিত্র সম্পর্কে কিছু বুঝতে পারি। তা না হলে সারা বাংলাদেশের—শংকরবাবু জানেন, আইনজ্ঞ মানুষ, প্রত্যেক উকিলরা বলছেন এইরকম সব আইনকানুন হচ্ছে।

Shri Sankardas Banerjee : এইরকমভাবে আইন না করলে উকিলদের ভাত বন্ধ হয়ে যাবে।

কাজেই আমি বলি—আইনকানুনের decentralisation করা দরকার তা না করে centralisation করে দিচ্ছেন।

Shri Apurba Lal Majumdar : I move that in clause 10(1), lines 4—5, the words beginning with "or appointed or" and ending with "is later" be omitted Clause (10)এ tenure of office কতদিন ধরে এই কাউন্সিলের অফিসাররা hold করবেন, সেকথা এখানে বলা হয়েছে। বলতে গিয়ে বলেছেন যে মেম্বার তাঁরা নিয়োগ করবেন—through appointment selection. তাদের ক্ষেত্রেও পাঁচ বছর পর্যন্ত terms of অফিস থাকবে। অথবা tenure of অফিস থাকবে। এখানে আমি এ্যামেণ্ডমেণ্ট দিয়েছি—"or appointment or until his successor has been duly elected or appointed, whichever is later"—এই portionটা বাদ দিতে চাচ্ছি। এইজন্য বাদ দিতে চেয়েছি যে আগে উপরের Section (6) এ বলা হয়েছে election এই আইন অনুসারে যদি করতে না পারি তাহলে rule এ যা আইন আছে সেই আইনের অধীনে করবো; কিন্তু তাও যদি না করতে পারি তাহলে এই যে পাঁচ বছরের সীমারেখা আছে তাকে আরও বাড়িয়ে দেওয়া যাবে।

[6-10 – 6-20 p.m.]

সেক্ষেত্রে যদি একদম Election না হয় শুধু Appointed Member থাকে সেই Appointed Members Section 6 এর সুযোগ নিয়ে যতদিন Election না হয়, যতদিন ইচ্ছা ততদিন সময় বাড়িয়ে নেওয়া যায় এই যে বিষয়টা এটার প্রতি মাননীয় স্পীকার এবং মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কারণ Section 10(1)তে লিখিত আছে—

A member other than an ex-officio member, shall, save as otherwise expressly provided in this Act, hold office until the expiry of a term of five years from the date of his election.

Electionএর ক্ষেত্রে যেন এই Ruleটা থাকে Elected Member ৫ বছর পর্যন্ত office করবে এবং otherwise provided in this Act এই যে রয়েছে, ইচ্ছা করলে এর বাইরেও ৫ বছর বাড়িয়ে দিতে পারে Section 6এর সুযোগে—এই Power দেওয়া হয়েছে Councilকে বা Govt.কে। আমি এই যে tenure of office ৫ বছর—এই যে Provisionটা আছে, Section 6এ extention করার যে সুযোগ আছে এটা থেকে আমি Appointed Memberকে বঞ্চিত করতে চাচ্ছি; অর্থাৎ appointmentএর ক্ষেত্রে যেন এটা clear থাকে যে Council নির্বাচন করে যে সদস্য নেবে সেখানেই ৫ বছর এই সুযোগটা থাকবে অন্য ক্ষেত্রে নয়। Appointmentএর ক্ষেত্রে Section 6 এর সুযোগটা পাওয়া উচিত নয়। সেটা দেওয়া আমি যুক্তিযুক্ত মনে করি না। সেইজন্যই এই প্রস্তাব উত্থাপন করছি।

Shri Chitto Basu : Sir, I beg to move that in clause 10(2), line 5, for the words "communication is received" the words "resignation is accepted" be substituted.

স্যার, আপনি যদি clauseটা পড়েন তাহলে দেখতে পাবেন যে যদি কোন Appointed Member অথবা কোন Elected Member resignation করে Council থেকে তাহলে ১০(২) ধারায় বলা হয়েছে যে State Govt.কে বা Presidentকে লিখিত আকারে জানিয়ে দিলেই ধরে নিতে হবে যে পদত্যাগ করেছে। Appointed Member যদি জানিয়ে দেয় যে সে Councilএ কাজ করবে না—তাহলে চলে যেতে পারবেন, Govt. যাকে nominate করেছিলেন সে কাজ করতে চলেন। কিন্তু যে Member Elected হন তিনি যদি পদত্যাগ করেন তাহলে তাঁর পদত্যাগ সম্বন্ধে বিবেচনা না করেই যেহেতু President Communication of resignation পেয়েছেন, ধরে নিতে হবে যে পদত্যাগ গৃহীত হয়েছে। এই যে সমস্ত Elected Member আসবে—৫ জনই হোক, ২ জনই হোক, তাদের সংগে Councilএর মত পার্থক্য হতে পারে এবং তার জন্য তারা পদত্যাগও করতে পারে কিন্তু যে কারণে মত পার্থক্য হয়েছিল সে কারণ যদি দূরীভূত হয় তাহলে পদত্যাগ-পত্র প্রত্যাহারও তো করতে পারে? কাজেই আমি বলি এই পদত্যাগপত্র Council যদি বিবেচনা করে গ্রহণ করে President Vice-President আলোচনা করার পর; বিবেচনা করার পর পদত্যাগ গৃহীত হতে পারে এরকম হওয়া উচিত। নইলে যে-ধরণে আছে এরকম থাকলে পর ভবিষ্যতে এ-আইন কার্যকরী করতে যেয়ে অসুবিধা হয়। সেজন্য আমি amendment দিচ্ছি such resignation shall take effect from the date on which such resignation is accepted by the Council or by the Government. অর্থাৎ by the Council or by the State Govt. পদত্যাগ গৃহীত হবে বটে কিন্তু কেন যে পদত্যাগ করতে চায় সেটা আলোচনা করার সুযোগ থাকবে। কেন পদত্যাগ করতে চায় সেটা শুনে, আলোচনা করে তবেই পদত্যাগ গৃহীত হওয়া উচিত।

The Hon'ble Dr. Rafiuddin Ahmed : I think the honourable members have misunderstood the word 'appointment' because under section 4 there will always be appointments. Some members will be appointed by the State Government and that is why the word 'appointment' is there.

With regard to some of the other points raised by some other members, what I feel is this. They are not probably aware of the way in which some of these professional councils work. I have consulted the Medical Council Act, the Nursing Council Act, the Pharmacy Council Act and I think that simplified rules like these would obviate all troubles there.

The suggestion that the resignation should be discussed in the Council and that sort of thing do not lead to quick work; Therefore I oppose all the amendments.

The motion of Shri Saroj Roy that in clause 10(1), line 4, the words "or appointment" be omitted, was then put and lost.

The motion of Shri Saroj Roy that in clause 10(1), in line 5, after the words, "is later" the words "and in case of appointed member until the expiry of a term of one year from the date of his appointment or until his successor has been duly appointed, whichever is later" be inserted, was then put and lost.

The motion of Shri Chitto Basu that in clause 10(2), line 5, for the words "communication is received" the words "resignation is accepted" be substituted, was then put and lost.

The motion of Shri Apurba Lal Majumdar that in clause 10(1), lines 4—5, the words beginning with "or appointed or" and ending with "is later" be omitted, was then put and lost.

The question that clause 10 do stand part of the Bill was then put and agree to.

Clause 11

Shri Ramanuj Haldar : Sir, I beg to move that in clause 11, line 3, for the word "six" the word "four" be substituted.

এখানে councilএর memberদের নির্বাচিত করে নেবার ব্যবস্থা রাখা হল, এবং appoint করার ব্যাপারও রাখা হল, এবং যারা অপরাধপ্রবণতাকে প্রশ্রয় দেবেন তাদের অপরাধকেও ক্ষমা করে তাকে নেবার ব্যবস্থা রাখা হল। তারপরেও এখানে যেসমস্ত সদস্য, যারা অসুস্থ হবেন, তাদের ৬ মাস পর্যন্ত ছুটী ভোগ করতে দিলে councilএর কাজ ব্যাহত হবে। আমরা লক্ষ্য করে দেখেছি, যদিও অন্যান্য ক্ষেত্রে অবসর দেবার মেয়াদ বৃদ্ধি করা আছে কিন্তু এখানে আমাদের দেশে যখন নূতনভাবে council করা হচ্ছে তখন যাতে সেটা উপযুক্তভাবে কাজ করতে পারে সরকারের সেই চেষ্টা করা উচিত, এবং councilএর সদস্যদেরও সেইদিকে লক্ষ্য রেখে অগ্রসর হওয়া উচিত সেইজন্য তাদের অধিবেশন থেকে বিরত থাকবার জন্য এত দীর্ঘ মেয়াদে ছুটী দেবার প্রয়োজন নেই এবং সেইজন্যই এই মেয়াদকে হ্রাস করে ৪ মাস পর্যন্ত রাখছি। আমি একথা মনে করতে পারি যে মন্ত্রীমহাশয় যদি মনে করেন যে তাদের অসুস্থতার জন্য দীর্ঘ মেয়াদে ছুটী দেওয়া দরকার তাহলে সেই ক্ষমতা রাখতে পারেন, otherwise, স্বাভাবিকভাবে যে-কোন কারণে তাদের অধিবেশনে যোগদান না করার সুযোগ দেওয়া হচ্ছে। সদস্যরা যাতে সামান্য কারণে অনুপস্থিত না থাকেন সেইজন্যই আমি এই কথা রেখেছি।

The Hon'ble Dr. Rafiuddin Ahmed : Sir, six months is quite a very reasonable period. If it is made less than that it will not lead to efficiency because of the fact that the meetings of the Council will be held only twice a year. So six months' time is all right. I oppose the amendment.

The motion of Shri Ramanuj Haldar that in clause 11, line 3, for the word "six" the word "four" be substituted, was then put & lost.

The question that clause 11 do stand part of the Bill was then put and agreed to.

Clause 12

[6-20—6-30 p.m.]

Shri Apurba Lal Majumdar : Sir, I beg to move that for clause 12, the following be substituted, namely :—

"The State Government may remove an appointed member or the Council may remove an elected member from office if he absents himself without leave or sufficient cause from three consecutive meetings of the Council".

স্যার, বিলে যে section আছে সেই section completely re-write করে আমি আমার amendment দিয়েছি। Section 12 deals with removal of members এই section overlap করে যাচ্ছে with section 8 এর সংগে। Section 8এ শুধু elected এবং appointed হবার disqualification সম্বন্ধে বলা হয়েছে। তার membership cease করে যাচ্ছে under section 8 তারপর Section 12(a) কি বলেছেন,

"The State Government may remove an appointed member or the Council may remove an elected member from office, if he absents himself without leave or sufficient cause from three consecutive meetings of the Council".

এই পর্যন্ত আমার আপত্তি নাই। তবে যেহেতু (a) and (b) আলাদা করে লেখা আছে, সেজন্য সেটা পাল্টে আমি আমার amendment দিয়েছি। আমার কথা হচ্ছে section 8এ, এটা cover করে যাচ্ছে Section 8এ He automatically ceases to be a member of the Council. If he becomes disqualified under the provisions of Section 8. সে যে removed হয়ে গেল and he ceased to be member সে member of the council আর থাকবে না। অতএব আমার বক্তব্য হচ্ছে section 12 sub-section (b) is redundant এর কোন প্রয়োজন নাই। Sub-section (a)তে বলেছেন If he absents himself without leave or sufficient cause from three consecutive meetings of the Council. সেইজন্য আমি বলছি (b) উপধারা যোগ করার কোন প্রয়োজন নাই। সুতরাং আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে আমার amendmentটা consider করবার জন্য অনুরোধ করছি।

Shri Basanta Kumar Panda : Sir, I beg to move that clause 12(b) be omitted.

Sir, It is a very simple amendment. It is not necessary to retain the sub-clause. The section is for removal of members, i.e. from an existing body a member can be removed and for that purpose there are two authorities, viz., the State Government and the Council. The State Government may remove an appointed member and the Council may remove an elected member. The persons to be removed also fall in two categories, i.e. appointed and elected members.

Now let us see what sub-clause (b) of clause 12 says. The provision is '*if he becomes disqualified under the provisions of section 8*', that is a removal will take place if a member is disqualified according to section 8. Now I shall request the Hon'ble Minister to look to what has been passed in section 8. Section 8 is a composite section—disqualification of a member from being elected and appointed and there is also a third clause, that is, cessation of a member. Therefore, if a person has disqualification before he becomes a member of the Council he shall not be allowed to be a member of the Council. Therefore the question of disqualification does not arise because unless a person already becomes a member of the Council this clause does not apply, that is, removal does not take effect. Section 8 makes provision for three things. Two clauses refer to things which take place before a person becomes a member; only the third clause relates to a person who is already a member. In his case cessation applies but disqualification from being elected and disqualification from being appointed as contemplated or as has been passed in section 8 does not come under 12(b).

Then, Sir, about the question of removal of that member. When a person ceases to be a member because of any disqualification under section 8, he is not a member in the Council at all. In his case no question of removal arises. Will he be taken by the shoulder and thrown out of the meeting? Is that the contemplation? Suppose we are members. As soon as Her Excellency declares the House to be dissolved none of us are members. Shall we come and say that we are members and our removal is necessary? Therefore, if a member ceases to be a member because of disqualification according to section 8 he is automatically removed. No question of his physical removal needs to be provided in this section. Therefore, clause 12 is wholly redundant and unnecessary and even without this clause a member who has ceased to be a member shall not remain in the Council.

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: Sir, I do not see how the amendments proposed by honourable members will improve this particular section. It is quite clear that if a member absents himself from three consecutive meetings he no longer remains a member and he is disqualified under section 8, about which we discussed, and I think it is quite in order. I oppose all these amendments.

The motion of Shri Apurba Lal Majumdar that for clause 12, the following be substituted, namely :—

> "12. The State Government may remove an appointed member or the Council may remove an elected member from office if he absents himself without leave or sufficient cause from three consecutive meetings of the Council."

was then put and lost.

The motion of Shri Basanta Kumar Panda that clause 12(b) be omitted was then put and lost.

The question that clause 12 do stand part of the Bill was then put and agreed to.

Clause 13 and 14

The question that clauses 13 and 14 do stand part of the Bill was then put and agreed to.

[6-30—6-40 p.m.]

Clause 15

Shri Ramanuj Halder : Sir, I beg to move that in proviso to clause 15(1), in line 4, after the words "each member" the words "so that he may receive it" be inserted.

স্যার, এখানে লেখা রয়েছে The Council shall meet at such time and place and a meeting of the Council shall be summond in such manner, as may be provided by regulations. এ কথায় আমি আপত্তি করছি। তারপর আমি বলতে চাই এই 'each মেম্বার" কথাটার পরে "so that he may receive it" এই কথাটা থাক্। কারণ, কোন সমন দেওয়াটাই যথেষ্ট নয়—সেটা পাবারও প্রয়োজন আছে এবং সেই কারণেই এই সময়টি নির্দ্ধারণ করে দিয়েছি যাতে তারা সমন পেতে পারে।

The Hon'ble Dr. Rafiuddin Ahmed : Sir, I oppose this amendment, because it is absolutely unnecessary.

The motion of Shri Ramanuj Halder that in proviso to clause 15(1), in line 4, after the words "each member" the words "so that he may receive it" be inserted, was then put and lost.

The question that Clause 15 do stand part of the Bill was then put and agreed to.

Clause 16

Shri Chitto Basu : Sir, I beg to move that after clause 16(1) (e), the following be added, namely :—

"(f) duties and functions of President,

(g) duties and functions of the Registrar".

I also beg to move that in clause 16(2), line 1, for the words "with the prior" the words "subject to" be substituted.

স্যার, এই বিলে রেগুলেসন-এর কথা যা বলা হচ্ছে তাতে (a), (b), (c), (d), (e) পর্য্যন্ত আছে এবং সেগুলো সম্পর্কে আমার বলার কিছু নেই। কিন্তু হোল্ বিল পড়ে আপনি দেখবেন যে এই কাউন্সিলে প্রেসিডেন্ট এবং রেজিষ্ট্রার হিসেবে ২ জন প্রিন্সিপল অফিসার বা পার্সন সরকার কর্ত্তৃক অ্যাপয়েন্টেড হবে এবং এথেকেই বোঝা যায় যে সরকারের সঙ্গে তাঁদের সম্পর্ক থাকবে। কিন্তু আমাদের এই আইনে বা বিলে প্রভিসন আছে যে, যিনি প্রেসিডেন্ট হবেন He will be elected by the members of the Council—অর্থাৎ কাউন্সিলের মেম্বাররা তাকে ইলেক্ট করবেন। কাজেই এই হিসেবে আমরা ধরে নিতে পারি যেহেতু এখানে অনেক ভেটিরিনারি প্রাক্‌টিসনার্স থাকবে—অর্থাৎ যারা কাউন্সিলে ইলেকটেড হয়ে আসবেন—তাঁদের ভিতর থেকে হয়ত কেউ

সভাপতি বা সহসভাপতি হিসেবে কাউন্সিলে নির্বাচিত হতে পারেন। কিন্তু এই রেজিষ্ট্রারের সঙ্গে প্রেসিডেন্ট অব দি কাউন্সিলের কি সম্পর্ক হবে বা সভাপতির কি ফাংসন এ্যাণ্ড ডিউটি থাকবে বা রেজিষ্ট্রারের কি ফাংসন এ্যাণ্ড ডিউটি থাকবে সে সম্বন্ধে এখানে কিছু বলা নেই। অবশ্য, রেজিষ্ট্রার সম্পর্কে এখানে বলা হয়েছে He will act as Secretary এবং এর দ্বারা বোঝা যায় যে, তার এক্সিকিউটিভ ডিউটি অনেকখানি এবং তিনি এক্সিকিউটিভ হিসেবে এই কাউন্সিলে কাজ করবেন কিন্তু প্রেসিডেন্ট হিসেবে যাকে কাউন্সিলে নির্বাচিত করা হোল তিনি কি শুধুমাত্র সেই সভায় সভাপতিত্ব করবেন বা তাঁর অন্য কোন এক্সিকিউটিভ ডিউটি থাকবে বা রেজিষ্ট্রার এবং সেক্রেটারীর উপর তাঁর কি ক্ষমতা থাকবে সে সম্বন্ধে কোন কিছু লেখা নেই। সুতরাং এই জিনিষটি দেওয়ার কারণ হচ্ছে যিনি রেজিষ্ট্রার বা সেক্রেটারী হবেন তিনি সরকারী মনোনীত এবং যিনি সভাপতি হবেন তিনি যখন বেসরকারীও হতে পারেন তখন এই সরকারী এবং বেসরকারী সভাপতির মধ্যে প্রতি মিটিং-এ কাজের ব্যাপারে মত পার্থক্য দেখা দিতে পারে। কাজেই উভয়ের জুরিসডিকসন অন কাউন্সিল যদি পার্থক্য করা না থাকে তাহলে একে অপরের উপর প্রভাব ও প্রতিপত্তি স্থাপন করে গোটা কাউন্সিলকে পঙ্গু করে তার কাজকর্ম নষ্ট করে ফেলবে এবং তার ফলে তার ভিতর দুর্নীতি প্রবেশ করতে পারবে বলে আমাদের সন্দেহ হয়। তিনি অবশ্য অনেকগুলো ব্যাপারের উপর রেগুলেসন করার কথা বলেছেন। কিন্তু আমি প্রস্তাব করেছি রেগুলেসন যা হবে তার সঙ্গে আরও ২টি রেগুলেসন করা দরকার এবং সেই দুটিই হচ্ছে আমার অ্যামেণ্ডমেণ্ট। প্রথমটি হচ্ছে, ডিউটিস্ এ্যাণ্ড ফাংসনস্ অব প্রেসিডেন্ট এবং দ্বিতীয়টি হচ্ছে ডিউটিস এ্যাণ্ড ফাংসনস্ অব দি রেজিষ্ট্রার এবং এটা দু-টো কারনে প্রয়োজন। স্পীকার মহাশয়, আমি এর পূর্বে রেজিষ্ট্রার এবং প্রেসিডেন্টের জুরিসডিকসন অন কাউন্সিল এবং তাঁদের মত পার্থক্যের কথা উল্লেখ করেছি। অবশ্য তা' যদি কার্য্যতঃ না হয় বা একে অপরের উপর প্রভাব বিস্তার না করে তা'হলে কাউন্সিলের কাজ ক্ষতিগ্রস্ত হবে না। কিন্তু যদি মত পার্থক্য থাকে তা'হলে দুর্নীতি প্রবেশ করবে এবং তাঁরা তাঁদের ফাংসন ভালভাবে করতে পারবেন না। সুতরাং এইসব নানাদিক চিন্তা করে আমার মনে হয় উভয়েরই ডিউটিস্ এ্যাণ্ড ফাংসনস্ উল্লেখ করা প্রয়োজন। তারপর আমার কথা হচ্ছে যে, এই কাউন্সিলের রেগুলেসন করা সম্পর্কে কিছু আলোচনা প্রয়োজন। এখানে বলা হয়েছে—

"Council may with the prior approval of the State Government make regulations determining the qualifications, the emoluments and the conditions of service of its employees other than the Registrar",

অর্থাৎ এই কাউন্সিল তাঁর অপরাপর কর্মচারী নিয়োগ করবেন তাঁদের বেতন এবং টার্মস এ্যাণ্ড কণ্ডিসনস্ অব সার্ভিস সম্পর্কে যে রেগুলেসন তৈরী করবেন তাতে সরকারের প্রায়র এ্যাপ্রুভ্যাল দরকার হবে। আমার মনে হয় এবং এটা সত্যিই প্রমাণিত হচ্ছে যে, প্রায়র এ্যাপ্রুভ্যাল কথাটার মধ্য দিয়ে সরকার তাঁদের নিজেদের কুক্ষিগত করতে চান। সুতরাং আমার মনে হয় যে কাউন্সিলে সরকারেরর লোক আছে এবং ভেটিরিন্যারি প্রাকৃটিসনাস-রাও আছেন সেই কাউন্সিলকে এই ক্ষমতা দেওয়া দরকার যে তাঁরা কাউন্সিলের নিত্যনৈমিত্তিক কাজ পরিচালনার জন্য কোন কোন লোক নিয়োগ করতে পারবেন এবং তাঁদের কি বেতন দিতে হবে। এ জিনিস ছাড়া অপরাপর প্রশ্ন নির্দ্ধারণ করার ব্যাপারেও এই কাউন্সিলকে ক্ষমতা দেওয়া উচিত। তারপর দেখা যাচ্ছে যে রেজিষ্ট্রার-কে সরকার নিজেই এ্যাপয়েন্টমেন্ট দিচ্ছেন এবং তাঁর টার্মস্ এ্যাণ্ড কণ্ডিসনস্ অব সার্ভিস-ও সরকার ঠিক করেছেন। যা' হোক্, সর্বশেষে আমি বলতে চাই যে, ঐ রেজিষ্টার ছাড়া অন্যান্য কর্মচারীদের ক্ষেত্রে প্রায়র এ্যাপ্রুভ্যাল কথাটা না রেখে তার জায়গায় সাবজেক্ট টু যাতে হয় তার ব্যবস্থা করবেন। কেননা তা না হলে আমি মনে করি এর দ্বারা কাউন্সিলের ক্ষমতা খর্ব করা হচ্ছে এবং তার স্বাধীনতা নষ্ট হয়ে যাচ্ছে।

Shri Apurba Lal Majumdar : I move that in clause 16(2), line 1, for the words "with the prior" the words "subject to the" be substituted.

স্যার, একটু আগে মাননীয় সদস্য চিত্তবাবু এটা মুভ করেছেন এবং আমারও মনে হয় যে, কাউন্সিলের ব্যাপারে এখানে সাবজেক্ট টু করাই উচিত।

The Hon'ble Dr. Rafiuddin Ahmed : Sir, this is a very simple amendment. I do not see the relevancy of such long speaches from the honourable members opposite. Hundreds of councils are making regulations and this will also make regulations with the approval of the State Government and not 'subject to' to State Government. Therefore I oppose all the amendments.

The motion of Shri Chitto Basu that after clause 16(1) (e), the following be added, namely :—

"(f) duties and functions of President,

(g) duties and functions of the Registrar".

was then put and lost.

The motion of Shri Chitto Basu that in clause 16(2), line 1, for the words "with the prior" the words "subject to" be substituted, was then put and lost.

The question that clause 16 do stand part of the Bill was then put and agreed to.

Clause 17

The question that clause 17 do stand part of the Bill was then put and agreed to.

Clause 18

[6-40—6-50 p.m.]

Shri Basanta Kumar Panda : I move that in clause 18(1), in line 4, after the word "Official Gazette" the words "and in all the daily newspapers published from Calcutta" be inserted.

Sir, this is a very simple amendment. These practitioners would practise in mofussil and the provision is that the notification will be published in the Official Gazette. If the notification is only published in the Official Gazette and not in the daily papers sufficient publicity cannot be given. We have many daily papers in West Bengal and are published from Calcutta.

Therefore, Sir, I have sought to make this addition after the words "Official Gazette" "and in all the daily newspapers published from Calcutta". In that case, the whole of the Mufassil people who take one or other of the daily newspapers from Calcutta will know about this notification and sufficient publicity would be given to this notification.

Unless a person is aware of the notification, he may lose the chance of his name being registered properly because in the subsequent sections I do not find any provision for helping those persons whose names have been omitted or who have not been able to file application at the proper time.

Shri Ramanuj Halder : Sir, I beg to move that in clause 18(2), in line 1, after the word "qualifications" the words "in detail" be inserted.

স্যার, এটা আমি মনে করে নিয়েছি যে হয়ত Omitted হয়ে গেছে অথবা মাননীয় মন্ত্রী মহাশয়ের ভুল হয়ে গেছে। এখানে যে Qualification এর কথা বলা হয়েছে সেই Qualifications in detail লেখার জন্য বলছি।

The Hon'ble Dr. Rafiuddin Ahmed : Anything which is published in the Official Gazette, I am absolutely sure, is immediately published in all the mofussil papers. So, I do not think there is any necessity for departing from the usual practice. With regard to the amendment of Shri Ramauj Halder for adding the words "in detail", this will be taken care of in the usual course.

The motion of Shri Basanta Kumar Panda that in clause 18(1), in line 4, after the words "Official Gazette" the words "and in all the daily newspapers published from Calcutta" be inserted was then put and lost.

The motion of Shri Ramanuj Halder that in clause 18(2), in line 1, after the word "qualifications" the words "in detail" be inserted was then put and lost.

The question that clause 18 do stand part of the Bill was then put and agreed to.

Clause 19

Shri Apurba Lal Majumder : Sir, I beg to move that in clause 19(1), lines 4-5, the words "as may be necessary or" be omitted.

স্যার, সেকসান ১৯শে যে এ্যামেণ্ডমেণ্টটা দিয়েছি সেটা ছোট্ট হলেও এর খানিকটা গুরুত্ব আছে। গুরুত্ব এইদিক দিয়ে যে সেক্সান ১৮ যা এইমাত্র পাশ হয়ে গেল সেই সেক্সান ১৮তে register of veterinary practitioners maintain করার প্রভিসান করা হয়েছে। সেই registerএ তাদের এ্যাড্রেস, কোয়ালিফিকেসান যা যা যাবতীয় সমস্ত মেনটেন করা হবে। কিন্তু সেই রেজিষ্টার যখন কোনরকম চেঞ্জ করতে হবে সেই চেঞ্জ করার ক্ষমতা কার উপর ন্যস্ত থাকবে সে সম্বন্ধে সেক্সান ১৯ বলছে যে কোন রেজিষ্টারের মধ্যে যদি কোন পরিবর্তন করতে হয় তাহলে পরিবর্তন করার ক্ষমতা রেজিষ্ট্রারের থাকবে। এইখানেই আমার আপত্তি। দুটো কথা আছে—The Registrar shall maintain the register in such form and in such manner as may be prescribed এটা ঠিক আছে; And shall make from time to time such entries, corrections, alterations or modifications in the entries there in as may be necessary or as may be directed by the council.

এখানে কাউন্সিল যদি ডিরেক্ট করে তাহলে রেজিষ্টার চেঞ্জ করবার অধিকার এই সেক্সানে দেওয়া আছে। সঙ্গে সঙ্গে কাউন্সিল যদি ডিরেকসান না দেয় তাহলে রেজিষ্ট্রারের নিজের ক্ষমতা

আছে চেঞ্জ করার। এই রেজিষ্ট্রার কাউন্সিলে কোন প্রস্তাব আলোচনার পর এই কথা যদি ঠিক হয় যে রেজিষ্ট্রার চেঞ্জ করতে হবে তখন যদি সেই অনুসারে পরিবর্তন করেন তাহলে বলার কিছু নেই, সেটার অর্থ আছে জানি। কিন্তু রেজিষ্ট্রারকে discretionary power দেওয়া হবে কেন? Registrar-এর without consulting the members of the council পরিবর্তন করার যে সুযোগ সেক্সান ১৯শে দেওয়া হয়েছে তার আমি বিরোধী। তার কারণ Register is not an elected person, তিনি হলেন elected by State Government, একজন officer of the Directorate of Veterinary Services of the State Government, তিনি কাউন্সিলের মেম্বার নন যে কাউন্সিল সেক্সান ১৮এর মধ্য দিয়ে করা হচ্ছে, তার তিনি গভর্ণমেণ্ট কর্তৃক নিয়োজিত একজন সেক্রেটারী হিসাবে কাজ করছেন। সেই সেক্রেটারীকে এতখানি executive power দেওয়া চলতে পারে না। সেজন্য মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি as may be necessary or এর প্রতি। Entries কে ঠিক করবেন, as may be necessary কে ঠিক করবেন by whom, যদি registrar নিজেই convicted হয়ে যায়? সেজন্য এটা চেঞ্জ করার দরকার আছে। As may be directed by the council যদি থাকে, কাউন্সিল যদি ডিরেক্ট করে তাহলে আপত্তি নেই। কিন্তু প্রয়োজনটা কার বিচারে হবে? রেজিষ্ট্রারের একার বিচারে যদি প্রয়োজন হয়ে থাকে তাহলে আমার সেখানে আপত্তি আছে। Registrarকে discretionary power এখানে কিছু দেওয়া উচিত নয়। সেইদিক থেকে আমি বলব যে এই ক্ষমতা তাঁর কাছ থেকে সরিয়ে নিন। বিচারের সবক্ষমতা তাঁর হাতে না দিয়ে যে কাউন্সিল করেছেন সেই কাউন্সিলের উপর ভার দিন যাতে registrar তাদের সিদ্ধান্ত, পূর্ব পরামর্শ নিয়ে শুধুমাত্র register change করতে পারে বা maintain করতে পারে। এই হচ্ছে আমার প্রস্তাব। আশা করি মন্ত্রীমহাশয় আমার প্রস্তাব গ্রহণ করবেন।

Shri Chitto Basu : I move that in clause 19(2), in lines 2 and 3, after the word "information" the words "examine certificates, diplomas and other connected papers" be inserted.

হার যেখানে আছে—to enable the Registrar to fulfil the duties imposed upon him by sub-section (1), he may call for any information তারপরে he should be given scope for examining certificates, diplomas and other connected papers.

এই কথাগুলি দেবার জন্য বলেছি। এতে আমার বিশেষ বলার নেই।

The Hon'ble Dr. Rafiuddin Ahmed : With regard to the amendment of Shri Majumdar, the Registrar will keep the register as prescribed according to the rules and then he will make the necessary corrections as directed by the Council. The Council is always there. I do not see any difficulty. You need not take it that the Registrar will act arbitrarily.

With regard to other amendment, I oppose it.

The motion of Shri Apurba Lal Majumdar that in clause 19(1), lines 4-5, the words "as may be necessary or" be omitted, was then put and lost.

The motion of Shri Chitto Basu that in clause 19(2), in lines 2 and 3, after the word "information" the words "examine certificates, diplomas and other connected papers" be inserted, was then put and lost.

The question that clause 19 do stand part of the Bill was then put and agreed to.

Clause 20

The question that clause 20 do stand part of the Bill was then put and agreed to.

Clause 21

Shri Apurba Lal Majumdar : I move that in clause 21(1), lines 5-6, for the words beginning with "and such" and ending with "for one year" the words "and will remain as such subject to the provisions of this Act" be substituted.

স্যার, এই ক্লজে আমার ৩টা এ্যামেণ্ডমেণ্ট আছে 22(a), 22(b) এবং 22(c)। 22(a) হল যেখানে registrationএর কথা বলা হয়েছে veterinary practionersদের নাম registry করবেন সেক্সান ১৮এ সেটাকে সেক্সান ২১, সাব-সেকসান (১)এ কোয়ালিফাই করা হচ্ছে যাতে সেই registration will remain for one year only.

"The Council may, on being satisfied that a person applying for registration possesses a recognised veterinary qualification and has paid the prescribed fee, allow the application and direct the Registrar to enter his name in the register and such entry shall, unless cancelled earlier, be borne in the register for one year".

[6-50—7 p.m.]

ঐ registration যা করা হবে সেই registration period covers only one year. তার মানে এই বছর registry করলে, তার পরের বছর আবার apply করতে হবে, তখন prescribed fee দিতে হবে। তাহলে এক বছরের জন্য নাম সেখানে উঠবে, রেজিষ্ট্রি খাতায় তার নাম থাকবে এক বছরের জন্য। তার পর বছর আবার apply করতে হবে, আবার খাতায় নাম উঠবে। এটা যেন taxing the profession, Medical faculty, Doctors ইত্যাদির ক্ষেত্রে registration একবার করলে registration number পাবে। প্রতি বছর দরখাস্ত করে license গ্রহণ করতে হয় না। যারা Veterinary Surgeon, Veterinary Practitioner, তাদের ক্ষেত্রে একটা rigorous ব্যবস্থা করা হলো। প্রতি বছর prescribed fee দিলে, সেই বছরের জন্য তাদের নাম থাকবে। পরে provision করা হয়েছে—যে যে prescribed fee এই বছরের জন্য দিলো, তার নাম ছাপিয়ে বের করে দেওয়া হবে এবং সেই ছাপানো লিষ্টের মধ্যে যাদের নাম না থাকবে, তাদের practice বা certificate issue করার অধিকার থাকবে না। এটা তাদের উপর অত্যন্ত injustice করা হবে। যদি একেবারে তিনি মনে করে থাকেন যে তাদের necessary qualification আছে এবং এইসব University scheduleএ যা দেওয়া হয়েছে, সেই schedule অনুযায়ী যে certificate, degree, diploma আছে, সেই degree ও diploma holderদেরও খাতা থেকে নাম তুলে দিচ্ছেন—পরের বছর Prescribed fee দিতে পারেন নি বলে বা দিতে দেরী হয়েছে বলে। পাবলিকেসান লিষ্টে দেখা যাবে তার নাম নেই, তার নাম কেটে দেওয়া হয়েছে। তখন আর he is not a registered practitioner. মফঃস্বল সহরে publication বেশী প্রয়োজন হবে, এখানে যা হবে না। নর্থ

বেঙ্গলে ও বাংলার বিভিন্ন গ্রামাঞ্চলে এইসব practitionerরা বুঝবেন প্রতি বছর গেজেট দেখে। কাউন্সিলের কাছে টাকা জমা দিলে পরে পরের বছর তাকে practice করতে দেবেন। এটা অত্যন্ত নিকৃষ্ট ধরণের ব্যবস্থা করা হয়েছে। এইভাবে taxing the profession করাটা আমি seriously feel করি। বর্তমান আইনের মধ্যে এটা humiliating on the professions হয়েছে। উনি বলছেন—তাদের status বড় করাবো, তাদের facilities দিচ্ছি। এইভাবে taxation ও harassment করার কি অধিকার মন্ত্রীমহাশয়ের আছে? আমরা যদি তাদের status বাড়াতে চাই, তাহলে এই professionকে dignity দিতে হয়। এই Provisisonএ যে ব্যবস্থা আছে—প্রতি বছর তাদের ডেকে নিয়ে গিয়ে ফি নিয়ে তাদের নাম লিষ্টভুক্ত করার যে ব্যবস্থা আছে সেটা আমি বাদ দিতে চাই। একবার যদি তারা নাম রেজিষ্ট্রী করে থাকেন, তাহলে আর তা দরকার হবে না—unless for some other reason disqualifed. প্রতি বছর ফি দিয়ে registry করা উচিত নয়—এটাই আমি চাচ্ছি।

Sir, I beg to move that in clause 21(3) (a), lines 2-4, for the words beginning with "non bailable offence" and ending with "quashed, or" the words "offence involving moral turpitude" be substituted.

Sir, I also beg to move that in clause 21(3) (b), in line 4, after the words "and voting" the words "and recording the findings" be inserted.

স্যার, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ সেইজন্য আমাকে একটু বলতেই হবে। স্যার, এখানে section 21, sub-section (3)টা একটু দেখুন: এখানে বলা হচ্ছে—

"The Council may after giving the person concerned an opportunity of being heard, refuse to permit the registration, or cancel the registration of the name of any person".

অর্থাৎ councilএর হাতে ক্ষমতা দেওয়া হল—দরখাস্তকারীর বক্তব্য শুনে ইচ্ছা করলে তার নাম রেজিষ্ট্রী লাভ করতে পারেন কিম্বা তার নাম ক্যানসেল করে দিতে পারেন। এই সমস্ত কারণে মেম্বাররা ছেড়ে দিচ্ছেন, আমার এই এ্যামেণ্ডমেণ্টটা move করেও লাভ নেই কারণ, সেটা আগেই disallowed হয়ে গিয়েছে।

তারপর sub-section (3), clause (b)তে বলছেন—

"Whom the Council, after due inquiry, which may, in the discretion of the President, be held in camera, finds guilty, by a majority of two-thirds of the members present and voting, of infamous conduct in his professional capacity".

এখানে এই যে infamous conduct of the professional capacity বলা হয়েছে, এই infamous বলতে মন্ত্রীমহাশয় কি মনে করেন? Infamousএর কোন defination দেওয়া নেই। কাকে বলবেন Infamous? যার infamous conduct of his professional capacity বলে মনে করবেন, সেখানে তার registration cancel করে দিচ্ছেন, তাতে entire term vague থেকে গেল। এবং Council ইচ্ছা করলেই cancel করে দিতে পারেন infamous বলে। সেইজন্য আমি এখানে এই কয়েকটা কথা insert করতে চাচ্ছি—"and recording the finding". এই যে Council—practitionerএর infamous conduct of his personal capacity বিচার-বিশ্লেষণ করে তার registration cancel করে দেবেন, সেটা যদি কোন in writing না থাকে, finding না থাকে, খালি মুখে যদি বলেন infamous

conduct হয়েছে, তাহলে তার registration cancel করে দেবেন। এই ক্লজের মধ্যে একথা কোথাও বলা হয়নি যে বিচার করে দেখতে গেলে Councilকে finding in writing দিতে হবে। একজন important professional man, infamous কাজ করেছে বলেই তার licence cancel করে দিলেন। সুতরাং as persion against a professional man, যেটা বলা হচ্ছে সেটা in writing থাকা দরকার। কারণ এখানে অবিচার হবার সম্ভাবনা রয়েছে বলে আমার মনে হয়। সুতরাং সেটা in writing না রাখলে অন্যায় হবে। তারপর section (24)এ বলা হয়েছে যে, যদি কোন লোকের licence cancel বা withheld করা হয়, তাহলে সেই ব্যক্তির অধিকার আছে appeal file করার গভর্ণমেণ্টের কাছে। সুতরাং appeal file করবার অধিকার to the Government যদি দিয়ে থাকেন, অর্থাৎ তার যদি appeal file করবার ক্ষমতা থাকে, তাহলে সেখানে যদি infamous বলে থাকেন, সেই findingটা in writing না থাকলে কিসের বিরুদ্ধে সে apply করবে? মন্ত্রীমহাশয় যদি একটু বিবেচনা করে দেখেন, তাহলে দেখবেন এতবড একটা জিনিষ করতে যাচ্ছেন সেখানে গিল্টি সম্পর্কে যদি লিখিতভাবে findings না নেন তাহলে তার অধিকারের উপর অবিচার করা হবে। পরবর্ত্তী section 24এ appeal করবার অধিকার দিচ্ছেন। কে appeal করবে? তার certificate, finding কোথায়? কাজেই finding must be there in writing. Finding in writing না থাকলে সে কি করে appeal করবে State Governmentএর কাছে? সেইজন্য আমার এই প্রস্তাবটা গ্রহণ করতে বলছি।

Shri Chitto Basu : Sir, I beg to move that in clause 21(3), in line 2, after the word "heard", the words "after recording the reasons thereof" be inserted.

এই প্রশ্নটা সম্পর্কে আমার পূর্ববর্ত্তী বক্তা মাননীয় সদস্য অপূর্ববাবু খানিকটা আলোচনা করেছেন। Councilএর হাতে ক্ষমতা দেওয়া হলে যারা নাকি application করবে Registrationএর জন্য তাদের Council registered করতেও পারে, refuseও করতে পারে: এবং কতকগুলি কারণ দেওয়া হয়েছে। সেগুলি বিবেচনা করা দরকার। একজন Practitioner যার নাম Registry করা ছিল গত বছর, এবার Council তার নাম খারিজ করে দেবে অথচ কি কারণে cancel করা হল তার কোন record থাকবে না। একজন Professional Practitionerকে বলা হচ্ছে infamous conduct অথচ বলা হল না কোথায় কিভাবে infamous conduct করা হয়েছে।

[7—7-10 p.m.]

Mr. Speaker : You are repeating the same arguments. Dr. Ahmed will please give reply now.

The Hon'ble Dr. Rafiuddin Ahmed : Mr. Speaker, Sir, I oppose all the amendments, but there is one which I would like to explain.

There has been objection that there should be annual renewal fee. I may point out that all the Acts which have been passed, such as Bombay Veterinary Practitioners Act, 1950, under which there is renewal fee which is just the same as we have done, the Dentists Act, the Pharmacy Act, do the same.

Another reason why this fee is necessary is that the number of Veterimary Practitioners in West Bengal is limited. There are only 400 practitioners. Unless and until a renewal fee is taken the charge on subsidy from the Government will be very large. At present we find that the running cost of this Council would be in the neighbourhood of Rs. 5,000 and about Rs. 2,000 will be required from Government as subsidy. We have to do this in view of the exigencies of finance. In this connection I may point out that under the Bengal Medical Registration Act there are 30,000 men who are registered and no renewal fee is necessary. Therefore, unless and until we have this renewal fee this Council cannot be run, and the West Bengal Government is not going to pay the whole amount.

The motion of Shri Chitto Basu that in clause 21(3), in line 2, after the word "heard", the words "after recording the reasons thereof" be inserted, was then put and lost.

The motion of Shri Apurba Lal Majumdar that in clause 21(3)(a), lines 2-4, for the words beginning with "non-bailable offence" and ending with "quashed, or", the words "offence involving moral turpitude" be substituted, was then put and lost.

The motion of Shri Apurba Lal Majumdar that in clause 21(1), lines 5-6, for the words beginning with "any such" and ending with "for one year" the words "and will remain as such subject to the provisions of this Act" be substituted, was then put and a division taken with the following result :—

NOES 71

Badiruddin Ahmed, Hazi
Banerjee, Shrimati Maya
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Shri Abani Kumar
Basu, Shri Satindra Nath
Blanche, Shri C. L.
Bose, Dr. Maitreyee
Bouri, Shri Nepal
Chakravarty, Shri Bhabataran
Chaudhuri, Shri Tarapada
Das, Shri Khagendra Nath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Shri Kanai Lal
Digpati, Shri Panchanan
Dolui, Dr. Harendra Nath
Dutta, Shrimati Sudharani
Ghatak, Shri Shib Das
Ghosh, Shri Parimal
Golam Soleman, Shri
Gupta, Shri Nikunja Behari
Hafijur Rahaman, Kazi
Hansda, Shri Jagatpati
Hasda, Shri Lakshan Chandra
Jalan, The Hon'ble Iswar Das
Jehangir Kabir, Shri
Kazem Ali Meerza, Shri Syed
Kolay, Shri Jagannath
Lutfal Hoque, Shri
Mahato, Shri Bhim Chandra
Mahato, Shri Debendra Nath
Mahato, Shri Sagar Chandra
Majhi, Shri Nishapati
Mallick, Shri Ashutosh
Maziruddin Ahmed, Shri
Misra, Shri Sowrindra Mohan
Mohammad Giasuddin, Shri
Mondal, Shri Rajkrishna
Mondal, Shri Sishuram
Muhammad Ishaque, Shri
Mukharji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, The Hon'ble Purabi
Murmu, Shri Matla
Nahar, Shri Bijoy Singh
Pemantle, Shrimati Olive
Platel, Shri R. E.
Pramanik, Shri Rajani Kanta

Pramanik, Shri Sarada Prasad
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Shri Sarojendra Deb
Ray, Shri Jajneswar
Ray, Shri Nepal
Roy, The Hon'ble Dr. Anath Bandhu
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy Singha, Shri Satish Chandra
Saha, Shri Dhaneswar
Saha, Dr. Sisir Kumar
Sahis, Shri Nakul Chandra
Sarkar, Shri Amarendra Nath
Sarkar, Dr. Lakshman Chandra
Sen, Shri Narendra Nath
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shukla, Shri Krishna Kumar
Singha Deo, Shri Shankar Narayan
Sinha, The Hon'ble Bimal Chandra
Sinha, Shri Phanis Chandra
Sinha Sarkar, Shri Jatindra Nath
Tarkatirtha, Shri Bimalananda
Yeakub Hossain, Shri Mohammad
Zia-ul-huque, Shri Md.

AYES 41

Banerjee, Dr. Dhirendra Nath
Banerjee, Shri Subodh
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Chitto
Basu, Shri Hemanta Kumar
Bera, Shri Sasabindu
Bhaduri, Shri Panchugopal
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharjee, Shri Panchanan
Chakravorty, Shri Jatindra Chandra
Chatterjee, Shri Basanta Lal
Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Shri Mihirlal
Das, Shri Gobardhan
Dhibar, Shri Pramatha Nath
Elias Razi, Shri
Ghosal, Shri Hemanta Kumar
Ghosh, Shri Ganesh
Ghosh, Shrimati Labanya Prova
Halder, Shri Ramanuj
Halder, Shri Renupada
Hamal, Shri Bhadra Bahadur
Hansda, Shri Turku
Konar, Shri Hare Krishna
Majhi, Shri Chaitan
Majhi, Shri Jamadar
Majhi, Shri Ledu
Maji, Shri Gobinda Charan
Majumdar, Shri Apurba Lal
Mondal, Shri Haran Chandra
Panda, Shri Bhupal Chandra
Pandey, Shri Sudhir Kumar
Ray, Dr. Narayan Chandra
Ray, Shri Phakir Chandra
Roy, Dr. Pabitra Mohan
Roy, Shri Rabindra Nath
Roy, Shri Saroj
Sen, Shri Deben
Sen, Dr. Ranendra Nath
Tah, Shri Dasarathi

The Ayes being 41 and the Noes 71, the motion was lost.

The motion of Shri Apurba Lal Majumdar that in clause 21(3) (b), in line 4, after the words "and voting" the words "and recording the findings" be inserted, was then put and a division taken with the following result :—

Noes—73

Badiruddin Ahmed, Hazi
Banerji, Shri Sankardas
(viii) This is an important question of policy which the Select Committee debated at length. The question of Sanja tenants has engaged the attention of the Government for a long time. As the House is aware, in 1956 the West Bengal Government decided not to charge the tenants at the rate of cash rent equivalent to the commuted value of the paddy rent. This rate, when calculated on that basis, used to come up often to Rs. 40, Rs. 50 or even Rs. 60 per acre. The Government at that time by an executive order brought down the level of rent to Rs 9 per acre. That was only an executive order. Changes have been sought to be made through the present legislation to give legislative sanction to it Furthermore, it has been provided that the rate of Rs. 9 per acre would prevail where the payment is made entirely in kind; but in cases where there are mixed tenancies, that is to say, where part payment was made in cash and part payment was made in kind, it has been decided that the rent of both the portions in terms of cash would be added together and if it exceeds Rs. 9 per acre, the ordinary cash rate of rent prevailing in the area for similar land would be charged. I believe the average rate of rent over the whole of West Bengal is much less than Rs. 9 per acre. The actual wording is 'whichever is lower" and naturally the ordinary cash rent is lower. Therefore there would be another reduction in the rate of rent in the cases of these tenants. This is so far as the Sanja tenant is concerned. Therefore, the House will see that we have tried to give protection to the Sanja tenants, It is also represented to us that the Sanja land owners, especially in Bankura, are not big owners and their entire livelihood depended on the small income they received from Sanja tenancies. We have also tried to protect them. They are mostly poor people. We have therefore laid down in the present Bill that they will be paid full value according to the slabs prescribed in the Act, on the basis of income that they had before the abolition The only change that we are seeking to introduce is that instead of paying them off in cash lumps. we are prescribing for them an annuity equivalent to their income for 25 years In the Act no bond exceeds a period of 20 years. We have made an exception in the case of Sanja owners and we are giving them annuity for 5 years extra, i.e. we are giving them 25 years' annuity instead of the ordinary 20 years' annuity that has been given to other bond-holders. I believe this will help them more in getting themselves rehabilitated than payment of compensation in a lump. That is why the change has been introduced.

I think these are the main changes that are going to be made. There are some other consequential and formal changes which will come up in due course but they are not important. Therefore, I need not refer them at this stage and all these will be discussed. I hope. in the Bill clause by clause.

Having now described briefly the main provisions of the Bill, I will now point out the main differences from the old Bill. The most important—and I believe the most controversial issue, is the dropping of the proposed amendment to section 5A of the Act. It will be remembered that the Select Committee suggested some changes the main features of which were (1) cancellation of the transfer and (2) imposition of some penalty and forfeiture of compensation for the land in question. The House will naturally like to know why this amendment has been dropped. As the legality of this amendment was questioned, this matter was referred to the Advocate General and he has given the following opinion : I have his opinion with me and if any honourable member wants to look

at the opinion, I will be most glad to show that opinion to him his opinion runs thus :—

> "I agree with the opinion of the L. R. The penal provision is constitutionally bad. Besides the amendment will probably be held bad on groduds other than those noted by the L. R."

This opinion, I believe, is not only binding upon the Government, but also on the legislature. Therefore, whatever be my personal views, I was compelled to drop it for sheer legal reasons.

Another notable departure is to be found in the dropping of the proposed amendment to sub-section (2) of section 6 of the Act. As the ex-intermediaries are not to receive any compensation for their retained lands—I emphasise the word 'retained'—in fact no compensation need to be paid for mere loss of status—it was felt by the Select Committee that perhaps some concession may be shown to them. It was, therefore, provided that no rent will be collected from them for the first five years. Later on, I have thought over the matter very deeply and felt that no such concession to intermediaries should be given. After all, they are enjoying the income from the land and they have not born any monetary loss. If millions of peasants can go on paying rent, why should not the ex-intermediaries pay rent, particularly when they have not suffered any monetary loss and they are permitted to retain lands.

The third departure from the Select Committee's recommendations is onlay a very small one It was suggested by the Select Committee that when the Government will pay interest on the dues of the ex intermediaries at the rate of 3 %, why should the Government realise interest at the rate of 6$\frac{1}{4}$ %, rate fixed in the Public Demands Recovery Act, on the dues the ex-intermediaries will have to pay to the Government ? On re-examination, it was, however, felt that recovery under the P. D. R. Act is not ordinarily taken recourse to and the debtor has ample chance to make payment earlier, in which case there is no necessity of invoking the P D. R. Act. Therefore, the interest rate should not be scaled down.

Sir, I have already heard speeches in this house to the effect that the Government have refused to accept the recommendations of the Select Committee. Sir, I deny the charge. I have taken special pains to point out myself the main departures that have been made. Now it is not necessary perhaps for me to go clause by clause and to show in how many cases the recommendations of the Select Committee have been accepted either in whole or with only very slight drafting changes.

5-45—5-55 p. m. :

Sir, I have got the full list here, I need not read that list but it will be seen that in 17 cases we have fully accepted the recommendations of the Select Committee and in 5 cases we have accepted them with only very slight modifications, namely, drafting changes.

Sir, I have nothing more to say about the Bill at this stage but I would like to take this particular opportunity to make one or two general observations. An impression is being sought to be created abroad that there is no hope of compensation payment in the near future nor there is any possibility of land re-distribution. I would like to make a detailed statement about these matters if I get the opportunity on the occasion of presenting my budget next February but I would like to say very briefly on this occasion that the impression that is sought to be created

is not correct. I shall not go in detail into the organisations which we have set up for either compensation payment or for land re-distribution, more particularly for compensation payment, for the reason that this Bill deals particularly with compensation. But I would like to make it clear that we have started preparing rolls of the smallest type of intermediaries and these rolls are almost ready and so far as I understand every month we are getting prepared about a lakh of such rolls and many lakhs of rolls are already ready for hanging. These could not be hung earlier for the simple reason that the lacunae in the working of the Act in this respect are to be removed from this Bill and as soon as this Bill is passed we hope to start hanging the rolls at our earliest possible convenience. As the rolls are hung up, the objections will be heard, the rolls would be finalised and these finalised rolls would be handed over to the Collector for payment. I can assure the House and the honourable members will know from experience that we have paid particular attention to the lowest level of intermediaries having the smallest income and having their properties particularly in one mouza. As a matter of fact, you can quite appreciate that those who had properties in one mouza or two mouzas, that is, within the jurisdiction of one small camp, and had no properties in distant areas are not big intermediaries and these cases are rapidly nearly completion. That being so, we hope that as soon as this Bill is passed, we shall put our machinery at work at a greater tempo and we shall be able to finish these cases as early as possible and after that we shall take up the cases of the bigger intermediaries, that is, those who had properties distributed over a district or in several districts. Sir, this is the position. Therefore, I might again mention in passing that this Bill is not for them. Incidentally I may just mention for information that we have recently geared up our machinery for land distribution and if you want to learn about that process, I think there should be a separate opportunity to discuss the question as a whole but I can give this information to the House that we propose to start it in some areas of West Bengal from December or may be early January.

Shri Apurba Lal Majumdar : Sir, I beg to move that the West Bengal Estates Acquisition (Second Amendment) Bill, 1960, be circulated for the purpose of eliciting public opinion thereon by the 30th June, 1961.

মাননীয় স্পীকারমহাশয় অত্যন্ত গুরুত্বপূর্ণ বিল আমাদের সামনে উত্থাপন করা হয়েছে এ্যামেণ্ডমেণ্ট আকারে। বিধান সভায় এই আইন পাশ হবার পর ক্রমাগত প্রতি বছর এ্যামেণ্ডমেণ্ট এর পর এ্যামেণ্ডমেণ্ট এনে এবার ৯ম এ্যামেণ্ডমেণ্ট আকারে এই বিল আমাদের সামনে উপস্থিত হয়েছে। অত্যন্ত গুরুত্বপূর্ণ এজন্য যে বাংলাদেশের গ্রামীন অর্থনৈতিক জীবনের যে ভিৎ তার সঙ্গে এই বিলের প্রতিটি ধারা এমনভাবে জড়িত রয়েছে যে এই যদি ঠিকভাবে আমাদের বিধানসভায় উত্থাপিত হত তাহলে বাংলাদেশের লক্ষ লক্ষ চাষীর ল্যাণ্ড রিফরমস্ বা ভূমিসংস্কার সম্বন্ধে মূল যে বক্তব্য তা এই আইনে প্রতিফলিত হত এবং আমাদের বক্তব্য দীর্ঘ সময় নিয়ে বলবার প্রয়োজন হত না। কিন্তু যদিও এই বিলের মধ্য দিয়ে দীর্ঘ কয়েক বৎসর ধরে বিভিন্ন সময়ে বিধান সভায় আমাদের বক্তব্য রাখবার চেষ্টা করেছি এবং মন্ত্রী মহাশয়কে বার বার আমাদের দৃষ্টিভঙ্গী দিয়ে এই সমস্যাটাকে বুঝাবার চেষ্টা করেছি তবুও যে বিল ৯ম পর্যায়ে সংশোধিত আকারে আমাদের কাছে এসেছে সেটা আলোচনা করতে গিয়ে দেখছি বাংলাদেশের ভূমি সংস্কারের যে মূল কথা যে মূল নীতি তা অস্বীকার করেই এই বিল আমাদের কাছে উপস্থাপিত হয়েছে।

এষ্টেট এ্যাকুজিশন্ এ্যাক্ট বা ভূমি সংস্কার আইনের মূল নীতি হওয়া উচিত ছিল ম্যালাফাইডি ট্রান্সফার গুলি বন্ধ করে ভূমিহীন দরিদ্র ভাগচাষী যারা তাদের মধ্যে জমি বণ্টন করে দেওয়া। বিলে যদি সেই উদ্দেশ্য সাধন করার চেষ্টা হত এবং গভর্ণমেণ্ট যদি সিরিয়াসনেস্ এই বিলের মধ্যে দেখতে পেতেন তাহলে বাংলাদেশের গরীব দরিদ্র চাষী শ্রেণীদের জমি দেবার বন্দোবস্ত হত এবং সেরকম হলে আমরা সানন্দে এই বিলকে স্বীকৃতি দিতে পারতাম এবং মন্ত্রী মহাশয়ের সঙ্গে এক যোগে এই বিলকে সমর্থন করতে পারতাম। কিন্তু আমরা জানি ১৯৩৮ সাল থেকে আরম্ভ করে এ পর্য্যন্ত ল্যাণ্ড রেভিনিউ কমিশন এর সুপারিশ সমূহ সমেত ভূমি সংস্কারের যে মূল বক্তব্য সে বক্তব্য হল প্রকৃত চাষীর হাতে জমি দেওয়া এবং যারা নিজের হাতে চাষ করে তারা যাতে জমির মালিকানা স্বত্ব পায় সে দিকে দৃষ্টি রেখে যদি এষ্টেট এ্যাকুজিশন এ্যাক্টটী আমাদের সামনে আসত তাহলে বিলটী সমর্থনযোগ্য হত। মন্ত্রী মহাশয় জানেন যে ভূমি সংস্কার সম্বন্ধে আমাদের মূল বক্তব্যও তাই। আমাদের তরফ থেকে বার বার একথাই বলেছি।

[5-55—6-5 p. m.]

কিন্তু এই নবম আকারে যে সংশোধনী আমাদের কাছে এল—এর আগে যে বিল পাশ করা হয়ে তার উপরে কোন ইমপ্রুভমেণ্ট হয়েছে কিনা সেটা আমাদের বিচার বিশ্লেষণ করার প্রয়োজন আছে বলে মনে করি। প্রথমে আমরা দেখি এই বিল যখন প্রথম উত্থাপন করা হয়েছিল তখন এমন ব্যবস্থা করা হল যে কলকাতা সহরকে এই আইনের আওতা থেকে বাদ দেওয়া হল, সে বাদ আজও আছে। এবং তারপরে মাননীয় মন্ত্রী মহাশয় সেটা বলেছেন যে এই আইন করার আগে এই আইনকে ফাঁকি দেবার জন্য অসাধু জোতদার জমিদাররা তারা বেনামী ট্রানজ্যাকশান্ করে বহু জমি সরিয়ে রেখেছে। এই জমিগুলি তাদের কাছ থেকে নিয়ে চাষীদের মধ্যে বিলিবণ্টন করার নীতি স্বীকৃত হয়েছে, আমি জানতে চাই সেটা কার্য্যকরী করা হয়েছে কি না? মাননীয় স্পীকার মহাশয় আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে ১৯৫৪ সালে যে প্রথম সংশোধন হয়েছিল ওয়েষ্ট বেঙ্গল এষ্টেটস এ্যাকুইজিশন্ এ্যাক্ট ১৯৫৪ তখন সেই সময় তখন রুল ৫এ এই আইনের মধ্যে লিপিবদ্ধ করা হল। ১৯৫৪ সালে যখন সংশোধন হয়ে ৫এ সেকশান্ এই বিধান সভায় আমরা গ্রহণ করেছিলাম তখন তার উদ্দেশ্য সম্পর্কে আমাদের মন্ত্রীমহাশয় আশ্বাস দিয়েছিলেন এবং এটা কেন আনা হচ্ছে সে সম্বন্ধে অবজেক্টস এণ্ড রিজিন্স্ বলেছিলেন।

To enquire into the transfer made between 5th day of May, 1953 and the day of vesting if there are prima facie reasons for believing that such transfer was not bona fide and was made with a view to defeat the purposes of the Act; (ii) তারপর দুই নম্বর কথা বলেছিলেন if not bona fide, to cancel it; (iii) আর তিন নম্বর কথা বলেছিলেন if bona fide, the transferee to retain it but to be calculated in accordance with other provisions to retain that land under the Act.

এই সাধু উদ্দেশ্য নিয়ে অর্থাৎ ম্যালাফাইডি ট্রান্সফার আমাদের তরফ থেকে বার বার অভিযোগ মন্ত্রী মহাশয়ের কাছে বলার পর ১৯৫৪ সালে ম্যালাফাইডি ট্রান্সফার এর এনকয়ারি করার উদ্দেশ্য এবং আদর্শ নিয়ে তিনি সেকশান ৫এ গ্রহণ করেছিলেন। এবং সেই সময় এটা কার্য্যকরী করা হবে বলে তিনি হাউসকে আশ্বাস দিয়েছিলেন। সেই হিসেবে পাওয়ার ডেলিগেট যা করা হ'ল তাতে নোটিফিকেশান্ দিলেন ৯ই এপ্রিল, ১৯৫৬ এবং কলিকাতা গেজেট ১০ই এপ্রিল, ১৯৫৬ এ পাবলিস করেছিলেন। এটা intention of the legislation was to avoid

or to cancel the mala fide transfer আমি জিজ্ঞাসা করি এটা তিনি কতখানি কার্য্যকরী করেছেন। আজকে তার প্রারম্ভিক বক্তৃতায় আমরা আশা করেছিলাম যে মন্ত্রী মহাশয় সেকশান ৫এ সম্বন্ধে কিছু বলবেন। ১৯৫৪ সাল থেকে সেকশান গ্রহণ করার পর আজ পর্য্যন্ত ৬ বছর সময়ের মধ্যে কতখানি এই সেকশানকে কার্য্যকরী করা হয়েছে? এবং কোথায় কোথায় কত পরিমাণ জমি বা বেআইনী দলিল কত ক্যান্সেল বা বে আইনী হস্তান্তর ক্যান্সেল করে সেই জমি নিয়ে; তা তৈরী করে সাধারণ গরীব ভাগচাষী, ক্ষেতমজুরকে বিলি বণ্টন করা হয়েছে সে সম্বন্ধে তাঁর প্রারম্ভিক বক্তৃতায় তিনি জানাবেন এটা আমরা আশা করেছিলাম কিন্তু হতাশার সঙ্গে বলতে বাধ্য হচ্ছি সে সম্বন্ধে তিনি একটি কথাও বললেন না। সেকশান ৫এ যেটা করবার এই হাউসে উত্থাপন করা হয়েছে সে সম্বন্ধে একটা অত্যন্ত ফরমাল ওয়েতে এ্যামেণ্ডমেণ্ট আনা হয়েছে। আমরা আশা করেছিলেম সেকশান ৫এ যাতে সঠিকভাবে প্রয়োগ করা যায় সে সম্বন্ধে নবম সংশোধনীতে কার্য্যকরী ব্যবস্থা গ্রহণ করা হবে কিন্তু সেই বিষয়ে হতাশ হয়েছি।

আমরা দেখছি যে সমস্ত ক্ষেত্রে সেকশান ৫এর স্কোপ লিমিটেড হয়ে রয়েছে। আমি স্কোপ এণ্ড এ্যাপ্লিকেবিলিটি সম্পর্কে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে একথা বলতে চাই that this section does not restrict all sorts of transfer to merely transfer by way of sale, mortgage, lease, exchange or Gift. এই সেল, এক্সচেঞ্জ, মর্টগেজ, লিজ এক্সচেঞ্জ অর গিফ্‌ট্ ইত্যাদি হস্তান্তরিত করার এই যে ৫টি উপায় আছে এসব আর যে কোন উপায়ে জমিদারেরা হস্তান্তরিত করে তাহলে ইনটারমিডিয়ারীর ক্ষেত্রে সেকশান ৫এর এ্যাপ্লিকেবিলিটি নেই।

The provision of this section cannot be applied to proceedings under section 26A of the Bengal Tenancy Act and the court is not prevented by this section from making order for preemption. 62 C. W. N. reported preemption.

মন্ত্রী মহাশয় নিশ্চয় জানেন যে আমাদের ক্যালকাটা হাইকোর্টের কেস সিক্সটি-টু সি, ডব্লিউ, এন সেটা রিপোর্টেড হয়েছে সেখানে এই কথা বলেছেন যে প্রিয়েমসানের মাধ্যমে ইণ্টারমিডিয়ারী যদি হস্তান্তরিত করার চেষ্টা করে তাহলে সেকশান ৫-এ কোর্ট প্রোসিডিংস করার উপায় নেই সেই প্রিয়েমসানের সুযোগ সুবিধা যাতে ইণ্টারমিডিয়ারীরা পেতে পারেন সেইভাবে আইন ড্রাফট্ করা উচিৎ ছিল। আমরা আশা করেছিলাম তিনি এইভাবে এ্যামেণ্ডমেণ্ট আনবেন যাতে সেকশান টুয়েন্টি-সিক্স এ অব্ দি বেঙ্গল টেন্যান্সি এ্যাক্ট ক্ষেত্র এটা এ্যাপ্লিকেবল হয় এবং প্রিয়েমসানেরসুযোগে জমিদারেরা বা ইণ্টিমিডিয়ারীরা অধিক পরিমাণে জমি তাদের কুক্ষিগত করতে না পারেন। এই বিষয়ে আমি আমাদের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে এইভাবে এটা করা উচিৎ ছিল।

[6-5—6-15 p. m.]

The Hon'ble Bimal Chandra Sinha: Sir, I would just like to be enlightened by my learned friend that when there is a transfer under preemption, namely, 26A of the Bengal Tenancy Act, can a landlord make it on benami, or if he is to put his own name?

ফ্যামিলি অন্য নামে যদি বেনামী ট্রানজ্যাক্শান হয় তাহলে সেকশান ৫-এ আপনি আটকাতে পারেন, কিন্তু সে যদি বেনামী প্রিয়েমশানের মাধ্যমে করেন তাহলে সেটা সম্ভব নয়। তারপর আমি রাজস্ব মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে এটা বলতে চাই যে বেনামী ট্রানজ্যাকশান সম্বন্ধে ডিসপিউট এরাইজ করে যে এটা বেনামী ট্রানজ্যাকশান এবং সেটা যদি সাবজেক্ট ম্যাটার অব সুট্

হয় তাহলে সে সমস্ত ক্ষেত্রে এই সেকশান ৫ য়্যাপ্লিকেবল করে কিনা সেটা জানতে চাই? এ, আই, আর ১৯৫৮ এ যে কেস রিপোর্টেও আছে সে সম্বন্ধে উনি নিশ্চয় খবর রাখেন সেখানে by way of point settled except by way of suit settled সেটা হতে পারে না এবং সেসব ক্ষেত্রে সেকশন ৫এর য়্যাপ্লিকেবিলিটি নেই কাজেই বেনামী ট্রানজ্যাকশান যেখানে হবে সেখানে কমপ্লিকেশান হবে, যেখানে বিরুদ্ধাচরণ করতে গিয়ে তারা যদি স্যুটের মাধ্যমে যায় তাহলে সেসব ক্ষেত্রে সেকশন ৫-এর য়্যাপ্লিকেবিলিটি নেই। আমি শুধু বলতে চাই যে এই সেকশান অন্যভাবে ড্রাফট করা সম্ভবপর ছিল। আপনি সেখানে বলছেন যে সেখানে ইচ্ছা করলেই ষ্টেট গভর্ণমেণ্ট সে সমস্ত বেনামী ট্রানজ্যাকশান এর বিরুদ্ধে একসান নিতে পারেন, এনকোয়ারী করতে পারেন, আবার লাভ এনকোয়ারী করতে পারেন। আমার গ্রাম থেকে আশ্বাস দিয়েছিলেন যে বাংলাদেশে এষ্টেটস্ এ্যাকুইজিশান এ্যাক্ট কার্য্যকরী হলে ৬ লক্ষ একর জমি বাংলাদেশে চাষীদের হাতে আসবে। সেই এ্যাক্ট চালু হবার পরে বেনামী ট্রানজ্যাশান বন্ধ করার জন্য সেকসন ৫এ গৃহীত হবার পরেও মন্ত্রীমহাশয় নিশ্চয় স্বীকার করবেন আজ পর্য্যন্ত ২ লক্ষ একরের বেশী জমি আমাদের হাতে এসে পৌছায়নি। সেই ৬ লক্ষ একর জমির কথা যখন মন্ত্রী মহাশয় বলেছিলেন তখন এই সম্পর্কে অনেক সদস্য তাঁর দৃষ্টি আকর্ষণ করে এই কথা বলেছিলেন যেহেতু বেনামী ক্লজ নেই সেহেতু বিভিন্ন জেলায় জেলায় এই রকম ধরণের বেনামী ট্রানজ্যাকশান হবে। এর আগের সংশোধনীর মধ্য দিয়েও অনেকে এ সম্পর্কে কোন পেনাল ক্লজ গ্রহণ করেনি এই সম্পূর্ণভাবে সেটাকে বাদ দিয়ে দিয়েছি। বহু মাননীয় সদস্য বিভিন্ন জেলার তাঁর কাছে পরিষ্কার ইনসিডেণ্ট তুলে ধরেছেন যে এইসব বেনামী ট্রানজ্যাকশান বন্ধ হওয়ার দরকার। ষ্টেট যদি নিজে রেসপনসিবিলিটি গ্রহণ করতেন এবং এটা যদি এনকায়বেণ্ট না হয়ে যে জায়গায় পাবলিকের তরফ থেকে দরখাস্ত আসবে সেখানে সরকার যদি নিজে বেনামী ট্রানজ্যাকশান এনকোয়ারী দ্বারা বন্ধ করে দিয়ে যে সমস্ত ল্যাণ্ড ফ্রি ফ্রম অল এনকামব্রান্সেস্ এর যে সমস্ত জমির কম্পেনসেশান ইণ্টারমিডিয়ারীরা পেতে পারে না সেই জমি যদি ধরতেন তাহলেসরকারের কাছে ফ্রি ফ্রম অল এনকামব্রান্সেস্ অনেক জমি বর্দাদ। সেকশান ৫-(এ) সম্পর্কে আমরা আগে যে বক্তব্য রেখেছি সে সম্পর্কে তিনি যদি কোন সংশোধন গ্রহণ করতেন তাহলে এও বলার আর প্রয়োজন হত না। কাজেই আমরা দেখছি শুধু জজের সম্পর্কে যে কে বিচার করবেন এবং কে এনকোয়ারী করবেন এবং কোন ধরণের জজ হবেন—ডিষ্ট্রিক্ট সেশানস্ জজ ইত্যাদি সম্পর্কে বক্তব্য এখানে রাখা হয়েছে। কিন্তু তাহাদের প্রয়োজন হচ্ছে যে বেনামী ট্রানজ্যাকশান কি ভাবে বন্ধ হবে। সরকার যে সমস্ত রেজিষ্টার্ড ঠিক হয়েছে সেগুলি সম্পর্কে এনকোয়ারী করা উচিৎ। এই সমস্ত আন রেজিষ্টার্ড লেস ইত্যাদি। ক্যানসেলড করার কথা আমরা আমাদের সংশোধনীগুলির মধ্যে দিয়ে রেখেছি। এর পর অন্যতম সংশোধন যেটা মন্ত্রী মহাশয় এই বিলের মধ্য দিয়ে এনেছেন সেই সম্পর্কে প্রধানতঃ বলা যেতে পারে অরিজিন্যাল য়্যাক্টের সেকশান ৬১ স্থার, সেকশান ৬ সম্পর্কে তিনি যে কথা বলেছেন সে সম্পর্কে তাঁর সঙ্গে আমরা একমত। ক্যালকাটা হাইকোর্টএর রিসেণ্ট রুলিং যেটা কণ্ট্রাডিকটারী হয়েছে সেটা সম্পর্কে তিনি বলেছেন সিক্সটি সি, ডব্লিউ, এন, সিক্সটি থ্রি, সি, ডব্লিউ, এন, এযে রায় ছিল সেটা কমপ্লিটলি পালটে সিক্সটি থ্রি. মণীন্দ্র নাথ ঘোষ ভার্সাসষ্টেট অব ওয়েষ্ট বেঙ্গল যেটা সেটা একেবারে রিভার্স করে দিয়েছেন। সে ক্ষেত্রে মন্ত্রী মহাশয় টেনাণ্টদের বাঁচানোর জন্য land having tenant can also be retained এবং যে রায় ছিল 63 cwn অনুসারে সেইটাকে পালটে দেবার জন্য এখানে একটা সংশোধনী প্রস্তাব এনেছেন। অর্থাৎ নট্ বিত্ত টেনাণ্ট একথা তিনি উল্লেখ করেছেন। কিন্তু এই সেকশান সম্পর্কে আমাদের আরও বক্তব্য রয়ে গেছে যেগুলি তিনি উপেক্ষা করে গেছেন। আমাদের তরফ থেকে সেই প্রশ্ন বারবার উত্থাপন করা সত্বেও আমরা আমরা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি সে দিকে আনতে পারিনি। যেমন

ধরুন সেকসন ৬ অনুসারে ইন্টারমিডিয়ারীরা কত জমি রাখতে পারে তার কোন সীমা নেই, আমরা আজও দেখছি যে সেকসন ৬এ, বি, সি, এফ, জি, এইচ অল ইত্যাদি সমস্ত সাব সেকসানে ইন্টারমিডিয়ারীর উপর কোন লিমিটেশন সিট এবং এর ফলে ইন্টারমিডিয়ারী যত পরিমাণ ইচ্ছা জমি রেখে দিতে পারে। অর্থাৎ সাব সেকসান বি, ই, জি, এইচ, আইতে ম্যাক্সিমাম লিমিটেশান্ কোন প্রেসক্রাইবড করা নেই।

তিনি যখন সেকসান ৬ এর এ্যামেণ্ডমেন্ট এই বিলের মধ্য দিয়ে এনেছেন তখন আমরা চেয়েছিলাম যে এই সমস্ত ক্ষেত্রে তিনি একটা ম্যাক্সিমাম লিমিট প্রেস্কাইব করে দেবেন। কিন্তু মন্ত্রীমহাশয় সেই ম্যাক্সিমাম লিমিট প্রেস্কাইব করেন নি শুধু ক্লজ হিসাবে ১৫ একর রাখতে পারবে। (এ) এণ্ড (সি) ক্লজেস একসঙ্গে করলে পর ২০ একর জমি যে রাখতে পারছে, এগ্রিকালচারাল ল্যাণ্ড ২৫ একর রাখতে পারছে। কিন্তু এই সঙ্গে এই লিমিটেসানটা আমরা চেয়েছিলাম অন্যান্য ধারায় যে পরিমাণ জমি সে রাখতে পারে তার একটা টোটাল প্রেসক্রাইবড্ ম্যাক্সিমাম লিমিট থাকা দরকার। কিন্তু তিনি প্রেস্ক্রাইবড লিমিট করেন নি। শুধু তাই নয়, এই বিলের মধ্য দিয়ে আর একটা বড় রকম ফাঁক আমরা দেখছি। ইন্টারমিডিয়ারি ফ্যামিলী, ইন্টারমিডিয়ারি মানে, ইন্ডিভিজুয়াল ব্যক্তি, তার ছেলে একজন ইন্টারমিডিয়ারি হতে পারে, তার wife একজন ইন্টারমিডিয়ারি হতে পারে, তার চিল্ড্রেন এক একজন ইন্টারমিডিয়ারি হতে পারে। দি ইন্টারমিডিয়ারি must be a unit of a minimum family. গোষ্টিভুক্ত, পরিবারভুক্ত একটা পরিবারকে একটা ইন্টারমিডিয়ারি ইউনিট হিসাবে যদি না ধরি তাহলে এই আইনের মধ্যে এমন ফাঁক আছে যার মধ্য দিয়ে সেই পরিবার ৫।১০ জনের মধ্যে ঐ পরিমাণ জমি সে বণ্টন করে দেবে। বড় বড় রাঘব বোয়াল, বড় বড় জমিদার তারা এই সুযোগ গ্রহণ করে এষ্টেটস্ এ্যাকুইজিসান অ্যাক্ট-এর যে মূল অর্থ বাড়তি জমি নিয়ে ভাগচাষী এবং ক্ষেতমজুরদের মধ্যে বণ্টন করে দেওয়ার ব্যবস্থা সেই ব্যবস্থা সম্পূর্ণ বানচাল করে দেবে। এই আইনে সেই প্রভিসান রয়ে গেছে। যখন এই আইন হয় তখন আমরা বিধানসভায় মন্ত্রী মহাশয়ের কাছে বহুবার বলেছি যে আপনারা ফ্যামিলি ইউনিট ধরুন; স্ত্রী, পুত্র, কন্যা এই যে ইউনিট, ইন্টারমিডিয়ারি বলতে সেই এনটায়ার ইউনিটকে আপনি বুঝুন। তা যদি না হয় তাহলে আজকে লক্ষ লক্ষ বিঘা জমি এই বিলের দ্বারা আত্মীয়গোষ্টির নামে চলে যাবে এবং আমাদের দেশের যারা গরীব ভাগচাষী, ক্ষেতমজুর তাদের অর্থনৈতিক উন্নতির ব্যবস্থা এবং গ্রামীন জীবনের অর্থনৈতিক বুনিয়াদ শক্তিশালী করা যাবে না। ল্যাণ্ড রিফরম-এর মূল যে বক্তব্য সেই মূল বক্তব্যকে ব্যর্থ করার সুযোগ এর মধ্য দিয়ে করে দেওয়া হয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, এরপর এই আইনের দিক দিয়ে আরও কতকগুলি বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। তার সেক্সান ৪ এর মধ্য দিয়ে এমন সমস্ত এ্যামেণ্ডমেন্ট তিনি এনেছেন যদিও নট বিড্ এ টেন্যাণ্ট এই কথাগুলি রেখেছেন তবুও আর সমস্ত জায়গায় এমন লুপহোল্স রেখে দিয়েছেন যার ভিতর দিয়ে বিরাট পরিমাণ জমি আজকে আমাদের গভর্ণমেন্টের আওতা থেকে বাইরে বেরিয়ে গিয়ে ইন্টারমিডিয়ারিদের হাতে চলে যাচ্ছে। মূল আইন সম্পর্কে শেষ সময়ে যে কথাগুলি বলা দরকার তা হচ্ছে ভূমিসংস্কারের নাম করে এষ্টেটস্ এ্যাকুইজিশান এ্যাক্ট এর মধ্য দিয়ে বাংলাদেশের tillers যারা চাষী তাদের হাতে জমি দেওয়ার নাম করে জোতদার এবং জমিদারদের স্বার্থ পুষ্ট করার যে সমস্ত ল্যাকুনা থাকা দরকার সেই সমস্ত ল্যাকুনা অত্যন্ত বুদ্ধিমত্তার সঙ্গে এবং সুচতুরতার সঙ্গে কৌশলের মধ্য দিয়ে এই আইনেতে রাখা হয়েছে এবং বাংলাদেশের চাষীকে একটা ভাওতা দেওয়া হয়েছে। আমরা এই আইনকে সংশোধন করার জন্য বারবার বলেছি এবং বার বার বলা সত্ত্বেও আমরা যে সমস্ত পয়েন্ট দিয়েছি সেই সমস্ত পয়েন্টগুলি বাদ দিয়ে সামান্য দু' একটা ছোটখাট পয়েন্ট নিয়ে এসে ভূমিসংস্কারের মূল যে নীতি সেই নীতিকে অস্বীকার করে বাংলাদেশের চাষীকে বঞ্চিত করা হচ্ছে। সেজন্য আমি মনে করি যে বিল আজ

বিধানসভায় এসেছে সেই বিলের সঙ্গে বাংলাদেশের স্বার্থ জড়িত রয়েছে অতএব এই বিলকে বাংলাদেশের মানুষের কাছে সার্কুলেট করা হোক এই বলেই আমার বক্তব্য শেষ করছি।

[6-15—6-25 p. m.]

Shri Hare Krishna Konar : মাননীয় অধ্যক্ষমহাশয়, এই বিলের গত দু'বছরের যা ইতিহাস তা হোল ভূমি সংস্কারের সামান্যতম প্রচেষ্টাকেও বানচাল করার জন্য জোৎদার, পুলিশ এবং মন্ত্রীসভার অপপ্রয়াসের একটা কলঙ্কজনক ইতিহাস। মাননীয় স্পীকার মহাশয়, আপনার মনে আছে ১৯৫৮ সালের শেষদিকে এই বিলটা আনা হয়। মন্ত্রীমহাশয় তখন বলেছিলেন যে, একটা কমপ্রিহেনসিভ এ্যামেনডিং বিল প্রয়োজন এবং উক্ত বিলকে অবলম্বন করে তা করা যেতে পারে। তারজন্য সিলেক্ট কমিটি করা হয়। অনেক খরচপত্র করে কোলকাতা দার্জিলিং ঘুরে ঘুরে অনেক মিটিং করে এই কমিটির কাজ শেষ করা হোল। কংগ্রেস মেম্বার অপোজিশন মেম্বার সব প্রায় একমত হয়ে কতকগুলি সংশোধন প্রস্তাব করলেন। ২।১ জনের অবশ্য আপত্তি ছিল। তারপরে দেখা গেল কোথা থেকে কি কলকাঠি নড়লো; এখানে দেখা গেল কিছু কিছু জোৎদারদের চাপও পড়তে আরম্ভ করলো। শ্রীশঙ্করদাস ব্যানার্জী মহাশয় এই সভাতে প্রকাশ্যে রাজস্বমন্ত্রীকে চ্যালেঞ্জ করলেন। তারপরে রহস্যজনকভাবে ক্যাবিনেট সিদ্ধান্ত করলেন সিলেক্ট কমিটির প্রস্তাবিত আইন প্রত্যাহৃত হবে এবং তা হোল। জানি না বাংলাদেশের ইতিহাসে অতীতে এমন হয়েছে কিনা যে একটা বিল শাসকশ্রেণীর মেজরিটি দ্বারা গঠিত সিলেক্ট কমিটিতে গৃহীত হয়ে এসে সেই শাসকশ্রেণীরই ক্যাবিনেটের চাপে প্রত্যাহৃত হয়। মাননীয় স্পীকার মহাশয়, আমি বলতে চাই যে এ বিষয়টা হোল বাংলার জীবনের পক্ষে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। আমরা কালকে তৃতীয় পঞ্চবার্ষিকী প্ল্যান আলোচনা করবো; তাতে দেখবেন বাংলা গভর্ণমেন্ট বলছেন কৃষির উপর জোর দিতে হবে। কেমন করে হবে, কৃষির উন্নতি বল্লেই তো আর কৃষির উন্নতি হয় না; তারজন্য কতকগুলি মৌলিক পরিবর্তনের প্রয়োজন আছে এবং এই যদি হয় যে সেই প্রয়োজনের পক্ষে আইনের কতকগুলি ধরাবাধা নিয়ম বাধা হয়ে দাঁড়াচ্ছে তাহলে কার পরিবর্তন করতে হবে? পরিবর্তন আইনকে করতে হবে, না আইনের জন্য মানুষকে করতে হবে—কোনটা? এই মৌলিক প্রশ্নটা আমি তুলতে চাই যে আইনের জন্য মানুষ, না মানুষের জন্য আইন, বাস্তব অবস্থার প্রয়োজনে আইন, না বাস্তব অবস্থার জন্য প্রয়োজনীয় ব্যবস্থাকে আইনের প্রয়োজনে অস্বীকার করতে হবে? যদি মানুষের জন্য আইন হয়, তাহলে দিল্লীতে কেন্দ্রীয় সরকার কংগ্রেস দ্বারা পরিচালিত, এখানে বাংলা গভর্ণমেন্ট কংগ্রেস দ্বারা পরিচালিত, তাঁরা যদি অনুভব করেন তাহলে কেন আইনের বাধা দূর করা যায় না, প্রয়োজনমত সংবিধান পরিবর্তন করা যায় না? কোন ব্যবস্থা করা যায় না? আমি বলবো আইনের ফাঁকের আশ্রয় গ্রহণ করে জোতদারদের সেবা করার ব্যবস্থা করা হচ্ছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি বোধহয় লক্ষ্য করেছেন গত ২৩শে তারিখের ষ্টেটসম্যান কাগজ—কেউ বলবে না যে এই কাগজ কমিউনিষ্টদের ধারেকাছে দিয়ে যায়; এতবড় কমিউনিষ্টবিরোধী কাগজ খুব কমই আছে, তবে খুব বুদ্ধিমান কাগজ, খুব বুদ্ধিমানের মত লেখেন; তাদেরই রিপোর্টার—যিনি পশ্চিমী সাম্রাজ্যবাদের ভক্ত সেই কলিন্ জ্যাকসনের প্রবন্ধ নিশ্চয়ই পড়েছেন। তাতে চীন এবং ভারতের অবস্থা বর্ণনা করতে গিয়ে তিনি দেখিয়েছেন চীনের কি বিপুল অগ্রগতি, চীন কত এগিয়ে যাচ্ছে। কেন সম্ভব হোল? কেবল সীমানা সীমানা বলে গালি দিলে তো চলবে না; কেন তারা এগুতে পারলো? তিনি বলছেন সেখানে বেকার নেই, ম্যালনিউট্রিশন নেই। এর উত্তর খুঁজে পেতে গেলে কৃষ্ণাপ্পা কমিটির রিপোর্ট পড়া দরকার। ভারত গভর্ণমেন্টের যে সব ডেলিগেশন যাঁরা গিয়েছিলেন চীনে তাঁদের রিপোর্টও পড়া দরকার। তাতে দেখা যাচ্ছে, ৩১ কোটী চাষীকে জমি দেওয়া হয়েছে, সেখানে কৃষিঋণ পর্যাপ্ত পরিমাণে দেওয়া হয় তিন দিনের দরখাস্তে, সেখানে ফসলের দরের একটা

সমতা গত ৯ বছর ধরে হয়েছে। এটা শুধু চীনে নয়, ভীয়েৎনামেও আছে। আপনারা চট্ করে বলবেন ওসব টোটালিটেরিয়ান ব্যবস্থা। আমি বলবো ওসব জোতদাররা যা খুসী তাই করতে পারে, লক্ষ লক্ষ বিঘা জমি লুকোতে পারে—এই কি ডেমোক্র্যাসী ?

আর টোটালিটারিয়ান হলে চাষী জমি পাবে, খাজনা মকুব হয়ে যাবে, চাষের উন্নতির সব ব্যবস্থা হবে! মাননীয় স্পীকার মহাশয়, আজ বাংলাদেশের প্রয়োজনে কি একটা মৌলিক বা বেসিক্ পরিবর্তন করা যেত না? শুধু বলে দিন—বড়লোক, জমিদার, মহাজন জমি রাখতে পারবেন না; আর আইন্ প্রয়োগের জন্য গ্রামে চাষীদের যে নির্বাচিত কমিটী হবে—তাতে বড়লোক থাকতে পারবে না। তারা ঠিক করবে কে মহাজন, কে জমিদার। তাহলে প্রকৃত ব্যবস্থা হয়। কিন্তু এখানের আইনে আমাদের সহরে যাদের ৫০ হাজার টাকা ইন্‌কাম এবং গাঁয়ে পাঁচশো বিঘা জমি আছে, তারাও সিলিং হিসেবে ৭৫ বিঘা রাখতে পারবে, আর যারা গ্রামের চাষী, যাদের ৮০ বিঘা জমি আছে, অন্য কোন আয় নাই, তারাও ঐ ৭৫ বিঘা রাখতে পারবে। যদি চুরি করতে না পারে, তাহলে তাদের বাড়তি টেনে নেবেন। এ কোন্ ধাঁচের আইন? চীনে, ভিয়েৎনামে তা করতে পারেনি। সেখানে আইনের মৌলিক পরিবর্তন হয়েছে। তা কি আমাদের এখানে সম্ভব নয়? মণীষী কার্ল মার্কস বলে গেছেন শ্রেণীস্বার্থের দ্বারা পরিচালিত হয় বর্তমানের গভর্ণমেণ্টগুলি, অতএব তার উর্ধে তারা যেতে পারবে না। কিন্তু বিমলবাবুকে বলি, আপনাদের নিজেদের ধনতান্ত্রিক বিকাশের প্রয়োজনে তো কিছু করতে পারতেন! আমেরিকা, জাপানের মত জায়গায় ভূমিসংস্কার করে ল্যাণ্ড ডিষ্ট্রিবিউশান করিয়েছে। এখানে কি কিছু করা যেত না? আমরা বিশ্বাস করেছিলাম, এই গভর্ণমেণ্টকে দিয়ে কিছু করান যাবে; অন্ততঃ আংশিক কিছু করা যাবে। কিছু গরীব কৃষককে জমির মালিক করা যেতে পারবে এবং খাজনার ব্যাপারে কৃষকদের কিছুটা নিষ্কৃতি দেওয়া যেতে পারবে। জমিদার জোতদারদের জমির উপর যে দৃঢ় কব্জা তা কিছুটা শিথিল করা যেতে পারবে। জমি থেকে উচ্ছেদের ব্যাপারটা বন্ধ করা যেতে পারবে। এই সমস্ত ব্যাপারে কৃষকদের সহযোগিতা ও উৎসাহ সৃষ্টি করা যাবে। এটা কেন করা হোল না? গত ৭ বছরের ইতিহাস দেখলে দেখা যাবে বাংলাদেশের গভর্ণমেণ্ট এই ব্যাপারে চরম ব্যর্থতার পরিচয় দিয়েছে। এই ব্যর্থতা শুধু কমুনিষ্ট বেঞ্চ থেকে নয় বা বিরোধীদের বেঞ্চ থেকেও নয়, এই ব্যর্থতার কথা কংগ্রেস বেঞ্চ থেকেও স্বীকার করতে হয়েছে। যাদের উদ্দেশ্যে এই আইন, তাদের জন্যই একান্ত প্রয়োজন ছিল এই আইনের সংশোধন করা।

আমার মনে আছে মাননীয় মন্ত্রীমহাশয়, নিজে এবং ঐ দিকের কংগ্রেস সদস্য শ্রীহংসধ্বজ ধারা প্রভৃতি যাঁরা কমুনিষ্টদের গালি দিয়ে থাকেন, তাঁরা পর্যন্ত এই কথা স্বীকার করেছেন যে, ব্যাপকভাবে জমি বে-আইনীভাবে বেনামী হস্তান্তর হয়েছে। ২০ হাজার বিঘা জমির মালিকরা পর্যন্ত সফলভাবে আইনকে ফাঁকী দিয়ে জমি লুকিয়েছে। বর্তমান আইনে নাকি তাদের ধরতে পারা যাচ্ছে না—চমৎকার! তার জন্য কি হাজার হাজার বিঘা জমি ছেড়ে দিতে হবে? আইন বদলানো যাবে না? বর্গাদার উচ্ছেদ আইনে যত না হচ্ছে, তার চেয়ে বেশী হচ্ছে বে-আইনীভাবে। আজকে ভাগচাষী, ক্ষেতমজুর আধা গোলামে পরিণত হচ্ছে। ভাগচাষী খুব কম ক্ষেত্রেই ৬০ ভাগ, ৪০ ভাগ পায়, স্থানেও ৫০, ৫০ রয়েছে। আবার অনেক জায়গায় ঠিকাভাগা পর্যন্ত চালু হয়ে যাচ্ছে বর্গাদারদের অসহায় অবস্থার জন্য। আমি জিজ্ঞাসা করি রাজস্বমন্ত্রীর কাছে, মাননীয় স্পীকার মহাশয়, আজ গ্রামের আট আনা থেকে বার আনা লোক যদি দুঃস্থ হয়, কোন জমি না থাকে, কাজ না থাকে, খাবার না থাকে, তাহলে তারা কি করবে? সহরে এসে কলকারখানায় কাজের জন্য ভীড় করবে? কিন্তু সেখানেও তারা কাজ পাচ্ছে না। সহরের লোক যেখানে কাজ পাচ্ছে না, সেখানে তারা কোথা থেকে কাজ পাবে? এই অবস্থায় হাজার হাজার বিঘা জমি যদি মুষ্টিমেয় জমিদার জোতদারের হাতে থাকে, তাহলে তারা এই জমির উন্নতির প্রচেষ্টা করবে; এটা ভাবা পাগলামী ছাড়া আর কি?

ধরুন, আমার যদি হাজার বিঘা জমি থাকে গাঁয়ে এবং হতভাগ্য খেতমজুর ভাগচাষীকে আট আনা মজুরী দিলে কাজ করে দেয়, তাহলে আমি ট্রাক্টর কেন ব্যবহার করবো? আমি কেন ভাল বীজ ব্যবহার করবো? কেন চাষে আমি ক্যাপিটাল ইনভেষ্ট করবো? বড়লোকের হাতে টাকা থাকলে, জমি থাকলে চাষের কাজে তা তারা invest করতে পারে, এটা বলার অর্থ লোককে প্রতারণা করা ছাড়া আর কিছু নয়। এটা কোন ব্যক্তির বিরুদ্ধে আমার ব্যক্তিগত রাগ নয়। সরকার হতে যা করা হচ্ছে—It is a crime to the nation, it is a crime to West Bengal and it is a crime to humanity.

এতে করে আমাদের বাংলাদেশে খাদ্যোৎপাদনের সর্বনাশ করা হচ্ছে। এখনো সময় আছে, এখনো সরকার কিছু করতে পারতেন। তাই আমরা চেয়েছিলাম বে-নামী ধরার ব্যাপারটা সম্বন্ধে একটা কিছু করুন। আমাদের বিনা বিচারে আটক করার জন্য আইনকানুন সমস্ত কিছু করা যায়। টাটা, বিরলা যাতে কংগ্রেস তহবিলে টাকা দিতে পারে, তারজন্য কোম্পানী পর্যন্ত বদলানো যায়। আর ভূমিসংস্কারের বেলায় হয় না? এই বে-আইনী হস্তান্তর আইন করে ধরা যায় না?

[6-25—6-35 p. m.]

আমরা বলেছিলাম—বেনামী জমিগুলি ধরার ব্যবস্থা করা হোক, পরিবার ভিত্তিতে ceiling-এর ব্যবস্থা করা হোক, কৃষকের ঋণ মকুব করে, তাকে ঋণের হাত থেকে খানিকটা নিষ্কৃতি দেওয়া হোক, এবং উচ্ছেদ-এর ব্যাপারে একটা সুরাহা করা হোক।

মাননীয় স্পীকার মহাশয়, আপনার যদিও গ্রামের সব ব্যাপার জানবার সুযোগ হয় নাই, কিন্তু এটা নিশ্চয় জানেন, এবং মন্ত্রীমহাশয়ও স্বীকার করবেন যে দু-বছর আগে যেটুকু vested land সরকারের ছিল অর্থাৎ জমিদাররা যেটুকু জমি চুরী করতে পারেন নি, মাত্র সেইটুকু গভর্নমেন্টের হাতে এসেছিল। কিন্তু সেটুকু জমিও দু বছর পর্যন্ত জোতদারদের ভোগ করতে দেওয়া হয়েছিল কিছু লাইসেন্স ফি নিয়ে এবং তাদের এ্যাজ গভর্নমেন্ট এজেন্ট করে রাখা হয়েছিল। কিন্তু ভাগচাষীদের যদি এই জমিগুলি দেওয়া হোত, তাহলে অন্ততঃ সেখানকার উৎপন্ন ফসলের অর্ধেক জোতদাররা আদায় করতে পারতেন না। স্পীকার মহাশয়, আপনি এটাও জানেন এবং এটা বাস্তব সত্য যে মূল আইনের ৫ (ক) ধারায় বেনামী জমি ধরার ব্যাপারটা একটা প্রহসনে পরিণত হয়েছে। সেইজন্য দু-বছর আগে আমরা বাধ্য হয়েছিলাম সরকারকে জানাতে যে বেনামী বাড়তি জমিগুলি আটক করে তদন্ত করা হোক এবং vested landগুলি এবং licence fee নিয়ে বর্গাদারদের দেওয়া হোক। এই দাবী কমিউনিস্ট পার্টি ও কৃষকসভা থেকে করা হয়েছিল। মাননীয় মন্ত্রী বিমলবাবু কৃষকসভার এই দাবীর খানিকটা মেনে নিয়ে একটা circular দিয়েছিলেন যে ভেস্টেড্ ল্যাণ্ড প্রত্যেকটি দখলকার মেহনতী চাষীর সঙ্গে বন্দোবস্ত করতে হবে। দ্বিতীয়ত ৫ (ক) ধারায় বেনামী জমির পুনর্বিবেচনা করা উচিত। তদন্ত হলে ফসলের ৬০ ভাগ বর্গাদারকে দিয়ে ৪০ ভাগ জমি ট্রেজারীতে জমা দেবেন। আমি জিজ্ঞাসা করি, ওয়াজ ইট সিনসিয়ার? কেবিনেট্ যদি এই চেয়ে থাকেন, তাহলে এটা কি করে হয়—জলপাইগুড়িতে কুড়ি হাজার বিঘা vested জমি জোতদাররা ভোগ করছিল, সেখানে এ, ডি, এম, ১০ টাকা লাইসেন্স ফি নিয়ে বর্গাদারদের রসিদ দিলেন। কিন্তু ওখানকার ম্যাজিষ্ট্রেট বললেন কৃষক সভাকে এবং এ, ডি, এম-এর নির্দেশকে আমরা থোড়াই কেয়ার করি এবং vested জমির জন্যও দমননীতি চলল। কি করে ম্যাজিষ্ট্রেটের এত সাহস হয়। এটা বোধ হয় জলপাইগুড়ির মন্ত্রী মহাশয়ের জোরে। বড় জোতদার ফতেচাঁদ মহেশ্বরী এবং তাঁর পুত্র জেলা কংগ্রেস কমিটির মেম্বার এবং তিনি আমাদের মাননীয় মন্ত্রী খগেনবাবুর অতি বিশ্বস্ত লোক এটা কি ঠিক নয়?

দ্বিতীয়ত আমি জিজ্ঞাসা করি—মুখ্যমন্ত্রী মহাশয় কি এবং কালীবাবুকেও যিনি ল এ্যাণ্ড অর্ডার দেখেন, এটা কি ঠিক নয় যে মালদহ জেলার হবিবপুর বামনগোলা থানায় জোতদাররা হাজার,

হাজার বিঘা জমি, এমন কি প্রজাদের রায়তিস্থিতিবান সত্ব জমিও হস্তগত করেছিল। সেগুলি সেখানকার প্রজা সাঁওতাল ও অন্যান্য গরীব চাষীরা চাষ করছিল। তাদের লেখাপড়ায় জ্ঞান খুব কম—তাদের এ খবর জানান হয়নি যে কোন জমিটা vested, আর কোনটা vested নয়। সেখানে গত বছর কৃষকরা আন্দোলন করে, ১৫ হাজার কৃষক মালদহ সহরে ডিমনষ্ট্রেশান করে; তারপর খাতাপত্র বেরুল এবং দেখা গেল—প্রায় চার হাজার বিঘা ভেস্টেড ল্যাণ্ড জোতদারদের হাতে ছিল ও তারা ভোগ করছিল। এটা কি সত্য? আমি জিজ্ঞাসা করি এই যে চার হাজার বিঘা ভেস্টেড্ ল্যাণ্ড এতদিন জোতদারদের ভোগ করতে দেওয়া হয়েছে, এটা কি সত্য? এটা কি সত্য যে আন্দোলনের ফলে কৃষকদের হাতে সেই জমি দেবার পর মালদা টাউনে জোতদারদের মিটিং হয় এবং সেই মিটিং-এ বাংলা কংগ্রেসের অন্যতম প্রধান নেতা শ্রীঅতুল্য ঘোষ মহাশয় উপস্থিত ছিলেন? এবং তারপর অন্য একটা ঘটনা অবলম্বন করে মালদহের গ্রামে একটা পুলিশসন্ত্রাস সৃষ্টি করা হয়েছিল (ফ্রম কংগ্রেস বেঞ্চ—কোয়েশ্চেন, কোয়েশ্চেন)। আমি আইনগত অবস্থা সম্পর্কে কিছু বলছি না; যে মামলাটা কোর্টে আছে, তাতে যাচ্ছি না। কিন্তু দেখা যাচ্ছে—এই চার হাজার বিঘা ভেস্টেড্ জমি উদ্ধার হবার পরেই সেখানে একটা terror সৃষ্টি করা হোল এবং তাই নিয়ে এখন সেখানে মামলা হচ্ছে। এটা কি সত্য নয় যে কয়েকদিন আগে হাওড়া জেলার শ্যামপুর থেকে কাকদ্বীপের তিনজন জোতদার একশোজন লাঠিয়াল সংগ্রহ করে লাঠি ও বন্দুকসহ কাকদ্বীপে যাচ্ছিলেন? কিন্তু সেখানকার লোকের সতর্ক দৃষ্টি থাকায়, শেষ পর্যন্ত পুলিশ তাদের arrest করতে বাধ্য হয়? আমি জিজ্ঞাসা করি—ঐ বন্দুক ও লাঠিগুলি নিয়ে তারা কি সেখানে ফুল ফোটাতে এসেছিল? অথচ তারা সকলেই জামীন পেয়ে গেল। মালদার কৃষকনেতা দরবারী মোণ্ডলকে পুলিশ এরেষ্ট-করে। তাকে কিন্তু আজও জামীন দেওয়া হয়নি, কারণ পুলিশের তাতে ভীষণ আপত্তি। জোতদার ও তার গুণ্ডাদের বিরুদ্ধে পুলিশের অভিযোগ থাকা সত্বেও তারা জামীন পেল, আর কৃষক-নেতা জামীন পেল না। এই জোতদারদের বিরুদ্ধে ১০৭ বা ১১৭ ধারা জারি করা হয়নি।

তারপর আমরা দেখাতে চাইছি এইরূপ পুলিশী ব্যবস্থার ফলে Revenue Deptt.-এর নির্দেশ কার্য্যতঃ তা বানচাল হয়ে গেল। আমরা মাননীয় রাজস্ব মন্ত্রী মহাশয়ের কাছে ডেপুটেশান গিয়ে বললাম, তিনি বললেন এটা তো আমার ডিপার্টমেন্ট নয়, এটা হল ল অ্যাণ্ড অর্ডারএর ব্যাপার আপনারা যান কালীবাবুর কাছে। কি চমৎকার!! উনি বললেন এটা রেভিনিউ ডিপার্টমেন্ট পুলিশী ব্যবস্থা এর ব্যাপার নয়। আর কালীবাবুর কাছে গেলে তিনি বললেন Revenue Deptt.-এর আইন তো বুঝি না, কিন্তু আইন শৃঙ্খলা পুলিশের ব্যাপার, তার জন্য যা দরকার তা তো করবেই হবে। বিধানবাবুকে বললে তিনি বলবেন কালীই তো ঠিক বলেছে বিমল কি বুঝে ভাল? আমি জিজ্ঞাসা করি এই এমনি ব্যাপার সত্য কিনা? তা না হলে বিমলবাবুর circular দেওয়া সত্বেও কি করে D. M. এরকম পুলিশী ব্যবস্থা করেন? আমি দেখাতে চাই জোতদারদের প্রভাব গভর্ণমেন্টের উপর কতখানি বেড়েছে! সিলেক্ট কমিটি হল, মোটামুটি সব মেম্বারই ছিলেন, কংগ্রেস মেম্বারও ছিলেন, আমরাও ছিলাম। আমরা কেউ পণ্ডিত নই, পরস্পর মিলে সকলে চেষ্টা করেছিলাম বিলটাকে ভাল করতে। ঘটনাটা দেখুন! কংগ্রেস পার্টির whip থাকলেও কংগ্রেস M.L.C. শ্রীসুরেন রায় নোট অব ডিসেন্ট ছিলেন তারপর এক্স-স্পীকার শ্রীশঙ্করদাস ব্যানার্জি মিনিষ্টারকে চ্যালেঞ্জ করলেন যে, এই আইনকে একদিনও টিকতে দেব না। আপনি স্যার জানেন, তারপর গুঞ্জন কিছু কিছু হল, তারপর মিনিষ্টারকে বাধ্য করা হল, মেম্বারদের বাধ্য করা হল এবং বিলটা তুলে নেওয়া হল। এইসবের পর নূতন একটা বিল সরকার নিয়ে এসেছেন এতদিন পরে আমি বিমলবাবুর সম্বন্ধে কিছু বলতে বাধ্য হচ্ছি। বিমলবাবু বললেন Select কমিটিতে যা ছিল এই বিল মোটামুটি তাই। শুধু যেটুকুতে টেকনিক্যাল আইনগত বাধা আছে, সেটুকু এদিক ওদিক

হয়েছে। আমি বলছি 'না' !! আপনাকে আমি লক্ষ্য করতে বলি সিলেক্ট কমিটিতে যে যে ব্যাপারে উন্নতি হয়েছিল,—কংগ্রেস পক্ষ থেকেও তাতে মতও ছিল,—সেসবের ২ একটি ক্ষেত্র ছাড়া বাকী প্রত্যেকটিকে এই বিলে বাদ দেওয়া হয়েছে। কে বিল তৈরী করেছে? কোন্ অফিসারকে দিয়ে এটা করান হয়েছে? যা যা পরিবর্তন করলে জোতদারদের সুবিধা হয় তাই করা হয়েছে। নির্দিষ্ট করে বলি। একমাত্র গোজাচাষীর খাজনার ব্যাপারে যেটা নূতন কনসেশান বলে দেখান হচ্ছে সেটা ৫ বছর ধরেই কার্য্যকরী ছিল, আইনে শুধু লিপিবদ্ধ করা হয়েছে। বাকী দেখুন বিমলবাবু অস্বীকার করবেন কি যে clause 4 সম্বন্ধে (অরিজিনাল এ্যাক্টএর সেকশান ৬) সিলেকশান কমিটিতে গ্রহণ করা হয়েছিল যে "after giving an opportunity to the landlord" এ কথাটি বাদ দেওয়া হবে। ব্যাপারটা বুঝিয়ে বলি। আইনে আছে যে যদি কোন জমিদার বা কোন ইন্টারমিডিয়ারি রিটার্ণ দাখিল না করে বারবার তাগাদা সত্বেও, তাহলে শেষ পর্য্যন্ত রেভিনিউ অফিসার নিজের উদ্যোগেই ঠিক করে দেবেন কোন্ জমি জমিদারের থাকবে আর কোন্ জমি গভর্ণমেণ্ট ভেষ্ট করবে after giving him an opportuuity of being heard." সিলেক্ট কমিটিতে ঠিক হয়েছিল, যে লোক এতদিনেও রিটার্ণ দাখিল করেনি (তাকে তো জেলে দেওয়া উচিত ছিল কিন্তু দেওয়া যায় না যেহেতু আইন নাই।) তাকে তো যথেষ্ট সময় দেওয়া হয়েছে; তাই সিলেক্ট কমিটিতে ঠিক হয়েছিল "after giving him an opportunity of being heard" এটা ডিলিট্ করা হোক্। এবারের আইনে delete করার প্রস্তাবকে বিমলবাবু ডিলিট্ করেছেন। অর্থাৎ এখনও যদি কোন জোতদার Return দাখিল না করে থাকে তাহলেও তার বাধা সৃষ্টি করার ক্ষমতা রেখে দেওয়া হয়েছে। বলি, এটাকে কি বলবেন? দ্বিতীয় নম্বর হল মূল আইনের জমিদারদের পুরান রাজস্ব যদি বাকী থাকে তাহলে সেই বকেয়া খাজনা আদায় হবে অর্ডিনারি নিয়মে আর চাষীর যদি খাজনা বাকী থাকে তাহলে পাবলিক ডিমাণ্ড সার্টিফিকেট করে সে টাকা আদায় হবে। এটা হল নূতন আইনের ক্লজ ৫ এবং পুরাণো আইনের সেকশান ৭। সিলেক্ট কমিটিতে ঠিক হয় যে চাষীর খাজনা যেমন পাবলিক ডিমাণ্ড সার্টিফিকেট করে আদায় হবে তেমনি জমিদারদের বকেয়া রাজস্ব আদায়ের জন্য পাবলিক ডিমাণ্ড সার্টিফিকেট হবে। কিন্তু এই বিলে সেটা বাদ দিয়ে দেওয়া হয়েছে।

[6-35—6-45 p.m.]

Shri Hare Krishna Konar: চাষীদের বকেয়া খাজনা যদি বাকী থাকে তা Certificate করে আদায় করে নেবেন সরকার আর জমিদারদের বকেয়া থাকলে তা অর্ডিনারি আইনের নিয়মে আদায় হবে। সেখানে কি সার্টিফিকেট জারী করা যায় না ঠিক হবে? তারপর সাঁজা ইন্টারমিডিয়ারিদের ব্যাপার যেটুকু জানি আমি বলে দিচ্ছি। এঁরা আছেন বেশীর ভাগ মেদিনীপুর আর বাঁকুড়ায়—এরা হচ্ছে প্রধানত: ছোট ছোট জমির মালিক। এদের এককালীন কমপেন্সেশান দেওয়া জরুরী প্রয়োজন। অথচ সরকার এখন হঠাৎ ঠিক করলেন যেন এরা সব নাবালক বেচারী—নগদ টাকা সব নষ্ট করে ফেলবে, তার চেয়ে এদের সব এ্যানুয়িটি দেওয়া হউক। অথচ মজা হচ্ছে দেখুন যার হাজার টাকা নীট আয় তিনি পুরান আইন অনুযায়ী ১৯ হাজার টাকা ক্ষতিপূরণ পাবেন। এর মধ্যে ১১৫০০৲ টাকা নগদ পেতেন আর বাকীটা bondএ কুড়ি বছরের ইনস্টলমেণ্ট পেতেন। এখন সরকার ঠিক করলেন যে নগদ একদম বন্ধ করে দাও,—সব এ্যানুয়িটি। কমিটিতে ঠিক হ'ল যে অন্তত একটা অংশ নগদ আর বাকী অংশ ২৫ বছরের annuity। বিমলবাবু এখানে বললেন বিশেষ কিছু change হয়নি,—কিন্তু চেঞ্জ হয়েছে এই যে সামান্য নগদ দেওয়ার ব্যবস্থাকেও বাতিল করে দেওয়া হয়েছে। এখন সবটাই এ্যানুয়িটি দেওয়া হবে। আমরা Select কমিটির ভিতরের কথা বলতে পারি না, তবে তার বাহিরের কথা আমরা

জানি। দার্জিলিংএ মিটিংএর সময় অনেক কথে প্রেস মেম্বার—আমি নাম করতে চাই না, স্পষ্ট করেই বললেন যে সরকার নগদ টাকা কম দিতে চান কিন্তু তাঁরা বড় জমিদারদের গায়ে হাত দিতে পারবেন না, তাই ছোটদের ধরেছেন। তাহলেই দেখা যাচ্ছে the cat was out of the bag। তারপরে দেখুন বিমলবাবু বলেছিলেন কয়লা খাদের মালিকরা হাট বাজার নিজেরা রাখতে পারবেন না এবং Select কমিটিতে এটা ঠিকও হয়েছিল। আমি জিজ্ঞাসা করি রাজস্ব মন্ত্রীকে এইটাকে কে যোগ দিল যে Hat, Bazar "not in his khas possession." অর্থাৎ আগে ছিল কয়লা খাদের মালিকরা লেসিরা কয়লার খাদ রাখতে পারবে কিন্তু উপরের জঙ্গল রাখতে পারবেন না। সিলেক্ট কমিটিতে ঠিক হোল যে হাট বাজারও রাখতে পারবেন না। এই বিলে কে এইটুকু যোগ করলো যে "Hat Bazar not in his possession" রাখতে পারবে না? এর অর্থ হোল এই যে যদি কলিয়ারী মালিকের খাস দখলে হাটবাজার থাকে তাহলে তা রাখতে দেওয়া হবে একমাত্র লীজ দেওয়া থাকলে সরকার নেবেন। এইটুকু কি বিমলবাবু বলতে চান সামান্য পরিবর্তন? আমরা জানি কার প্রেসারএ, কাদের চক্রান্তে এইসব করা হচ্ছে।

তারপর দেখুন rents of raiyots—স্যার আপনি জানেন ভূমিসংস্কার আইনে একটা বিধান হয়ে আছে ৫ বছর আগে যে ১ বিঘা বাস্তভিটা নিষ্কর হবে। কিন্তু এই আইনকে আজও ইমপ্লিমেন্ট করা হচ্ছে না সরকারের তরফ থেকে। এটা শিকায় তুলে রাখা হয়েছে, পাছে গরীব লোকদের কিছু সুবিধা করা হয়। বড়লোকদের এক বিঘা বাস্ত নিষ্কর হোল কী না হল তাতে তাদের যায় আসে না। কিন্তু এটা হলে অর্থাৎ ভাগচাষী, ক্ষেতমজুর বাস্তভিটার ১ বিঘা নিষ্কর পেলে তাদের একটু সুবিধা হত। আমি সেজন্য বলছি মন্ত্রী মহাশয়কে যে মূল আইনে একটা proviso যোগ দিন যে প্রভাইডেড স্যাট এক বিঘা বাস্তর খাজনা লাগবে না। অন্তত: executive order দিয়ে করুন; যেমন সাজা খাজনায় করা হয়েছে, তেমনি করে হউক।

তার পরে এই বিলে আরেকটা নতুন জিনিষ করা হয়েছে যেটা এখানে Clause 2এতে (আর পুরানো আইনে section 52) আছে:—একটা কথা আমি প্রায়ই পাবলিক মিটিংএ বলি যে শকুন যতই উপরে উঠুক তার দৃষ্টি থাকবে ভাগারের দিকে। সেইরকম এখানে সরকারের ঠিক নজর আছে কোথায় ট্যাক্স বা খাজনা বাড়ান যায়।—অফিসাররা ঠিক খুঁজে খুঁজে বের করবেন কোথায় খাজনা বাড়ান যায়। Settlement recordএ "খাজনার যোগ্য" নামে কিছু জমি আছে কিন্তু বাস্তবে খাজনা ধার্য্য ছিল না। এখন সরকার দেখলেন ওটাকে কেন বাদ দেব,—ধর ওটাকে।

[6-45—6-55 p.m.]

এই আইনে বিধান করা হচ্ছে যে এমনি জমির উপর নূতন করে খাজনা ধার্য করা হবে। মাননীয় স্পীকার মহাশয়, এ থেকেই বুঝতে পারবেন যে, এই আইনের ১টি/২টি বিধানকেই কিছুটা অগ্রগতি বলা যেতে পারে বা বাস্তবের স্বীকৃতি বলা যেতে পারে। যেমন সাঁজা খাজনার ক্ষেত্রে স্বীকৃতি বলা যেতে পারে। কিন্তু বাকী প্রতিটি ব্যাপারে এই বিল খারাপ হচ্ছে এবং গরীবকে আঘাত করছে। আমরা বলেছিলাম সাঁজা ইণ্টারমিডিয়ারী-দের সম্বন্ধে এরকম একটা option দিন যে, যার ইচ্ছা হবে সে ক্ষতিপূরণ এককালীন নগদ নেবে আর যা'র ইচ্ছা হবে সে অ্যানুয়িটি নিতে পারবে। যদি তা না পারেন তাহলে আমি বলি যে, তাদের জন্য ভাল ব্যবস্থা করার নামে আপনাদের দরদের দরকার নেই, বরং পুরানো আইনে যা আছে তা'ই থাক্, অর্থাৎ তারা সুদসহ মোট ২১ হাজার টাকার মধ্যে অন্তত নগদ ১১,৫০০৲ টাকা এককালীন পাবে। কিন্তু সরকার

সেসব কিছুই করলেন না। পরিশেষে বলব যে এই বিল যদি শুধু আইনের মধ্যে সীমাবদ্ধ হোত তাহলে আমার বেশী কিছু বলার ছিল না। কিন্তু একথা আজ অস্বীকার করা যায় না যে, যেসব জমিদার ও জোতদারের হাতে বড়বড় ব্যারিষ্টার এবং মন্ত্রণাদাতা থাকে তারা যদি দেখে যে ক্যাবিনেটের মেজরিটি এবং প্রভাবশালী অংশ—অর্থাৎ যাতে আছেন প্রফুল্লবাবু, খগেনবাবু, অজয়বাবু এবং ডাঃ রায় তো বটেই এবং তার সঙ্গে রয়েছেন শ্রীশঙ্করদাস ব্যানার্জ্জীর মন্ত্রণা—এঁরা যদি সিলেক্ট কমিটির সিদ্ধান্তকে নাকচ করতে পারেন তাহলে জোতদারদের কোন সাহস হবে না একথা বলতে যে, "আমরা গুণ্ডা লাগাব এবং প্রয়োজন হ'লে দারোগাকে ধরে এনে বলব যে আমাদের সাহায্য কর।" সত্যই দেখা যাচ্ছে এঁদের আগে যে সামান্য ভয়টুকু ছিল তা ভেঙ্গে গেছে। এর ফল কি হয়েছে শুনুন। অবশ্য সাধারণভাবে বললে আপনি হয়ত আপত্তিও করতে পারেন কিন্তু বাস্তব ঘটনাগুলো সম্পর্কে আপনি আপত্তি করতে পারবেন না। চাষীদের সম্পর্কে এরকম অভিযোগ করা হয় যে তারা নাকি গ্রামে এমন অরাজকতা সৃষ্টি করেছে যে তার ফলে 'বেচারা' জোতদার-দের অবস্থা অত্যন্ত শোচনীয় হয়ে পড়েছে এবং পুলিশেরও নাকি কিছু করার ক্ষমতা নেই। গরীব চাষীরা অরাজকতা সৃষ্টি করেছে এবং তার ফলে জোতদার-দের প্রাণ যখন যায় যায় অবস্থা তখন কালীবাবু এবং থানার দারোগার প্রাণ কেঁদে উঠল এবং ২৪ পরগণা জেলার পুলিশ-কে অর্ডার দেওয়া হল যে, অ্যাট্ এনি কষ্ট ল এ্যাণ্ড অর্ডার মেনটেন্ করতে হবে। সেখানে Police Camp তৈরী হয়েছে ও হচ্ছে। তবে বিমলবাবু হয়ত বলবেন যে, ওটা আমার ডিপার্টমেন্ট নয়। যা হোক্, এখন আমি কয়েকটি ঘটনার কথা উল্লেখ করছি। থানা—কুলপি, মৌজা—বেলপুকুর, মালিক—সুরেন ধারা, চাষী—গুণময় পাজা, খতিয়ান নং ৫২ এবং প্লট নম্বর ২৫৮৭, ২৫৮৪, ২৫৮৫—এগুলো হোল ভেষ্টেড ল্যাণ্ড। ১৩৬৬ সালে গভর্ণমেণ্ট ৩ বিঘার লাইসেন্স ফি গ্রহণ করেছেন কিন্তু তা সত্ত্বেও গত ৭ই নভেম্বর মালিক জোর করে ধান কেটে নিয়ে গেছে এবং পুলিশকে খবর দেওয়া সত্ত্বেও তাঁরা কোন ষ্টেপ নেননি। অথচ আশ্চর্যের বিষয় এঁরাই বলছেন ল অ্যাণ্ড অর্ডার। তারপর, থানা—কাকদ্বীপ, মৌজা—লক্ষীপুর, মালিক—চারু রায়, ভাগচাষী—গুরুপদ দাস—এগুলোও হোল ভেষ্টেড ল্যাণ্ড। এখানে মালিক জমি বেনাম করেছিল কিন্তু ফর্টি-ফোর(টু)(এ) কেস-এ সে হেরে গেছে। অথচ এই জমির উপরেই পুলিশ ১৪৪ ধারা জারী করেছে বেনামদারের পক্ষে। অর্থাৎ যার নামে বেনাম করা হয়েছিল সে ফর্টি-ফোর(টু) এ-তে নাকচ হয়ে গেছে অর্থাৎ বেনামী অসিদ্ধ হয়ে গেছে কিন্তু তা সত্ত্বেও সেই জমিতে ১৪৪ ধারা জারী করছে এই বেনামদারদের পক্ষে। তারপর আর একটা ভেষ্টেড ল্যাণ্ডের কথা বলছি এবং সেটা হোল—দুর্বাচটি, থানা—মথুরাপুর, ৩য় খণ্ড, পশ্চিম সুরেন্দ্রনগর, ক্ষেত্রমোহনপুর। এছাড়া আরও একটা আছে, থানা—মথুরাপুর, গোবিন্দপুর আবাদ, জোতদার এজেন্ট-ভূপেন্দ্রনাথ পাহাড়ী, ভাগচাষী—ভীমচন্দ্র মণ্ডল, রাখাল জানা ইত্যাদি। এখানে জোতদার হচ্ছে এজেন্ট অব সুহৃদ দিন্দা এবং ভূপেন পাহারী তার এজেন্ট —এগুলো হচ্ছে ভেষ্টেড ল্যাণ্ড। এখানকার ২৮০ বিঘা জমির উপর গত বছর ডায়মণ্ড হারবারের এস.ডি.ও. জোতদারের কথায় ১৪৫ ধারা জারী করেছিলেন। কিন্তু ১৪৫ ধারার মামলায় জোতদার হেরে যায় এবং ভাগবোর্ড এই বলে রায় দেয় যে এটা ম্যালাফাইডি ট্রান্সফার। সে যখন জমির মালিক নয় তখন তার ১৪৫ ধারায় কেস করবার অধিকার নেই। কিন্তু অত্যন্ত আশ্চর্য্যের বিষয় যে সেই একই জমিতে ডায়মণ্ড হারবারের এস ডি.ও. এবছর গত ৭ই নভেম্বর আবার ১৪৫ ধারা জারী করেছেন এই জোতদার বেনামদারের পক্ষে। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার কাছে এই কাগজগুলি রেখে জিজ্ঞেস করতে চাই যে, যে জোতদার একবার ১৪৫ ধারায় পরাজিত হয়ে গেল আবার সেখানে ১৪৫ ধারা কি করে জারী হতে পারে?

Mr. Speaker : I can tell you that cannot be.

Shri Hare Krishna Konar : স্পীকার স্যার, আপনি নিশ্চয়ই জানেন যে, কোর্টে যে form ছাপা হয় তাতে কখনও মালিকের নাম, খতিয়ান নম্বর ইত্যাদি ছাপান থাকে না। কিন্তু এখানে দেখুন এস, ডি, ও,-র ষ্ট্যাম্প দেওয়া ফর্ম-এ মালিকের নাম, সমস্ত ভাগচাষীর নাম, খতিয়ান নম্বর, সিডিউল অব দি ল্যাণ্ড প্রভৃতি সমস্ত জিনিষ প্রেসে ছাপান হয়েছে। এতে ফার্ষ্ট পার্টি ভূপেন্দ্র পাহারী, সেকেণ্ড পার্টি রাখাল জানা, ভীমচন্দ্র মণ্ডল ইত্যাদি স্থান গোবিন্দপুর আবাদ ইত্যাদি সব কিছু ছাপার অক্ষরে লেখা রয়েছে। এছাড়া মৌজা, দাগ নম্বর, নাম-ধাম সব কিছু এই ফর্মে ছাপিয়ে তার উপর এস্. ডি. ও-র ষ্ট্যাম্প দিয়ে দিয়েছে। শুধু তাই নয়, এতে ছাপা রয়েছে "whereas it has been made to appear from the petition of ভূপেন্দ্র পাহারী as well as from the report of the local Police." মাননীয় স্পীকার মহাশয়, আপনি ইচ্ছা করলে দেখতে পারেন যে সব কথা বললাম তা ছাপা রয়েছে এই ফর্মে আমার সন্দেহ হয় তবে কি জোতদার এইরকমভাবে ফর্ম ছাপিয়ে তাতে এস্. ডি. ওর ষ্ট্যাম্প মেরে এইসব কাজ করেছে এরা যার ফলে মথুরাপুরের পুলিশ চাষীদের ধরে পেটাচ্ছে। আমি এরকম উদাহরণ আরও দিতে পারি এবং সেখানেও কালীবাবুর ডিপার্টমেণ্ট বলছে "ল এ্যাণ্ড অর্ডার।'

[6-55—7 p. m.]

Shri Nikunja Behari Gupta : Sir, as the case is sub-judice, I think this should not be discussed in the House.

Shri Hare Krishna Konar : আমি তো ইনফরমেশান বলছি।

Mr. Speaker : If the order has been served by the S. D. O. and the case has not been heard, it is sub-judice.

Shri Hare Krishna Konar : আমি আইন বুঝিনা, এস. ডি. ও. সেই জমির উপর ১৪৫ দিয়েছেন।

Shri Bankim Mukherjee : There is no question of hearing in that case. The order has been passed by the S. D. O. and the police has taken action and there is no litigation going on.

Mr. Speaker : In section 145 proceedings, after the proceedings are drawn up and before the final order is passed evidence is taken. Till then, the matter is sub-judice.

Shri Bankim Mukherjee : No notice has been given for taking evidence. That has been the unfortunate part of this case.

Shri Subodh Banerjee : সাব জুডিস্ হোক না হোক তর্কের খাতিরে ধরে নিলাম এটা সাব জুডিস। The merit of the case is not being discussed. পয়েণ্ট হচ্ছে কতকগুলি ছাপান ফরম কি করে এস, ডি, ও, ইউজ করলেন।

Mr. Speaker : You can refer to the facts.

Shri Subodh Banerjee : How could the S. D. O. get the printed copy ?

Mr. Speepker : You need not plead for him. Let him proceed.

Shri Subodh Banerjee : I am on a point of order.

Mr. Speaker : But in the beginning you did not say that you have risen on a point of order.

The Hon'ble Bimal Chandra Sinha : May I submit that I am not entering into the legal question. If it is **sub-judice**, it is **sub-judice**. I am not discussing that question at all. But, as regards the allegations that have been made and the point that has been raised by Mr. Banerjee, if, Sir, you rule that these are **sub-judice**. I may submit to the House that I shall be only too glad to look into the case and go to the bottom of the matter, if it is not permissible to discuss this thing in the open House.

Shri Hare Krishna Konar : তারপর দেখুন—ছুর্বাচটি তৃতীয় খণ্ড, পশ্চিম সুরেন্দ্র নগর, ক্ষেত্রমোহনপুর, ভেষ্টেড ল্যাণ্ড গভর্ণমেণ্টকে ১০ টাকা লাইসেন্স ফি চাষীরা দিয়েছে, রসিদ পেয়েছে, তার উপর ১৪৫ ধারা জারি করা হয়েছে।

তারপর, পি, এস, কাকদ্বীপ, দ্বারিক নগর, বেনারসী শাসমলের জমি—ভেষ্টেড ল্যাণ্ড, মালিক হাইকোর্ট পর্যন্ত এ্যাপিল করল, হাইকোর্ট মালিককে স্বীকার করেননি তবুও সেই জমির উপর ভাগচাষী ধান লুট করেছে এই অজুহাতে ১৪৫ ধারা জারি করা হয়েছে। তাহলে দেখা যাচ্ছে যে এই পুলিশী জুলুম isoleted ঘটনা নয়। যেহেতু আইনের দিক দিয়ে গভর্ণমেণ্ট জোতদারদের চাপের কাছে আত্মসমর্পণ করছেন সেইহেতু তাদের এ্যাকোমোডেট করছেন এবং সেখানে জোতদারদের সাহস বাড়ছে, পুলিশ তাদের সঙ্গে যোগাযোগ বাড়ছে এবং লোকাল অফিসার যদি কেউ ভালও থাকেন তাহলেও তিনি ষ্ট্যাণ্ড নিতে সাহস করছেন না, বরং খারাপ অফিসারের সাহস স্পর্ধা বেড়ে যাচ্ছে। আমি এই দুটোর মধ্যে যোগসূত্র দেখাবার চেষ্টা করছি।

মিঃ স্পীকার, স্যার, অন্যদিকে দেখুন—নারায়ণগড় থানা, গ্রাম ভদ্রকালী ও বাড়পোয়াল, চাষী ২ বিঘা পতিত জমি দখল করে চাষ করছে। ন্যায় হতে পারে, অন্যায় হতে পারে, লিগাল হতে পারে বা না পারে, কিন্তু পতিত জমি। সম্ভবতঃ জে, এল, আর, ও, অন্য কোন জমির মালিককে অর্থাৎ যার অবস্থা খারাপ নয় তাকে বন্দোবস্ত দিয়েছেন। ইচ্ছা করলে সরকার দখলকার চাষীর proceeding start করতে পারেন। আপনি বে-আইনী দখল বলে তার বিরুদ্ধে অন্য কিছু আইনত করতে পারেন। কিন্তু পুলিশ জুলুম কেমন করে আসে? ১১ই নভেম্বর ভোর রাত্রে পুলিশ গ্রামে গিয়ে ঢুকল এবং সেখান থেকে ১১জন কৃষককে ধরে নিয়ে গেল, তাদের মধ্যে কৃষক নেতা অভয় সিং আছেন। এদের জোতদারদের বাড়ীতে নিয়ে যাওয়া হল এবং পরে থানায় নিয়ে গিয়ে মারধোর করা হল। এই হচ্ছে ল এ্যাণ্ড অর্ডার।

সমবায় নীতি সম্বন্ধে হেমন্তবাবু বলে গিয়েছেন, কেন তার জন্য খরচ হয়নি। তেমনি ল্যাণ্ড ডেভেলপমেণ্ট-এ মাত্র ১ কোটী টাকা ৫ বছরে বরাদ্দ করা হয়েছে। চাষ যদি বাড়াতে হয় তাহলে নূতন জমি তৈরী করতে হবে। এই নূতন জমি তৈরী করার কোন ব্যবস্থা করা হয়নি। খালি বেশী টাকা খরচ হচ্ছে, নলকূপ গ্যাড়াকলে। ডাঃ বিধান চন্দ্র রায় নিশ্চয়ই অন্তরে জানেন যে আজকে সর্বক্ষেত্রে এখন দক্ষতার ও সততার অভাব হয়েছে। তিনি তো টাকা খরচ করে যাচ্ছেন, যদি খরচ কম হত তাহলে তাঁর পেছনে এত মৌমাছি থাকত না। অনেক টাকা তিনি খরচ করছেন, সেগুলি লুটেপুটে খাচ্ছে বলেই অনেকে তাঁর পেছনে ঘুরছে। আসলে টাকা ভালভাবে খরচ হচ্ছে না। অনেকে বলছেন যে প্ল্যান ফাইনাল হয়ে গেছে, আমার মনে হয় হয়নি। বাসস্থানের যে অভাব সে অভাব মোচনের জন্য কোন ব্যবস্থা রাখেন নি। কটেজ ইণ্ডাষ্ট্রিজ-এর জন্য গতবারে ১০ কোটী টাকা ছিল এবার মাত্র ১৪ কোটী টাকা রাখা হয়েছে। যদি দেশের উন্নতি করতে চান, আনএমপ্লয়মেণ্ট প্রব্লেম সল্‌ভ করতে চান তো এত অল্প টাকায় কিছু হবে না যদি কোন প্রব্লেম এর শলিউশন না হয় তাহলে এর পেছনে টাকা খরচ করার কি সার্থকতা আছে? আমি ডাঃ রায়কে অনুরোধ করি কিছু কিছু করে এ্যাডজাস্ট করে যাতে কাজ হয় সেদিকে লক্ষ্য রাখুন তাহলেই দেশের কিছুটা উন্নতি হতে পারে।

Shri Shyamadas Bhattacharyya: Sir, the speech of my learned friend, Shri Sudhir Chandra Ray Choudhuri, was more marked by his charge against Dr. Roy than by any cool and objective judgment of the plan Sir, the plan should be considered as a projection of the Second Plan, just as the Second Plan should be considered as a projection of the First Plan. We should, therefore, consider the gaps, the arrears and the shortfalls of the plans and correct our lapses and then we will see if the targets, as set forth in the Plan, are consistent with our objectives and aims as stated in the Plan as well as in the Constitution. Sir, every mistake that we have committed is a lessen to us because every achievement that we have made is a source of encouragement to us. It must be admitted, Sir, that we have made a remarkable progress in different spheres of our life. Agricultural sector has accorded a 50 per cent. increase from 1950—51 to 1960—61. The area under irrigation has increased from 51·5 million acres in 1950—51 to 70 million acres in 1960—61, i. e. an increase of 38 per cent. Sir, the industrial output itself has increased by 50 per cent. So also in the field of education. health and scientific research there has been a remarkable progress during the last two Plans. The number of students has increased by 75 per cent. in the schools and in the University by 140 per cent. National income in terms of 1948—49 prices has increased in the First Plan by 18 per cent. per annum and per capita income has incseased by 11 per cent. in the Second Plan. Over 1951—60 national income has increased by 42 per cent. per capita income by 20 per cent. and per capita consumption by 16 per cent. Sir, we are not oblivious of our own shortfalls.

[6—6-10 p. m.]

The most serious shortfall has been in the matter of agricultural production particularly foodgrains. A target has been set in the Plan to attain self-sufficiency but in my opinion the ratio of the Plan outlay to target does not justify our expectations regarding fulfilment of the targets. We believe, Sir, this outlay will not enable us to attain self-sufficiency. Outlay on agriculture is 50 per cent. more than that in the Second Plan whereas the target of production is two-thirds more than that in the Second Plan. Again, Sir, we must ascertain how much of the achievement we have made in the field of agriculture was due to the bounty of nature. Therefore, I plead for more outlay for agricultural production.

Sir, in the All India Third Five Year Plan priority has not been given to agriculture although it has been observed in the very beginning of the outline that priority belongs to agriculture. Sir, for industries and mining 24.1 per cent. of the total outlay, that is, Rs. 17·50 crores has been given whereas agriculture, minor irrigation, major irrigation and also community development and co-operation account for 23.1 per cent. that is, Rs. 16·75 crorres. In West Bengal, Sir, 25 lakh tons of additional foodgrains are required for self-sufficiency according to the proposed outlay of the Government. Under agriculture, minor irrigation, major and medium irrigation, the outlay in the Second Plan was 26·32 crores and in the Third Plan the outlay is 100·8 crores, that is, 284 per cent. increase on the Second Plan. Even then, Sir, I plead for more outlay which is needed for agricultural targets being fulfilled. We cannot think of reducing the outlay for which a hint has come. We are not prepared to accept any reduction of the outlay, particularly in the matter of agricultural production.

Sir, the next serious shortfall is in the field of employment. The Third Plan starts with 7 millions unemployed. At the end of the Third Plan there will be 8 millions unemployed because new entrants seeking employment will be 15 millions. Although employment for 14 millions will be given during the Third Plan, there will be an increase in the number of unemployed at the end of the Third Plan to the extent of 8 millions because of the fact that we start with a backlog at the beginning of the Third Plan which was about 7 millions people. Therefore, Sir, highest priority should be given to the creation of employment opportunities, particularly through less capital intensive industries. Huge manpower is lying idle throughout the country. This huge manpower lying idle or semi-idle should be utilised in various ways to build up assets for the country. Employment has to be created, particulary under agriculture and small scale sectors and we must see that work of a productive character is started for the relief of the unemployed.

Sir, another shortfall to which attention has already been drawn by other speakers, particularly by honourable friend Shri Hansadhwaj Dhara, is inequality of income and wealth. Much of the increase of national income, it is apprehended, may have enriched only traders and manufacturers but the middle-class people and the poor people possibly have gone poorer. Disparities are glaring in the urban areas; in villages also numerous people carry on in most wretched existance below subsistence level. Therefore, Sir, we believe in the growth of the public sector, agriculture on co-operative lines, ceiling on wealth and income, So far

as land is concerned the principle of ceiling has been adopted by the Government. State trading in certain spheres should also be recommended.

Regarding population growth it may be said that the rate has been tremendous. It is 2 per cent. per annum. 2 per cent. increase in national income is needed to maintain the low current of consumption, and to have an increase of one unit of income. Capital investment should be, in Indian conditions, of the order of three, i.e., capital output ratio should be 3 to 1. That being so, an investment of 15 per cent. of the national income is needed to have the target 5 per cent. increase of national income during the Third Plan. This is difficult to find, but we must do it because our target is very low and many of us are not satisfied with the small target in the increase of national income. We also want that there should be a positive population policy. It must be properly emphasised and more outlay should be provided for the purpose of formulating and implementing a well thought out population policy.

Regarding the price line many things have already been said. There is not only a rising trend of prices but the rate of increase has been somewhat sharp in the last three years. The shortage of supply in relation to demand is there and monetary pressure is also there. And both these factors are tending to enhance the rate of increase of prices. The remedy lies, of course, in continuous and substantial increase in production, but some amount of money supply is certainly necessary. We should also pleade for physical control over consumption of some goods that may be necessary.

In conclusion I should say that for the success of this big adventure of the Third Plan certain conditions are always there. These must be fulfilled. The first is, public opinion in support of the plan has to be raised. There is today a certain amount of plan-consciousness among the people. But that is only, in most cases, for the purpose of reaping the benefits under the plan rather than shouldering responsibilities and burdens under the plan. Sir, we believe mass support of the tillers, landless peasantry, students, teachers and the rest of the intelligentia will have to be harnessed for fulfilling, specially the targets of agricultural production and the small savings scheme. The message of the plan should be carried to the people. Whenever they criticise it must be listened to. Sir, we have no allredy to criticism. Our honourable friends know that. But we should welcome criticism. Whatever criticism they make against us we must listen to it. Whatever constructive criticism is offered we must try to give careful consideration to it.

Next condition is that there must be economy in every sphere. It must be enforced as rapidly as possible. Costs of projects should be carefully planned and the expense ratio of administration to total outlay should be examined in every case.

Regarding public enterprises, I am of the opinion that they must show profits and effectively contribute to the resources for planning. Not only avoiding waste, but we want that there must be optimum utilisation of resources which are being built at a tremendous cost.

Another condition is that there must be strict control of monopoly profits and speculation in any form. Profits should be allowed through

increased production and not restriction of output. Control of prices of commodities in short supply may also be adopted. In planned economy prices cannot be left to the mercy of market forces.

The last condition that I am placing before pou is that there must be improvement in Government machinery. There must be enlightenment in the Government sphere as to the major aims and objects of the plan and of socialist economy. The administration is now called upon to do, in most cases, development work and not merely the mintenance of law and order. A new outlook should develop in the Government machinery. The old jeep mentality should go—the mentality what is known as the coat and neck tie mentality should go.

With these words, Sir, I conclude.

6-10—6-20 p. m.]

Shrimati Labyana Prova Ghosh : তৃতীয় পঞ্চবার্ষিকীর খসড়া প্রস্তুত হয়েছে। দেশের স্বাধীন জীবন গঠনে নিষ্ঠাগত তপস্যারত যে কোনো দেশের তৃতীয় পঞ্চবার্ষিকীর প্রথম তোরণদ্বারে এসে সমগ্র দেশের আশা আকাঙ্খা উদ্বেলিত হয়ে উঠতে পারতো। কিন্তু বিগত দুটি পঞ্চবার্ষিকীর রূপ যে স্তূপীকৃত জাতীয় অপচয় ও অযোগ্যতার স্কন্ধে ভর ক'রে আজ এই তৃতীয় পঞ্চবার্ষিকী দেখা দিয়েছে তাতে আমাদের জীবনে প্রতিকূল প্রতিক্রিয়া ছাড়া এবে কোনো আশা ভরসার সাড়াই জাগাতে পারছেনা—তা বলাই বাহুল্য। পঞ্চবার্ষিকীর অভিনয় নিয়ে দীর্ঘ দশ বৎসর পার হয়ে গেল। কিন্তু অর্থনৈতিক বৈষম্য বৃদ্ধি ছাড়া দেশের কোটী কোটী মানুষের জীবনে জীবন যাত্রার মান কোনো দিক দিয়ে বিন্দুমাত্র উন্নত হয়নি। বরং সব দিক দিয়ে তা ক্রমবর্দ্ধমান হারে অবনত হয়েই চলেছে। কারণ, এই পরিকল্পনার মধ্যে কোন সদিচ্ছা ছিল না শাসনে অধিষ্ঠিত সরকারের দলগত উদ্দেশ্য সাধন ও জনগণকে শোষণ করার কাজের জন্যও যে যোগ্যতা বা যে বুদ্ধিমত্তার দরকার ছিল শোষণ কারীর আপন স্বার্থেই সে যোগ্যতারও পরিচয় সরকার দিতে পারেন নি। অযোগ্য বিকৃত পরিকল্পনায় বিশাল জাতীয় অর্থ হাতে নিয়ে এ পর্য্যন্ত কংগ্রেস সরকারের হাতে যে প্ল্যানিং রূপায়িত হয়ে উঠেছে তা হচ্ছে যে, শাসনে অধিষ্ঠিত গোষ্ঠীগনের স্বার্থে কংগ্রেস সরকার কত অজস্র ধারায়-দ্রুতবেগে কত অপচয় করতে পারেন। জনকল্যানের কাজে নিয়োজিত করার নামে—কত অনুচর তাঁরা পোষণ করতে পারেন। জনকল্যানের নামে কতগুলি অযথা অনুপযুক্ত বিরাট পরিকল্পনা খাড়া ক'রে তারা অপহরণের কত কৌশল ও পথ সৃষ্টি করতে পারেন। আগাগোড়াই ভ্রান্ত দৃষ্টিতে পঞ্চবার্ষিকীর কর্মধারা অনুসৃত হয়েছে। এক সঙ্গে বহু কাজ হাতে নিয়ে কোনটারই—কোনো রূপ দেখা দেয়নি। জনগণের ব্যাপক ক্ষেত্রের সঙ্গে উন্মুক্ত সহযোগিতার ভিত্তিতেও পরিকল্পনা রচিত হয় নি প্ল্যানিং হয়েছে কেবল আমলাতন্ত্র সর্বস্ব। দুর্ভিক্ষগ্রস্ত ভারতের জনজীবনের মূল সমস্যার সমাধানের দৃষ্টিতে যে কৃষি ও সেচের কর্মধারায় জাতির সমগ্র শক্তি নিয়োজিত করার কথা ছিল তা আদৌ হয় নি।

যুক্তির আবেদন—সততার আবেদন। বিগত দশ বছরেও যখন কোনো সাড়া জাগাতে পারে নি জানি আজও তা পারবেনা। সেজন্য তৃতীয় পঞ্চবার্ষিকীতে আমাদের অন্তরে আজ কোনো আশার অনুভূতি নেই। আমরা জানি, পরিকল্পনার নামে বিদেশী ভিক্ষার অবাধ অপচয় ও জন জীবনে দুর্ভিক্ষের অবাধ বিচরণ আজও সমভাবে চলবে। বিগত পঞ্চবার্ষিকীর আয়োজন যাদের জীবনে রাজনৈতিক ভোজরূপে অতিবাহিত হয়েছে আজ তৃতীয় পরিকল্পনায় বর্দ্ধিত বরাদ্দে তাঁদের

অন্তরে নূতন প্রেরণা যে দেখা দেবে তা স্বাভাবিক। আজ তাঁদের কেন্দ্র ও প্রাদেশিক ভোজের জীবনে অংশের লড়াইও দেখা দেবে এও স্বাভাবিক। কিন্তু এই পরিকীর্ণ ভোজের মধ্যে—জনসাধারণ আজ আমন্ত্রিত নয় তাদেরই স্বার্থ আজ এতে বিপন্ন। পঞ্চবার্ষিকী আজ এরই নামান্তর।

Shri Sunil Das :—There is no member in the Treasury Benches.

Mr. Deputy Speaker :—হ্যাঁ, মিঃ ঘোষ আপনি বলুন।

Shri Jatindra Chandra Chakravorty :—স্যার, আপনি বোধ হয় জানেন যে একবার লোকসভায় কোন মিনিস্টার ছিল না বলে অপজিশন পার্টি থেকে বক্তৃতা বন্ধ করে দিয়েছিল এবং তার ফলে The House was adjourned and the Minister was called. Here also the Minister must be called. Nobody from the opposition should speak.

Mr. Deputy Speaker :—We are pressed for time. I ask you not to waste any time.

Shri Jatindra Chandra Chakravorty :—আমি জিজ্ঞেস করতে চাই যখন দে আর পেইড ফর ইট তখন কেন এখানে তাঁরা থাকবেন না ?

Shri Jagannath Koley :—যতীন বাবু, ডাঃ রায় তাঁর ঘরে বসে প্রত্যেকটি স্পিস-ই শুনছেন।

Shri Hirendra Kumar Chattopadhyay :—মন্ত্রীমহাশয় যদি এখানে বসে থাকতে না চান তাহলে বাড়ীতে গিয়ে বসে থাকছেন না কেন ?

[6-20 – 6-30 p. m.]

Shri Subodh Banerjee : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার খসড়া আলোচনা করতে গিয়ে সর্বপ্রথমে যে কথাটি মনে হয় সেটা হল যে একে পরিকল্পনা বলা যায় কিনা সে বিষয়ে ঘোরতর সন্দেহ আছে। পরিকল্পনার অর্থ এই নয় যে কি উৎপাদন করব বা কি ফিজিক্যাল টার্গেট ; পরিকল্পনার অর্থ শুধু প্রোডাকশান নয়। প্রোডাকশানের জন্য প্ল্যানিং নয়, কনজামশানের প্ল্যানও থাকা দরকার। কোন যায়গায় প্রোডাকশন ফর ইটসেলফ হয়না. প্রোডাকশানের উদ্দেশ্যের সঙ্গে কনজামশানও অঙ্গাঙ্গীভাবে জড়িত এবং প্রোডাকশানের উদ্দেশ্য হচ্ছে কনজামশান। সুতরাং কনজামশানের কথাকে বাদ দিয়ে প্রোডাকশানের কথা চিন্তা করাকে প্ল্যান বলা যায় না। দ্বিতীয় প্রশ্ন হচ্ছে যে এই প্রোডাকশানের টার্গেট ধরেছেন কিসের ভিত্তিতে ? আপনারা কি এগুলো ধরেছেন যে ইনটারনাল ডিমাণ্ড কত ? ইনটারনাল কনজামশান কত, ফরেন কত এক্সপোর্ট করবে ? অতএব ঐ সমস্ত যোগ করে যা আমাদের প্রয়োজন তা আমরা প্রোডিউস করতে চাই এইরকম কোন পরিকল্পনা কি আছে ? আপনারা এই যে ফিজিক্যাল টার্গেট ধরেছেন তার ভিৎ কি ? আপনারা কি ধরেছেন দেশের লোক কত ভোগ করবে ? আপনারা কি ধরেছেন যে দেশের লোক এই পরিমাণ দ্রব্য ভোগ করার পর যা একস্ট্রা থাকবে তা বিভিন্ন দেশে রপ্তানী করে আমরা এই আয় করব ? আপনারা বলেছেন যে কতকগুলি জিনিস আমরা তৈরী করব। পরিকল্পনার উদ্দেশ্য জনসাধারণের জীবনকে, জনসাধারণের ভোগকে একটা পর্যায়ে নিয়ে যাবার। এবার পরিকল্পনার ভিত্তির দিকে তাকিয়ে দেখুন যে সেখানে কি হচ্ছে

আপনারা বললেন যে দেশকে ইণ্ডাস্ট্রিয়ালাইজ করবেন। ব্যাকওয়ার্ডলি ডেভেলপড, আনডেভেলপড, অর উইকলি ডেভেলপড ক্যাপিটালিষ্ট ভারতবর্ষের ভিৎ কি হবে? আপনারা সেখানে জোর দিয়ে বলেছেন ইণ্ডাষ্ট্রি। কিন্তু একথা বলার কেন? কিন্তু ইণ্ডাষ্ট্রিতে যে সমস্ত গুডস্ তৈরী হবে তারজন্য মার্কেট দরকার। সেই মার্কেট ইনটারনাল মার্কেট এবং এক্সটারনাল মার্কেট। কিন্তু সেই ইনটারনাল মার্কেট যদি কনট্রাক্টেড হয়ে গিয়ে থাকে, উৎপাদিত জিনিসকে ভোগ করার মত ক্ষমতা যদি জনসাধারণের না থাকে তাহলে উৎপাদিত জিনিস উৎপাদিত হয়ে যাবে কোথায়? এবিষয়ে আমাদের দেশের দিকে তাকিয়ে দেখুন। আপনারা দুটি পরিকল্পনা শেষ করলেন, তৃতীয় পরিকল্পনাও আসছে, কিন্তু আপনারা দেখে হাত দিলেন না। অর্থাৎ আজও পর্যন্ত এ্যাগ্রেরিয়ান রিফর্ম আনফুলফিলড। সর্বভারতীয় তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার যে খসড়া আমাদের সামনে রয়েছে তাতে প্ল্যানিং কমিশন স্বীকার করতে বাধ্য হয়েছেন যে ল্যাণ্ড রিফর্মস্ আমাদের ফেলিওর হয়েছে, সিলিং আমরা যা বেঁধেছি তার মধ্য দিয়ে বাড়তি জমি আমরা আনতে পারিনি এবং আমরা যা জমি পেয়েছি তাও ভালভাবে ডিষ্ট্রিবিউট করতে পারিনি। এটা আমার কথা নয়, এটা প্ল্যানিং কমিশনের কথা। অতএব চাষীর হাতে যদি জমি না দেওয়া যায়, মেজর পিপল-এর ষ্ট্যাণ্ডার্ড অফ লাইফ যদি ইমপ্রুভ না করা যায় তাদের যদি পার যদি পারচেজিং ক্যাপাসিটি বাড়ান না যায় তাহলে কেমন করে শিল্পের উৎপাদিত সামগ্রী বিক্রি করবেন। আপনারা যদি মনে করেন যে ইনটারনাল মার্কেট ভোগ্য সামগ্রী যদি বিক্রি করা সুযোগ না থাকে তাহলে বহির্বাণিজ্যে তা বিক্রি করবেন। বহির্বাণিজ্যের দিকে তাকিয়ে দেখুন সেখানে বড় বড় সাম্রাজ্যবাদীরা কজা করে রেখে দিয়েছেন। ফার ইষ্ট এবং মিডিল ইষ্ট-এ ভারতবর্ষের মাল বিক্রি হবার সুযোগ ছিল। কিন্তু এই দুটো জায়গায় আমেরিকা ও জাপানের মতন শক্তিশালী রাষ্ট্র বাজার দখল করে বসে আছে এই ওয়েষ্ট জার্মানী গোটা মধ্যপ্রাচ্য দখল করে রেখেছে। আপনারা যদি মনে করেন যে ভারতবর্ষের মত ১০০ বছরের পিছিয়ে পড়া দেশের পক্ষে সেইসব জায়গার বাজার দখল করা যাবে তাহলে আমি বলব তা একেবারে অসম্ভব। অতএব আমাদের দেশের শিল্পকে গড়ে তুলতে হলে, উন্নত করতে হলে আমরা যদি আমাদের ইণ্টারন্যাল মার্কেটকে এক্সপ্যাণ্ড না করতে পারি তাহলে এখানে শিল্পের প্রসার অসম্ভব। কিন্তু সেই জায়গায় আমরা দেখছি যে আমাদের ইণ্টারনাল মার্কেটকে গ্রাজুয়ালি কনট্রাক্টেড হচ্ছে। সেজন্য বলছি যে পুঁজিবাদী কায়দায় আপনারা যদি পরিকল্পনা করতে চান, শিল্পোন্নত করতে চান তাহলে সবপ্রথমে দরকার চাষীর হাতে জমি দেওয়া—এই হল এক নম্বর। দ্বিতীয় নম্বর হচ্ছে উন্নত প্রথায় চাষবাস করিয়ে উৎপাদন প্রচুর পরিমাণে বাড়ান। আর তৃতীয় নম্বর হল যে সেই উৎপাদিত শস্যের দাম এমনভাবে বাধা যাতে করে তার প্রয়োজন মিটিয়ে তার হাতে একটা বাড়তি ক্যাপিট্যাল ফর্ম হতে পারে। সেই ক্যাপিট্যাল নিয়ে আপনারা অন্যান্য শিল্পে সেটা লাগাবেন। কিন্তু এই কাজ হল না, অথচ আপনাদের দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা পারেনি এবং তার আগেও ৫ বছর পার করেছেন। ১৯৪৭ সাল থেকে আরম্ভ করে—এটা প্রায় ১৯৬৬ সাল পর্যন্ত যাবে—১৯৬৬ সালের মধ্যে চাষীর জীবনে উৎসাহ তুলে ধরার কোন স্কোপ বা সুযোগসুবিধা এর মধ্যে দেওয়া নেই।

সে দিক থেকে তাহলেও কি হ'ল এক একটা করে ধরুন। আপনারা বেসিক ইণ্ডাষ্ট্রিজ করেছেন। আমরাও চাই বেসিক ইণ্ডাষ্ট্রিজ গড়ে তুলতে হবে। আপনারা ক্যাপিট্যাল্ গুড্স্ তৈরী করার জন্য পরিকল্পনা নিয়েছেন, আমরাও চাই ক্যাপিট্যাল্ গুড্স্ তৈরী করতে হবে। কিন্তু কেন? ধরুন ষ্টীলএর কথা। দুর্গাপুর ষ্টীল তৈরী করবে, ভিলাই ষ্টীল তৈরী করবে কিন্তু ষ্টীল তো লোকে খাবে না; ষ্টীল দিয়ে ক্যাপিট্যাল গুড্স্ তৈরী হয়, ক্যাপিট্যাল গুড্স্ লোকে খাবে না। তবে ক্যাপিট্যাল গুড্স্ এর উদ্দেশ্য কি? উদ্দেশ্য হচ্ছে ক্যাপিট্যাল গুড্সকে এমনভাবে লাগান যাতে গ্রেটার এ্যামাউণ্ট অব কনজিউমার গুড্স্ তৈরী করতে পারা যায়। অল্প পরিশ্রমে অধিক

কন্‌জিউমার গুড্‌স্ তৈরী করাই ক্যাপিট্যাল গুড্‌সের উদ্দেশ্য। ক্যাপিট্যাল গুড্‌স্ তৈরী করব, কন্‌জিউমার গুড্‌স্‌এর প্রোডাক্‌সন্ বন্ধ করে রাখব, কন্‌জিউমার গুড্‌স্‌এর ইণ্ডাষ্ট্রিকে ডেভেলপ করব না তাহলে তো জমে যাবে, তার ফল দাঁড়াবে ২ দিন বাদে ইন ইউজ করতে পারবে না, ক্রাইসিস দেখা দেবে যে ক্রাইসিস অন্যান্য পুঁজিবাদী দেশে দেখা দিচ্ছে, আমাদের দেশে যার সূচনা দেখা যাচ্ছে। এ কথা চিন্তা করেছেন কি? সুতরাং এ দিক থেকে কোন চিন্তাধারা পরিকল্পনার মধ্যে দেখছি না। বাংলাদেশের পরিকল্পনা আপনারা কেন্দ্রীয় সরকারের নীতি হিসাবে আরম্ভ করেছেন। কাজেই আপনারা এই ক'টা পরিকল্পনার মাঝে ল্যাণ্ড রিফর্মের একটা কথা বলেছেন, ল্যাণ্ড রিফর্মকে যদি সাক্‌সেস্‌ফুল না করেন, প্রত্যেক চাষীর হাতে যদি জমি না দেন, যদি উন্নত প্রথায় চাষবাসের ব্যবস্থা না করেন, উপযুক্ত দাম যদি তাকে না দেন, তার হাতে যদি সারপ্লাস সৃষ্টি করতে না পারেন তাহলে উৎপাদিত জিনিসের মার্কেট থাকছে না, ক্রাইসিস থাকতে বাধ্য। সমাজতন্ত্রের কথা ছেড়ে দিলাম, বাস্তব কায়দায় উৎপাদন করতে গেলে যে জিনিস থাকা দরকার তা নেই দ্বিতীয় জিনিস হচ্ছে এমপ্লয়মেণ্ট। বাংলাদেশে এমপ্লয়মেণ্ট প্রথমে কোথায় দেবেন। যদি কেউ মনে করে থাকেন যে বড় বড় ইন্‌ডাষ্ট্রি করে বাংলাদেশের বেকার সমস্যা সমাধান করব তাহলে আমি বলব ভুল কথা—পারবেন না, পুঁজিবাদী কায়দায় সেরকম হতে পারে না। একটা লার্জ নাম্বার অব এমপ্লয়মেণ্ট পোটেন্‌সিয়াল আমাদের ভূমিতে লাগাতে হচ্ছে অথচ তা আপনারা করলেন না। এইরকমভাবে লাগাবার সাথে সাথে ছোট ছোট যে ইনডাষ্ট্রি সেগুলোতে লাগাবার চেষ্টা করা উচিত ছিল। আপনারা দুটো পরিকল্পনা পার করে দিলেন অথচ বাংলাদেশে তা হল না। কন্‌ক্রিট টার্গেট কিছু নেই যে এতগুলি গ্রামীন বেকারকে আমরা এইভাবে রিহ্যাবলিটেট করছি, তাকে লাগাচ্ছি, তার বেকার সমস্যা সমাধান করছি এবং তার মাঝখান দিয়ে আমাদের অর্থনৈতিক অবস্থাকে উন্নত করে, ইণ্টারন্যাল মার্কেটকে এক্সপ্যাণ্ড করে ইণ্ডাষ্ট্রিয়েলাইজেশনএর স্কোপ করে দিচ্ছি—একথা এখানে কোথাও নেই।

[6-30—6-40 p.m.]

তৃতীয় জিনিস হচ্ছে শহরের বেকার সমস্যা সমাধান করবার জন্য মিনিমাম যে জিনিসগুলি করা দরকার—আমি জানি পুঁজিবাদ যতদিন থাকবে বেকার ততদিন থাকবে, পুঁজিবাদ যেখানে নেই সেখানে বেকার থাকতে পারে না কেন না উৎপাদনের উদ্দেশ্য যেখানে লাভ নয় উৎপাদনের উদ্দেশ্য যেখানে ভোট সেখানে বেকার থাকতে পারে না. একজন উৎপাদনের লিমিট সেখানে থাকে না আমাদের দেশে উৎপাদনের উদ্দেশ্য লাভ ফলে বেকার সেখানে দেখা দিচ্ছে। পুঁজিবাদ থাকলে বেকার সমস্যা সমাধান সম্ভব নয়। সমাজতন্ত্র এইরকম সমাধান করতে পারে এ বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু যেটা পুঁজিবাদ পারে সেটা কেন আপনারা করছেন না? আপনারা তো একটা জিনিস করতে পারেন আমাদের যে এমপ্লয়মেণ্ট পোটেন্‌সিয়াল এই এমপ্লয়মেণ্ট পোটেন্‌সিয়ালে—যাতে বেশী বেকার না হয় একটা চেক্ দেব তারপর ধীরে ধীরে টেনে নিয়ে যাব। আপনারা দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বলেছিলেন যে নতুন একটা পোটেন্‌সিয়াল খুলব এবং নতুন ম্যান পাওয়ার, লেবার পাওয়ার যা বাড়বে অন্ততঃ এমন একটা ব্যবস্থা করতে হবে যাতে নতুন এমপ্লয়মেণ্ট পোটেন্‌সিয়াল নতুন লেবার ফোর্স এ্যাবজর্ব করে নিতে পারে। কিন্তু কি হয়েছে? আপনাদের প্ল্যানিং কমিশান স্বীকার করেছেন নতুন এমপ্লয়মেণ্ট পোটেন্‌সিয়াল দিয়ে নতুন লেবার ফোর্স এ্যাবজর্ব করা দূরে থাক্ দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে অবস্থা ছিল তার চেয়ে বেশী ২০ লক্ষ বেকার বেড়ে গেছে —তৃতীয় পরিকল্পনায় এই কথা বলেছেন। তাহলে কি দাঁড়াবে—এক একটা পরিকল্পনা আসবে আর বেকার সমস্যা যদি এমনি এমনি করে বাড়তে থাকে তাহলে বেকার সমস্যা সমাধান কি কোন-

দিন হবে? বেকার সমস্যা সমাধান করতে গেলে যেটা দরকার সমস্যাকে একটা জায়গায় বেঁধে দিতে হবে, বাড়তে দেওয়া যাবে না। বেঁধে তারপর যত বেকার আছে গ্র্যাজুয়েলী এ্যাবজর্ব করতে হবে নিউ এমপ্লয়মেন্ট পোটেন্সিয়াল দিয়ে। তা হল না। তাহলে কি করলেন? বাংলা দেশে বেকারের সংখ্যা বেড়ে যাচ্ছে, চাষীর অবস্থা খারাপ হয়ে যাচ্ছে ফলে অস্বাভাবিক জিনিস দেখা দিচ্ছে। এর সঙ্গে অনেকগুলি প্রশ্ন জড়িত আছে। আজ আপনাদের বিদেশীদের পায়ে ধরে মাথা খুঁড়তে হচ্ছে ক্যাপিট্যালের জন্য। চীনে দরকার হয়েছে?

আমি চায়নায় গিয়ে দেখে এসেছি তারা আমাদের চেয়ে বহুগুণ বড় প্ল্যান নিয়েছে কোথা থেকে ক্যাপিটাল তারা পেল, কতটুকু এড সোভিয়েট থেকে পেয়েছে? তারা মেজর পোশান অব ক্যাপিটাল দেশ থেকে তুলেছিল। কোথা থেকে তুলল ক্যাপিটাল? দেশের লোকের পার্চেজিং পাওয়ার ডেভেলপ করে তাদের পার্চেজিং ক্যাপাসিটি তুলেছে জনসাধারণের পার্চেজিং ক্যাপাসিটি তুলেছে চাষীদের অবস্থার উন্নতি করে, মধ্যবিত্তদের অবস্থার উন্নতি করে পার্চেজিং ক্যাপাসিটি তুলেছে আপ টু এ সার্টেন ষ্টেজ এবং তারপরে বাড়তি পার্চেজিং ক্যাপাসিটি তারা প্ল্যান নিযুক্ত করতে পারছে। ফলে রিপেনডেন্স অন ফরেন ক্যাপিটাল ষ্টেট তার কাটিয়ে তুলেছে। আমাদের দেশে বড় সমস্যা হিসাবে দেখা দিয়েছে কোথা থেকে ফরেন ক্যাপিটাল আসে। এ প্রশ্ন উঠতনা যদি আমার ভারতবর্ষতথা বাংলাদেশের সাধারণ মানুষের পার্চেজিং ক্যাপাসিটি বাড়িয়ে তুলতে পারতাম জীবন ধারণের পর তাদের হাতে যদি বাড়তি টাকা রাখতে পারতাম তাহলে সেই টাকা দিয়ে আমাদের ক্যাপিটাল ফর্মেশন হোত এবং আমরা ক্যাপিটাল পাওয়ার যে প্রশ্ন তার সমাধান করতে পারতাম। সেদিকে সরকারের কোন দৃষ্টি নেই। আপনারা বলেন যে আমরা ন্যাশনাল ইনকাম বাড়িয়েছি কিন্তু ন্যাশনাল ইনকাম বাড়ার অর্থ এই নয় যে দেশের লোকের অবস্থা ভাল এটা বুঝা দরকার। ডেপুটী স্পীকার মহাশয়, অর্থনীতিতে একটা কথা বলে accumulation of wealth does not necessarily mean welfare. ন্যাশনাল ইনকাম বেড়েছে ঠিকই, ইণ্ডাষ্ট্রিয়াল প্রোডাকশন যা হচ্ছে তার মাঝখানে ন্যাশনাল ইনকাম বাড়ছে কিন্তু সেই বাড়তি ন্যাশনাল ইনকাম ভোগ করছে কারা? ভোগ যদি জনসাধারণ করতো তাহলে তাদের হাতে সারপ্লাস পার্চেজিং ক্যাপাসিটি থাকতো এবং ফরেন এক্সচেঞ্জের দিকে আমাদের তাকিয়ে থাকতে হোত না। কিন্তু তা হয় নি, কিছু লোক তার পূর্ন স্বত্ব ভোগ করছে। ফলে দেখছি প্ল্যানিং করছেন, টাকা প্রচুর খরচ করছেন কিন্তু তার বেনিফিট জনসাধারণ পাচ্ছে না বরং প্ল্যানকে কার্যকরী করার জন্য তাদের উপর বেশী ট্যাক্স চাপছে। একদিকে প্ল্যান হচ্ছে এবং তার জন্য পিপলকে ট্যাক্স দিতে হচ্ছে, অন্যদিকে প্ল্যানিংএর যা রেজাল্ট বেটারমেন্ট, ওয়েলফেয়ার অব দি পিপিল তা আনছেনা। আমি জানি আপনারা বলবেন আমরা বিএ এডুকেশন, হসপিটাল করে দিচ্ছি এগুলির কথা চিন্তা করবেন না। একটা জায়গায় সব প্রয়োজন ঠিকই কিন্তু অধিকতর প্রয়োজন যেটা সেটা হচ্ছে এমপ্লয়মেন্ট পোটেনসিয়াল, লোককে এমপ্লয় করা। মানুষকে চাকরী দেয়া, খেতে দেয়া, পড়তে দেয়া, বাসস্থান দেয়া দিজ আর দি প্রেলিমিনারী নিড্স। এডুকেশন, হেলথ প্রভৃতির জন্য আমরা কিছু সময় অপেক্ষা করতে পারি কিন্তু একটা লোককে উপোস করিয়ে, উলঙ্গ করিয়ে রাখতে পারি না, তাকে আকাশের তলায় রাখতে পারি না। এই যে বেসিক নিড্স এগুলির ফর্ম করার ক্ষেত্রে তাকিয়ে দেখুন তাদের স্ট্যাণ্ডাড ফল করছে অথচ আপনারা সোসালিস্ট প্যাটার্ন করছেন হোয়াট ইজ সোসালিস্ট প্যাটার্ন? হোয়াট ইজ সোসালিজম প্রোডাশন মাস্টার য়্যান্ড সার্ভেন্ট রিলেশন থাকবে, মাস্টার য়্যান্ড এমপ্লয়ী রিলেশন থাকবে, মোটিভ অব প্রোডাকশন প্রফিট অথ এই সোসালিজম বলে না। সোসালিজমের কতকগুলি প্রাইমারী কণ্ডিশনস আছে—One condition is, the purpose of production is consumption and not profit এটা বুঝা দরকার। উৎপাদন যা করবো তা সমাজে পাঠানর জন্য। আমাদের প্রয়োজনে

যদি কোনদিন প্রয়োজন হয় তাহলে আমরা অন্য জিনিস এক্সপোর্ট করবো। এছাড়া এজিনিস হয় না। তারচেয়ে আপনারা বলুননা আপনাদের প্রোডাকশনের উদ্দেশ্য হচ্ছে প্রফিট। তারপর হচ্ছে এভ্রি ওয়ান্ ইজ কনজিউমার। আপনারা এখানে মাস্টার য়্যাণ্ড সার্ভেন্ট রিলেশন মেণ্টন করছেন—ক্যাপিটালিস্ট ইকনমির মূল বিষয়বস্তু রেখে সোসালিজম জানেনা। সুতরাং সেদিকে তাকানো দরকার। বাংলাদেশের বা ভারতবর্ষের যা প্রব্লেম আছে যতদিন ক্যাপিটালিজিম থাকবে ততদিন তা থাকবে। সেই ক্যাপিটালিস্ট ইকনমির মাঝখানে যে যে জায়গায় জোর দেয়া দরকার সেই সেই জায়গায় জোর না দেওয়ার জন্য গ্রাজুয়ালী জনসাধারণের ষ্ট্যাণ্ডার্ড অব লাইফ ফল করছে এবং নানা কমপ্লিকেশন ডেকেশন করছে অর্থনীতিটা ক্রাইসিসের দিকে যেন যাচ্ছে। এথেকে যদি কাটাতে হয় তাহলে বালক অফ দি এড়ুকেশনের ষ্ট্যাণ্ডার্ড অব লাইফ উঁচু করার পর এবং তাদের ইনকাম বেশী করার জোর দিতে হবে। এদিকে যদি নজর না দেন তাহলে এ সমস্যার সমাধান হবে না এবং এই প্ল্যান দিয়ে জনতার কোন প্রব্লেমের আপনারা সমাধান করতে পারবেন না।

Shri Tarapada Chowdhuri : মাননীয় ডেপুটীস্পীকার মহোদয়, আজকে আমরা উভয় পক্ষ অনেকক্ষণ থার্ড ড্রাফট্ পঞ্চবার্ষিক পরিকল্পনার উপর গুরুত্বপূর্ণ আলোচনা শুনলাম। আমার মনে হয় যে আমাদের সামনে একটা প্রশ্ন জেগেছে যে আমাদের আদর্শ সামনে কি? লক্ষ্যবস্তু কি? এবং আমার মনে হয়—তখনই আমরা ঠিক করতে পারবো লক্ষ্যবস্তু কি—সেটা কি উপায়ে—, আমরা লক্ষ্যবস্তুতে পৌছিব। এই ভারতবর্ষ একটা রাষ্ট্র প্রধান দেশ নয়, এটা সমাজ প্রধান দেশ এবং ভারতবর্ষের যদি ইতিহাস বিশ্লেষণ করা যায়, তাহলে দেখা যাবে যে সমগ্র ভারতবর্ষে এত ধর্মমত, এত সম্প্রদায়—, শিক্ষিত, অশিক্ষিত অনেক রকম ভাবে বিভক্ত। বহুধা বিভক্ত এই ভারতবর্ষের একটা জিনিস হচ্ছে ঐক্য সংহতিবোধ ও ভারতবর্ষের সমাজ চেতনা বোধ এবং সেই সমাজ চেতনা বোধ প্রতিষ্ঠিত আছে পরিবার তন্ত্রের উপর, আর সেই পরিবার তন্ত্রের উপর প্রতিষ্ঠিত এই সমাজ-তন্ত্র। এবং সেই যে সমাজ-তন্ত্রবোধ—, সেটা ধর্মের উপর প্রতিষ্ঠিত, আর সেই ধর্মবোধের উপরই এই ভারতবর্ষের ঐক্য নিহিত। আজকে যাকে বলি নেশান", সেই "নেশন" ভারতবর্ষে কোন দিন ছিল না বা নাই বা হবে না। কিন্তু সমাজ চেতনা চিরদিন থাকবে। মহাত্মা গান্ধী এই জিনিস লক্ষ্য করেছিলেন যে ভারতবর্ষে কোন বিপ্লব আনতে হলে এই সমাজ চেতনাকে জাগিয়ে তুলতে হবে। আপনারা যতই পরিকল্পনা করুন, কোটী কোটী টাকা খরচ করুন না কেন মূল মন্ত্র হচ্ছে সেই সমাজ চেতনা বোধ আনা। কিন্তু কি উপায়ে সেই সমাজ চেতনা আনা সম্ভব হবে? সেই জন্য আজকে আমাদের দেশে এই যে সামাজিক কমুনিটী ডেভেলপমেণ্ট হয়েছে এই ডেভেলপমেণ্ট এর মূল উদ্দেশ্য হচ্ছে—যে দুটী জিনিস বেছে নেওয়া হয়েছে তার মধ্যে হয়েছে যে পঞ্চায়েৎ এবং সমবায় আন্দোলনের ভিত্তিতে সমগ্র সমাজকে গঠন করতে হবে। কিন্তু আমি একথা বলতে চাই যে আজকে সারা ভারতবর্ষে পণ্ডিত নেহরু প্রাইম মিনিস্টার হতে আরম্ভ করে যে কোন পর্যন্ত সমস্ত দিকে আমাদের নেতারা বলছেন ডেমোক্রেটিক ডিসেণ্ট্রালাইজেশন অর্থাৎ গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ। এটা কোনদিন সম্ভবপর হবে না। যা আপনারা করেন—কেন্দ্রীভূত অব্যবস্থায় কেন্দ্রীয় শক্তি দ্বারা ভারতবর্ষের মত বিশাল জনমনকে উদ্বুদ্ধ করে গড়ে তোলা যাবে না; তা করতে হলে—এই বিকেন্দ্রীভূত ব্যবস্থায় করতে হবে। সেই অবস্থায় যে গণতন্ত্র, যেই গনতান্ত্রিক উপায়ে—এই ভারতবর্ষের সমাজিক গড়ে তুলতে হবে এই পরিকল্পনার মাধ্যমে। এই পরিকল্পনা বলতে এটা ঠিক যেখানে নীতিগতভাবে বাধাবাধকতা আছে বিশ্বাস করি। আজ কোন কেন্দ্রীয় শক্তিস্বৈরতন্ত্র শক্তিরও সুবিধা আছে,—কেন্দ্রীয় শক্তির দ্বারা নিয়ন্ত্রণ করে উৎপাদন, বণ্টন, সঞ্চয় ও লগ্নী ব্যবস্থা পরিচালিত করতে পারবে। কিন্তু সেটা কোন গনতান্ত্রিক সমাজে সম্ভবপর নয়। সেজন্য গনতান্ত্রিক সমাজকে সেখানে নির্ভর করতে হয়—মানুষের উপর, তাদের পার্সুয়েশন-এর

উপর, সেখানে কোন ভায়োলেন্স করতে পারবেন না ; অন্য শক্তি ও প্রয়োগ করতে পারবেন না। অথচ এই প্ল্যানকে কার্যকরী করতে হবে। এটাই হচ্ছে বড় সমস্যা আমাদের দেশে। সেইজন্য আজকে যদি এই সমস্যাকে পরিচালিত করতে হয়, তাহলে আপনাকে দুটী জিনিস সামনে রেখে করতে হবে।

[6—40-6-50 p. m.]

সেখানে মানুষকে কেন বলা হয়েছে ? অন্ধ্রে যান, রাজস্থানে যান, মাদ্রাজেরও কতক কতক জায়গায় যান, দেখবেন সেখানে কেন্দ্রীভূত যে শাসন ব্যবস্থা তাকে বিকেন্দ্রীকরণ করে পঞ্চায়েৎ রাজ প্রতিষ্ঠিত হচ্ছে। এটা ঠিক, এই বিকেন্দ্রীয়করণ-এর ফলে হয়ত এমন স্টেজে আসতে পারে যেখানে মাঝে মাঝে কাষ্ট, লয়েলটি, গ্রোপইজম পঞ্চায়েতের মধ্যে দেখা দিতে পারে। কিন্তু একটা জিনিস—আপনি যদি ডেমোক্রেসি বা গণতন্ত্র-তে বিশ্বাস করেন তাহলে আপনাকে মানুষের উপর, সাধারণ লোকের উপর বিশ্বাস স্থাপন করতে হবে। তাদের ত্রুটীবিচ্যুতি যাই থাকুক, আস্তে আস্তে তারা নিজে স্বাবলম্বী হতে চেষ্টা করবে, নিজেদের মধ্যে পরস্পরে বিশ্বাস স্থাপন করবে, নিজেরা উদ্বুদ্ধ হয়ে যৌথভাবে কাজ করবার জন্য চেষ্টা করবে এবং এমন একটা সময় আসবে যখন দেখবেন সত্যিকার পঞ্চায়েতগুলি বাস্তবিক কাজ করছে। আমি এই কথা বলতে চাই—আজকে এই দুটা সংস্থা বেছে নেওয়া হয়েছে আমাদের পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে—সেটা এই পঞ্চায়েত এবং সমবায় আন্দোলন। এতে বিশ্বাস করে যারা প্ল্যানার্স এবং যে কোন রাজ্য সরকার হোক, তারা কেন্দ্রীয় সরকারের যে প্ল্যান, তাকে গ্রহণ করে রাজ্য সরকার চালিয়ে আসছেন। আমার বিশ্বাস এই প্ল্যানকে যদি ইমপ্লিমেণ্ট বা সাফল্যমণ্ডিত করতে হয়, তাহলে আমাদের এই বিশ্বাস স্থাপন করে কাজে এগিয়ে যেতে হবে যে পঞ্চায়েৎ মারফৎ প্রত্যেকটি গ্রাম্য সমাজ, সে তার কৃষি পরিকল্পনা করবে এবং কৃষি পরিকল্পনাকে সাফল্যযুক্ত করবার জন্য সেখানে অর্থনৈতিক সংস্থা হিসাবে দেওয়া হয়েছে—এই সমবায় সমিতি ও সেবা সমিতি সৃষ্টি করা হয়েছে।

আমি বলবো প্রত্যেকটি স্টেটে রাজ্য সরকার এর তাদের পলিসি হবে, এমনভাবে কাজ পরিচালনা করা বা নীতি অনুসরণ করা যাতে এই পঞ্চায়েত বা সমবায় নীতি কার্যকরী হতে পারে। বিনবা ভাবে বলেছিলেন এবং ভূ-দান যজ্ঞে চার হাজার গ্রাম দেখে এসেছি। সত্যিই আমাদের দেশে এই পরিকল্পনা গ্রহণ করা যায়, এখানে রামরাজ্য প্রতিষ্ঠা করা যায়। এটা অসম্ভব কিছু নয়। শুধু দুটা জিনিষের প্রয়োজন। বিচার, বিশ্লেষণ এবং কর্তৃত্ব বিভাগ। এই বিচার, বিশ্লেষণ কি ? আপনি নিজের বিচার বুদ্ধিতে প্রণোদিত হয়ে যে কাজ সৎ, করা উচিত মনে করেন, সেটা পূর্বে ভেবে নিয়ে, সেই পথ অনুসরণ করা। আর দ্বিতীয় হল কর্তৃত্ব বিভাগ-কে এক জায়গায় না রেখে সমাজের মধ্যে ছড়িয়ে দেওয়া। প্রত্যেকটি গ্রাম পঞ্চায়েৎ, তারা ছোট ছোট গ্রাম সমিতি করে, তারা নিজ নিজ কৃষি পরিকল্পনা করবে, সেখানে শিল্পের মাধ্যমে রুরাল ইকনমি ডেভলপ হতে পারে এবং তার জন্য যা প্রয়োজন, তাঁরা যা অনুভব করবেন, তার ব্যবস্থা তাঁরা করবেন। আর স্টেট্ করবে কি ? তার পিছনে সাহায্য করবার জন্য যে সমস্ত ব্যবস্থা দরকার, যেমন টেক্‌নিক্যাল্ হেলপ্ ইত্যাদি সমস্ত যোগাবেন। এগ্রো-ইণ্ডাষ্ট্রিয়েল বায়াস না হয়ে, এগ্রো-ইণ্ডাষ্ট্রিয়েল ডেভেলপমেণ্ট করতে হবে। অর্থাৎ ইণ্ডাষ্ট্রি ডেভেলপ্ করতে হবে এগ্রিকালচারাল্ পরিকল্পনার সঙ্গে যোগসূত্র স্থাপন করে। তবে এটা ঠিকই, আজকে আমরা একটা কনফিউশনএর মধ্যে আছি। প্ল্যান্ সম্বন্ধে খানিকটা কনফিউশন্ সৃষ্ট হয়েছে আমাদের শিক্ষিত লোকের জন্য। আরবান্ পপুলেশন্—তার একটা ঔপনিবেশিকতা-বাদ বা কলোনাইজেসন্ অব দি আরবান্ পিপল্ গ্রাম্য লোকের মধ্যে এখনও পর্যন্ত তার প্রভাব আছে। কাজেই সেই গ্রাম্য সমাজ—তারা বলছে যে কলোনাইজেশন্ আজকে চলেছে, তাকে দূর করতে হবে এবং লক্ষ লক্ষ লোকের জন্য গ্রাম্য সমাজের উন্নতি ও পরিকল্পনা একান্ত আবশ্যক।

তা দূর করতে হবে, তিরোহিত করতে হবে যদি লক্ষ লক্ষ লোকের গ্রাম সমাজের উন্নতির আমরা কল্পনা করি। গোটা গ্রাম সমাজের উন্নতি করতে হলে কোন্ পথে হাঁটতে হবে? যে সর্ব্বোদয় সমাজের পরিকল্পনা করছেন সেই পথে অগ্রসর হতে হবে, সেই পন্থেই সফল হবো। সেই পথই আমাদের একমাত্র পথ। কাজেই আজকে আমরা একথা বিশ্বাস করি না যে সরকারী দপ্তরে শুধু সরকারী কর্ম্মচারী বাড়ালেই প্ল্যান তাঁদের দ্বারা সাক্‌সেসফুল হবে না এবং তা করলে এ জিনিসটা ব্যর্থ হতে বাধ্য এবং সেখানে অপচয় হতে বাধ্য, কাজেই আজকে প্রশাসনিক ব্যবস্থার প্ল্যানপিরিয়ডএ কেন্দ্রের বা রাজ্যের আমূল পরিবর্তন হল প্রসাসনিক ব্যবস্থার ডিকন্‌ট্রালাইজেশন, তা না হলে যত কেন্দ্রীভূত করবেন ততই ব্যবস্থা ব্যর্থতায় পরিণত হবে। এবং আজকে যে-পরিমাণে কৃষিজীবিকে, গ্রামের লোককে বিশ্বাস করাতে পারবেন গ্রামের লোক ততই উদ্বুদ্ধ হবে। আজকে ডাঃ ঘোষ যেকথা বলেছেন, স্বীকার করছি যে কমিউনিটি ডেভেলপমেণ্টএর অনেক জায়গায় খানিকটা ব্যর্থতার আভাষ আসছে এবং আজকে মানুষের সাড়া তেমন পাওয়া যাচ্ছে না। কারণ কাজের সঙ্গে তাদের সংযোগ নাই, উপর থেকে জিনিসটা যেন চাপিয়ে দেওয়া হচ্ছে। আমি বলবো এরকম চাপিয়ে দিলে এ জিনিস সার্থক হবে না। সেজন্য গ্রাম পঞ্চায়েৎ সেবা সমিতির উপর কাজের ভার দেওয়ার জন্য সবচেয়ে গুরুত্ব আরোপ করছি। এই পরিকল্পনাকে যদি সার্থক রূপ দিতে হয় তাহলে পঞ্চায়েৎ ও সমবায় সেবাসমিতিকে যতশীঘ্র কাজে পরিণত করতে পারি তত এই প্ল্যান সাক্‌সেসফুল হবে। তবে এটা ঠিক যে, এটা একদিনের কাজ নয়। কিন্তু এটাও ঠিক যে, কোন রাস্তায় হাঁটছি সেই রাস্তা দেখে তার গতি বুঝা যায়। আজকে কৃষিখাতে, ইরিগেশন্ খাতে যে পরিকল্পনা করা হয়েছে ডেভেলপমেণ্ট খাতে যে পরিকল্পনা করা হয়েছে তার সঙ্গে সামঞ্জস্য রেখে এই প্ল্যানএর টাকা দেওয়া হয়নি। কাজেই আজকে কৃষি পরিকল্পনা ব্যর্থ হতে বাধ্য কারণ কমিউনিটি ডেভেলপমেণ্ট খাতে বরাদ্দ যেভাবে করা হয়েছে যে সংস্থা সৃষ্টি করার প্রয়োজন সেই সংস্থা সৃষ্টি করতে পারিনি। আমি এটা বিশ্বাস করি না যে আজকে কোন কাজ হয়নি! কাজ হচ্ছে। তবে আজকে প্ল্যান এ যে কাজ হচ্ছে তাতে বেকারী বেশী পরিমাণে বেড়েছে, শ্রেণী বৈষম্য সৃষ্টি হয়েছে এই যে সমস্ত বিপর্যয় এসেছে এবং মজুরী ও অন্যান্য নিয়ে স্পেকুলেশন চলছে, এরকম যে নানা অভিযোগ উঠেছে এর অবসান করা যায় যদি সমাজ এমনভাবে গঠন করা হয় যার ভিত্তি হবে গ্রাম। সেজন্য রাজ্য সরকারকে অনুরোধ করবো সমবায় আন্দোলন এবং পঞ্চায়েৎ সমিতিকে যাতে পুনরুদ্ধার করা যায় এবং সেটা ত্বরান্বিত করা হয় তার জন্য সত্যিকারের প্রচেষ্টা করবেন।

[6-50—7 p. m.]

Shri Panchugopal Bhaduri :—মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, আজকে পরিকল্পনার খসড়া উপস্থিত করতে গিয়ে যে ৪৯০ কোটী টাকার বেশী বরাদ্দ দাবী করেছেন তাতে কয়েকটি বিষয় আমাদের সামনে রেখেছেন। তিনি বলেছেন এই তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা মারফৎ আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণতার দিকে এগিয়ে আসবো, বেকারীর অবসান হবে। খাদ্যে স্বয়ং সম্পূর্ণতার কথা বলতে গিয়ে এটা বলা হয়েছে… আমাদের এই পশ্চিমবঙ্গে দ্বিতীয় পঞ্চবার্ষিকীর শেষ বৎসরে বলা হয়েছে ৩ লক্ষ ৬৮ হাজার টন খাদ্যশস্য বৃদ্ধি হবে। এবং তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বলা হয়েছে ২৫ লক্ষ টন হলে দেশ স্বয়ংসম্পূর্ণ হবে। এখানে যে অঙ্ক দিয়েছেন তাতে ৩ লক্ষ ৯০ হাজার টন ধান উৎপাদন হবে দেখতে পাচ্ছি, কিন্তু বাকী কোথা থেকে হবে, ১৫ লক্ষ টন, তার কোন্ হিসাব নেই। কিন্তু একটা কথা পরিষ্কার সেটা হচ্ছে খাদ্যে স্বয়ং সম্পূর্ণ হবার দিক থেকে আমরা অনেক পিছিয়ে আছি। এবং বাংলা দেশে খাদ্যের ঘাটতি খুব বেশী ভারতবর্ষের অন্যান্য প্রদেশের তুলনায়। এবং সমগ্র ভারতবর্ষে তৃতীয় পরিকল্পনায় দেখতে

পাচ্ছি ১৫ মিলিয়ন টন খাদ্য বাইরে থেকে আমদানী করতে হবে। সমস্ত তৃতীয় পরিকল্পনায় যদি ১৫ মিলিয়ন টন খাদ্য আমদানী করতে হয় তাহলে খাদ্যে স্বয়ং সম্পূর্ণ হবার দিক থেকে আমরা অনেক দূরে আছি একথা বুঝতে হবে। কিন্তু তার মানে এনয় যে ১৯৪৯-৫০ সাল কিম্বা ১৯৫৯-৬০ সাল পর্যন্ত আমাদের খাদ্য উৎপাদনের কোন উন্নতি হয়নি। সর্ব-ভারতীয় ভাবে খাদ্য উৎপাদনের সুচক সংখ্যা যদি ১৯৪৯ সালে ধরা যায় ১০০ তাহলে সেই সংখ্যা ১৯৫৯ সালে হয়েছে ১৩২ এবং পরের বৎসর ১৩৫ হবে আশা করা যায়। কিন্তু ১৩২ হলেও এই হাউস এর দুই দিকের সদস্যদের একটা কথা জানতে হবে, সেটা হচ্ছে কৃষিশিল্পে এই খাদ্য উৎপাদনে একটা স্টেগনেশন বা সেমি স্টেগনেশন রয়ে গিয়েছে ১০ বৎসর ধরে পরিকল্পনা হচ্ছে খাদ্য উৎপাদনের জন্য—আপনাদের মনে আছে—১৯৫০ সালে পণ্ডিত নেহেরু ঘোষনা করেছিলেন যে ১৯৫১ সালের পর থেকে আর এক কণা খাদ্যও বিদেশ থেকে আসবে না! তারপর কম্যুনিটী প্রোজেক্ট এর উপর জোর দেওয়া হল। খাদ্যের উপর জোর না দিয়ে তুলা চাষের উৎপাদন, আঁখের উৎপাদন বাড়ান হল, পাটের চাষের উৎপাদন বাড়ান হল। কিন্তু কম্যুনিটী প্রোজেক্ট কৃষির উপর জোর পড়েনি। এই জিনিষটা বুঝতে হবে। এবং এই জিনিষটা বুঝতে হলে তার সঙ্গে একটা জিনিস সততার সঙ্গে স্বীকার করতে হবে সেটা হচ্ছে কৃষি উৎপাদক ব্যবস্থা থেকে স্টেগনেশন এর যে বেরিয়ার আছে, সেই বেড়াকে ভেঙ্গে দিতে হবে। সেই বেড়া হল জমিদারী দখল হবার পরও গ্রামাঞ্চলে সমস্ত প্রথা লোপ পায়নি। এবং সেই জিনিস ব্রেক না করতে পারলে কৃষির স্টেগনেশন যাবে না। একথা এখানে অনেক শুনলাম যে ৫২ লক্ষ, ৪৫ লক্ষ, টন খাদ্য উৎপাদন হয়েছে। আবার সেটা কমে গিয়ে ৩৯ লক্ষ টন হয়েছে, আবার বেড়ে গিয়ে ৪৩ লক্ষ টন হয়েছে। এইভাবে কিছু কমবে ও বাড়বে। কিন্তু স্টেগনেশন বা সেমি-স্টেগনেশন অবস্থা যা আছে তার থেকে তাদের বের করে নিয়ে আসতে হবে। আজকে আমাদের দেশে শতকরা ৭৫টি পরিবার কৃষির উপর নির্ভরশীল। সেখানে একটি পরিবারের দুই একরের কম জমি এবং তাও বড় বড় জোতদারেরা যেখানে অন্য লোক খাটিয়ে তাদের কোন মূলধন নিয়োগ না করেই লাভ করে সেখানে তারা পরিবর্তন চায় না। কাজে কাজেই এই যে ফিউডাল সেট আপ এই সেট আপ কে বদলাতে না পারলে কোন উন্নতি হবে না। খালি কিছু সাবসিডি দিয়ে, অল্প স্বল্প টাকা দিয়ে, সার দিয়ে কিছু উন্নতি হতে পারে কিন্তু ব্যাপকভাবে কৃষকদের ভিতর উৎসাহ জাগিয়ে উৎপাদন বাড়াতে হলে যে পথে যাওয়া দরকার সে পথে আপনারা যাচ্ছেন না আজকে সেমি স্টেগনেশন থাকার জন্য আমরা দেখতে পাচ্ছি দেশের কস্ট অফ লিভিং এর উপর অনবরত চাপ পড়ছে।

বিদেশী লেনদেন ব্যবস্থা ব্যালান্স অফ পেমেন্ট তার ভিতর ডেফিসিট দেখা যাচ্ছে। এবং দেশের জনশক্তি অজস্র ম্যান পাওয়ার আন ইউটিলাইজড থেকে যাচ্ছে।

তারপর শিল্পের সমৃদ্ধির যে কথা হচ্ছে। তার যে বাজার গ্রামাঞ্চলে যারা শিল্পের জিনিষ কিনবে সেই বাজার অপুস্ট এবং অপরিণত। কাজে কাজেই বেরিয়ার আমাদের ভাঙতে হবে। যদি কোন প্ল্যান করে দেশের উন্নতি, শিল্পের উন্নতি ও সমৃদ্ধি করতে হয় তাহলে এখুনি ভাঙতে হবে। বেকার সমস্যার সমাধানে যে সমস্ত ক্ষুদ্র শিল্প অথবা মাঝারি শিল্পে যে ফর্দ বাংলাদেশে তাতে বেকার সংখ্যার কণামাত্র স্পর্শ করা যাবে না। দেশে ব্যাপক শিল্পায়ন হলেই তবে বেকার সমস্যার সমাধান হতে পারে। তার সুচনা কোথায় হবে? ভাবী শিল্পের শিল্পায়ন করতে হলে তার একটা স্পেশাল ফেনোমেনন আছে। বৈজ্ঞানিক ব্যাপারে যেমন স্পেশাল ফেনোমেনন যেটা পার না হলে ঘরে ঢোকা যায় না তেমনি ব্যাসকে শিল্পায়নের ক্ষেত্রে দেশে শিল্পায়ন না হলে এক্সিলারেটেড প্রোগ্রেস যে স্বয়ংক্রিয় গতি, সে গতি খুলে যাবে না। তাই একদিকে যেমন কৃষির ক্রয় ক্ষমতা বাড়াতে হবে, কৃষকের হাতে জমি দিতে হবে, তাকে অজস্র ঋণ সরবরাহ করতে হবে।

এবং সমস্ত কৃষিজাত জিনিষপত্রের সিলিং প্রাইস বেঁধে দিতে হবে। এবং তাদের পণ্যের হাট বাজারের সুবিধা দিতে হবে। তার সঙ্গে সঙ্গে ভারী শিল্পের ভিত্তিতে শিল্পায়ণ গড়ে তুলতে হবে। আমরা দেখতে পাচ্ছি আজ ভিক্ষার ঝুলি নিয়ে বিদেশীর কাছে দাঁড়াতে হচ্ছে সেখানে তাঁরা বলছেন রাজকীয় সেক্টর এবং প্রাইভেট সেক্টর শিল্প করতে কোন টাকা দেওয়া হবে না। সমাজ সংস্কার ওভারহেড এক্সপেনডিচার প্রভৃতির ব্যাপারে রাষ্ট্রির সেক্টর দেওয়া যেতে পারে। তবুও ভারী শিল্প আমাদের গড়ে তুলতে হবে। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ভারী শিল্পের জন্য যে পরিকল্পনা আছে তাকে আমরা নিশ্চয়ই অভিনন্দন জানাব। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা একচেটিয়া মালিকদের জন্য হয়নি। আমাদের দেশে শিল্পের উন্নতি হয়েছে ইস্পাত শিল্পে, ইঞ্জিনিয়ারিং শিল্পে প্রচুর উন্নতি হয়েছে এবং উৎপাদন বেড়েছে—অবশ্য আমাদের প্রয়োজন মত হয়নি। দেশের শিল্পায়নের উপযোগী নয় তবুও উৎপাদন বেড়েছে। কিন্তু উৎপাদনের চেয়ে বেশী—এই সমস্ত একচেটিয়া মালিক দেশী বিদেশী মালিক তাদের, মুনাফা বেড়েছে। তিন চার বছরে তাদের যে মূলধন তার দুইগুণ তিনগুণ পর্যন্ত মুনাফা হয়েছে। ডানলপ, টেক্সমেকো কারখানা ইণ্ডিয়ান আয়রণ এণ্ড ষ্টীল কোম্পানী হাওড়ায় যে বড় বড় যে মেস্ত কোম্পানী আছে তাদের যদি ব্যালেন্স সীট দেখি তাহলে দেখব যে তাদের আদায়ীকৃত মূলধনের তুলনায় টাকা দেবার পরেতেও যে মুনাফা তাদের হয়েছে সেই মুনাফা ১।২।৩ বছরের আদায়ীকৃত মূলধন পুরাপুরি উঠে এসেছে; ১ গুণ ২ গুণ পর্যন্ত উঠে এসেছে। এবং যে কথা বলছেন টাকা পাওয়া যায় না। টাকা বাজেয়াপ্ত করার কথা আমি বলছি না, তা আপনারা করবেন না। কিন্তু যদি ১০ পার্সেন্ট প্রফিট রেখে বাকী মুনাফাটা শিল্প উন্নয়নের জন্য নিয়ে নেন—অবশ্য যদি আপনারা ইলেকশন ফাণ্ড চাঁদা পাবার আশা না রাখেন তাহলে এই টাকাটা আপনারা পেতে পারেন। তারপর মুখ্যমন্ত্রী যে ৯০ কোটী টাকা কোথায় থেকে তুলবেন তা তিনি আমাদের বলেন নি। এটা নিশ্চয়ই ম্যাজিক করে আসবে না। যদিও আমরা জানি ৯০ কোটী টাকা আছে এই বাংলাদেশের যে সমস্ত একচেটিয়া দেশী বিদেশী মালিকদের তাদের হাতে মুখ্যমন্ত্রীর এঁদের সঙ্গে বেশ মাখামাখি আছে—যদি তিনি সেটা ভুলে গিয়ে দেশের শিল্পের সমৃদ্ধির কথা ভাবেন এবং গরীব মানুষের উপর ট্যাক্স বসিয়ে না। আমরা দেখছি ১৯৫০ সালে এডিশনাল ট্যাকসেস- বৃহৎ মূলধনীদের উপর ট্যাক্স না বসিয়ে যা করেছেন ইনডাইরেক্ট ট্যাক্স- মাথা পিছু ১০ টাকা ইনডাইরেক্ট ট্যাক্স দিতে হবে। তার জায়গাতে এই জিনিস করা যায় ব্যাপক শিল্পায়নের ক্ষেত্রে উন্মুক্ত করবার জন্য এই জিনিস করতে পারেন। আমি জিজ্ঞাসা করি যদিও অনেকেই অনেক কথা বলেছেন আমি শুধু দুটো নীতির কথা বলছি।

[7-7—10 p. m.]

গ্রামাঞ্চলে বাজার বাড়াবার জন্য গ্রামাঞ্চলে কৃষির উৎপাদন বাড়াবার জন্য যে বাঁধ আছে, যে বেড়া আছে তা ভাঙবেন কি না? প্রত্যেক দেশে ধনতান্ত্রিক অভ্যুত্থানের সঙ্গে সঙ্গে সামন্তবাদী শেষ করে কৃষি ধনতন্ত্রবাদের উদ্ভব হয়েছে। সেখানে ক্যাপিট্যাল ফর মেশন হয়েছে তারপর ধনতন্ত্র গিয়েছে তারপর এক্সট্রাকসন্ ইণ্ডাষ্ট্রী সেখান থেকে কনজিউমার গুডস্ ইণ্ডাস্ট্রী সেখান থেকে ভারী শিল্প। আমাদের দেশে দুটো প্রসেস। আমরা ধনতন্ত্রের অন্তিম সময়ে দেশের স্বাধীনতা পেয়েছি। ধনতন্ত্র পদ্ধতিতে উন্নতি করতে হলে আমাদের দুটো জিনিস, দুটো প্রণালী এক সঙ্গে করতে হবে। কৃষিতে উৎপাদন এবং ভারী শিল্পের ভিত্তিতে দ্রুত শিল্পায়ন করার ব্যবস্থা এই দুটো আমাদের গ্রহণ করতে হবে। এবং এই দুটো করার জন্য যে রিসোর্স তা আমাদের দেশে প্রচুর আছে। কৃষিতে আছে- সেখানে ক্যাপিটাল ফরমেশান্ হতে পারে। এবং শিল্পতে যারা প্রচুর লাভ করছে যারা অতিরিক্ত মুনাফা করছে বা যে অতিরিক্ত তাদের অর্জিত নয়! ইঞ্জিনিয়ারিং

ইণ্ডাস্টীজ মালিকরা একচেটিয়া মালিকরা লাভ করছে—সেই লাভের অংশ নিশ্চয়ই আমাদের সরকার টেনে আনতে পারেন। কিন্তু সরকার টেনে নিচ্ছেন না—কোথায় যাচ্ছে—তা শুধু ফাটকা বাজারের কর্মচাঞ্চল্য বাড়াচ্ছে। এবং সেই পথ দিয়ে ব্ল্যাক মার্কেটিং হচ্ছে এবং মূল্য আমাদের কণ্ট্রোলের বাইরে চলে যাচ্ছে। এইভাবে যে ছেড়ে রাখছেন তারজন্য মালিকদের হাতে অজস্র টাকা যা শিল্পে আসছে না তা ফাটকা বাজারে ও ব্ল্যাক মার্কেটে যাচ্ছে। মাননীয় ডেপুটী স্পীকার, কৃষিতে আমাদের স্বয়ংসম্পূর্নতা লাভ করতে হবে, বেকার সমস্যার অবসান ঘটাতে হবে দেশে শিল্পের সমৃদ্ধি সাধন করতে হবে। এই সমস্ত সেমি-স্টেগনেণ্ট অবস্থা থেকে আমাদের একটা জাম্প দিতে হবে। এই লিফট না দেওয়া পর্যন্ত আমাদের কিছু উৎপাদন বাড়বে কিছু শিল্প বাড়বে কিন্তু তাতে আসল সমস্যার সমাধান হবে না।

Shri Abani Kumar Basu : Sir, rising this afternoon to take part in the debate on the Third Five Year Plan, I feel that it will be useful for all of us if we take a little stock of our achievements during the First and Second Five Year Plans.

Sir, critics have said that we have not made any progress for the plans were all illusory. Sir, looking at the achievements, we find that we have made great strides in the field of industrial expansion, in the field of agricultural production, in the fields of education, sanitation, health and all other spheres. Sir, it appears that our national income has increased and the per capita income has also increased by 20 per cent. Therefore, Sir, there cannot be any dispute to the proposition that we have made progress. But, Sir, is the progress commensurate with the expenditure involved ? Sir, that is is the question I pose before this House. Sir, we have spent a little over Rs. 158 crores, but is the quantum of expenditure the yard-stick of progress ? That is also a problem to be seriously considered at the time of consideration of the Draft Third five Year Plan. Sir, we have not been told how far we have achieved the physical targets fixed under the Second Five Year Plan. I think that, while approving the Third Five Year Plan, we should set up a committee like Evaluation Committee which will be called upon to periodically examine the achievements made of the targets fixed in the Third Five Year Plan. Sir, even after we have almost finished the Second Five Year Plan period, we find that the agricultural productivity in our country is extremely low, that the unemployment position is acute and in our State there are about 2 million unemployed people besides the number of under-employed persons. We should not therefore, while considering the Third Five Year Plan, confine our attention only to the financial estimates of every scheme, but we should also, at the same time, fix up physical targets for every plan envisaged under the Third Five Year Plan.

Sir, our State Government, following the line of the Centre, has laid great emphasis on agricultural production and also on the improvement of heavy and basic industries. This has been aptly done. Sir, we all know that our State is chronically deficit in food production. Therefore, greater attention should be paid to food production. Sir, it has been envisaged in this plan that at the end of the fifth year of this Third Five Year Plan we are going to have an additional production of 15 lakh ton. food-grains. But Sir, in fixing up that target, I do not know whether due consideration has been paid to the growth of population because we all know that the population ratio is also increasing. Sir, speaking on the subject of improvement of food production, I may say that my own experience is that fertiliser is a very big problem which has got to be

tackled in order to achieve the target. It is quite proper that we are going to establish in this State a fertiliser plant to meet our requirements in this respect.

[7-10—7-15 p. m.]

I feel also that State trading, particularly in foodgrains should be introduced and the public sector should be as widespread as possible.

In order to fulfil the Plan and the targets fixed there under the spiral of the rising prices must also be checked without which no plan in any country can be successful. We should, therefore, take anti-inflationary measures.

Looking at the industrial side I find that village and small industries have not been given proper attention. I think a greater amount of outlay should have been given to village and cottage industries which can provide a larger number of people with employment.

We have found in the Second Plan that the target was the establishment of three spinning mills as against which we have been able to establish only one. After establishment of three spinning mills we would have produced 16·5 million pounds of yarn to feed our handloom weavers as against their normal requirement of 44 million pounds. Therefore, we should have paid greater attention to this.

I alsofind that in the field of industrial expansion no target of employment has been laid in this Plan that has been placed before us. There is some apprehension in my mind that after we have traversed this Third Five Year Plan the unemployment position may be much more acute than what it is now, because we will have many new entrants entering into the field of employment and, therefore, unless new avenues of employment are kept open we will have very hard days.

I believe also that our Finance Minister will be able to fulfil the Plan as has been laid before us because I find that there is a gap to the extent of about 88 crores. I do not see why the Centre should refuse to allocate greater assistance to this State which has been truncated and which has suffered the worst plight after the Partition the Partition was not the folly of West Bengal. I do not undrstand how the criterion for allocation can depend only on population and area. I feel that our Finance Minister must have tried and that he will try all the more to get greater amount of Central assistance to fulfil this Plan. I believe that our State will not impose any additional taxation to fill up the gap.

It all depends on the sincerity of all of us concerned—whether on this side or on that—to fulfil the Plan, and I appeal to all that they will strive their utmost to take steps to fulfil this Plan.

Adjournment

The House was then adjourned at 7. 15 p.m. till 9. 30 a.m. on Saturday, the 26th November, 1960 at the Assembly House, Calcutta.

Vol. XXVIII—No. 1

ASSEMBLY PROCEEDINGS

Official Report

West Bengal Legislative Assembly

Twenty-Eighth Session

(November—December 1960)

PART—10

26th November, 1960

Published by authority of the Assembly under Rule 134 of the
West Bengal Legislative Assembly Procedure Rules

Proceedings of West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Saturday, the 26th November, 1960, at 9-30 a.m.

Present :

Mr. Speaker (The Hon'ble Bankim Chandra Kar) in the Chair, 14 Hon'ble Ministers, 7 Deputy Ministers and 174 Members.

[9-30—9-40 a.m.]

Hunger-strike of refugees in Rupasree and Coopers Camp.

Shri Suhrid Mullick Chowdhury : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় উদ্বাস্তু পুনর্বাসন মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে ২১ তারিখে আমি যে এ্যাডজোর্ণমেণ্ট মোশান্ দিয়েছিলাম তাতে আমি বলেছিলাম যে রূপশ্রী ক্যাম্প, কুপার্স ক্যাম্পের কিছু উদ্বাস্তু অনশন সত্যাগ্রহ করছে! আমি তাঁর কাছে অনুরোধ করছি তিনি যেন এ সম্বন্ধে তাঁর কিছু বক্তব্য রাখেন।

The Hon'ble Prafulla Chandra Sen : আমি আগামী সোমবার এ-সম্বন্ধে বলব।

Discussion on Third Five-Year Plan

Dr. Ranendra Nath Sen : মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা সম্পর্কে দু'একটা কথা বলে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা সম্পর্কে আলোচনা করব। গতদিন মাননীয় শ্রীজ্যোতি বসু এবং অন্যান্য বক্তার কাছ থেকে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার ফল সাধারণ মানুষের জীবনে কিভাবে দেখা দিয়েছে সেটা আমরা ভালভাবে শুনেছি। কংগ্রেস পক্ষ থেকে যাঁরা বললেন তাঁরা শুধু ডেমোক্রাটিক প্ল্যান অথবা সবুরে মেওয়া ফলে এই কথা বলা ছাড়া বিশেষ কিছু বলেন নি। বাস্তব যে পরিস্থিতি সেটাকে কেউ কোন তর্ক দিয়ে ঢাকতে পারে না। আমার আগের বক্তারা যে কথাগুলি বললেন তার পুনরাবৃত্তি আমি করতে চাই না কিন্তু আমি শুধু একটা কথা সকলের সামনে উপস্থিত করতে চাই সেটা হচ্ছে যে শিল্পোন্নয়নের কথা বলা হয়েছে সেই শিল্পোন্নয়নের সম্পর্কে আমরা যদি গত ১০ বছরের তথ্য দেখি তাহলে দেখব যে rate of industrial production ধীরে ধীরে কমে আসছে, মাত্র গত বছর রেটটা বেশী ছিল। কিন্তু rate of industrial production অত্যন্ত অসম—কখনও কমছে, কখনও বাড়ছে, বেশীর ভাগ সময় কমছে, এমনকি ইনস্টল্ড ক্যাপাসিটি পর্যন্ত পূরণ করতে পারেননি, তার থেকে বহু নীচে রয়েছে। ১৯৫৯ সালের ডিসেম্বর মাসে নয়াদিল্লীতে অষ্টম সম্মেলনে Central and State Statisticianদের যে আলোচনা হয়েছিল সেখানে এস্, জি, রাও দেখিয়েছেন।

"Roughly about Rs. 273 crores worth of additional production with a possible additional employment of nearly two lakhs could have been achieved during the year 1958 had the entire installed capacity in a number of industries been utilised".

এটা সরকারী তথ্য বিভাগের সম্মেলনে তিনি দেখিয়েছেন এবং তিনি একথা বলেছেন যে—

"Planning Commission and the inefficient execution by the Central and State Governments were between them largely responsible for this crisis".

আমি একথা বলতে চাই না যে ইণ্ডাষ্ট্রিয়াল্ প্রোডাক্‌শন্ কিছু হয়নি, কলকারখানা হয়নি। এ কথা বলতে চাই না যে ইণ্ডাষ্ট্রিয়াল্ প্রোডাক্সন্ এর ফলে দেশের কিছু পরিমাণ সংকট কোন না কোন ভাবে দূরীভূত হয়নি। কিন্তু একটা স্টেটের পরিকল্পনা যদি আলোচনা করতে হয় তাহলে একথা বলতে হবে যে কি করা যেত এবং কতটুকু মাত্র করা গেছে এইটাই হচ্ছে প্রশ্ন। সমাজতন্ত্র, ধনতন্ত্র ছেড়ে দিলে সাধারণতন্ত্রে যেটুকু বলে আমাদের রাজ্য সরকার বলুন কেন্দ্রীয় সরকার বলুন তাঁদের উপদেষ্টারা বলেছেন যে সেটুকুও পূরণ করতে পারা যায়নি। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে ২টি বৃহৎ জিনিস ঘোষণা করেছিলেন আদর্শ হিসাবে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে ঠিক সেগুলি রাখা হয়েছে। প্রথমতঃ দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এতখানি বৈদেশিক ঋণ অথবা সাহায্যের উপর নির্ভরশীলতার কথা বলা হয়নি। এবার ৩২ শত কোটী টাকার মত শুধু ফরেন য়্যাসিস্টেনস্ যাকে আমরা বলি সেই কারণ এ্যাসিস্টেন্সের উপর নির্ভর করা হবে—কোথা থেকে আসবে? তারা ন বলছেন সেটা প্রায় ভগবানই পাইয়ে দেবেন এই রকম একটা পরিস্থিতির উপর নির্ভর করা হচ্ছে সত্যিকারে বলতে গেলে নয় ৪।৫ শো কোটী টাকা বাদে সমস্তই সাম্রাজ্যবাদী দেশের পুঁজিপতিদের কাছ থেকে পাওয়া যাবে এবং একথা বলা হচ্ছে যে বিদেশী পুঁজির সংগে শুধু যে ব্যক্তিগত পুঁজির একটা সংযোগ সাধিত হবে তা নয়, স্টেট সেক্টার বিদেশী পুঁজির সংগে সহযোগিতা করা হবে যে কথাটা আগে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ছিল না—স্টেট সেক্টার যদি শতকরা ৫১ ভাগ থাকে তাহলে বিদেশী পুঁজি শতকরা ৪৯ ভাগ পর্য্যন্ত নেয়া হবে। দ্বিতীয় কথা ইণ্ডাষ্ট্রিয়াল পলিসি রেজলিউশনে ১৯৫৬ সালে যে প্রস্তাব গ্রহণ করা হয় সেই প্রস্তাব আজকে পরিবর্তন করা হয়েছে এবং তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আরো পরিবর্ত্তিত হবে তার সূচনা করা হয়েছে। যেমন হিসাবে আমরা দেখি দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কয়লাশিল্পে ৪৭ মিলিয়ান টনের মধ্যে ৪০ (?) মিলিয়ান টন শুধু প্রাইভেট সেক্টর উত্তোলন করেছে। কতকগুলি বেসিক ইণ্ডাষ্ট্রিজ যার উপর দেশের ভবিষ্যৎ নির্ভর করে যেমন সিমেণ্ট এ্যালুমিনিয়াম তা সম্পূর্ণভাবে প্রাইভেট সেক্টরে ছেড়ে দেয়া হয়েছে অর্থাৎ ১৯৫৬ সালে যে প্রতিশ্রুতি দেয়া হয়েছিল ইণ্ডাষ্ট্রিয়াল পলিসি রেজলিউশনে তা থেকে তারা ধীরে ধীরে সরে গেছেন এবং স্বভাবতঃ যে নীতি তারা গ্রহণ করেছেন দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাকে সফল করবার জন্য সেই নীরব তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অনুসৃত হবে। সুতরাং আমাদের আশঙ্কা হচ্ছে যে এই জিনিস ভাল, আরো খারাপের দিকে চলতে থাকবে। বৈদেশিক ঋণ এবং সাহায্য তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় তারা পালা করে বসে আছেন। আমাদের পশ্চিমবংগের যে প্ল্যান তার মধ্যে একটা বড় অংশ সেই বৈদেশিক পুঁজির উপর নির্ভরশীল। সেই বৈদেশিক পুঁজিপতিরা কি বলছেন, তাঁরা কিভাবে ভারত সরকারের নীতিকে আরো দক্ষিণদিকে নিয়ে যাবার চেষ্টা করছেন তার গোটাকয়েক উদাহরণ দিচ্ছি। ওয়ার্লড্ ব্যাঙ্ক থেকে যে রিপোর্ট বের করেছেন—সেই ওয়ার্লড ব্যাঙ্কের রিপোর্টে তাঁরা ১ নম্বর কি বলেছেন? তাঁরা বলছেন The higher Taxation of middle income group including the better paid industrial workers.

এটা করতে হবে তাঁরা পরামর্শ দিচ্ছেন। তাঁরা কোন জায়গায় বলছেন না যে ডিরেক্ট ট্যাক্সেশন্ করে ধনী, মিডল্ ক্লাশ এবং ইণ্ডাষ্ট্রীয়াল্ ওয়ার্কারদের কাছ থেকে আরো হাইয়ার ট্যাক্সেশন্ আদায় কর। ডাঃ রায় কি করবেন জানি না, তিনি পরিষ্কার করে কিছু বলেন নি কিন্তু তাঁদের উপদেশটা ওয়ার্লড ব্যাঙ্ক দিয়েছেন।

[9-40—9-50 a. m.]

দ্বিতীয়তঃ ওয়ার্লড ব্যাঙ্ক তাদের রিপোর্টে বলেছেন—প্রাইভেট সেক্টরকে আরো বাড়াতে হবে, স্টেট সেক্টরকে ছোট করতে হবে। তাদের কাছ থেকে টাকা পাবে—সুতরাং তাদের উপদেশগুলির মূল্য আমাদের গভর্নমেণ্টকে দিতে হবে। তাঁরা বলছেন—কেন করতে হবে? কারণ স্টেট সেক্টর এর ম্যানেজমেণ্ট অত্যন্ত খারাপ, পার্সোনেল্ নাই, সুতরাং ছোট করতে হবে। তাঁরা আরো বলেছেন এই দিক দিয়ে ভারত সরকারের নীতি—সুখের বিষয়—কিছুটা ঘুরতে আরম্ভ করেছে। সেখানের একটা লাইন পড়ে দিচ্ছি। তাঁরা বলছেন—

"Manufacturing industry in India has been attracting a growing volume of private foreign investment in the past two years and the Government has taken steps to encourage this trend although."

আরো কিছু করবার প্রয়োজন আছে ইত্যাদি। যাঁরা প্রশংসার সঙ্গে বললেন তাঁদের আমি অনুরোধ করি তাঁরা একটু ভেবে দেখুন, এটা কোন দলের প্রশ্ন নয়। সমগ্র দেশকে এই সাম্রাজ্যবাদী দেশের পুঁজিপতিরা কোন্ দিকে ঠেলে দিতে চান।

চতুর্থ নম্বর—তাঁরা কি করছেন? ওয়ার্লড ব্যাঙ্ক তাদের রিপোর্টে বলছেন - দেশে ইস্পাত এত তৈরী করবার প্রয়োজন নাই। তার থেকে একটা লাইন পড়ে দেই,—এসব আমার কথা কিছু নয়, তাদের রিপোর্ট থেকে বলছি: তাঁরা বলছেন—

"Doubts have been expressed as to whether the demand for steel will be sufficient to justify expansion of capacity above the level of 4½ million tons of finished steel."

তাঁরা পরিষ্কার করে আরো বলছেন বোকারোতে ষ্টিল প্ল্যাণ্ট করবার প্রয়োজন নাই। তাঁদের কাছ থেকে সাহায্য নিয়ে দেশকে অগ্রসর করে নিতে হবে। কাল ডাঃ ঘোষ ও জ্যোতিবাবু প্রভৃতি প্রাইস্ ফিক্সেশন্, প্রফিট ইত্যাদির কথা বলেছেন। যেখানে তাঁরা উপদেশ দিয়ে ওয়ার্লড ব্যাঙ্ক বলছেন—

"The idea that large profits are immoral has wide currency in political circles in India and has been encouraged by the poor reputation."

যা প্রতিবেশী রাষ্ট্রে গড়ে উঠেছে। তাঁরা বলছেন এখন প্রয়োজন হচ্ছে প্রাইস ফিক্সেসন্এর দিকে যেতে, তাহলে পরদেশী বিদেশী যাঁরা আছেন তাঁরা অর্থ বিনিয়োগ করতে পারেন, প্রফিটএর সিলিং করতে চান তাঁরা। সাম্রাজ্যবাদী ওয়ার্লড ব্যাঙ্ক তাদের রিপোর্টে বলছেন, আমার কথা নয় যে—সাম্রাজ্যবাদী দেশ থেকে অর্থ সাহায্য নেবার বিপদ আছে। তিনজন International Bankers Sponsored by World Bank.

তাঁরা বলছেন, ১৯৬০ সালের জানুয়ারীতে তাঁরা ভারতবর্ষে এসেছিলেন, যে এই টাকাটা কিভাবে খরচ হবে, সেটা আমাদের জানা প্রয়োজন। সেটা না জানলে পরে আমরা গভর্নমেণ্টকে টাকা দেব না। তাঁরা বলছেন—The legislative of the loanee Country must be satisfied about the way money is being spent.

আমরা বুঝতে পারছি কিভাবে তাঁরা খরচ করতে চান। আমরা কি খরচ করি, কিভাবে খরচ করি সেটা তাঁরা ডিক্টেট্ করতে চান। পরিষ্কার তাঁদের উদ্দেশ্য হচ্ছে—আমাদের ভারতবর্ষের জাতীয় অর্থনীতি যাতে শক্তিশালী না হয়, যাতে হেভি ইণ্ডাষ্ট্রী দেশে গড়ে না ওঠে, স্টেট সেক্টর না বাড়ে এবং যাতে দেশী এবং বিদেশী পুঁজিপতিদের মুনাফার ক্ষেত্র হয়ে ওঠে—তার জন্য তাঁদের চেষ্টা এবং সেই চেষ্টা কিছু পরিমাণে সফল হয়েছে এবং তৃতীয় পরিকল্পনাকালেও সেই চেষ্টা আরো সফল হবে বলে আমরা আশঙ্কা করি। এ তথ্যের কথা নয়, এটা বাস্তবে দাঁড়িয়েছে। সুতরাং এইসব কারণে আমরা দেখতে পাচ্ছি যে কথাগুলি কালকে আমাদের বিরোধী পক্ষের সদস্যরা বললেন দেশের দুর্দশা দিনের পর দিন বেড়ে যাচ্ছে। শতকরা ৫।৭ জন লোকের সুবিধা হয়েছে—এবিষয়ে কোন সন্দেহ নাই। এইসব কারণে দেশী বিদেশী মুনাফাখোরদের লীলাক্ষেত্রে দেশে আজ পরিণত হয়েছে, আজকে দেশের অবস্থা এইরকম দাঁড়িয়েছে। এবং এতে ভারতবর্ষের বৈদেশিক নীতি, আভ্যন্তরীণ নীতি ও গণতান্ত্রিক নীতি সম্পর্কে যে নীতি, তা আরো দক্ষিণ দিকে—প্রতিক্রিয়ার দিকে যাবে।

সে কথা প্ল্যানিং কমিশনএর সঙ্গে সংশ্লিষ্ট যাঁরা, তাঁরা অনেকেই বলেছেন। আমি একজনের নাম উল্লেখ করতে চাই—তিনি হচ্ছেন Dr. V. K. R. W. Rao, Panel of Economists-এর একজন মেম্বর। তিনি পরিষ্কার করে বলেছেন—

"I am not sure that we are doing the right thing by going in for foreign aid in a massive scale. A substantial portion of this aid is not for the purpose of basic capital goods industry. তিনি আবার পরে বলছেন,

The givers of the foreign aid have made a determined attempt to bolster up the private sector in India and Government has had to support this move even though it is politically committed to the resolution of socialist society in India.

এর প্রস্তাবে রয়েছে সোসালিস্ট সোসাইটী ইন্ ইণ্ডিয়া,—তা সত্ত্বের এটা দক্ষিণ দিকে যাচ্ছে। প্যানেল্ অব্ ইকনমিষ্টস্এর একজন মেম্বর Dr. V. K. R. W. Rao—তিনি একথা স্বীকার করেছেন।

Shri Ananda Gopal Mukhopadhyay : তাঁর ঐ পোর্‌শনটা—একটা অথরিটি বলে মেনে নেবেন ?

Dr. Ranendra Nath Sen : এটা আপনাদেরই অথরিটি।

Shri Ananda Gopal Mukhopadhyay : তাহলে সব পোর্‌শন্ কোট করুন।

Dr. Ranendra Nath Sen : No. portionটা পড়লে পর আপনাদের যুক্তিতে আপনাদেরই পরাজয় হয়ে যাবে। এটা জয়, পরাজয়ের প্রশ্ন নয়; সুতরাং আমি তা পড়লাম না।

আমরা যেটা আশঙ্কা করি, যদি এই পথে চলতে থাকেন তাহলে বৈদেশিক ঋণের ফলে দেশ অনগ্রসর হয়ে থাকবে, দেশের অগ্রসর হবার কোন সম্ভাবনা থাকবে না, সে ধীরে ধীরে ঋণের জালে জড়িয়ে পড়বে। এই আশঙ্কা আমাদের পশ্চিমবঙ্গ সরকারের যে সমস্ত প্ল্যান্ রয়েছে যেমন ধরুন Bandel Thermal Power Station, Fertiliser Plant, দুর্গাপুরে Expansion of Coke Oven Plant এইগুলি সম্পূর্ণ বৈদেশিক সাহায্যের উপর নির্ভরশীল এবং তাঁরা কি চুক্তিতে, কি নীতিতে, কি সর্তে এই সাহায্য দেবেন, সেটা ডাঃ রায় আমাদের বলেননি। তাঁরা নিশ্চয় তাঁদের সুবিধামত সর্ত দেবেন। স্টেট সেক্টর ও collaboration with foreign private capital

সেটা আমরা দুর্গাপুরে দেখেছি। এটাও সেখানকার ফিগারে দেখেছি যে ষ্টেট ক্যাপিট্যাল্ দেশী এবং বিদেশী মূলধনের সঙ্গে একত্রিত হয়ে রয়েছে। এ এক অভিনব জিনিস, পূর্বে কখনও এরকম হয়নি। এটা পশ্চিম বাংলার পক্ষে খুবই বিপদজনক। ইণ্ডাষ্ট্রিয়াল পলিসি সম্বন্ধে একটা রেজলিউশন বিহার এ্যাসেম্বলীতে পাশ হয়। তাতে দেখলাম সেখানকার গভর্নমেন্ট বলছেন টাটা কোম্পানী, কাইজার কোম্পানীর কাছ থেকে ঋণ নিয়েছেন তার জন্য শুধু ষ্টিল প্ল্যান্ট বা অন্য প্ল্যান্ট মর্টগেজ দিয়েছেন তা নয়, জামসেদপুর টাউন মর্টগেজ দিতে হয়েছে। বিহার এ্যাসেম্বলীর প্রসিডিংএ এই কথা রয়েছে। আমাদের পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রী জানেন কি সর্তে আমাদের ঋণগুলি নেওয়া হচ্ছে। দেশকে যদি বেচে দেওয়া না হয়, তাহলে কেউ আপত্তি করবে না। কিন্তু আমরা দেখছি প্রত্যেক জায়গায় তাঁরা এই ধরণের সর্ত আরোপ করছেন। সুতরাং দুর্গাপুরে ৩২ কোটী, ৩৬ কোটী টাকা খরচ করে কিছু শিল্প বৃদ্ধি হ'ল, এই কথা বলে আসল কথাগুলি ঢাকা চলবে না। আমি এই কথা জোর করে বলতে পারি যে কলিকাতার, সহরাঞ্চলে, হাওড়ার শিল্প অঞ্চলে, এবং এ্যাসানসোল শিল্প অঞ্চল ছাড়া সমগ্র জায়গায় শিল্প অনগ্রসর। এখানে কোন শিল্প নেই বললেই হয়। একটা রাজ্যের যদি উন্নতি করতে হয়, তাহলে সেই উন্নতিটা শুধু একটা সেক্টারের মধ্যে রেখে করলেই হবে না।

[9-50—10 a.m.]

মধ্যবাংলার উন্নতি করলেই হবে? উত্তর বাংলার কি দোষ হবে? বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুরের কি দোষ হবে? সেখানে কি কিছুই পাওয়া যায় না? কাছেই তো কয়লা, সেটা কি কলকাতা থেকে বহু দূরে? আজকে যদি অগ্রগতির কথা চিন্তা করতে হয় তাহলে উত্তর বাংলার কথা নিশ্চয়ই চিন্তা করতে হবে। আজকে একথা মন্ত্রী খগেনবাবু পর্যন্ত জানেন, কি পশ্চাদ্‌পর অবস্থায় তারা রয়েছে! এই প্ল্যান্‌এর মধ্যে সে সম্পর্কে কোন কথা নাই। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ছ লক্ষের উপর নূতন লোকের কাজের সংস্থান হবে এই প্রতিশ্রুতি দেওয়া হয়েছে, এবার কোন প্রতিশ্রুতি দেওয়া হয়নি। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় পশ্চিমবাংলার রিপোর্ট যদি দেখেন নূতন লোকের কর্মসংস্থানের ব্যাপারে, তাহলে দেখবেন দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যা বলেছেন তা সমস্তই ভূয়া কথা। যেমন ধরুন ১৯৫৭ সালে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার দ্বিতীয় বছরে রেজিষ্টার্ড ফ্যাক্টরীতে শ্রমিকের সংখ্যা ছিল ৬,৮৮,০৯২; ১৯৫৮ সালে কমে হলো ৬,৮৪,৪২৮ আর ১৯৫৯ সালে হল ৬,৬৭,৩০০—এটা হল ১৯৫৯ সালের মাঝামাঝি পর্যন্ত। এই যে প্ল্যান্ তাতেও ছাটাই বেড়েছে। এটা Group of India's Labour Journal, October 1960র Report। এবং এই ক' বছরে যে ছাঁটাই হয়েছে সে-সম্বন্ধে সেদিন ডাঃ রায়ও স্বীকার করলেন যে ছাটাই হয়েছে। তার ফলে আমার হিসাব হচ্ছে ৬½ লক্ষের বেশী রেজিষ্টার্ড ফ্যাক্টরীতে এমপ্লয়মেন্ট হয়নি। তাহলে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় প্রায় ৩৮ হাজার লোক কর্মচ্যুত হয়েছে। নূতন কত লোক কাজ পেয়েছে তার কোন হিসাব নাই। নূতন লোক কি কিছু পেয়েছে। পেলেও মোটের উপর ৬½ লক্ষের উপর বেশী লোক কাজ করেছে। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কত লোক কাজ করবে তার কোন উল্লেখ নাই। গতবারে উল্লেখ করে ঠকেছেন— তাই এবার উল্লেখ করার কোন প্রয়োজন নাই! পশ্চিম বাংলায় বেকারী কথা বলতে গিয়ে দেখতে পাই সরকারী হিসাব মত আরবান্ এরিয়াতে, শহরগুলিতে ১৫ লক্ষ প্রতি বছর বেকার হচ্ছে। আর ১ লক্ষ ২০ হাজার করে নূতন লোক কাজে আসছে তাহলে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কিভাবে বেকার সমস্যার সমাধান করবেন? সমাধান তো দূরের কথা—কমাবেন কি করে? নূতন যে Industry Capital Investing Industry হয়েছে তাতে তো লোক অত্যন্ত কম প্রয়োজন হবে! থার্ড ফাইভ-ইয়ার প্ল্যান্‌এ কি হবে, কতসংখ্যক কাজ পাবে, গতবারের পঞ্চবার্ষিক পরিকল্পনায় কি দাঁড়াল

তার কোন উল্লেখ নাই। সুতরাং ছোট শিল্পে, কুটির শিল্পে কত লোক নিয়োগ করা যাবে তার কোন উল্লেখ দেখছি না। গেলেও অতি সামান্য। পশ্চিম বাংলায় তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে আমরা দেখবো শুধু ২০ লক্ষ বেকার সহরাঞ্চলেই রয়ে গেছে। তাহলে কি হলো? একটা প্ল্যানএ খাওয়া পরার যদি ব্যবস্থা না করতে পারেন, জীবিকা অর্জ্জনের ভাল ব্যবস্থা করতে না পারেন, কেবল কিছু বড়লোকেরা লুটেকুটে নিয়ে গেল—তাহলে কি প্ল্যান্ এগুলি? শুধু কিছুকিছু কারখানা করলেন তাতেই কি প্ল্যান্ হয়ে গেল? প্ল্যানএ অগ্রগতি কোথায়?

তারপর হাউজিং সম্পর্কে,—কি আশ্চর্য ব্যাপার! তারা কি যে বলেছে বুঝুন। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ইণ্ডাষ্ট্রিয়াল হাউজিং ১৪ হাজার হবে যেটা ডাঃ রায় রিপোর্টএ বলেছেন। তাতেই বলেছেন সেকেণ্ড প্ল্যানএর শেষে ৬ হাজার বাড়ী হবে ১৪ হাজারের মধ্যে। তাহলে এটা কি প্ল্যান্ হল?

শেষ কথা হচ্ছে লেবার পলিসি তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমাদের পশ্চিমবঙ্গের কিছু নেই যেটা রয়েছে, সেটা আমরা জানি বিভিন্ন লেবার কন্‌ফারেন্সএ যোগ দিয়ে এবং এই বৎসর জানুয়ারী মাসে ষ্ট্যাণ্ডিং লেবার কমিটি যেটা হয়েছিল, তাতে লেবার পলিসি তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কি হবে, সেটা আলোচনা করেছিল। সেই আলোচনায় গভর্নমেণ্ট তরফ থেকে বক্তব্য ছিল এই তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আরো বেশী পরিশ্রম করতে হবে। কাদের? যারা সাধারণ মানুষ অফিসএ কাজ করে এবং কলকারখানায় কাজ করে। কিন্তু বেতন যদি না কমে তাহলে কমসে কম বেতন ফ্রোজেন্ হয়ে যাবে। প্ল্যানএর মধ্যে এই কথাই আছে. এবং গত ৫ বৎসরে অনেক আন্দোলন করে কিছু কিছু বেতন বাড়াবার সম্ভাবনা হয়েছিল, সেগুলি তাঁরা ঠেকিয়ে দিতে চাচ্ছেন। এখন তাঁরা বলছেন পেমেণ্ট বাই রেজাল্টস্। এই পেমেণ্ট বাই রেজাল্টস মারফৎ বেতন যাতে না বৃদ্ধি হয় তার ব্যবস্থা এখানে করছেন। কিন্তু আমরা চেয়েছিলাম একটা সর্ব্বনিম্ন বেতন বেঁধে দেওয়া হোক্ এবং তারপর খাটলে আরো বেশী বেতন রোজগার করতে পারবে। এইসব পরিকল্পনার দরুণ বাজারে দাম কমছে না এবং সে সম্পর্কে সামগ্রিকভাবে মহার্ঘ ভাতা সংযুক্ত করা হবে না বাজার বৃদ্ধির জন্য। এর সঙ্গে সঙ্গে আমরা দেখছি যখন মহার্ঘ ভাতা সংযুক্ত করে দেবার জন্য তারা বললো এবং তার জন্য যখন তারা লড়াই আরম্ভ করলো তখন পুলিশ, মিলিটারী এলো, স্পেসাল অর্ডিনান্স পাস হল। গভর্নমেণ্ট এই শ্রমনীতি ইতিমধ্যেই প্রয়োগ করতে আরম্ভ করেছেন। যার ফলে ভারতের লক্ষ লক্ষ শ্রমজীবীদের ভীষণ অসুবিধা হচ্ছে। তারপর পশ্চিমবঙ্গে আনএমপ্লয়মেণ্টএর জন্য কি করেছেন সরকার? প্রথমত. যতগুলি এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ ছিল, তার সংখ্যা আরো বাড়ান হয়েছে,—৮টা ছিল ১৫টা করা হয়েছে। যেন মনে হচ্ছে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ and model labour welfare centre বেশী করলেই বেকার সমস্যার সমাধান হবে। আমার শেষ কথা হচ্ছে, আমাদের দেশের সাধারণ লোকের জীবনের দিক দিয়ে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা বিশেষ কিছু করতে পারেনি বরং অবনতিই হয়েছে। এই তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার দ্বারাও দেশের জনসাধারণের উন্নতির সম্ভাবনা কম, শিল্পের উন্নতির সম্ভাবনাও কম। বিদেশী ঋণের সাহায্যের মারফৎ দেশকে ওদের জালে জড়িয়ে দিচ্ছেন এর দ্বারা দেশের অশুভই হবে এবং দেশের উন্নতির কোন আশা নেই।

[10—10-10 a. m.]

Shri Sisir Kumar Das : মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, যে সময় আমার জন্য নির্দিষ্ট করা হয়েছে তাতে বিশেষ কিছু বলা যাবে না। আমি দু' একটি কথা বলেই শেষ করবো। প্রথম

কথা, আপনার মনে আছে বিগত পূজার ছুটীর মধ্যে পি, এস, পি, পার্টির বম্বে সহরে। তাতে গোরওয়ালা, একজন বড় ইকোনমিসট্, তিনি কংগ্রেসের লোক, তিনি সেখানে একটা প্রবন্ধ পড়ছিলেন। তাতে তিনি বলেছিলেন শতকরা ৪২ ভাগ প্রাইস লেভেল রাইজ করেছে প্ল্যানিং-এর পর অর্থাৎ টাকার সাত আনা বৃদ্ধি পেয়েছে। এবং এটা আমার কথা নয়, তিনি একজন কংগ্রেসের লোক। তিনি বলেছেন যে টাকার দর সাত আনা বৃদ্ধি পেয়েছে, তাহলে সেইভাবে কি মাইনে বেড়েছে?

তা হল না। এই যে স্ট্রাইক হয়েছিল সেই স্ট্রাইকের ন্যূনতম দাবী ছিল একটা স্লাইডিং স্কেল অব ওয়েজেস করে দিন, এখন যা মাইনে তার উপর একটা স্লাইডিং স্কেল করে দিন, দ্রব্যমূল্য যেভাবে বাড়বে, মাঝে মাঝে মাইনেও সেভাবে বাড়বে। পণ্ডিত নেহরু প্রমাদ গুণলেন, যেভাবে জিনিসপত্রের মূল্যবৃদ্ধি হচ্ছে সেইভাবে যদি মাইনে বাড়িয়ে দিতে হয় তাহলে প্ল্যান-এর টাকা আসবে কোথা থেকে? সুতরাং তাদের জেলে পাঠিয়ে দাও। এ কথা বহু আগেই বলা হয়েছিল। এই যে প্ল্যান করছেন, নিজের দেশের সামর্থ্য নাই, বাইরে থেকে টাকা আনছেন এর বিরুদ্ধে আমরা হুঁশিয়ার করেছিলাম। এটা হচ্ছে ইকনমিক্স এর গোড়ার কথা, যদি ট্যাক্শেসন থেকে টাকা উঠত, ট্যাক্সেশন কিম্বা লোন করে অর্থাৎ যে টাকা লোকের পকেটে রয়েছে সেই টাকা যদি গভর্ণমেন্ট লোন না করতে পারেন তাহলে প্রাইস লেভেল রাইজ করবে, and if you import foreign money, তাতেও প্রাইস লেভেল রাইজ করবে। দ্বিতীয় কথা হচ্ছে, যে রকম দুর্দান্তভাবে আপনারা নোট ছাপতে আরম্ভ করেছেন, যতক্ষণ পর্যন্ত এটা না থামাচ্ছেন প্রাইস লেভেল রাইজ করতেই থাকবে। তারপর যখন বলা হল পণ্ডিত নেহরুকে মূল্য নিয়ন্ত্রণ করুন—কারণ তিনিই তো প্ল্যানিং কমিশন্ এর চেয়ারম্যান। তিনি বল্লেন মূল্য নিয়ন্ত্রণের প্রিন্সিপল্ আমি এ্যাকসেপ্ট করছি, কিন্তু নোট ছাপা বন্ধ করার কোন কথা বলেন নি, নোট ছাপা বন্ধ করা ছাড়া যদি অন্য কোন উপায় থাকে মূল্যনিয়ন্ত্রণ করার, তবে আমাকে বল সেটা। সুতরাং দেশের কাকে sacrifice করতে বলছেন? না, ওয়েজ আরনারস যারা লো ইনকাম গ্রুপ এর লোক যাদের আয় বাঁধা, তিনি সেইরকম লোকদের স্যাক্রিফাইস্ করতে বলছেন। সুতরাং এই প্ল্যান কতখানি সাকসেসফুল হবে তা জানা আছে। লোককে বলছেন এনথুজিয়াসটিক হও, ডেভেলপমেণ্ট প্রজেক্টস্ এর জন্য মানুষ প্রাণ দিয়ে খাটছে না তাদের মন অন্য জায়গায় পড়ে আছে। ডেমোক্রেটিক ওয়েতে তো করবেন বুঝলাম, অথচ ডেমোক্রেটিক ওয়ের যে প্রথম ও প্রধান স্টিমুলাস্ সেই স্টিমুলাস্ এখানে নেই। তারপরের কথা হচ্ছে, আমাদের বাংলাদেশের সরকারের প্ল্যানিং সম্বন্ধে একটা কথা বলেই আমার বক্তব্য শেষ করব—সেটা হচ্ছে, এঁদের হিসাব খতিয়ে দেখলাম, এঁদের কথা হচ্ছে আমাদের খাদ্যাভাব। ৪০০।৫০০ কোটি টাকার খাদ্য বাইরে থেকে আনতে হয়—সেটা কি করে বন্ধ করা যায়? সরকার এখানে লিখছেন ৩১ পারসেণ্ট খরচ করছেন an agriculture and minor irrigation projects. 31 per cent of the total outlay—এতে আমি একটু খতিয়ে দেখলাম এই যে, আমাদের দেশের প্রধান সংকট হচ্ছে ড্রেনেজ-এর অভাব, ওয়াণ্ট অব্ ড্রেনেজ্, নদীগুলি মজে গিয়েছে, তারপর যে সমস্ত জমিতে ধানচাষ হয় তার লেভেল নদীর লেভেল-এর উঁচু হয়ে গিয়েছে, কিম্বা চারদিকে এমন একটা অবস্থা হয়েছে যে, জলনিকাশ হয় না। জলনিকাশের ভাল ব্যবস্থা করতে পারলে আমি জানি এক মেদিনীপুর জেলাতেই এক লক্ষ একর জমিতে বেশী চাষ হবে এবং ১ মিলিয়ন টন অব ফুডস্টাফ্ বাড়বে। কিন্তু সেদিকে কোন নজর নাই। তা ছাড়া মাইনর লিফ্‌ট ইরিগেশন স্কিম-এ এইট্ ক্রোর্স অব রুপিস্, কতখানি কাজে লাগবে জানি না। মাইনর ইরিগেশন স্কিম, ১ কোটি ৫২ লক্ষ টাকা, new mejor and medium drainage Schemes ৪ কোটি ৬৬ লক্ষ, অর্থাৎ এগ্রিকাল্চার যাতে বাড়ে, ফসল যাতে বাড়ে তারজন্য খরচ হচ্ছে ৭ কোটি ১৩ লক্ষ টাকা। কিন্তু বাড়ী তৈরীর জন্য খরচ করা হচ্ছে ১০ লক্ষ টাকা, অফিসাররা কোথায় থাকবেন,

তারজন্য ১০ লক্ষ টাকা খরচ করা হবে। তারপর, বিধানবাবুর পরিকল্পনা, Salt Lake Reclamation Scheme. Salt Lake ভর্তি করে টাউনশিপ করতে হবে, তারজন্য ৭ কোটি ২৪ লক্ষ টাকা—হিসাবে দেখা যাচ্ছে, সমস্ত Irrigation points and drainage scheme-এর চেয়েও বেশী। তারপর, ডাঃ রায়ের মানসকন্যা কল্যাণীতে এক্সপেরিমেন্টাল্ ফিস্ ফার্ম, তারজন্য ১১ লক্ষ টাকা। য়ুনিভারসিটি গেল, এখন এক্সপেরিমেন্টাল্ ফিস্ফারম হচ্ছে। এখন শুধু পিন্জরাপোল সোসাইটি হতে বাকী আছে। তারপর, ফিলিং অব সারকুলার ক্যানাল-এ ১০ লক্ষ টাকা, Northern Salt Lake scheme-এ ২ কোটি ৮৪ লক্ষ টাকা। লো ইন্কাম গ্রুপ হাউজিং-এ ৬ কোটি ৪ লক্ষ। অর্থাৎ, এই টাকাগুলি খরচ করা হবে এক্সপেরিমেন্ট করার জন্য। অথচ অজয়বাবুকে আমি যখন বল্লাম অমুক জায়গায় ওটা করুন, কন্টাই এবং তমলুকে, তখন তিনি আমাকে বলেন, টাকা কোথায়? নিউ ক্যালকাটা টাউনশিপ্ স্কিম্-এ ২৬৫ কোটি টাকা, এবং শুধু টোকেন-এ ১ কোটি টাকা বরাদ্দ করেছেন। এসব নানান্ পাঁচভূতের স্কিম করে এই টাকাগুলি উড়িয়ে দেবেন, অথচ এগ্রিকাল্চার-এর জন্য একটা পয়সাও পাওয়া যাচ্ছে না। Major, midium irrigation projects-এ দিচ্ছেন, না, ১১ কোটি টাকা, আর সমস্ত ড্রেনেজ এণ্ড ইরিগেশন-এ ৭ কোটি ১৩ লক্ষ। সিড ফার্ম, পোলট্রিতে টাকার অংশও একটু দেখুন। যাতে লাসটিং ফল হবে, দেশে ছু'মুঠো ধান ফলবে, লোকে পেট ভরে খেতে পাবে, সেদিকে এঁদের নজর নাই, অর্থাৎ খাদ্যোৎপাদনের দিকে কোন চেষ্টা নাই। অথচ আপনারা গালভরা কথা বলেন লোককে ঠকাবার জন্য। বলেন, ৩১ পারসেন্ট খাদ্যশস্য ফলনের জন্য ব্যয় করছেন। কিন্তু এই সমস্তগুলি এ্যানালাইজ করলে দেখা যাবে যে, ৩১ পারসেন্ট তো নাই, ১০ পারসেন্টও হবে না। সুতরাং আমি আপনাদের বলছি এই ফাইভ-ইয়ার প্ল্যান স্কিম করে পাঁচ বৎসর পরে দেখবেন, খাদ্যাভাব বাড়বে, পপুলেশনও বাড়বে—তা বন্ধ করতে পারবেন না। এই স্কিম একটা আই ওয়াস, শুধু শুধু টাকাগুলি খরচ হবে।

এসব স্কিম-এ ৫০০ কোটি টাকা খরচ হবে। এদিকে দেশের লোক কেঁদে-কঁকিয়ে মরছে, অথচ এঁরা বলছেন টাকা নাই। এসব উদ্ভট পরিকল্পনা ছেড়ে সত্যিকারের রুরাল বাংলার উপকারের জন্য স্কিম গ্রহণ করুন।

[10-10—10-20 a. m.]

Shri Jatindra Chandra Chakravorty : মাননীয় স্পীকার মহাশয়, আমাদের থার্ড প্ল্যানের ব্যয়বরাদ্দ হিসেবে যে ৩৪১ কোটি টাকার উপর ধরা হয়েছে তার মধ্যে ১৬০ কোটি টাকা সেন্টার দিতে রাজী হয়েছে এবং ৯২.৮১ কোটি টাকা স্টেট রিসোর্সেস্ বলে দেখান হয়েছে। কিন্তু এইসব টাকা যোগ করে দেখা যাচ্ছে, আমাদের মোট যে চাহিদা অর্থাৎ ৩৪১ কোটি টাকা তাতে ৮৮ কোটি টাকার মত একটা গ্যাপ্ থেকে যাচ্ছে। যা হোক্, আমাদের মুখ্যমন্ত্রী পণ করেছেন যে, তিনি কিছুতেই প্ল্যানের কাটছাট করবেন না এবং যেভাবেই হোক টাকা তুলবেনই। কিন্তু এতে আমার মনে আশঙ্কা হচ্ছে যে, এই টাকা তুলতে গিয়ে আমাদের দেশের জনসাধারণের উপর যে করের বা ট্যাক্সের বোঝা রয়েছে তার উপর আবার নূতন করে তাদের ঘাড়ে প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ট্যাক্সের বোঝা চাপবে। ডাঃ রায় মেজর প্রজেক্টগুলির অ্যাচিভ্মেন্ট-এর কথা আমাদের সামনে তুলে ধরেছেন এবং এ সম্পর্কে বলেছেন যে অ্যাচিভ্মেন্টটা ইন টার্মস অব ফিসিক্যাল টারগেটস্ দিয়ে অ্যাসেস্ করা যায় না—সেটা ভলিউম অব এক্সপেণ্ডিচার দিয়ে অ্যাসেস্ করা যাবে তারপর যে সমস্ত মেজর প্রজেক্ট-এর জন্য টাকা খরচ হয় তার মধ্যে তিনি ৭টির কথা এখানে উল্লেখ করেছেন। কিন্তু আমার মনে হয় ঐ ৭টির মধ্যে ২টি প্রজেক্ট সত্যি সত্যিই দেশের পক্ষে মঙ্গলজনক এবং সমর্থনযোগ্য অর্থাৎ ডেয়ারী এণ্ড মিল্ক সাপ্লাই স্কীম এ্যাণ্ড কংসাবতী রিজার্ভার প্রজেক্ট। কিন্তু

বাকী সবগুলো সম্বন্ধে আমাদের মনে সন্দেহ জাগে। কেন না এই যে কোক্ ওভেন প্ল্যাণ্ট কম্‌প্লিটেড হয়েছে সেখানে কি আমাদের লাভ হয়েছে না লোকসান হয়েছে? এ প্রসঙ্গে আমি আরেকটা কথা জিজ্ঞেস করতে চাই সেখানে যে কয়লার পাহাড় জমে উঠেছে এবং যা স্টিল প্ল্যাণ্ট-এর কিনবার কথা ছিল সেগুলো কে কিনেছে? তারপর এই থার্মাল প্ল্যাণ্ট থেকে যে ইলেক্‌ট্রিসিটি তৈরী হচ্ছে তার প্রতি ইউনিট ৬ আনা এবং যার ফলে সেটা প্রাইভেট কনসিউমার বা ইণ্ডাস্ট্রি কারুর পক্ষে ব্যবহার করাও লাভজনক হচ্ছে না। এ ছাড়া যেখানে কোলকাতায় ইলেক্‌ট্রিসিটির প্রতি ইউনিট ৩ আনা এবং মফঃস্বলে প্রতি ইউনিট ৬ আনা সেখানে ক্যালকাটা ইলেক্‌ট্রিক সাপ্লাই ডি. ভি. সি. থেকে ইলেক্‌ট্রিসিটি কিনে ইণ্ডাস্ট্রিয়াল কনসার্ন-কে ১ আনা এবং প্রাইভেট কনস্যুমার-কে ৩ আনা করে দিচ্ছে। আমার মনে হয় এ ধরণের জিনিষ কোন ওয়েলফেয়ার স্টেটে থাকা উচিত নয়। ইলেক্‌ট্রিসিটি অত্যন্ত প্রয়োজনীয় জিনিষ এবং তা ছাড়া এতে কেরোসিনের ব্যবহার কম হয়। কেরোসিন ব্যবহার যত কম হয় সেদিকে আমাদের বিশেষ লক্ষ্য দেওয়া দরকার কেন না এই জিনিষ ইমপোর্ট করতে না হলে আমরা অনেক ফরেন এক্সচেঞ্জ বাঁচাতে পারি। ১৯৫৮।৫৯ সালে ইংলণ্ডে ইলেক্‌ট্রিসিটির পার ইউনিট ছিল ১.৫৫ পেন্স অর্থাৎ আমাদের হিসেবে ৬ পয়সারও কম, কিন্তু ১৯৫৯।৬০ সালে তাঁরা প্রতি ইউনিটের দাম আরও রিডিউস করেছে। অথচ সেখানে আমাদের দেশে প্রতি ইউনিটের দাম ৬ আনা এবং তাও নয়া পয়সার হিসেবে ৩৬ নয়া পয়সা নয়, ৩৮ নয়া পয়সা। তারপর এই গ্যাস গ্রীড এর কথা বলা হয়েছে সেটাও খুব সন্দেহজনক। কারণ এই গ্যাস এই রেকারিং কস্ট সেটা যাদের জন্য বলা হচ্ছে তাঁদের পক্ষে সেটা ব্যবহার করা কি মঙ্গলজনক হবে? তারপর উনি খুব বড় গলায় জলঢাক হাইড্রো ইলেক্‌ট্রিক স্কীম সম্বন্ধে প্রচার করে বেড়াচ্ছেন। কিন্তু আমি জিজ্ঞেস করতে চাই যেখানে ডি, ভি, সি-র হাইড্রো-ইলেক্‌ট্রিক স্কীম ফেইল করেছে সেখানে এই দুঃসাহস তিনি কেন দেখাচ্ছেন এবং তা ছাড়া বিশেষ করে জলের সোর্স যখন রয়েছে অন্য দেশের হাতে অর্থাৎ ভুটানে—তখন তিনি এসব কথা কেন বলছেন? শুধু তাই নয়, বর্তমানে চীনের সঙ্গে যে রকম পলিটিক্যাল আনসার্টেনিটি-র ভাব চলছে তাতেও এসব ব্যাপারে আমাদের মনে যথেষ্ট আশঙ্কা রয়েছে। তা ছাড়া শিলং-এর হাইড্রো-ইলেক্‌ট্রিক স্কীম সম্বন্ধে তাঁর যথেষ্ট অভিজ্ঞতা রয়েছে যে সেই হাইড্রো-ইলেক্‌ট্রিক স্কীম একটা ছোট ওয়াটার সোর্স থেকে একটা ছোট শহরের জন্য করা হয়েছে। কাজেই শিলং-এর এক্সপেরিয়েন্স নিয়ে এই জলঢাকা স্কীম যে করা যাবে না সেটা অত্যন্তই স্পষ্ট। সুতরাং আমার কথা হচ্ছে যে, এই জলঢাকা স্কীমের পেছনে টাকা খরচ না করে সেটা আমাদের অন্ন-বস্ত্র, খাদ্য প্রভৃতি যে নানা রকম সমস্যা রয়েছে তা দূর করার জন্য খরচ করা উচিত। স্যার, ১৫ লক্ষ টন আমাদের খাদ্যে ঘাটতি রয়েছে এবং দেখছি যে সেই ডেফিসিট মিট করবার জন্য এক্সিস্টিং প্ল্যানে ৬৬ কোটি টাকা এগ্রিকালচারাল খাতে চাওয়া হয়েছে এবং ১৯ কোটি টাকা মেজর ইরিগেশনের জন্য চাওয়া হয়েছে। কাজেই আমার বক্তব্য হচ্ছে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যখন ১৬০ কোটি টাকা আমরা পাচ্ছি তখন সেটা ঐ জলঢাকা স্কীমের জন্য খরচ না করে খাদ্যোৎপাদনের জন্য খরচ করা হোক বা অপর পক্ষে এরকম বলা যেতে পারে যে ঐ ১৬০ কোটি টাকার মধ্যে ৬৬ কোটি টাকা এগ্রিকালচার খাতে এবং ১৯ কোটি মেজর ইরিগেসন খাতে যা চাওয়া হয়েছে তার যেন ১ পয়সাও কাটা না হয়। স্যার, ডাঃ রায় একজন মেঘে ঢাকা সূর্য এবং তার চারিপাশে অনেক গ্রহ এবং উপগ্রহ ঘুরে বেড়াচ্ছে। যেমন একজন ছিলেন সি. কে. রায়—অবশ্য তিনি এখন তরুণবাবুর কাঁধ থেকে যখন নেমেছেন তখন যদি ফুড প্রডাকশনের জন্য বেশী টাকা বরাদ্দ করা হয় তাহলে মনে হয় সেটা বাংলাদেশের পক্ষে মঙ্গলজনকই হবে। তারপর এই টি এবং জুটের জন্য আমাদের যে ১০ লক্ষ ৭৮ হাজার একর জমি দিয়ে রেখেছে তা থেকে যদিও আমরা ফরেন এক্সচেঞ্জ পাচ্ছি কিন্তু তাহলেও সেন্ট্রালের কাছে আমাদের দাবী তোলা যে ঐ ১১ লক্ষ একরের মত জমি চা এবং পাটের জন্য দিয়ে বাংলাদেশের প্রতি যে উপেক্ষা দেখান হয়েছে তারজন্য আমাদের

পারমানেন্ট সাব্‌সিডি দেওয়া হোক। কিন্তু যদি তা না হয় তাহলে আমরা প্ল্যানের টাকা দিয়ে ঐ জলঢাকা স্কীমের পরিবর্তে ফার্টিলাইজার প্ল্যান্ট বসাব। স্যার, আপনি জানেন যে এই ফার্টিলাইজারের ব্যাপারে বাংলাদেশের প্রতি কি রকমভাবে ডিসক্রীমিনেশন করা হয়েছে। সুতরাং আমার বক্তব্য হোল জলঢাকা স্কীমের দুঃসাহস না দেখিয়ে তার পরিবর্তে দেশের জনসাধারণের পক্ষে যেটা সবচেয়ে প্রয়োজনীয় অর্থাৎ ঐ ফার্টিলাইজার প্ল্যান্ট তারজন্য যে টাকা চাওয়া হয়েছে তার যেন এক পয়সাও কমান না হয়। তারপর শুনছি যে, এই জলঢাকা স্কীম বা অন্যান্য যে সমস্ত প্রোজেক্ট অর্থাৎ ঐ গ্যাস গ্রীড সম্বন্ধে রয়েছে—তার জন্য টাকা চাচ্ছি বলে কেন্দ্রের উপেক্ষার কথা এইভাবে বলা হচ্ছে যে সেকেণ্ড প্ল্যানে উড়িষ্যা থেকে আমাদের পাওয়ার ক্যাপিটা আউটলে কম ছিল। তবে আমার মনে হয় এ ধরণের উপেক্ষা করবার সুযোগ কেন্দ্রীয় সরকারকে আমরাই করে দিয়েছি। কারণ আমরা যদি এ রকম প্ল্যান কেন্দ্রীয় সরকারের কাছে রাখতে পারতাম যেটা সত্যিকার দেশের পক্ষে মঙ্গলজনক হবে তাহলে তাঁরা নিশ্চয়ই কনভিন্‌সড হতেন এবং আমাদের প্রয়োজন মত টাকা দিতেন। তবে যদি তাঁরা সেই টাকা না দেন তাহলে আমাদের মত সমস্যাসঙ্কুল প্রদেশকে ভালভাবে গড়ে তোলার জন্য, তার ইণ্ডাস্ট্রি তৈরী করবার জন্য, তার শিক্ষিত সমাজের বেকার সমস্যা দূর করবার জন্য যে পরিকল্পনা এবং সেই উপযোগী টাকা প্রয়োজন তা কেন্দ্রীয় সরকার যাতে দেয় তার জন্য তাকে বাধ্য করতে হবে। তারপর আমার বক্তব্য হচ্ছে যে, ফুড প্রোডাকশনের উপর আমাদের বিশেষ জোর দেওয়া দরকার এবং সেই বাবদ যে টাকা ধরা হয়েছে তা যাতে সবটাই পাওয়া যায় তারজন্য দাবী জানান দরকার। কেন না আজ যদিও দেখছি আমাদের ১৫ লক্ষ টন খাদ্য ঘাটতি রয়েছে কিন্তু জনসংখ্যা যে হারে বাড়ছে তাতে মনে হয় ১৯৬৬ সালে এর পরিমাণ ১৫ লক্ষ টন থেকে ২৫ লক্ষ টনে গিয়ে দাঁড়াবে।

সেইজন্য আমার বক্তব্য হচ্ছে এই যে ১৫ লক্ষ টন খাদ্য ঘাটতি হয়েছে, যার ফলে বাংলাদেশে তীব্র খাদ্য সংকট দেখা দিয়েছে, আজকে সেই ঘাটতি পরিপূরণ করবার জন্য ফুড প্রোডাকশন বাবদ যে ৬৯ কোটী টাকা এবং ফুড প্রোডাকশনকে সাহায্য করবে যে মেজর ইরিগেশন স্কীম তার জন্য ১৯ কোটী টাকা যেটা চাওয়া হয়েছে সেখানে যেন শেষ পয়সা হাত না পড়ে এবং জলঢাকা স্কীমের মত স্কীম যেটা কোন উপকারে আসবে না সেইসব স্কীমগুলি যদি সংশোধন করবার প্রয়োজন হয় তাহলে সেগুলি সংশোধন করা হোক্। জনসাধারণের উপর ট্যাক্সের বোঝা চাপিয়ে উনি ওনার যে পণ করে এসেছেন সেই পণ রক্ষা করবার জন্য উনি যেন এগিয়ে না যান।

[10-20—10-30 a. m.

Shri Haridas Dey :—মিঃ ডেপুটী স্পীকার স্যার, তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা নিয়ে কাল থেকে আলোচনা সমালোচনা চলছে। কিন্তু একটা সুখের কথা এই যে কিছু হয়নি এবারে এ কথা কেউ বলেননি, কিছু না কিছু হয়েছে এটা সকলেই স্বীকার করেছেন। ভারতের মত অনুন্নত দেশে পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রধান উদ্দেশ্য উৎপাদন বৃদ্ধি এবং জাতীয় আয় বৃদ্ধি আমাদের ভারতের প্ল্যানিং কমিশান দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে টাকা ধরেছিলেন তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পায় তার চেয়ে শতকরা ৫৭ টাকা বেশী ধরেছেন এবং সেইরূপ প্রত্যেক রাজ্য বরাদ্দ করেছেন। আমি বলব যে পশ্চিমবঙ্গের বেলায় এটা ঠিক হয়নি, আরও বেশী করে ধরা উচিৎ ছিল কারণ, পশ্চিমবঙ্গে কতকগুলি বিশেষ বিশেষ কারণ আছে, তার মধ্যে প্রধান কারণ লোক সংখ্যা বৃদ্ধি যার জন্য খাদ্য শস্যের চিরকাল ঘাটতি। প্ল্যানিং কমিশান কৃষি উৎপাদনের বিষয়ে বেশী টাকা ধরেছেন। এটা খুব লজ্জার কথা যে বাস্তবিক একযুগ হয়ে গেল ভারতবর্ষ স্বাধীন হয়েছে এখনও

প্রতিবছর আমাদের খাদ্যের জন্য বিদেশীর কাছে খোলা পাততে হয়। সেটা যাতে না হয়, তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যাতে খাদ্যে শস্যে স্বয়ং সম্পূর্ণ হতে পারি সেইজন্য বেশী টাকা ধরা হয়েছে। এই ব্যাপারে আমাদের পশ্চিমবঙ্গের কৃষি মন্ত্রী ১২৫ কোটী টাকা চেয়েছিলেন কিন্তু ৮১ কোটী বরাদ্দ করা হয়েছে। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব কৃষি উৎপাদনের জন্য এই যে ৮১ কোটী টাকা বরাদ্দ করা হয়েছে এর থেকে যেন একটা পয়সা কাটছাট না করা হয়। কারণ, আমাদের পশ্চিমবঙ্গে চিরকাল খাদ্য শস্যের ঘাটতি। এই খাদ্য শস্য উৎপাদন বেশী করাই এর একমাত্র লক্ষ্য। কৃষির উন্নতি নির্ভর করে জলসেচের ব্যবস্থা, উন্নত বীজ ও সারের সুষ্ঠু সরবরাহের উপর। সেইজন্য এই তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সেইরূপ ব্যবস্থা করা হয়েছে যেমন Distribution of Fertilisers and Manares; Seed saturation with improved seeds; Improved agricultural practiees and plant protection; Reclamation of waste land and Soil conservation.

আমি আমাদের কৃষি মন্ত্রীকে অনুরোধ করব যে পশ্চিম বাংলায় এখনও অনেক পতিত জমি রয়েছে, সেগুলিকে আবাদযোগ্য করে যাতে শস্য উৎপন্ন হয় সেদিকে যেন তিনি লক্ষ্য রাখেন। তাতে প্রচুর খরচ হবে কিন্তু খরচ হলেও খরচের চেয়ে উৎপাদন বৃদ্ধি হবে। যে সমস্ত জমি এক ফসলী সেগুলিতে যাতে ডবল ফসল হয় তার ব্যবস্থা করা উচিৎ। এখানে আমি বলব যে আমাদের দেশে উৎপাদনের উদ্দেশ্যে উন্নত বীজ এবং চাষীদের শিক্ষা দেবার জন্য নানা কৃষি ফার্ম প্রতিষ্ঠিত হয়েছে। কিন্তু দেখা যায় প্রচুর খরচ করে তৈরী এই ফার্মগুলির চেয়ে বাইরের জমিতে ভাল ফসল উৎপন্ন হয় সেইজন্য জনগন এই ফার্মের প্রতি হতাশ হয়ে পড়েছে। এই ফার্ম যাতে পরিদর্শিত হয় এবং ভালভাবে চলে সেই বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তারপর সেচের ব্যবস্থা। কৃষি উৎপাদন করতে গেলে সেচের ব্যবস্থা করা দরকার। আমি এখানে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে ফাস্ট আফটার পার্টিশন ১৯৪৭-৪৮ সালে যে ক্ষুদ্র সেচের ব্যবস্থা ছিল সেখানে গভর্নমেণ্ট ২/৩ এবং কৃষকগণ ১/৩ দিত, তাতে কাজ হত। কিন্তু এখন সেটা আধাআধি হয়ে যাওয়াতে কার্যকরী হচ্ছে না, এ বিষয়ে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি।

তারপর ব্লক থেকে যে ইরিগেশনের টাকা দেয়া হয় সেখানে একটা কণ্ডিশন আছে জমি বন্ধক রাখতে হয়, জামীন দিতে হয়। সেখানে যার জমি নাই সেই কৃষক জল পায় না, আর যার জমি আছে সে পরের জন্য জমি দিতে রাজী হয় না। অতএব এখানে ইরিগেশনের কাজ ভাল হয় না। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ডিপ টিউবওয়েল করার ব্যবস্থা হয়েছে। দ্বিতীয় পরিকল্পনায় ডিপ টিউবওয়েল হয়েছে। আমি এখানে মাননীয় কৃষিমন্ত্রী তরুনবাবুকে অভিনন্দন জানাচ্ছি এই জন্য যে যে সমস্ত ডিপ টিউবওয়েল অকেজো হয়েছিল আমি তাহা বলাতে তিনি সেগুলি নিজে দেখে এসেছেন—ডিপ টিউবওয়েলের চ্যানেলগুলি যে অবস্থায় ছিল তাতে জল যে ভাল, সেই সমস্ত চ্যানেলগুলির তিনি সংস্কারের ব্যবস্থা করেছেন। এই সঙ্গে আমি দেখছি নূতন যে ডিপ টিউবওয়েল হচ্ছে সেগুলিতে জল ভাল করার জন্য পাইপ রাখা হচ্ছে। আমি অনেককে জিজ্ঞাসা করেছি তারা বলেন যে এই পাইপে প্রচুর খরচ পড়ছে কিন্তু আমার মনে হয় প্রচুর খরচ হলেও পাইপ দিয়া জল নিয়ে যেতে সুবিধা হয় এবং তাতে জল অপচয় হবার সম্ভাবনা থাকে না। যে সমস্ত ডিপ টিউবওয়েল হয়েছে সেখানে এখনও পর্যন্ত ইলেকট্রিক কানেকশনের ব্যবস্থা হয়নি যার জন্য সেখানে কাজ হচ্ছে না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যাতে এই সমস্ত জায়গায় ইলেকট্রিক কানেকশন দিয়ে যে পাওয়া যায় তার ব্যবস্থা করতে এবং আরো অনুরোধ করবো যে ইলেকট্রিক কানেকশান হলে অন্ততঃ ২।৪ বছরের জন্য যাতে সেখানে ইলেকট্রিসিটি চার্জ না নেওয়া হয় সেটা যেন তিনি একটু চিন্তা করেন। আমি এখানে নদীয়ার কথা একটু বলতে চাই—নদীয়ায় আবাদ

যোগ্য জমি আছে প্রায় ৮॥ লক্ষ একর এবং পতিত জমি আছে প্রায় ৮০ হাজার একর। এই সমস্ত পতিত জমিতে চাষ হয় না জল এবং চাষের অভাবে। সেজন্য আমি বলছি বন্যা নিবারণ বা জল সেচের জন্য যেমন একদিকে ভাগীরথীর সংস্কার করা এবং ফরাক্কা বাঁধের প্রয়োজন তেমনি অন্যদিকে নদীয়ার মাথাভাঙ্গা, চুর্না, ইছামতী, জলাঙ্গী নদী এবং এই নদীগুলির সঙ্গে সংযুক্ত যে সমস্ত খালবিল আছে সেগুলির আশু সংস্কারের প্রয়োজন। এই সমস্ত নদীনালাগুলির সংস্কার করবেন সেগুলি যে কেবল প্রচুর জল ধরে রাখতে পারে বা এর দ্বারা শুধু যে বন্যা নিবারণ হতে পারে তা নয়, শস্যহানিও এগুলির দ্বারা বন্ধ হবে এবং এই সমস্ত নদীনালাগুলিতে জলসেচের ব্যবস্থা হয় প্রচুর ফসল আমাদের দেশে উৎপন্ন হতে পারবে– এদিকে আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। আমি সরকারকে অনুরোধ করবো নাগপুর কংগ্রেসে যে সার্ভিস কো-অপারেটিভ এবং জয়েন্ট কো-অপারেটিভ অব ফার্মিং-এর প্রস্তাব হয়েছে তা যেন দ্রুত কার্যকরী হয় যাতে আমাদের ভূমিসংস্কার আইনধারা কার্যকরী হয় যাতে শান্তিপূর্ণপথে সমাজতান্ত্রিক বিপ্লবে সাহায্য করে তার জন্য যেন তাঁরা চেষ্টা করেন কারণ অধিক সম্পদ সৃষ্টি এবং সুষ্ঠু বণ্টন ব্যতীত আমাদের অগ্রগতি সম্ভব নয়।

তারপর আমি কুটীর এবং গ্রাম্যশিল্পের কথায় আসি। কুটির শিল্প এবং গ্রাম্য শিল্প কৃষি এবং শিল্পোন্নয়নের সঙ্গে পরস্পর যোগাযোগ আছে—একটা আর একটার উপর নির্ভরশীল। বৃহৎশিল্পের উৎপাদন বৃদ্ধি হতে পারে কিন্তু বেশী লোক সেখানে নিয়োগ হতে পারে না। আমাদের দেশে যে ১২ লক্ষ বেকার আছে তাদের আংশিকভাবে সাহায্য করা যায় যদি এই কুটীরশিল্পের মাধ্যমে তাদের কাজ দেওয়া যায়। কাজেই এদিকে একটু দৃষ্টি দেয়া প্রয়োজন। আমি বলবো তারা কুটীর শিল্পের জন্য প্রচুর চেষ্টা করছেন।

[10-30 – 10-40 a. m.]

কুটীর শিল্পের প্রসারে বাধা প্রতি জায়গায় যে ভাবে আছে—ঋণ পাওয়ার অসুবিধা, এবং শিক্ষণপ্রাপ্ত কারিগরের অভাব কাচা মাল সরবরাহের অভাব, সেই সমস্ত অভাব দূর করার জন্য তৃতীয় পরিকল্পনাকালে ক্ষুদ্র শিল্পকর্পোরেশন নামে একটি প্রতিষ্ঠান গঠিত হবে তার কাজ হবে কাঁচামাল সরবরাহ এবং শিল্পজাত যে দ্রব্যাদি হবে—, সে গুলি বিক্রয়ের ব্যবস্থা করা। এই বিক্রয় ব্যাপারে যে অসুবিধা আছে, সেখানে দেখতে পাই সরকারী কর্মচারীদের গাফিলতি ও তাদের কাছ থেকে জনসাধারণ হতাশ ফিরে আসে। আমরা দেখছি—এই সমস্ত কাজে Industry and Co-operative Department পরস্পর কাজ করে যায়। এই দুটী ডিপার্টমেন্টের সরকারী কর্মচারী যাঁরা আছেন, তাঁদের পরস্পর সংযোগ, সহানুভূতি ও সহযোগিতার কোন রকম নাই, যার জন্য জনসাধারণ এগিয়ে গিয়ে ও হতাশ হয়ে ফিরে আসেন। আমি বলবো এই পরিকল্পনা রূপায়নে যেমন জনসাধারণের সহযোগিতা ও সহানুভূতি প্রয়োজন, তেমনি যাতে জনসাধারণের সময়ের ও অর্থের ক্ষতি ও অপচয় না হয়, তার জন্য সরকারী কর্মচারীদের সেদিকে সজাগদৃষ্টি থাকা প্রয়োজন।

পরিশেষে বলতে চাই—গতকাল মাননীয় সদস্য জ্যোতি বসু বক্তৃতা প্রসঙ্গে চীনের কথা তুলেছেন। সেখানে বিরাট বিরাট নাকি কি কি সব কাণ্ডকারখানা ঘটেছে তার সঙ্গে ভারতবর্ষের তুলনা করে সেই বিরাট ব্যাপারকে হাউসের সামনে বড় করে ধরে তুলে ভারতকে হেয় প্রতিপন্ন করবার চেষ্টা করেছেন। চীনের খবর আমার পুরাপুরি জানা নাই—, তবে শুনেছি সেখানে নাকি সঠিক পরিসংখ্যান তৈরী হয় নাই, কাজেই সে সম্বন্ধে বেশী কিছু আমি আলোচনা করবো না। তবে এই কথা বলতে পারি চীন যা বড় হয়েছে তার চেয়ে আরো বড় হোক্—, তাতে আমরা সকলে সুখী হব, কেউ আপত্তি করবে না! তবে নিজের দেশকে অপরের কাছে হেয় করতে গেলে

তা আমরা সমর্থন করতে পারি না। এটুকু তাদের আমি জানাতে চাই—যে চীনের গুণগানে তারা পঞ্চমুখ—,সেই চীনের প্রাইম মিনিষ্টার চৌ-এন-লাই যখন ভারতবর্ষে এসেছিলেন, তখন তিনি ভারতের অগ্রগতি দেখে বলেছিলেন—ভারতের কাছ থেকে আরো অনেক কিছু তাঁদের শিখবার আছে। এই কথা কয়টি বলে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Apurba Lal Majumdar: মাননীয় স্পীকার মহাশয়, প্ল্যানিং কমিশন যে ড্রাফ্‌ট পরিকল্পনা আমাদের সামনে রেখেছেন, তাতে দেখছি দুটী বিশেষ প্রয়োজনীয় বিষয় কেন গভর্নমেণ্ট এই পরিকল্পনা কার্যকরী করতে পারলেন না, সে সম্পর্কে এ্যানালাইসিস্ দিলেন না। প্রথম এমপ্লয়মেণ্ট টারগেট দ্বিতীয় দ্রব্যমূল্যের উত্তরোত্তর যে ঊর্দ্ধগতি; এই ঊর্দ্ধগতি তারা রোধ করতে পারলেন না—এবং এর কারণ—তৃতীয় পরিকল্পনার যে ড্রাফ্‌ট পাব্লিকেশন হয়েছে, তার মধ্যে আমরা দেখতে চেয়েছিলাম কিন্তু প্ল্যানিং কমিশনের রিপোর্টে তার এ্যানালিসিস আমাদের সামনে দেন নাই। এই এমপ্লয়মেণ্ট এবং ইমপ্লয়মেণ্ট-এর ফিগার যা ছিল, যে কর্মসংস্থাপনের ব্যবস্থা হবে এই দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার মধ্য দিয়ে, সেটাকে কার্যকরী করতে না পারার ফলে একদিকে যেমন বাংলাদেশে ১৫ লক্ষ থেকে বেকারের সংখ্যা ক্রমাগত বেড়ে চলেছে: অন্যদিকে তেমনি আমরা দেখছি দ্রব্যমূল্য বৃদ্ধি হচ্ছে। সেটা তারা চেক করতে পারলেন না। এই দুটো সমস্যার চাপে পড়ে—সাধারণ মানুষের জীবনযাত্রা কোন পর্য্যায়ে নেমে এসেছে, সেটা আপনারা দেখতে পাচ্ছেন: পুঁজিপতি দৃষ্টিভঙ্গি নিয়ে আমরা জানি, তার দ্বারা বেকার সমস্যা সমাধানের সন্মুখীন হওয়া সম্ভবপর নয়: আজ বাংলাদেশে বা ভারতবর্ষে প্রায় ৩ কোটী বেকার বাংলাদেশে ৫ লক্ষ বেকার,—এই বিরাট চ্যালেঞ্জ-এর সন্মুখীন হবার প্রয়াস—পুঁজিপতিদৃষ্টিভঙ্গী নিয়ে গড়ে তোলা এই থার্ড ফাইভ ইয়ার প্ল্যানের মধ্যে নাই। এর ফলে হয়েছে কি? বেকার সমস্যার ঊর্দ্ধগতি এবং অন্য দিক থেকে নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্যের ঊর্দ্ধগতি। এই দুইয়ের চাপে পড়ে এক্সপ্লয়টেশন ইনটেনসিভ এণ্ড ইনহিউম্যান লেভেল-এ চলে গেছে। এই প্রসঙ্গে সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই—ভারতবর্ষের গত দুটী প্ল্যানের দিকে যদি লক্ষ্য করি তাহলে দেখতে পাব—গত দশ বৎসরের মধ্যে তাদের ইনকাম কমেছে যারা লোয়ার ইনকাম গ্রুপ, তাদের লোকসংখ্যা ক্রমাগত বেড়ে চলেছে। যাদের ইনকাম এর পরিমাণ বেশী, আস্তে আস্তে তাদের সংখ্যা কমে গিয়ে একটু স্ট্যাবিলাইজড হতে চেষ্টা করছে। এই অর্থনৈতিক অসাম্য এই গত দুটী পরিকল্পনার মধ্য দিয়ে বেড়ে গেছে এবং এই তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় এই অর্থনৈতিক অসাম্য আরো বেড়ে যাবে। এই ফিগার আমি একটু তুলে দেখেছি দুশো টাকা বাৎসরিক যাদের ইনকাম ১৯৫২-৫৩ সালে তাদের সংখ্যা ছিল ৫০.২; ১৯৫৩-৫৪ সালে ছিল ৫৫.৪, ১৯৫৪-৫৫ সালে—?......১৯৫৫-৫৬ সালে ছিল ৬১.১, এবং ১৯৫৬-৫৭ সালে ছিল ৬৫.৮ জন শতকরা।

বর্তমানে জন সংখ্যার দারিদ্র অত্যন্ত বেড়ে গিয়েছে, অর্থাৎ দুশো টাকা যাদের বাৎসরিক ইনকাম তাদের সংখ্যা দাঁড়াচ্ছে ৬৫.৮; এদের ১৯৫২-৫৩ সালে সংখ্যা ছিল ৫০.২ এবং এখন মাথা পিছু পাঁচশো টাকার অধিক যাদের আয়—তাদের শতকরা জনসংখ্যা হচ্ছে ৮ পারসেণ্ট। আর ১৯৫৩-৫৪ সালে ছিল ৭ পারসেণ্ট, ১৯৫৪-৫৫ সালে ৫ পারসেণ্ট, ১৯৫৫-৫৬ সালে ৬ পারসেণ্ট, ১৯৫৬-৫৭ সালে ৪.৫ পারসেণ্ট: এবং এটা আরও দেখা যাচ্ছে যাদের মাথা পিছু আয় ২৫ টাকা, তাদের সংখ্যা আরও বেশী এবং ক্রমশঃ বেড়ে যাচ্ছে। ইনইকোয়ালিটি অফ ইনকাম থাকার দরুণ দারিদ্র জনসাধারণের সংখ্যা ক্রমশঃ বেড়ে চলেছে। আমাদের পঞ্চবার্ষিকী পরিকল্পনার যে প্যাটার্ন তার এক্সপ্যানশন বেশী করে টাকা বরাদ্দ করলেই যে জনসাধারণের জীবনযাত্রা সহজ, সরল ও স্বাবলম্বী হবে এবং তাদের দুঃখ দূর হবে, তা সম্ভব নয় কারণ pattern of industry, pattern of plan change করা না হলে আমরা পারবো না এতবড় একটা সমস্যার সন্মুখীন হতে। সুতরাং কর্মসংস্থান ও উৎপাদনের মধ্যে সামঞ্জস্য স্থাপন করতে হবে।

সোসিয়ালিস্টিক ইকোনমি করে, কর্ম সংস্থানের একটা প্রপার ব্যালানসড্ প্ল্যান করে কর উচিত। কিন্তু আমাদের এই যে পুঁজিবাদী দৃষ্টিভঙ্গীতে প্ল্যান করা হচ্ছে তার মধ্যে প্রপোজ প্ল্যান নেই। দিন দিন আনএমপ্লয়মেন্ট বেড়ে চলেছে, যার জন্য আমাদের দেশের নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য বেড়ে চলেছে, এবং প্রাইস লেভেল স্ট্যাবিলাইজ করবার চেষ্টাও সেখানে দেখি না। এই যে প্ল্যানিং করা হচ্ছে তার মধ্যে ম্যাক্সিমাম্ স্যাক্রিফাইজ করতে হয় লোয়ার ইনকাম গ্রুপ লোকদের এবং এই ইনইকোয়ালিটিজ রাখার জন্য আমাদের আর্থিক সমস্যা দিনের পর দিন বেড়ে চলেছে।

মাননীয় স্পীকার মহাশয়, Agricultural Labour Enquiry Commission এর প্রথম ও দ্বিতীয় রিপোর্ট যা আমাদের সামনে আছে, তার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করি। সেই এগ্রিকালচারাল লেবার ইনকোয়ারি রিপোর্টের প্রথম দফায় আছে আমাদের দেশে ক্ষেত মজুরের পূর্বে যে অবস্থা ছিল, বর্তমানে তাদের অবস্থা নিম্নগামী তাদের ইনকাম কমে গিয়েছে, ইনডেটেডনেস বেড়েছে। আমাদের রুরাল ইকোনমি একেবারে ধ্বংসপ্রাপ্ত হতে চলেছে। এবং আরও সাংঘাতিক হল—গ্রামের রুরাল পার ক্যাপিটা ইনকাম এবং আরবান এবং আরবান পার ক্যাপিটা ইনকাম এর মধ্যে বিরাট পার্থক্য দেখা যাচ্ছে। আমার মনে হয় গ্রাম থেকে রুরাল ইকোনমি আস্তে আস্তে ধ্বংসপ্রাপ্ত হচ্ছে। আমাদের Agricultural per capita income and non-agricultural per capita income এর মধ্যে একটা বিরাট পার্থক্য কংগ্রেস গভর্নমেন্ট গড়ে তুলেছে। অর্থাৎ নীচের স্তরের লোককে ধ্বংস করে, শেষ করে এই যে অর্থনৈতিক বনিয়াদ গড়ে তুলেছেন তার মধ্য দিয়ে অর্থনৈতিক অসাম্যকে বাড়িয়ে তুলেছেন, কাজেই পুঁজীবাদী দৃষ্টিভঙ্গী দিয়ে এই সকল পরিকল্পনা করার ফলে আমাদের দেশের মধ্যবিত্ত, জনসাধারণের দুরবস্থা চরমে উঠেছে।

মাননীয় স্পীকার মহাশয়, এবার আমি আমাদের সহর এলাকার গরীব মানুষদের সম্পর্কে কিছু বলতে চাই। বিশেষ করে বলতে চাই সহর অঞ্চলে যারা বস্তিবাসী। আমাদের সহরাঞ্চলের ওয়ান-ফোর্থ অব দি পিপল্ বস্তিতে বাস করে। বস্তি অঞ্চলে দালান বা বিল্ডিংগুলি বাসের সম্পূর্ণ অনুপযোগী। ১/২ অংশ কলকাতার মানুষ, অর্থাৎ প্রায় শতকরা পঞ্চাশ ভাগ কলকাতার মানুষ অত্যন্ত অস্বাস্থ্যকর ও দুঃসহ জীবন যাপন করছে। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বস্তি উন্নয়কল্পে মাত্র পাঁচ লক্ষ টাকা ধার্য করা হয়, কিন্তু সেই পাঁচ লক্ষ টাকাও গভর্ণমেন্ট ব্যয় করেন নি। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় দেখেছি ২·৮ ক্রোরস-অব-রুপিজ বস্তি উন্নয়নের জন্য স্থানসন্ করা হয়। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কোন কাজই করলেন না। তারপর দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যখন কাজ সুরু করলেন তখন দেখা গেল ২ কোটী ৮০ লক্ষ টাকা তাঁদের ব্যয়ে করবার ক্ষমতা নেই: তাঁরা সেটা কমিয়ে ৯১ লক্ষ টাকায় নিয়ে এলেন। সেন্ট্রাল গভর্নমেন্টের স্লাম ক্লিয়ারেন্স এর জন্য যে টাকা ধার্য করা হয়, তার থ্রী-ফোর্থ টাকা সেন্টাল গভর্নমেন্ট থেকে আমাদের দেওয়া হয় বস্তি উন্নয়ন কল্পে। কিন্তু পশ্চিম বাংলা সরকার এতই অপদার্থ যে সেই টাকাও সম্পূর্ন ব্যয় করে বস্তি উন্নয়ন করতে পারলেন না। আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে স্মরণ করিয়ে দিতে চাই তিনি যে বলেছিলেন সারকুলার ক্যানাল ভর্তি করে, সেখানে টেনেমেন্ট বিল্ডিং তৈরী করে বস্তি করে বস্তি ডোয়েলার্স দের বাস করতে দেওয়া হবে, তার কি হল? আজকে আমি তাঁর কাছে প্রশ্ন করি তিনি যে ক্যানাল ভর্তি করে সেখানে টেনেমেন্ট স্কীম করবেন বলে ঠিক করেছিলেন সেটা কি বাতিল করে দিয়েছেন? সেই পরিকল্পনাকে কোন কার্যকরী করতে পারলেন না?

[10-40—10-50 a.m.]

এই স্লাম ক্লিয়ারেন্স ব্যাপারে দেখতে পাচ্ছি কলকাতা বা হাওড়ার কোন জায়গায় কোন স্লাম ডিমলিস করতে পারেননি। আজকে তারা সেই পরিকল্পনা বাদ দিতে গিয়েছেন। ২ কোটি

৮০ লক্ষ টাকা যেখানে ব্যয় করার কথা, সেখানে ৭৫ লক্ষ টাকাও তারা ব্যয় করতে পারবেননা, সেই টাকা সেণ্টাল গভর্নমেণ্টকে ফিরিয়ে দিতে হবে। এই শ্লাম ক্লিয়ারেন্স এর ব্যাপারে তারা চরম ব্যর্থতা এবং অপদার্থতার পরিচয় দিয়েছেন।

তারপর ডেপুটী স্পীকার মহাশয়, আমাকে সল্ট লেক ইমপ্রুভমেণ্ট সম্বন্ধে বলতে হয়। তারা এক একটা পরিকল্পনা করেন, পরিকল্পনা করতে টাকা চলে যায়। হাউজিং বোর্ড করলেন, হাউজিং বোর্ড থেকে ক্ষমতা নিয়ে গেলেন, নিয়ে কাজের ভার দিলেন ডেভেলপমেণ্ট ডিপার্টমেণ্ট কে। তারা টেনেমেণ্ট স্কীম দিলেন, কার্যতঃ কিছুই হলনা। এবার যিনি সল্ট লেক পরিকল্পনা করবেন। এমনি করে দেখা যাচ্ছে, গরীব জনসাধারণের, কলকাতা সহরের শতকরা ৫০ জনের যারা দুঃসহ জীবনযাপন করছে তাদের প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায়, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কিছুই করতে পারলেন না। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৪২ শত কোটী টাকা খরচ করবেন। আমি জিজ্ঞাসা করতে চাই মুখ্যমন্ত্রী মহাশয়কে যে, তিনি এই পরিকল্পনা দ্বারা গ্রামীন নিষ্পেষিত অর্থনীতিক জীবনের কি করতে পেরেছেন, বাড়ী ডোয়েলারসদের জন্য কি করতে পেরেছেন, তাদের কি উপকারে এসেছে? সেই জন্যই বলি যে যে দৃষ্টিভঙ্গী আপনাদের সেটা হল দেশের পুঁজিপতিদের আরও শক্তিশালী করা। যে প্রচুর টাকা আনেন তাতে কার্যতঃ যা করেন তাতে গরীব মানুষকে শোষণ করে তাদের দুঃখদুর্দ্দশাকে আরও বাড়িয়ে দেন। সমস্ত প্ল্যাণ্টটা যেভাবে ড্রাফ্টিং হয়েছে তাতে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে এবং তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যা লক্ষ্য করছি তাতে আপামর গরীব দুঃখী জনসাধারণের দুঃখ কষ্ট মোচনের কোন কিছু নাই। মুষ্টিমেয় পুঁজিপতিদের যাতে আরও ধনিক করে তোলা যায়, আরও শক্তিশালী করে তোলা যায়, সেদিকেই তাদের লক্ষ্য। যারা শ্রমিক গরীব সেই লক্ষ লক্ষ জনসাধারণের দুঃখতো মোচন করা হবেই না বরং প্রাইস লেভেল আরও টাফ্ করা হবে এবং আন এমপ্লয়মেণ্ট কে আরও শক্তিশালী করে তোলা হবে।

Shri Deo Prakash Rai : Sir, as the leaders of the Opposition parties and groups have thrown enough light on the failures of the First and the Second Five Year Plans and on the continuance of the same follies in the Third Five Year Plan, I shall devote whatever little time I have been alloted to-day to the backward, undeveloped hill areas of Darjeeling. Sir, the alien Government were not interested in the improvement of the backward hill people and, for that matter, the hill areas of Darjeeling. As a matter of fact, they did their best to keep the hill people in utter poverty, ignorance and backwardness. The hill people of Darjeeling looked upon the dawn of independence as the advent of the promised **Ram Rajya** where even the silly remarks of a foolish **dhobi** were respected, but the hopes of the hill people have been shattered and their expectations belied. In these thirteen years of independence, nothing has been done under the national plans to improve the lot of the backward hill people of Darjeeling. Sir, the First Five Year Plan did nothing to develop the economy of the hill areas of Darjeeling. The tea industry—the backbone of economy of the district—is in a sorry state of affairs; the rural economy is totering. The Indian and foreign owners of the tea gardens are interested only in profits. They are indifferent to the growth and development of the industry which as I said is the backbone of economy district.

Small traders and commercial firms are virtually closing down and in absence of any industrial development the army of unemployed is increasing daily. In the whole State, Darjeeling, next in Calcutta, proportionately has the largest number of unemployed both among the

educated and uneducated. Although the district is rich in mineral deposits such as iron, limestone, copper, coal, China-clay etc. no attempt has so far been made to tape these resources. Not one of the major rivers has been harnessed. In the absence of industrial development the economy of Darjeeling is cracking up adding to its already huge army of unemployed both in the urban and rural areas. This is the picture of Darjeeling after completion of two Five Year Plans. Never in history, the hill people of Darjeeling have felt so much frustrated and hopeless as now. There were one or two road construction projects under the First Five Year Plan as an apologia to the development of Darjeeling, but even those projects have remained unimplimented till the fag end of the Second Five Year Plan.

Government are now thinking in terms of bringing forward anti-subversive activities Bill, as they say, to curb the activities of some of the Communist workers in the border areas. When the Government use the term "Communist" they do mean all the political parties other than the Congress. Nothing could be more tragic for the Government than to think of bringing forward such legislation on the eve of the larnchis of the Third Five Year Plan. We have got the Security Act and we have also got the P. D. Act and now the Government are thinking of bringing forward an anti-subversive activities Act. Sir, if things are allowed to continue like this, the Congress Government may bring forward tomorrow anti-clothing Act, anti-food Act, anti-health and medical facilities Act and anti-Education Act ! It is traditional only with Fascist and Totalitarian Governments to think in terms of bringing forward new legislations to curb the freedom of activities and freedom of speech of the people. For a democratic Government the weapon to win the confidence of the people should be national plans.

Now in contrast with the picture of Darjeeling as I have tried to project before the House, you will find that towns, villages and tea gardens in Darjeeling are flooded with beautifully coloured, illustrated magazines that find their way from across the border.

[10-50—11 a. m.]

I find that the Government will construct two holiday homes for workers one at Digha and the other at Darjeeling in the Third Plan. I am sure the man who is responsible for this particular scheme also must have been inspired by one of those beautiful magazine that come to our country from Soviet Russia. But Sir, Soviet Russia is completing their Seventh Plan ! We have not yet completed our Second Five Year Plan. The whole thing is just like putting the cart before the horse. The workes should first get fair wages, amenities of daily life and holidays.

Shri Hare Krishna Konar : মাঃ ডেপুটি স্পীকার মহাশয়, আমি আমাদের দেশের, বিশেষ করে বাংলাদেশের অর্থনীতির সবচেয়ে দুর্বলতম অংশ, যা আমাদের শাসকশ্রেণীকে পর্যন্ত চিন্তান্বিত করে তুলেছে সেই কৃষি অর্থনীতি সম্বন্ধেই আমার বক্তব্য প্রধানতঃ সীমাবদ্ধ রাখব। তার আগে আমি সাধারণভাবে অন্ত দু-একটি কথা বলতে চাই। একথা ডাঃ রণেন সেন এখানে আমাদের বুঝিয়ে বলেছেন যে বিদেশী সাম্রাজ্যবাদী পুঁজির অনুপ্রবেশ এবং তার উপর নির্ভরতা কিভাবে দেশকে বিপদের দিকে নিয়ে যেতে পারে ;—তা থেকে প্রশ্ন উঠতে পারে তাহলে কি আমরা বৈদেশিক

সাহায্য ও loan নেওয়ার বিরোধী? আমরা বারেবারে একথা পরিষ্কারভাবে বলেছি যে বৈদেশিক সাহায্য ও লোন,—তা যে দেশ থেকেই আসুক,—আমরা নীতিগতভাবে তার বিরোধী নই, কিন্তু প্রশ্ন হচ্ছে কি সর্তে নেওয়া, কাদের স্বার্থে নেওয়া ও কিভাবে নেওয়া। এগুলিই হল সবচেয়ে বড় প্রশ্ন। একথা, মিঃ ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের খেয়াল রাখা প্রয়োজন যে আজ এটা উনবিংশ শতাব্দী নয়, বিংশ শতাব্দীর প্রথম দিকও নয়, দ্বিতীয় মহাযুদ্ধের পরে পৃথিবীতে অনেক গুরুত্বপূর্ণ পরিবর্তন ঘটেছে। আজ আমেরিকা, বৃটিশ, ফ্রেঞ্চ ও পশ্চিম জার্মান সাম্রাজ্যবাদীদের পক্ষে সহজ নয় একটা দেশকে সোজাসুজি গোলামে পরিণত করা, তার রাজনৈতিক স্বাধীনতা হরণ করা এবং টাকা দিয়ে সোজাসুজি উপনিবেশে পরিণত করা, কারণ দুনিয়া পরিবর্তিত হয়ে গিয়েছে, শক্তির ভারসাম্য পরিবর্তিত হয়ে গিয়েছে। সেজন্য দেখা যায় নতুন চেহারায় নতুন কায়দা নিয়ে পুরাণো সাম্রাজ্যবাদী শোষণ চালাবার চেষ্টা হচ্ছে—যেটা সাধারণতঃ অনুন্নত দেশগুলিকে "সাহায্য" দেবার নামে করা হয়। অনুন্নত দেশের কিছুসংখ্যক বড় পুঁজিপতিদের সংগে যোগসূত্র স্থাপন করে এবং অন্যান্য নানা উপায়ে এইসব দেশের অর্থনীতির উপর কব্জা বিস্তার করে তাদের শোষণ করা,—এই হচ্ছে মূলকথা,—যেটাকে বলা হয় নিউ কলোনিয়ালিজম্, অর্থাৎ নতুনভাবে ঔপনিবেশিক শোষণ প্রতিষ্ঠা করা। এর বিরুদ্ধে সাবধানতা অবলম্বন করা প্রয়োজন এবং তা করাও যায়। ছোট কিউবাই তার প্রধান উদাহরণ;—কিউবা প্রমাণ করে দিয়েছে যে, একটা ছোট্ট দেশের গভর্নমেণ্টও যদি ঐক্যবদ্ধ হয়ে দাঁড়ায় সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে, তাহলেও কে সাহায্য পেতে পারে, কারণ আরেকটা দুনিয়া আছে,—যে-দুনিয়া প্রত্যেকটা অনুন্নত দেশকে নিঃস্বার্থ সাহায্য করতে পারে। সুতরাং আজ আর সাম্রাজ্যবাদী দেশের পক্ষে সহজ নয়, টাকা দেওয়ার নামে অনুন্নত দেশগুলির উপর আধিপত্য বিস্তার করে তাদের কুক্ষীগত করে রাখা। আমরা এই কথাটাই আমাদের দেশের গভর্নমেণ্টকে বুঝাবার চেষ্টা করছি। কিন্তু আমাদের সরকার উল্টো জিনিস করছেন,—দেশকে বিদেশী পুঁজিপতির কাছে কার্যতঃ বিক্রী করে দিতে তাঁরা উদ্যত হয়েছেন,—দেশকে লুঠ করার ব্যবস্থা হচ্ছে—আমাদের দেশের অর্থনীতিকে এভাবে পঙ্গু করে রাখার ব্যবস্থা হচ্ছে। দ্বিতীয় প্রশ্ন—যেটা বারেবারে তোলা হয় তা হোল,—Communist Party থেকে বলা হয় পরিকল্পনা ছোট হয়েছে, বড় করা দরকার, এত টাকা খরচ করা দরকার—কিন্তু জনসাধারণের উপর আর ট্যাক্স চাপান উচিত নয়। কিন্তু টাকা কোথা থেকে আসবে? এই প্রশ্নের ত উত্তর আমরা বারেবারে দিয়েছি। যদি দৃষ্টিভঙ্গীর পরিবর্তন না করা যায়, যদি ঠিক করা হয় যে ইংরেজ আমেরিকার কোটিপতিদের পর্যন্ত লুণ্ঠন করতে দেব, যদি ঠিক করা হয় যে টাটা বিড়লাদের পর্যন্ত লুঠ করতে দেব, যদি ঠিক করা হয় যে ফুডগ্রেণ হোর্ডারসদের পর্যন্ত লুঠ করতে দেব, বড় জোতদারদের দ্বারা চাষীকে লুঠ করতে দেব,—এইসব ঠিক করে যদি বলেন—টাকা কোথায় পাব, তাহলে লোককে পেটান ছাড়া উপায় নাই। আপনারা এগুলি বন্ধ করতে পারেন না? আমরা কম্যুনিস্ট পার্টি থেকে বারে বারে একথা বলেছি, চা-বাগানগুলি কেন nationalise করা যায় না, বড় বড় পুঁজিপতিদের profit কি সীমাবদ্ধ করা যায় না, জনসাধারণের সহযোগিতা নিয়ে কেন state trading চালু করা যাবে না? আমি তরুণবাবুকে বলি,—হিসাব করে দেখুন, একটা গ্রাম থেকে এক বছরে কত মণ ধান বিক্রী হয়, কি দরে বিক্রী হয়, চাষী কত দাম পায় এবং ক্রেতারা কি দরে পায়—এভাবে হিসেব করলে দেখা যাবে, এই লেনদেনের মাঝে যে profit থাকে তার এক অংশ চাষীকে দেওয়া যেতে পারে, একটা অংশ ক্রেতাও পেতে পারে, তেমনি অন্য একটি অংশ দেশগঠনের কাজে লাগান যেতে পারে, যদি সরকার state trading করেন। উত্তর ভিয়েটনাম দক্ষিণপূর্ব এশিয়াও সবচেয়ে পশ্চাৎপদ দেশগুলির অন্যতম ছিল। তাঁদের নেতাদের আমি জিজ্ঞাসা করেছিলাম আপনারা এটা কি করে করেছেন।—তাঁরা একটা চমৎকার কথা বল্লেন, ১৯৫৪ সালের জেনেভা চুক্তির পর '৫৭ সাল পর্যন্ত, যে পর্যন্ত হোলসেল ট্রেড পুরা রাষ্ট্রের হাতে আসেনি, ততক্ষণ পর্যন্ত তাঁদের communist শাসনেও কিছু কিছু ব্যবসায়ীদের মধ্যে মজুত-

দায়ীর ঝোঁক ছিল, তাঁরা সেটা পুরা চেক্ করতে পারেননি ; ১৯৫৭ সাল নাগাদ তাঁরা wholesale trade, foreign trade, import export trade এবং দেশের মধ্যে wholesale trade, particularly in foodgrains and Raw materials tradeএ তাঁরা তাঁদের রাষ্ট্রের ৯৭ পার সেন্ট কনট্রোল প্রভৃতি স্বীকার করেছেন বলেই তাঁরা কোর্ডিং বন্ধ করতে পেরেছেন। এগুলি ভাবা দরকার, দেখা দরকার, জানা দরকার। সুতরাং রিসোর্সে্স এর অভাবের নামে চুপ করে বসে থাকার দরকার নাই। আমাদের দেশের সরকার ভাল করেই জানেন কোথায় রিসোর্সে্স আছে। এগুলি করতে পারলে গরীব চাষীর উপর ক্যানাল্ ট্যাক্স বৃদ্ধি করার বা জনগণের উপর ট্যাক্সের বোঝা চাপান প্রয়োজন হয় না।

মাঃ ডেপুটি স্পীকার মহাশয়, আমি এবার অন্ত বিষয়ে যাব ; কৃষি অর্থনীতিতে আমাদের দেশের প্রায় শতকরা ৭০ ভাগ লোক নিযুক্ত এবং কৃষি অর্থনীতির দুর্বলতার জন্য আমাদের দেশের খাদ্য-সংকট, যার জন্য আমদানী করা খাদ্যের উপর নির্ভরতা থেকে যাচ্ছে এবং কোন কোন ক্ষেত্রে বাড়ছে এবং আমাদের দেশের আভ্যন্তরীণ বাজার সংকুচিত থাকছে ; শুধু তাই নয়, সামগ্রিকভাবে আমাদের অর্থনীতির সুসমঞ্জস অগ্রগতির জায়গায় একটা আভ্যন্তরীণ দ্বন্দ্ব ফুটে উঠছে। এই অবস্থায় আমাদের কেন্দ্রীয় এবং পশ্চিমবংগ সরকার বলছেন utmost improvement on agriculture". কৃষিতে আমাদের "সেল্ফ্ সাফিসিয়েণ্ট" হতে হবে, এবং তার জন্য "most ambitions programme of agricultural development" নেওয়া হচ্ছে। কিন্তু সত্যি কি তা করা হবে ? না, জনগণকে আবার ধোকা দেওয়া হচ্ছে ? আমাদের তো নতুন করে পরিকল্পনা করা হচ্ছে না, পরিকল্পনার দশ বৎসর উত্তীর্ণ হয়ে গিয়েছে। অভিজ্ঞতায় দেখা যাবে যে আবার ধোঁকা দেওয়া হচ্ছে. সময় এসেছে একথা খোলাখুলিভাবে লোকের কাছে বলার—সময় এসেছে জনসাধারণকে প্রতারণার হাত থেকে রক্ষা করার। ইংরাজ আমলেও তো কিছু কিছু সেচব্যবস্থা হয়েছিল, তাতে কি কৃষি উৎপাদন কিছুই বাড়েনি ? কিন্তু তার মানে কি এই যে তাতে ভারতীয় অর্থনীতি সবল হয়েছে ? কিছু উৎপাদন নিশ্চয়ই বাড়তে পারে একটু চেষ্টা থাকলে। কিন্তু তাতেই কি মূল সমস্যার সমাধান হবে ?

[11-11—10 a. m.]

একথা পরিষ্কার যে এই তৃতীয় পরিকল্পনা খাদ্যে স্বয়ং সম্পূর্ণতা আনবে না, বাংলাদেশে খাদ্য সঙ্কট দূরীভূত করতে পারবে না এবং এই পরিকল্পনা গ্রামাঞ্চলের বড় বড় জোতদার মহাজন ও ও মজুতদারদের শক্তিকে আরও বাড়িয়ে দেবে। এটাও পরে সত্য হয়ে দাঁড়াবে। আমি এই কথা জিজ্ঞাসা করছি যে পরিকল্পনা কি ? পরিকল্পনা কি কতকগুলি target এর সমষ্টি ? এযদি হয় তাহলে ইংলণ্ডেও কিছু target হচ্ছে, আমেরিকাতে target থাকে। কিন্তু এই পরিকল্পনায় হিউম্যান মেটিরিয়ালের অর্থাৎ সাধারণ মানুষের মনে কি উন্নতি হবে ? মানুষকে বাদ দিয়ে পরিকল্পনা করা যায় না। আমি জিজ্ঞাসা করি ইংরেজ আমলে কি কিছুই হয়নি ? ইংরাজ আমলেও দুটো রাস্তা বা দুটো কারখানা বা দুটো হাঁসপাতাল হয়েছিল কিন্তু তাসত্ত্বেও দেশের লোকের কিছু হয়নি কেন ? তার কারণ সেসব যা হয়েছিল তার সঙ্গে হিউম্যান মেটিরিয়ালের উন্নতির কোন সম্পর্ক ছিল না বরং শোষণের ব্যবস্থা ছিল আমাদের দেশে যেটুকু শিল্প বিকাশ হবে এবং তার দ্বারা যে অগ্রগতি হবে তাতে অপর যাই হোক না কেন আমাদের পরনির্ভরতা কিছু কমবে এবং দেশকে খানিকটা শক্তিশালী করবে। এই কারণেই কম্যুনিষ্ট পার্টি Plan এর সবকিছুকে পুরাপুরি সমর্থন না করলেও উন্নয়নের target গুলি সমর্থন করে. কিন্তু এই প্ল্যানে দরিদ্র মজুর চাষী, মধ্যবিত্তের কি হবে ? এই প্ল্যানের দ্বারা বড় বড় কিছু লোকের হয়ত সুবিধা হবে ! তাই বলছি যে

শুধু অংকের হিসাব (figure) দিলেই হবে না, সেখানে দেখান হবে যে সাধারণ মানুষের কি হয়েছে বা হচ্ছে বা হবে। অবস্থা খারাপ হচ্ছে বলেই সাধারণ মানুষ পিছিয়ে যায় এবং পরিকল্পনাকে সার্থক করতে এগিয়ে আসে না। বন-মহোৎসব ইত্যাদিও ঘটা করে হয়,—জঙ্গল বাড়ানকে আমরা সমর্থন করি—কিন্তু বন-মহোৎসব তা নয়, তাতে মাত্র গুটিকয়েক লোকেরই সমর্থন থাকে বলে সেটা ঠাট্টায় পরিণত হয়ে গেছে। আমি একথা বলছি না যে পরিকল্পনা দ্বারা যেটুকু উন্নয়ন হয় তাও হওয়া উচিত নয়। কিন্তু আমি জানি যে এই রকম প্ল্যানের দ্বারা জনসাধারণের অবস্থার উন্নতি করা যাবে না। কৃষির ব্যাপারে আমি আগেও বলেছি এবং আজও বলছি এটা অবাস্তব ও ফাঁকা পরিকল্পনা। এই পরিকল্পনায় বলা হয়েছে যে শুধু জল, সার ইত্যাদি দিলেই ২৫ লক্ষ টন উৎপাদন বাড়বে এবং তাতে খাদ্য সমস্যার সমাধান হবে। আমি যে অর্থনীতির কথা বলছি সেটা মার্কসবাদী অর্থ-নীতি কেন বুর্জোয়ানীতির ধারাও স্বীকৃত যা Agricultural Production in a backward Country is not simply a technical problem. It is basically a human problem. অর্থাৎ এটা মানুষের সম্পর্কের সমস্যা। তার সমাধান না করে যদি মুষ্টিমেয় লোকের হাতে প্রভূত জমি রেখে তাদের শুধু টাকা দিয়ে সাহায্য করা হয় তাহলে তাতে কি এগ্রিকালচারাল ইমপ্রুভমেন্ট হবে? না, এগ্রিকালচারাল প্রোডাকশান বাড়বে? এই রকম ভাবে দুনিয়ার কোথাও হয় নাই। ফরাসী বিপ্লব ধনিক বিপ্লব ছিল, শ্রমিক বিপ্লব ছিল না। তাতে চাষীকে জমি দেওয়া হয়েছিল। একমাত্র বিসমার্কের আমলে জমি বিতরণ না করে সমস্ত জমিদারদের ক্যাপিটালিস্ট জমিদারে পরিণত করে ধনতান্ত্রিক প্রথায় কৃষির উন্নতির কিছুটা করা গিয়েছিল। কিন্তু মনে রাখতে হবে যে সেটা ছিল 19th Century. জার্মাণ সাম্রাজ্যবাদ তখন সারা দুনিয়ার বাজার দখল করছিল এবং ইংলণ্ডকে কোনঠাসা করছিল। ফলে শিল্প দ্রুত বাড়ছিল। তাই গ্রামের দুঃস্থ কৃষককে ইণ্ডাষ্ট্রীতে টেনে নিতে তারা পেরেছিল কিন্তু ভারতবর্ষ আজ তা চেষ্টা করলেও পারবে না। কারণ আজকে দুনিয়ার প্রায় অর্দ্ধেক বাজার সমাজতান্ত্রিক শিবির অধিকার করে রয়েছে—সেখানে তারা অন্য দেশের ধনীদের শোষণ চালাতে দেবে না। এবং বাকী যে অর্দ্ধেক বিশ্ববাজার সেখানে ইংলণ্ড, আমেরিকা, ফ্রান্স ইত্যাদি শক্তিশালী দেশগুলি বাজার দখল করে বসে আছে। এই যে সকল অবস্থা সেখানে সেই সব ক্যাপিটালিষ্ট দেশের সঙ্গে প্রতিযোগিতায় ভারতবর্ষ বাইরের বাজার দখল করতে পারবে না। অতএব ভারতকে যদি শিল্পোন্নত করতে হয় তাহলে মূলতঃ নির্ভর করতে হবে আভ্যন্তরীণ বাজারের উপর। কিন্তু যেখানে শতকরা ৭৫ জন জনসাধারণের অবস্থা দুরবস্থার চরমে, সেখানে আভ্যন্তরীণ বাজার কিছু থাকলেও বিশেষ হবে না।

এরপর এগ্রিকালচারাল প্রোডাকশানের কথা বলব। একজনের হাতে বেশী জমি থাকলে বা বেশী টাকা থাকলেই চাষের উন্নতি হয় না। আমার যদি তা থাকে তাহলে আমি কেন জমিতে টাকা ইনভেস্ট করব—আমাকে আপনারা যতই সাহায্য দিন না কেন? তরুণবাবু কি অস্বীকার করবেন যে গত বছর দিল্লী গভর্নমেন্ট আমাদের কিছু ফার্টিলাইজার allot করেছিলেন—যেটা আগের বছরের চেয়ে কম ছিল—সেই ফার্টিলাইজারও কিছু অন্য প্রদেশে চলে যায়? লোকে কেনই বা তা ব্যবহার করবে? বড় জোতদাররা যদি ১২ আনা মজুরীতে মজুর খাটাইতে পারে বা বর্গাদারদের ভূমিদাসের মত শোষণ করতে পারে তাহলে, আপনারা যতই বক্তৃতা দিন না কেন এগ্রিকালচারাল ইমপ্রুভমেন্ট হতে পারে না। সেজন্য আমরা বারে বারে বলেছি যে আমাদের মত দেশে ভূমিসংস্কার ভিন্ন কিছুই হতে পারে না। অনেক মেম্বারের চীনের কথা বললে এলার্জি (allergy) আসে বলে চীনের কথা বলব না। তরুণবাবু কৃষির উন্নতি শিক্ষার জন্য ইংলণ্ড, ফ্রান্স, ইটালীতে গেলেন, আমেরিকাতেও বোধ হয় গিয়েছিলেন। কিন্তু সেখানে গিয়ে তিনি কি শিখবেন? রাশিয়াতে গিয়েও বোঝা মুস্কিল। কারণ তারা অনেকদূর এগিয়ে গেছে। আমাদের যদি কিছু শিখতে হয় তাহলে why not go to

Vietnam ? আপনারা ভিয়েটনামে যান না কেন ? চীন নয় কেন ? কপি করার জন্য নয় সেখানে গিয়ে দেখুন যে তাঁরা কৃষির উন্নতির জন্য কি ব্যবস্থা করেছে। Collin Jackson, যিনি সাম্রাজ্যবাদী লেখক, তাঁর প্রবন্ধ Statesman কাগজে পড়ুন এবং দেখুন যে সেখানে তিনি কি লিখেছেন। আপনারা ভিয়েটনামে গিয়ে দেখুন। সেখানে আমাদের ইণ্ডিয়া গভর্নমেণ্টের রিপ্রেজেণ্টেটিভ আছেন, কনসাল আছেন, পলিটিক্যাল অফিসার আছেন তাঁরাই বলবেন যে তাদের অগ্রগতি কেমন করে হয়েছে। আপনারা যদি সত্যি কিছু করতে চান কপি করার জন্য নয়,—বোঝবার—জন্য তাহলে সেখানে যান—how they have done, what they have done কিন্তু কৈ তরুণবাবুতো সেখানে গেলেন না ? আমি বলব যে let a delegation go their কৃষি সংস্কার মন্ত্রী যান কৃষিমন্ত্রী মহাশয় যান এবং যদি সম্ভব হয় সরকার ও বিরোধীপক্ষের এম, এল, এ,-রা যান। আমাদের এ মোহ নেই যে শাসকবর্গের লোক দেখে এলেই কিছু পরিবর্তন হবে কিন্তু how they have done দেখা উচিৎ। আমি আবার বলব যে গ্রামের অবস্থা কি হয়েছে একবার দেখুন। কেউ কি অস্বীকার করতে পারেন যে গ্রামের ক্ষেত মজুরের সংখ্যা বেড়েছে কেউ কি অস্বীকার করতে পারেন যে ভাগ চাষী উচ্ছেদ হয়ে যাচ্ছে ? ঋণের দায়ে কৃষক সর্বশান্ত হয়ে যাচ্ছে ? মুর্শিদাবাদ ও নদীয়ার কংগ্রেস এম. এল. এ.-রা কি অস্বীকার করতে পারেন যে ঋণের দায়ে জমি বিক্রি করে কৃষকরা সেখানে সর্বশান্ত হয়ে যাচ্ছে ? বড় বড় জোতদার বা তাদের এজেণ্টরা ঋণের জন্য এসব জমির দলিল রেজেষ্ট্রী করে নিচ্ছে। রেজেষ্ট্রী আফিসে গেলে সব দেখতে পাওয়া যাবে। ১০ বছরে প্ল্যানিং-এ পশ্চিমবাংলার কৃষকদের pauperisation (দুস্থতা) বেড়ে গেছে কিন্তু আগামী ৫ বৎসরে তাদের কি হবে ? সেসব কিছুই দিল্লীর কেন্দ্রীয় পার্লামেণ্টের প্ল্যানে নেই, আপনাদের রাজ্য প্ল্যানেও নেই। অতএব বলতে বাধ্য যে পরিকল্পনায় সমস্যার সমাধান হবে না।

তারপর ক্রেডিটের প্রশ্ন আপনারা বলছেন কয়েকটা কোয়াপারেটিভ বাড়বে। কিন্তু তাদের সাহায্যের জন্য গভর্নমেণ্ট সবে মাত্র ৩।৪ কোটী টাকা দেওয়া হবে। কিন্তু আর বাকী টাকা কোথা থেকে আসবে ? বারো আনা লোক যেখানে দুঃস্থ সেখানে যে ফাইন্যান্স করবে ? তাহলেই গ্রাম (rural) কোয়াপারেটিভ, যারা বড় বড় মানি লেণ্ডার বা মহাজন তাদের কণ্ট্রোলে যেতে বাধ্য এই যে economic fact,—এটা কি কেউ অস্বীকার করতে পারেন।

[11-10—11-20 a.m.]

আপনারা বলছেন যে ইরিগেশন করছেন, বন্যা প্রতিকার করছেন। আমি জিজ্ঞাসা করি, বাংলাদেশের সবচেয়ে বড় সমস্যা কি ? গত ৫ বছরে আমরা কিসে সবচেয়ে বেশী দুঃখভোগ করছি ? বন্যা হোল সেই সমস্যা। মানসিং কমিটির রিপোর্টে হয়ত বন্যার প্রতিকার ব্যাপারে কিছু পাওয়া যাবে। অজয়বাবু মানসিং কমিটির রিপোর্ট প্রকাশ করেছেন না কেন ফাইভ ইয়ার প্ল্যানের আলোচনার আগে সেটাত দেওয়া উচিত ছিল, কারণ বাংলাদেশের জীবন মরণ সমস্যা অনেকটা এর উপর নির্ভর করছে। আপনারা আমার ড্যাম বাদ দিয়েছেন, গঙ্গা-ব্যারেজ কার্য্যতঃ বাদ দিয়েছেন, ড্রেনেজ অর্থাৎ নিকাশীর জন্য যেটা সবচেয়ে important (গুরুত্বপূর্ণ)। তার কম গুরুত্ব দিয়েছেন,—বোধ হয় সামান্য দুই চার কোটী টাকা দিয়াছেন ড্রেনেজ ব্যাপারে। শুধু বলেছেন ছোট সেচব্যবস্থা (Small irrigation) ভাল কথা যে এর গুরুত্ব এতদিনে আপনারা স্বীকার করেছেন কিন্তু আমি বলব আমার ড্যাম, গঙ্গা-ব্যারেজ বাদ দিয়ে শুধু মাত্র ছোট সেচ ব্যবস্থা করে বন্যা প্রতিকার সেভাবে বেশী দূর এগুনো যাবে না। অবশ্য আপনারা ভুল বুঝবেন না,—তার মানে এই নয় যে আমি এগুলো চাচ্ছি না। এগুলো যাতে ভালভাবে হয়, যাতে চুরি না হয় এসব ব্যাপারে নিশ্চয় আমরা সাহায্য করতে রাজি আছি। Soil conservation (ভূমিক্ষয় নিবারণ) ব্যাপারে বড়

থা বলা হয়েছে,—জঙ্গল নাকি বাড়ছে! যাঁরা জঙ্গল এলাকার লোক,—পুরুলিয়া, বাঁকুড়া প্রভৃতি য়গার লোক, তাঁরা বুঝতে পারেন যে জঙ্গল কিভাবে শেষ হয়ে যাচ্ছে, এমন কি ব্যক্তিগত মিদারের আমলে যা ছিল তাও শেষ হয়ে যাচ্ছে। কারণগুলি আপনারা জানেন না। যেমন ন, জঙ্গল রক্ষার নাম করে সরকার (ditch) ডিচ কেটেছেন। ৪ হাত গভীর খাদ যারা জঙ্গল ড়লো কি কমলো তা দেখুন, কিন্তু তার দ্বারা কি জমি উর্ব্বর হয়ে যাবে? আপনারা কনজার টির জেনারেল অফ ফরেষ্টস—এর কথা না শুনে বরং নিজেরা গিয়ে দেখে আসুন খাদ কাটার ফলে খানকার গরীব চাষীরা কাঁদছে, এমন কি ২০, ৩০, ৪০ বিঘা জমি যাদের আছে তারাও কাঁদছে, রণ জঙ্গলের মাঝখানে শুখনো জমিগুলি শুখা হয়ে যাচ্ছে; জঙ্গল গড়িয়ে বৃষ্টির জল আসছে না। মরা স্বীকার করি যে জঙ্গলে গরু বাছুর ঢোকে—জঙ্গল রক্ষা ব্যাপারে সাধারণ লোককে বিশ্বাস করা ল হচ্ছে গভর্নমেন্টের পক্ষে। Here is the contradiction. আপনারা জঙ্গলের উন্নতি বেন, চাষের উন্নতি করবেন অথচ কৃষককে বিশ্বাস করতে পারছেন না—এটা হচ্ছে একটা শোষক নীতির পরিণতি। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় আমি ইরিগেশন সম্বন্ধে আর অন্য কথায় চ্ছি না, আমি শুধু একটি কথা বলব যে গভর্ণমেণ্ট যা পরিকল্পনা করেছেন, ডাক্তার রায় হিসাবটা দেবেন ঠিক কিনা, তাতে আগামী ৫ বছর পরে বাংলাদেশে মোট ১ কোটী ২০ লক্ষ একর র মধ্যে ১৬ পারসেণ্ট হতে ১৭ পারসেণ্ট জোর ২০ পারসেণ্ট ইরিগেটেড জমি হবে, তার বেশী ত পারবে না। অন্য দিকে দেখা যাচ্ছে যে ময়ূরাক্ষী এলাকায় ৫ বছরের ক্যানেল ট্যাক্স চাপিয়ে য় বসে আছেন আমাদের অজয় বাবু এতে কেমন করে কৃষক উৎসাহিত হবে? আমি ডাক্তার কে বলেছিলাম অজয় বাবুকে শুনিয়ে যে বীরভূমে গত নির্ব্বাচনে কমিউনিষ্ট পাটির শক্তি খুব বেশী ন না, সংগঠন হিসেবে মেদিনীপুরের চেয়ে দুর্ব্বল, কিন্তু সেখানে ট্যাক্সের জুলুম মানুষকে বিক্ষুব্ধ রছে—এটা মানুষ সহ্য করতে পারে না, তাই কংগ্রেস অনেক আসনে হেরেছে। এগুলি বুঝা কার। আমি জিজ্ঞাসা করি আপনাদের নেভিগেশন খাল গেল কোথায়? অজয় বাবু কয়েক র ধরে যে এত কবিতা বলছিলেন এ ব্যাপারে সেই নেভিগেশন খাল গেল কোথায়? খাল কাটতে ৮০৫০ হাজার একর জমি নষ্ট হল, ১১ কোটি টাকা নষ্ট হল, এটা অস্বীকার করতে পারেন? আপনাদের নেভিগেশন খাল ব্যর্থ হয়েছে। আপনারা দেশের কের কাছে বলুন না যে আমরা অপরাধ করেছি। আজকে বলছেন Express Road প্রেস রোড করব। কৃষক বাধা দেবে, একবার তাদের জমি নিয়েছেন। ট্রাফিক bottleneck করার জন্য এটা করব বলেছিলেন। এখন বলছেন এক্সপ্রেস রোড করব,—এটা আপনারা টু ভেবে দেখুন।

তারপর ফারটিলাইজারের প্রশ্ন—আপনারা কি একথা অস্বীকার করতে পারেন যে ফারটিলাইজার রাই কমে গেছে? দ্বিতীয়তঃ গভর্ণমেণ্ট ফারটিলাইজারের দর ৭ বছরে কবার বাড়িয়েছেন? য় হচ্ছে যে গভর্ণমেণ্টের এত অফিসারস্, গ্রাম সেবক, গ্রাম সেবিকা যে তারা সরবরাহ ব্যবস্থায় ছুই করতে পারছেন না, তার ভার দেওয়া হয়েছে ব্যবসাদারদের ফলে তারা প্রফিট এবং ব্ল্যাক র্কট করছে। এই করে দেশের উন্নতি করা যায় না। আপনারা এই সমস্ত রিপোর্টগুলি একটু বেন দয়া করে। আর একটা কথা বলে আমি শেষ করব—জোতদারদের হাতে যদি ক্ষমতা ক তাতে উৎপাদন কিছু বাড়লেও তার দ্বারা সমস্যার সমাধান হবে না। আপনারা এই বইখানা চয়ই পড়েছেন, আপনাদেরই গভর্ণমেণ্টের ছাপা বই। এতে স্বীকার করা হয়েছে যে বড় বড় দার, মাঝারী জোতদার প্রভৃতির ষ্টক মজুত করবার ক্ষমতা বেড়েছে, তারাই ধানচাল আটকে খ দেয় এবং তারাই বাজার দর চড়ায়। আগামী ফাইভ-ইয়ার প্ল্যানের মধ্যে আমাদের খাদ্য পাদন কিছু বাড়তে পারে স্বীকার করি, কিন্তু বাড়লেও তার উপর জোতদারদের কব্জা সুদৃঢ় হবে। সেজন্যই আমি বলছি এই পরিকল্পনায় কিছু কিছু অগ্রগতির কথা থাকিলেও এবং তাকে

সমর্থন করলেও সামগ্রিক ভাবে আমি এই পরিকল্পনার সঙ্গে একমত হতে পারছি না। আজ বাংলাদেশের লোককে পরিষ্কার করে বলা দরকার যে এই পরিকল্পনা তাদের জীবনে কোন মৌলিক পরিবর্তন আনবে না, তাদের জীবনে দারিদ্র আরো বাড়াবে এর দ্বারা বড় লোকেরা আরো বড়লোক হবে এবং গরীবেরা আরো গরীব হবে আজ একথা বলার প্রয়োজন আছে।

Shri Krishna Kumar Sukla : স্পীকার মহাশয়, কাল থেকে আজ পর্যন্ত তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা নিয়ে যে আলোচনা হয়েছে, তাতে নানা সদস্যরা নানা দিক দিয়ে আলোকপাত করেছেন, নানা সমস্যার দিকে দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করেছেন, বোঝানর চেষ্টা করেছেন। দুটো পরিকল্পনার সমাপ্তি এবং তৃতীয় পরিকল্পনার সূচনার মুখে দাঁড়িয়ে দেশের সামগ্রিক কল্যাণের কথা চিন্তা করে যে নতুন খসড়া দেশের কাছে উপস্থাপিত করা হয়েছে এই খসড়াকে আজ এক্সপ্লোর করার অবস্থায় নামিয়ে আনা হয়েছে। আমরা এই হাউসে যারা আছি প্রত্যেকের দেশের সমস্যাকে অস্বীকার করার কোন কারণ নেই। আমাদের এই বিরাট দেশের বিরাট সমস্যা, এই সমস্যাকে সমাধান করতে গেলে যে প্রচেষ্টা হওয়া উচিৎ সেই প্রচেষ্টকে চোখের সামনে রেখে তৃতীয় পঞ্চ-বার্ষিকী পরিকল্পনার খসড়া আজকে উপস্থাপিত করা হয়েছে। কৃষিউৎপাদন বাড়ান এই কথা বলার যারা চেষ্টা করেছেন স্বভাবতঃই বলতে হয় তারা সত্যের অপলাপ করেছেন। দুটো পরিকল্পনার মাধ্যমে দেশ যে অনেক এগিয়েছে তা অস্বীকার করার কোন কারণ নেই। শিল্পোন্নয়ণের মাধ্যমে নানা ভাবে এমপ্লয়মেণ্টের স্কোপ সৃষ্টি করার প্রচেষ্টা সরকার করেছেন দুটো পরিকল্পনার মাধ্যমে তৃতীয় পরিকল্পনার পরিধি আরও বাড়ানর চেষ্টা করা হচ্ছে একথা অস্বীকার করার কোন কারণ নেই। অনগ্রসর দেশ আমাদের এই ভারতবর্ষ। এই অনগ্রসর দেশে শিল্পোন্নয়নের মাধ্যমে সমস্ত সমস্যার সমাধান হয়ে যাবে কৃষিপ্রধান দেশে একথা চলতে পারে কিনা চিন্তা করার দরকার হয়ে পড়েছে। আজ ক্ষুদ্রশিল্প, কুটির শিল্পের দিকে দৃষ্টি রেখে লক্ষ লক্ষ বেকার লোকের কাজের ব্যবস্থা পঞ্চবার্ষিকী পরিকল্পনার মাধ্যমে সম্পূর্ণ করে উঠতে পারিনি তাতে অন্যায় করতে পেরেছি বলে মনে করিনা, অন্যায় করেছি বলে ধারণা করার কোন কারণ নেই। একথা আজ প্রত্যেকের সামনে স্পষ্ট হয়ে উঠেছে—ত্রুটি-বিচ্যুতি থাকতে পারে, ভুল-চুক থাকতে পারে, এই ত্রুটি-বিচ্যুতি এবং ভুল-চুককে ভিত্তি করে আলোচনা সমালোচনার মাধ্যমে তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার খসড়াকে নস্যাৎ করে দেবার জন্য যারা চেষ্টা করছেন দুর্ভাগ্যবশতঃ আমি তাদের সঙ্গে একমত হতে পারছি না। পারছিনা এইজন্য যে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার পরিসমাপ্তি এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রায় পরিসমাপ্তির যুগে শিল্পোন্নয়নের মাধ্যমে উৎপাদন যেভাবে বেড়েছে আমি মনে করি তাতে নিরাশ হওয়ার কোন কারণ নেই। আমি এও মনে করি যে দ্রুতগতিতে এগিয়ে যাবার প্রচেষ্টা নিশ্চয়ই আমাদের আছে এবং দ্রুতগতিতে এগিয়ে যাবার প্রচেষ্টায় যা কিছু করণীয় তা নিশ্চয়ই আমাদের করতে হবে। কালকে শুনলাম আমাদের এই পরিকল্পনাকে চীনের সঙ্গে তুলনা করে বিচার করলেন বিরোধী দলের দলপতি। তিনি একটা fundamental বুনিয়াদের কথা ভুলে গেছেন। আমরা আজ গনতন্ত্রকে স্বীকৃতি দিয়ে রেখেছি, চীনের মত গনতন্ত্রকে আমরা হত্যা করিনি। আমরা একথা বলিনা যে যারা এই রাজত্বের, সাম্রাজ্যের বিরুদ্ধে কথা বলবে পরের দিন তাদের মাথা থাকবে না। গণতন্ত্রকে বিশ্বাস করি বলেই এই বিধান সভার অন্যতম সদস্য শ্রীসত্যেন্দ্র নাথ মজুমদার মহাশয় ভারতবর্ষের প্রধান মন্ত্রী পণ্ডিত জহরলাল নেহরুকে মিথ্যাবাদী বলে আজও অক্ষত শরীরে ঘুরে বেড়াচ্ছেন। এখানে যদি Russian Brand of Socialism থাকত তাহলে শ্রীসত্যেন্দ্রনাথ মজুমদার মহাশয় পরের দিন অক্ষত শরীরে ঘুরে বেড়াতে পারতেন কিনা চিন্তা করা দরকার।

[11-20—11-30 p.m.]

আমি তাই মনে করি যে আমাদের সমস্যা যে হারে বেড়েছে, জনসংখ্যা যে হারে বেড়েছে—তাতে সমস্যার বাড়তি ও জনসংখ্যার বাড়তির সঙ্গে একটা সামঞ্জস্য রেখে আর্থিক সঙ্গতিকে দৃষ্টির আওতার মধ্যে রেখে দিয়ে সাধ্যসাধনাকে এক জায়গায় একত্রিত করে যদি নূতনভাবে দেশকে অগ্রসর করে নিয়ে,যাবার জন্য আমাদের দেশের সামনে যে পরিকল্পনা উপস্থিত করেছি, তাতে অন্যায় করেছি বলে আমি মনে করি না। গণতান্ত্রিক পদ্ধতিতে এর স্বীকৃতি আছে, সুযোগ আছে। তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় আমরা আদৌ একথা বলিনি—বলার কোন কারণও ঘটেনি যে এই পঞ্চবার্ষিক পরিকল্পনায় সমাপ্তির শেষে কোন সমস্যা থাকবে না, সমস্যা এর পরেও থাকতে পারে। কারণ সমস্যা আছে বলেই এই পরিকল্পনা। এই তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা ভারতের শেষ পরিকল্পনা নয়, এর পরে চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ পরিকল্পনাও চীনের মত আসতে পারে। চীনের প্রধান মন্ত্রী চৌ-এন-লাই বলেছেন কুড়ি বছর লাগবে সমস্যার সমাধান করতে। যে দেশে গণতন্ত্রের অস্তিত্ব নাই—যে দেশে ঐ মাও-সে-তুং যখনি চীনের উপর একদিন ভূস্বামীর মত হয়ে বসেছিলেন, সেই মাও-সে-তুং—তাকে একথা বলতে হয়েছে যে, কুড়ি বছরের মধ্য দিয়ে প্ল্যানিং করতে হবে। আজকে চীন ও ভারতবর্ষের তুলনামূলক বিচারের মাধ্যমে যদি চিন্তা করতে হয়—তাহলে তাকে দুর্ভাগ্যই বলতে হবে। কাল থেকে শুনছি—big leap,—বিরাট জিদে লাফ দেবার কথা যারা বলছেন,—তাঁরা কারা? যাঁরা আমাদের দেশকে চেনেন কিনা সন্দেহ; যারা আমাদের দেশ সম্বন্ধে কোন জ্ঞান রেখেছেন কিনা সন্দেহ আছে। চীনের অত্যন্ত খাদ্য-শস্য বাড়তি হয়ে গেছে, চীনের বেকার সমস্যা মিটে গেছে, সেখানে কোন বিষয়ে অশান্তির কারণ নাই, দুঃখঃকষ্ট কিছুই নাই,—একথা যাঁরা বোঝাতে চেষ্টা করছেন, তাঁদের কাছে একটা জিনিস নিশ্চয়ই জিজ্ঞাস্য—দিন কতক আগে দেখেছিলাম—চীনে নাকি আবার দুর্ভিক্ষ দেখা দিয়েছে। প্লানিংএর মাধ্যমে দুর্ভিক্ষ যদি দেখা দেয়—আমি মনে করি এই তের বছরের কংগ্রেস রাজত্বে আমরা কোন অপরাধ করিনি, যারজন্য চীনের সঙ্গে সমান অপরাধী হয়ে আমাদের কাঠগড়ায় দাঁড়াতে হবে। চীনকে আমরা ঘৃণা করিনা—চীনের সঙ্গে আমাদের বিবাদ সীমানা নিয়ে থাকতে পারে। ঘৃণা আমরা তাদের করি—যারা দেশের প্রতি আনুগত্য রাখতে জানেনা, ঘৃণা আমরা তাদের করি যারা আমাদের দেশের মাটীতে জন্মিয়া, অন্য দেশের আবহাওয়ায় মানুষ হয়ে, অন্য দেশের জন্য ঢাক পিটিয়ে দেশের মানুষের মধ্যে নিরাশা ও হতাশা প্রচার করবার চেষ্টা করে, নিঃসন্দেহে তারা দেশদ্রোহী নূতনভাবে দেশ যখন এগিয়ে এগিয়ে যাবার মুখে চলেছে—গণতান্ত্রিক পদ্ধতিতে নূতনভাবে দেশকে তৈরী করবার চেষ্টা যখন আমরা করছি, তখন সে কাজে আমরা প্রত্যেকের সহযোগিতা চাই, প্রত্যেকের আশীর্বাদ চাই। চল্লিশ কোটী জনসাধারণের কাছে আমরা বলেছি বারে বারে পরিকল্পনাকে সম্যকভাবে চিন্তা করুন, আলোচনা করুন, বুঝুন এবং এই পরিকল্পনা জনসাধারণের পরিকল্পনা বলে গ্রহণ করুন, তাহলে নতুন দেশ আমরা গড়ে তুলতে পারবো। কাদের সাহায্যে দেশ গড়বো? ফিডেল ক্যাস্ট্রোর কথা শুনছিলাম কিছুক্ষণ আগে,—রুমানিয়া, হাঙ্গেরীর কথা না হয় বাদই দিলাম, তিব্বতের কথা বাদই দিলাম, না হয় বাদ দিলাম Russian brand of socialism এর কথা। কালকে যে সম্বন্ধে নানারকম স্তুতিবাক্য এখানে শুনতে পেলাম। ৪৩ বছরের Russian brand of socialism আজও কি তাদের wheat দিতে ত পারছে না: ক্রুশ্চেভ তার দেশের লোককে বিষ খাইয়ে মারছে। ৪৩ বছরের Russian brand of socialism আজও তাদের বাসস্থানের সমস্যার সমাধান করতে পারছে না...। আজ আমরা চেষ্টা করছি গণতান্ত্রিক পদ্ধতিতে নূতন জিনিস দেশের লোকের সামনে তুলে ধরতে। আজ প্রত্যেকের কাছে এই পরিকল্পনা উপস্থিত করে জানাতে চাই, অনুরোধ করতে চাই যে গণতান্ত্রিক পদ্ধতিতে একটা নূতন জিনিস experiment করছি। আমাদের এই experimental stage-এ কিছু ভুলভ্রান্তি, ত্রুটীবিচ্যুতি থাকতে পারে।

তারজন্য চরম শাস্তি যদি জনসাধারণের কাছ থেকে আসে, তাহলে আমরা নিশ্চয়ই তা মাথা পেতে নেব। আজকে যাঁরা দায়িত্বপূর্ণ পদে আছে, আজকে যাঁদের দেশের লোক বিশ্বাস করে এখানে বসিয়ে দিয়েছেন, সেই আমরা যদি আজ এখানে দেশের বিশ্বাসঘাতকতার কোন কাজ করি,—জনসাধারণের স্বার্থের বিরুদ্ধে কোন কাজ করি, নিশ্চয়ই আমরা চরম শাস্তি মাথায় নিয়ে বেরিয়ে যাব। যারা বাংলাদেশে জন্মায়, ইংল্যাণ্ডে শিক্ষা গ্রহণ করে,—যাদের এক প্রাণ রাশিয়ায়, এক প্রাণ চায়নায়, যাঁরা বিদেশী শক্তির কাছে মাথা বিক্রী করে এই পঞ্চবার্ষিক পরিকল্পনা সম্বন্ধে আলোচনা করেন, তাঁরা যে এই দেশ সম্বন্ধে চিন্তা করবেন—একথা আমাদের মেনে নিয়ে চলে যেতে হবে? জনসাধারণের আদালতে এর বিচার হবার দরকার আছে। ওঁরা কথায় কথায় রাশিয়ার কথা জানান। আজ তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় জনসাধারণের আশা আকাঙ্ক্ষা পূরণ করে দেবার দাবী না থাকলেও সমস্ত জাতিকে দ্রুত-পায়ে এগিয়ে নিয়ে যাবার প্রচেষ্টা ৪০ কোটি নরনারীর সমস্যাজর্জরিত দেশে যদি থেকে থাকে, তাহলে নিশ্চয়ই আমরা প্রত্যেকের সহযোগিতা ও সমর্থন এ ব্যাপারে পাব।

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা সম্বন্ধে এঁরা বলেছেন—দেশের কোন অগ্রগতি হয় নাই, দেশ এগিয়ে যাচ্ছে না। তাঁদের কাছে শুধু এইটুকু অনুরোধ তাঁরা দেশের পরিধিকে চিনুন, দেশের ভূগোল ইতিহাসকে একটু জানবার চেষ্টা করুন। কলিকাতা ও তার শিল্পাঞ্চল নিয়েই শুধু ভারতবর্ষ নয়, বাংলা দেশ ও নয়—, বাংলাদেশ কলিকাতা এবং তার শিল্পাঞ্চলের বাইরেও রয়েছে। নতুন দেশের, নতুন চেহারা—যদি তাঁরা না দেখে থাকেন, তাহলে একটু দেখবার চেষ্টা করুন। সাড়ে ছ'আনার বই পড়ে বাংলা দেশকে চেনা যাবে না—; তাকে চিনতে হলে মাটীকে আকড়ে ধরতে হবে, সেই মাটীকে মাথায় লাগাতে হবে, তাকে প্রনাম করতে হবে, জানতে হবে। এর সমস্যা কোথায়? তা জানতে হবে এবং সেই সমস্যাকে দূর করবার চেষ্টা করতে হবে।

ভূমি দাসের কথা শুনতে শুনতে হঠাৎ মনে হলো—রাশিয়ার কোন বই থেকে তার বাংলা অনুবাদ করে বুঝিয়ে দেবার চেষ্টা করলেন নাকি! আমাদের দেশে এখনো দাস রেখে দিয়েছি। এই দাসত্বের বিরুদ্ধে আমরা সংগ্রাম করেছি। দাসত্বের বিরুদ্ধে আপনাদের প্রত্যেকের সহযোগিতা ও সহানুভূতির দ্বারা আমরা এই দাস প্রথাকে শেষ করতে পেরেছি। এই পরিকল্পনার মাধ্যমে দাসত্ব প্রথা আমাদের দেশে আবার ফিরে আসবে—একথা যারা দাড়িয়ে বলেন—, নিশ্চয়ই হয় তাঁরা বিকৃত মস্তিষ্ক, না হয় তাঁরা সুস্থ মানুষ নয়। হয় তাঁদের রাঁচী পাঠাতে হয়, না হয় অন্য কোন ব্যবস্থা তাদের জন্য করবার দরকার আছে। চীনের দালাল আমি বলব না—সেটা অত্যন্ত এলার্জিক। আরো শুনেছি তাঁরা রাশিয়ার কথা বললে ভয়ানক ভড়কে উঠতেন। আর এখন চীনের কথায় তাঁরা ভড়কে উঠছেন। ভেবেছিলাম আমাদের দেশের সীমারেখার বাইরে যাঁরা আছেন, তাদের একটা দেশের কাছে আনুগত্য স্বীকার করবার পরে, নিশ্চয়ই তাঁরা আমার দেশের কাছে আনুগত্য অস্বীকার করেন নাই।

তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা সম্বন্ধে শুধু বক্তব্য এই—ন্যাশানালাইজেশন সম্বন্ধে কথা একটু আগে এখানে শুনেছিলাম। ন্যাশানালাইজেশন-এর সিদ্ধান্ত আমরা প্রত্যেকে স্বীকার করে নিয়েছি। ন্যাশানালাইজেসন-এর মাধ্যমে দেশকে আমরা এগিয়ে নিয়ে যেতে পারবো বলে মনে করি। কিন্তু আজকে আরো এক সমস্যা রয়ে গেছে। সেই সমস্যা সমাধানে আমাদের যা আবশ্যকতা, যে সম্পদ, সামর্থ্য ও শক্তি আছে, তা দেশকে গড়ে তোলবার কাজে যেন আমরা লাগাই। আজকে দেশের জনসাধারণকে বিভ্রান্ত করে ভুল কথা বুঝিয়ে পরিকল্পনায় সাহায্য করবেন না, কংগ্রেস গভর্ণমেণ্ট আপনাদের ভাল করতে পারে না—, এই পরিকল্পনা বর্তমানে দেশের কল্যাণ করতে পারে না ইত্যাদি শ্লোগান মুহুর্মুহু চীৎকার করে দেশকে, দেশের অগ্রগতিকে রোধ করা যাবে না। এই দেশ কি আমাদের দেশ নয়? ওঁদের দেশের একজন নেতার কথা উদ্ধৃত করে আমি শেষ করবো।

কলিকাতায় এসে ক্রুশ্চেভ বলে গিয়েছিলেন—গজরাজ এগিয়ে যাবে, কুকুর ঘেউ ঘেউ করতে থাকুক। এই তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার মুখে দাড়িয়ে যাঁরা আজকে ঘেউ ঘেউ করতে আরম্ভ করেছে, নিশ্চয়ই তাঁদের কাছে অনুরোধ—তাঁরা ক্রুশ্চেভের কথা মানুন। যারা আপনাদের দেশ থেকে এসে আমাদের দেশে বলে গিয়েছেন—, তাঁদের কথা মানুন, আমাদের অগ্রগতিকে সাহায্য করুন।

Shri Phakir Chandra Roy : মাননীয় স্পীকার মহাশয়, প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা শেষ হল, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা শেষ হতে চললো। কিন্তু এই পরিকল্পনা করবার জন্য যে ব্যবস্থার মাধ্যমে তথ্য সংগ্রহ করা হয়, সেই ব্যবস্থায় কোন পরিবর্তন হল না। বলা হয়েছে যে District Development Council যে সমস্ত তথ্য সরবরাহ করেন ;সেই সমস্ত তথ্যের উপর ভিত্তি করে এই খসড়া রচিত হয়েছে। District Development Council যে সমস্ত কাজ করেন, সেগুলি ঐ তথ্যের উপর নির্ভর করেই করেন। তাছাড়া Block Advisory কমিটি হয়েছে —এই সব Advisory কমিটি পরামর্শ নিয়ে এবং আর এক দিকে ইউনিয়ন বোড থেকে যে সমস্ত তথ্য supply করা হয়, তাদের উপর নির্ভর করে কাজ করা হয়। ব্লক এ্যাড্ভাইসারী কমিটির তথ্য, এবং ইউনিয়ন বোর্ডের মারফৎ যে তথ্য, এই দুটি তথ্যের উপর নির্ভর করে District Development Council কাজ করেন। কিন্তু ইউনিয়ন বোর্ড বা ব্লক এডভাইসারী কমিটি কি ভাবে, কি চেহারায় এই সমস্ত তথ্য সংগ্রহ করেন তার সমগ্র ছবি নেই—যেমন ডিষ্ট্রিক্ট ডেভালপমেণ্ট কাউন্সিলের দ্বারা কোন ইউনিয়ন বোর্ড বা ব্লক এলাকায় কয়টা ইরিগেশন প্রজেক্ট completed হয়েছে তা সঠিক জানবার উপায় নেই। ব্লক এলাকায় তথ্য সংগ্রহের যেটুকু ব্যবস্থা আছে ইউনিয়ন বোর্ডের তাও নেই। এখানে আরও সুব্যবস্থা হওয়া দরকার। এবং তথ্য সংগ্রহের সম্যক চিত্র জ্ঞাপন করা উচিত।

[11-30—11-40 a.m.]

Development Council-এ নাই Block Advisory Council এ নাই, ইউনিয়ন বোর্ডে নাই। তাহলে এই fact আসে কি করে? আন্দাজে? Union Board বললেন অমুক জায়গায়, অমুক গ্রামে একটা minor irrigation project হবে, অমুক জায়গায় একটা রাস্তা হবে, Health Centre হবে। তার কথা বলতে হবে, Sub-divisional Council এ, যাচাই না করে, সম্যক চিত্র না দেখে। এইভাবেই কি অঞ্চলে, কি Block Advisory Committeeতে কি District Development Councilএ সর্বত্র কাজ হয়ে থাকে ; তাহলে যে তথ্যের উপর রাজ্যের পরিকল্পনা রচনা করা হয় সেই তথ্য সংগ্রহের ব্যবস্থা যদি এত ত্রুটিপূর্ণ হয়, তাহলে সমস্ত ব্যবস্থাই ত্রুটিপূর্ণ হবে একথা বলা নিশ্চয়ই অত্যুক্তি হবে না।

তারপর ডাঃ রায় তাঁর বাজেট বক্তৃতায় বলে এসেছেন যে তাদের যে Budget তাঁরা Submit করে আসছেন তা হচ্ছে under over all control of estimates of planed economy. কিন্তু সরকারী বিভিন্ন বিভাগ বিভিন্ন জায়গায় যা আছে, যে কাজ করছে সেই কাজের মধ্যে কোন সমন্বয় দেখতে পাই না; Union Boardএ দেখিনা, অঞ্চলে দেখতে পাইনা—District Development Council-এও দেখতে পাইনা—কিন্তু আমরা জানি বিভিন্ন বিভাগের ভিতর যদি co-ordination থাকে, co-operation থাকে, তাহলে যে টাকা খরচ হয়, যে Economic Resource আছে, manpower আছে, তা দিয়ে ঢের বেশী কাজ পাওয়া যেতে পারে। আমি উদাহরণ স্বরূপ, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বলতে চাচ্ছি, জল সরবরাহের ব্যবস্থার কথা। এখানে R. W. S. আছে, District Board আছে, Union Board আছে, তারপর Adhoc ব্যবস্থাও আছে। যদি একটা State Level-এ District Level এ Union বা অঞ্চল Level-এ

এই সম্পর্কে কাজ করার একটি মাত্র ব্যবস্থা থাকে তাহলে যে টাকা খরচ হয় সেই টাকায় water supply এর আরও ব্যবস্থা হয়ে যায়, বেশী করা যায়। Irrigation Project major এবং minor, কিছু কিছু সেচবিভাগ থেকে হচ্ছে, কৃষিবিভাগ থেকেও কিছু কিছু হচ্ছে। কৃষি এবং সেচবিভাগ যদি Co-ordination করে কাজ করেন তাহলে অন্ততঃ এর চেয়ে result বেশী পাওয়া যেতে পারে। এমন কোন অঞ্চল আমরা দেখতে পাইনা যেখানে সুসমঞ্জস উন্নয়ন হয়েছে!

তারপর আর একটি বিষয় যেটা সবচেয়ে বলা প্রয়োজন সেটা হল কলকাতার আসেপাশে, দুর্গাপুরে এবং আসানসোলে শিল্পায়ন কিছু কিছু হয়েছে। কিন্তু সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে শিল্পায়ন হওয়া দরকার। যেখানে শিল্পায়নের possibility আছে সেখানে বৃহৎ শিল্প, ভারী শিল্প গড়ে তোলা দরকার কিন্তু সেরকম কোন ব্যবস্থা খসড়ায় দেখতে পাচ্ছি না। আর এক কথা: Town Planning এর কথা শুনতে পাচ্ছি। কদিন আগে যেসব নূতন জায়গায় সহর গড়ে উঠেছে সেখানে Town authority create করার জন্য আইন পাশ হয়েছে।

অন্যান্য state-এ আমরা দেখতে পাচ্ছি যে, town planning এর জন্য ব্যবস্থা করা হয়েছে। অন্যান্য state-এ যখন town planning এর ব্যবস্থা হচ্ছে তখন আমাদের এখানে শুধু হাওড়ায় যাতে Improvement Trust হয় তার ব্যবস্থা করা হয়েছে এবং আমরা দেখছি যে কলকাতা সহরেও তার অনেক পূর্ব থেকে Improvement trust এর ব্যবস্থা করা হয়েছে। কিন্তু অন্যান্য state যে কাজ করতে পারে আমাদের দেশে কেন তা হবে না? সেইজন্য আমার মনে হচ্ছে এই plan দেখে যে, সারা পশ্চিমবঙ্গের যে সামগ্রিক চিত্র, সেই চিত্র প্ল্যানারদের কাছে নেই। এবং আর একটা কথা হচ্ছে যে work এবং execution work এবং execution এর ভিতরেও বিরাট gap আছে। সেই gap এর কথা আমি এখানে বলছি। বর্ধমান জেলায় দুইটি রাস্তা first plan এ আরম্ভ হয় কিন্তু এখন পর্যন্ত তার earth work শেষ হল না। কেন শেষ হল না? কারণ সেখানে দু'একজন লোকের জমি যা acquisition করা হয়েছিল, তারা High Court থেকে injunction জারী করিয়েছে। এবং সেই injunction পাবার জন্য department নাকি কাজ করতে পারেনি। এখানে একথা স্বীকার করতেই হবে যে, আমাদের গণতান্ত্রিক দেশে যদি কেউ Court এর আশ্রয় নেয় তাহলে সংশ্লিষ্ট কাজ নিশ্চয় স্থগিত রাখতে হবে। কিন্তু মনে প্রশ্ন জাগে যে এই plan Parliamentary democracy-র সঙ্গে খাপ খায় কি না?

Shri Sunil Das: মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আমি আমার এই অল্প সময়ের ভিতর সাধারণভাবে এই পরিকল্পনা সম্পর্কে কয়েকটি কথা বলছি। এখানে পর পর দুইটি পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষ হতে চলেছে এবং তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার খসড়া নিয়ে এখানে আলোচনা করছি। কিন্তু সবচেয়ে আশ্চর্যের বিষয় এই পরিকল্পনা আমরা কোন background এর উপর, কোন পশ্চাৎপট ভিত্তিতে আলোচনা করছি সেটা আমাদের কাছে এখনও অস্পষ্ট রয়ে গিয়েছে। এই পশ্চাৎপট-এর ভিত্তিতে যদি এই পরিকল্পনা আলোচনা না করি এবং যদি এর backgroundএ এই পরিকল্পনার মূল্যায়নের চেষ্টা না করি তাহলে এই পরিকল্পনা শুধু ব্যর্থই হবে না, পরিকল্পনার জন্য—যে অর্থ ব্যয় হবে সেটা অপব্যয় হবার সম্ভাবনা আছে। ডেপুটী স্পীকার মহাশয়, আমার প্রথম কথা হল, পশ্চিমবঙ্গের জাতীয় আয়, State of income in West Bengal, তার কি ধারণা আমাদের পশ্চিমবঙ্গ সরকারের রয়েছে এবং সে সম্পর্কে যদি তাদের হিসাব থেকে থাকে, তার pattern সম্পর্কে যদি তাদের কোন তথ্য থেকে থাকে তাহলে সেই তথ্য কি? সেই তথ্যের পরিপ্রেক্ষিতেই এই পরিকল্পনা করতে হবে। আমি যতদূর জানি State Statistical Bureau একবার দুর্বল চেষ্টা করেছিল পশ্চিমবঙ্গের State Income হিসাব করবার জন্য। এবং ১৯৪৮-১৯৪৯ সাল থেকে ১৯৫০-১৯৫১ সাল পর্যন্ত ও এই ধরণের হিসাব রচনা করেছিল। এই ধরণের হিসাব যদি আমরা পাই তাহলে আমরা বুঝবো

population এবং কো sector-এ by the fund spent এর রোজগার, অর্থ উপার্জন বৃদ্ধি করা প্রয়োজন এবং পশ্চিমবঙ্গে কোন্ অঞ্চলে কোন্ রকম উন্নয়ন করা প্রয়োজন। সেদিক থেকে মূল্যায়ন মোটেই নেই। পরিকল্পনার মূল্যায়ন হচ্ছে কত অর্থ ব্যয় হবে। এবং এই পটভিত্তিতে মূল্যায়ণ করা হলে তা অপচয় হবার গুরুতর সম্ভাবনা আছে। ১৯৫১ সালে, অর্থাৎ প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার সুরুতে West Bengal এর national income এর pattern পশ্চিমবঙ্গ সরকার নির্দ্ধারণ করবার চেষ্টা করেছেন। তাতে দেখতে পাচ্ছি যে ১৮০ কোটী টাকা, অর্থাৎ গড়ে ১০০ কোটী টাকা পশ্চিমবঙ্গে জাতীয় আয় ছিল প্রথম পরিকল্পনার সুরুতে।

[11-40—11-50 a. m.]

এবং তার ভিতর আমরা দেখতে পাচ্ছি কৃষি থেকে তার শতকরা ৩০ আহরিত ও অর্জিত হচ্ছে—এই ১০০ কোটীর ভিতর 30 percent agricultural. sector থেকে আমরা সংগ্রহ করছি। অবশ্য এই income পশ্চিমবাংলার ভিতর যে সমস্ত productive system রয়েছে তাদের আয় থেকে হিসাব করা হয়েছে। কিন্তু এটা ও এখানে দেখতে হবে যে, পশ্চিমবাংলার জনসংখ্যার শতকরা ৫৭ ভাগ এই আয়ের উপর নির্ভরশীল। এটা হল প্রথম পরিকল্পনার সুরুতে, এই হিসাব আমরা দেখছি। আরো দেখছি যে, large industry তে 15·35 percent. large industry থেকে অর্জিত ও সংগৃহীত হচ্ছে, small industry থেকে মাত্র 4 72 percent. অথচ small industry তে emplyment patential প্রচুর, লক্ষ লক্ষ লোক এই small industry র উপর নির্ভরশীল। কিন্তু এই industryর emplyment patential সীমাহীন নয়। আমার পূর্ববর্তী বক্তা ডাঃ রণেন সেন বলেছেন কিভাবে আজকে কুটীরশিল্পের employment patential কমে গিয়েছে। সেই সীমাবদ্ধ employment paticntial ভিত্ত এ আপনারা retrenchment নীতি করে দিয়েছেন। এখানে এটা দেখবার বিষয় যে, large industry থেকে পশ্চিমবাংলার সারা ভারতবর্ষের 8 percent. national income generate করা সত্বেও তার বেশীর ভাগ বাইরে চলে যাচ্ছে; সারা ভারতবর্ষের 7 percent. population পশ্চিমবাংলায় রয়েছে, এবং আমরা দেখতে পাচ্ছি যে, এই 7 per cent population যা পশ্চিম বাংলায় রয়েছে, তার 57 percent. ঐ 30 percent. উপর নির্ভরশীল। Large industry থেকে যা আয় হয় তার বেশীর ভাগ বাইরে চলে যাচ্ছে, এবং small scale industry থেকে যা আয় হচ্ছে সেটা বাইরের আয়ের তুলনায় মাত্র 5 percent. অথচ এই small industry তে পশ্চিমবাংলার বহু লোক নির্ভরশীল। এই pattern এর ভিত্তিতে আমাদের পরিকল্পনাগুলি রচিত হচ্ছে। এখন নূতন কি হচ্ছে? National Income অবস্থা কি? পশ্চিমবাংলার বিভিন্ন Sectorএ আজ national income এর কি অবস্থা হয়েছে তার মূল্যবান যদি এঁরা করতেন তাহলে আমরা বলতে পারতাম প্ল্যান করে কিছু টাকা লাভ হয়েছে, উপকার হয়েছে,—কোন section এ, কোন reasonএ কি উপকার হচ্ছে আমরা সে সম্বন্ধে নিশ্চিন্ত ধারণা করতে পারতাম। স্যার ডেপুটী স্পীকার মহাশয়, আমরা দেখছি যে, যদিও এই plan এর postulation হচ্ছে আমাদের standard of living বাড়বে ইত্যাদি তাহলেও আমাদের real income কমে গিয়েছে এবং টাকার দর গত পাঁচ বছরে 35 percent. কমে গিয়েছে। গত বৎসর আমরা দেখেছিলাম Reserve Bank of India একথা স্বীকার করেছিলেন proportion national income ২॥০ পারসেন্ট বাড়া সত্বেও টাকার দর ১৯৫০-৫২ থেকে ১৯৫৮-৫৯ সালে বছরে 3 percent. কমে গিয়েছে। এই কয় বছরে একজন ব্যক্তির ক্রয়ক্ষমতা 1 per cent প্রতি বৎসর কমে যাচ্ছে। Purchasing power প্রতি মানুষের কমে যাচ্ছে। National Income এর দিক থেকে এই প্ল্যান থেকে এই উপকার আমরা পাচ্ছি। তারপর দেখছি population 2 percent. করে

বাড়ছে, monthy supply এই সঙ্গে standard of living এর কোন কম্পার্ক বা সমতা, অর্থাৎ propotion and income এর সমতা থাকছে না। এভাবে purchasing power কমে যাচ্ছে মানুষের। employment potencial সম্পর্কে আমি বেশী কিছু বলব না। গতবৎসর নন্দসাহেব Central Employment Committee তে যে কথা বলেছেন তা অত্যন্ত গুরুতর কথা—educated unemployed এর সংখ্যা বাড়ছে। সুতরাং এমনভাবে educational pattern ধরুন যাতে প্রয়োজনানুযায়ী জোগান হতে পারে, বেশী জোগান যাতে না হয়, অর্থাৎ educated unemployed আছে একথা বলা না যায়। প্রায় ৫৫ হাজার কোটী টাকা ব্যয়িত হবার পর employment সম্বন্ধে আমরা কোথায় আছি সেটাই কেন্দ্রীয় মন্ত্রী নন্দসাহেব নির্বিচারে ও স্পষ্টভাবে বলেছেন।

তারপর resources সম্পর্কে একটা কথা মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করি এই বৎসর ১২ই October তারিখে আমরা একটা সংবাদ দেখেছিলাম—we must resort to other. Sources to raise additional resourses. এর অর্থ কি? আজকে পশ্চিম বাংলায় যে private company আছে, বাইরের যে সব company আছে তাদের equity capitalএ share দেওয়ার দেবার জন্য যদি তাদের উপর একটা conselling interest পশ্চিম বাংলায় নেন—কারণ তাতে আমাদের পশ্চিম বাংলায় স্বার্থ আছে—তাহলে তার একটা অর্থ আমরা বুঝতে পারি। মোট কথা হচ্ছে, এই additional resourses এবং other sourses সম্পর্কে আমাদের একটা স্পষ্ট ধারণা থাকা দরকার, কারণ ট্যাক্স বসান চলবে না। গত কাল এখানে মন্ত্রী মহাশয় বলেছেন পশ্চিম বাংলায় incidence of taxation highest, tax বসান চলবে না। 92nd Reportএ Estimates Committee যে কথা বলেছেন—যা taxationএর বোঝা আছে তাতে additional resourses সংগৃহীত হলেও,—তার ৢ nonplanned expenditure হয়ে গিয়েছে—১০৪৫ কোটি টাকা উঠেছে, তার মধ্যে মাত্র ৪৩২ কোটি টাকা planএ গিয়েছে, মানুষ কোটি টাকা দেবে? প্ল্যানের নামে টাকা সংগ্রহ করে planএর বাইরে যদি খরচ করা হয় তাহলে মানুষ কেন টাকা দেবে? তাছাড়া দেবেই বা কোথা থেকে? সেজন্য natural incomeএর pattern সম্পর্কে আমরা বলি যাদের income বেশী তাদের উপর ট্যাক্স চাপান। 1951-56এ direct taxation ছিল ৩০ কোটি ৪০ লক্ষ টাকা, indirect taxation ২১৮ কোটি টাকা; 1956-59এ direct taxation কিছুটা কমে গেল, কমে গিয়েছিল 53·7 crores of rupees, indirect taxation বেড়ে এল 398·6 crores. কিন্তু এই যে কমে গেল, এটা কমে গেল কাদের জন্য—যারা বোঝা বহন করতে পারে ট্যাক্সের বোঝা তাদের পক্ষে কমে গেল—এবং indirect taxation যারে বহন করার ক্ষমতা সব চেয়ে কম তাদেরই উপর বেশী করে চাপান,—excise import—and that in most easy for indirect taxation. মুখ্যমন্ত্রী এখানে বলেছেন, এই ৫ বৎসরে indirect taxationএর বোঝা চাপাবেন না—এবং যদি চাপাতে হয় তাহলে যারা বহন করতে পারে তাদের উপরই চাপাবেন। তিনি বলেছেন পশ্চিম বাংলায় জনসাধারণকে এভাবে রেহাই দেবেন। আজকে পশ্চিম বাংলায় ১৯৬০ সালের 1st March পর্যন্ত ২৭৩ কোটি টাকা debts রয়েছে। তারপর savingsএর কথা। 11 percent. savings করতে হবে; 1954-55এ 6·6 percent. savings ছিল, এখন জবরদস্তি করে savings করতে হবে। দেশের নানাবিধ প্রচেষ্টা সংকুচিত করে Compulsory Savings করতে হবে, জবরদস্তি করে জনসাধারণের অর্থ অপহরণ করে এই savings করতে হবে।

মিঃ ডেপুটি স্পীকার মহাশয়, দুর্গাপুর সম্বন্ধে একটা কথা বলেই আমার বক্তব্য শেষ করব। আমি দেখছি Krebs Scheme সম্বন্ধে একটি সর্ত করেছেন, ভালকথা; যদি সেই সর্ত ভঙ্গ না হয় এটা ভাল কথা—it is a slip in the right direction. Third Five Year Plan-এ

সেটা senction হয়ে গিয়েছে, license পেয়েছেন কেমন কোন coke over bye products procuring করবার জন্য। Coke over plant এর Coke যদি ভাল করে বিক্রী হয় ভাল। আমি বলব, যেসমস্ত by products পাওয়া যায়, যেমন tar distillation, benzous processing dyes stuff, plastic এসবের জন্য procuring licence পেয়েছেন?

[11-50—12 noon]

আমরা জানি ভারত সরকারের ভিতর কিছু কিছু স্বার্থসম্পন্ন লোক আছেন যারা পশ্চিম বাংলাকে ডিপ্রাইভ করবার জন্য পশ্চিম বাংলার স্বার্থের বিরুদ্ধাচরণ করে বোম্বের স্বপক্ষে কাজ করছেন। কাজেই আমি মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই যে, প্রোসেসিং লাইসেন্স আমরা কয়টা পেয়েছি এবং বোম্বে কয়টা পেয়েছে বা সবক'টাই আমরা পাব কিনা? শুধু তাই নয়, তাঁর কাছে আমার আরও জিজ্ঞাস্য রয়েছে যে, পশ্চিম বাংলার দুর্গাপুর অঞ্চলে কেমিক্যাল ইণ্ডাষ্ট্রি তে যে বিরাট সম্ভাবনা রয়েছে এবং সেই সব কেমিক্যাল ইণ্ডাষ্ট্রি-তে ৫০।৬০ হাজার পশ্চিমবাংলাবাসী যুবকদের কর্মসংস্থানের যে কথা আছে সেটা হবে কিনা, না স্বার্থসংশ্লিষ্ট লোকের দ্বারা বাধাপ্রাপ্ত হয়ে পশ্চিমবাংলার স্বার্থের হানি হবে? আশা করি মুখ্যমন্ত্রী মহাশয় আমার এই প্রশ্নগুলির সদুত্তর দেবেন।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I am happy that this matter, the Third Plan, came before the House and members were able to express their individual views on the plan. There is no doubt whatsoever in my mind that everybody admits that the State must go ahead, and in order to go ahead there must be some plan whatever difference of opinion there might be as to the contents of the Plan. There is also unanimity of opinion that whatever achievement has been made uptill now and whatever provision has been made for the Third Five Year Plan there is still a great deal more to be achieved so far as West Bengal is concerned. I am personally not much interested in what is happening in China. There is a report of leap-forward and jump-forward accompained by the formation of communes. That is a system which is not known in this State or in this country. Therefore, I am not interested in what they have been able to do. We congratulate them that they have been able to do a lot. We are also trying to emulate that.

There have been several pointis raised in the course of the debate to which I would like to refer. First of all, the question is how this plan evolved? The plan was evolved after consulting the planning bodies at the district level and at the block level In certain cases even bodies like the Panchayats have been consulted. As a matter of fact I may tell you that when we got the figures from different areas and collected them together, the total amount of need of the country was nearly over 500 crores. As this was not possible to include in our Plan we had to cut it down. Even so, we kept three points mainly before our view-point. One is the increased production of food. As I have said before, we have put in about 68 crores for agriculture and food production as against 7 and 8 crores in the Second Five Year Plan. We have also increased the availability or allotment for education from Rs. 20 crores to 40 crores, because we feel that in the Third Five-Year Plan we should make a solid attempt to include all children between the age-group 6 to 11 under educational scheme. Also we have provided elaborately for power for this area in order that power might be utilised for the purpose of small and big industries which will help in reducing unemployment in different places.

Sir, I shall deal with it presently. It has been suggested that the national income has risen only by 1·53 percent. per year in the second plan period. I think there is some mistake somewhere. According to the draft third year plan, page 17, it is stated by the Planning Commission that "the increase in national income over the second plan period is expected to be about 20 percent. Over the ten years, 1951-61, national income (at constant prices) will have increased by about 42 per cent. per capita income by about 20 percent. and per capita consumption by about 16 percent." Sir, it has been suggested that the prices are continualiy soaring and there is no definite price policy. That again is not correct. I remember to have called three conferences over the price policy. The Planning Commission has said that the level of price was 20 per cent. above the level at the commencement of the second plan and they have stated on page 45 that "it is essential to ensure that for the third plan period a suitable price policy is formulated and carried out". A small committee has been formed for the purpose of standardising the prices in different commodities for the whole of India. It is also stated in the third plan that 'inflationary financing of public outlays must be kept down to the barest minimum and that credit creation in the aggregate both for the public and for the private sector is limited to what the economy can absorb at a fairly stable level of prices.' This situation will be borne in mind by the Planning Commission is apparent from the fact that deficit financing in the second plan amounted to 1175 crores and in the third plan it is much less, it is 550 crores. High level committee has informed the Government of India for laying down the price policy. It is said that the third plan will impose a heavy burden on the people. This argument seems to overlook the fact that there is a specific provision made by the Planning Commission. With regard to the increase in consumption on page 44 the draft says "the rate of increase in national income of over 5 percent. per annum—mentioned above, it would be possible, consistently with the objective raising the rate of savings from 8 percent to 11 percent. of national income, to permit consumption to rise at a rate of over 4 percent. per annum. This would be a significant increase in consumption. There is thus no question of depressing the current levels of consumption."

Then a question has been raised in the case of Durgapur Krebs scheme that private foreign capital is participating. The difficulty is this: whenever any question of starting industry comes up, we have first of all to frame the scheme. We have got to vet it by the Commerce and Industry Department. The different departments go into the economics of the scheme, feasibility of the scheme—whether the scheme would be useful and whether the goods would be consumed in the market. Now, it takes some time. After that, the scheme has got to go to the Planning Commission. They again vet it and the same process goes over again and until they are satisfied no green light is given. After that, the question comes up about the finding of foreign exchange. It is there that the real difficulty comes in. We have got to import, as in many cases we have to import certain quantities of foreign equipments and machinery.

[12—12-13 p.m.]

Therefore, in the case of Krebs scheme, we have got to do the same thing although in this case the Industries and Commerce Department have vet to give the green signal. I have been very keen on this project

because by this not only shall we be utilising the coal tar distillation products but we shall have caustic soda, methylene, anhydride and other by-products from which we can start a very large number of small industries which will be very helpful to relieve unemployment amongst the educated unemployed. As a matter of fact, it has been my ambition that whatever industries we put up, it is not merely with the idea of putting up an industry and getting some return from it, but to see how far that industry could be utilised for the purpose of starting smaller industries by entrepreneurs so that they may get some income from them. That is one method by which we can get the unemployment problem solved. As a matter of fact, at the present moment, we have projected in the Third Five Year Plan schemes worth Rs. 100 crores to be located in and near Durgapur. We have provided for about Rs. 40 crores for having Thermal Plants—one at Baudel and one at Durgapur. We have provided for about Rs. 21 crores for a Fertiliser Plant. We have provided for Rs. 6 crores for having a new Coke Oven Plant with Washery. Then we have got the Salt Lake Reclamation Scheme which is not, of course, in Durgapur but it is in Calcutta and we have provided Rs. 16 crores for it. We have also provided Rs. 6 crores for the Durgapur Chemicals. Sir, I have said all these in order to make people understand the positon because Mr. Jyoti Basu seems to get confused as to how to get this money. As I said before, the difficulty is about the foreign exchange and, therefore, with the permission of the Government of India, we often get in touch with foreign experts of foreign producers in order that they might give us the foreign exchange and give us the machinery and we find the rupee counterpart, whatever that might be. In fact, in the case of the Krebs scheme, I got a letter yesterday suggesting that they would utilise the coal tar distillation products in Durgapur for the purpose of developing the chemical industries, as I have just mentioned. The Russian Team also wanted to use these for the same purpose, but unfortunately the Government of Innia directed that they should start it in Bombay. But I cannot allow my by-products to rmain idle or not to take this opportunity of having facilities for reducing unemployment amongst our people. It has been suggested that the coke produced at Durgapur is surplus. Probably the gentleman who made this remark did not see the note in the press the other day that coke has now a sellers market. All the coke that we are producing in Durgapur today are being sold to different parties, particularly Jamshedpur and Burnpur.

Now, the Jaldhaka scheme is essential to my mind in order to develop North Bengal and particularly the industrial projects. There is a project of having a big sugar plantation in the private sector-they will require power. There is a project of having a North Bengal University—it would require power. There is a project of developing agriculture there Therefore, the Jaldhaka scheme is very essential. The delay was due to the fact that we had to get the Bhutan Government to agree to survey and utilise the area which falls in the Bhutan territory for the purpose of creating the channel through which the water will come for the purpose of developing the electricity.

I have heard that friends are very happy that industries are being developed. I want to point out to them that those industries which we are developing—unless they are labour intensive it is no good to us so far as this State is concerned although it may be good for the econcmy of the whole of India because if we cannot produce consumer goods while spending more than 300 crores of rupees there will be difficulty. We have

got to make the adjustment in industry on the one hand and produce consumer goods on the other.

There are certain types of expenditure which are not included in the Five-Year Plan ; with the consent of the Planning Commission they have been kept out. One is the expenditure on relief and rehabilitation ; that will remain a separate item although there has been a suggestion made by the Planning Commission that they would give us the amount that may be necessary for the relief and rehabilitation of refugees within the Plan but in addition to whatever our Plan project is We had suggested before to keep that absolutely separate from our own account. The expenditure on the township—that I have suggested for next Tuesday—that is a project which to my mind will be self-financing. It may be necessary to have a little money but it is not put in the Plan, neither is Calcutta metropolitan authority for supplying water, drainage arrangements and sewage arrangements for the Greater Calcutta—as was suggested the other day—that also is not in the Plan—it is outside the Plan. Nor is the Furakka Barrage in the Plan because the Government of India had said that they would put it as their own sponsored scheme.

In the Third Five-Year Plan not only has the money been increased but it is being spent under different heads.

Although it may appear that the amount spent on a particular objective may be different from what it was in the Second Plan, but the total is certainly greater than the total amount which was allotted in the Second Five-Year Plan. It is possible that we have to take one or two methods by which we can find the gap reduced—gap as between our plan and the resources that is available. One of them is to have any particular project to be formed into a Company, if the Company can go to the market and get money. The other method is to get associated with some party either in India or outside, particularly outside, in order that not only would they give the money but would also provide the foreign exchange that is necessary for the purpose.

As regards the position of the industries in Bengal I asked the Central Ministry of Commerce and Industry to give me a note and it is very impressive that the number of new Companies floated in West Bengal is 301 in 1956-57. It has been 399 in 1959-60, What is more interesting is that the authorised capital of the new floatation in 1956-57, taking both the public and the private Companies together, is 14 crores and 69 lakhs. It is double the amount in 1959-60 and I find also that the capital of Companies that worked in West Bengal at the end of 1956-57 is 329 crores. In 1959-60 it is 390 crores. Therefore, it is clear that Bengal is not backward in giving shelter to the development of industries. If that be so, it is necessary that we should utilise that feeling in Bengal now in order that we might develop our resources and create opportunities for reducing unemployment in Bengal as well as increase the resources of the State.

With these words, Sir, I finish my speech on the Five-Year Plan.

Mr. Deputy Speaker : The debate on the Five-Year Plan is over. The House stands adjourned till 3 p.m. on Monday, the 28th November, 1960.

Adjournment

The House was accordingly adjourned at 12-13 p.m. till 3 p.m. on Monday, the 28th November, 1960, at the Assembly House, Calcutta.

Vol. XXVIII—No. 1

ASSEMBLY PROCEEDINGS

Official Report

West Bengal Legislative Assembl

Twenty-Eighth Session

(November—December 1960)

PART—II

28th November, 1960

Published by authority of the Assembly under Rule 134 of the
West Bengal Legislative Assembly Procedure Rules

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 28th November, 1960, at 3 p.m.

Present :

Mr. Speaker (The Hon'ble Bankim Chandra Kar) in the Chair, 14 Hon'ble Ministers, 11 Deputy Ministers and 190 Members.

[3—3-10 p.m.]

Starred Questions

(To which oral answers were given)

Admissibility of special compensatory allowance to certain categories of Government employees of hill areas

*53. (Admitted question No. *1310.) **Shri Satyendra Narayan Mazumder :** Will the Hon'ble Minister in charge of the Finance Department be pleased to state—

(*a*) whether the enquiry about the eligibility of certain categories of Government employees stationed in the hill areas of Darjeeling district to a special compensatory allowance has been completed ;

(*b*) if so, what are the findings of the said enquiry ; and

(*c*) what action the Government have taken or propose to take about the same ?

The Chief Minister and Minister for Finance (The Hon'ble Dr. Bidhan Chandra Roy) : (*a*) Yes.

(*b*) The Darjeeling Enquiry Committee recommended the restoration of the compensatory allowance.

(*c*) Compensatory allowance has been restored in Darjeeling with effect from 1st April, 1958.

Shri Satyendra Narayan Mazumdar : এই যে রেস্টোর করেছেন, আগের যে কম্পেন্সেটরী অ্যালায়েন্স ছিল সেটা সম্পূর্ণ রেস্টোর করেছেন না আংশিকভাবে করেছেন ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Previously an enquiry with regard to the cost of living in the important towns of West Bengal was undertaken by the State Statistical Bureau in 1954-55. As a result of the survey it was found that the cost of living in Darjeeling was low and did not justify any relief in the shape of compensatory allowance. Accordingly allowance was withdrawn, but in order to prevent any financial loss, persons serving in these areas, as on 31st March, 1959, and drawing hill allowance on that date, were allowed to draw the said allowance as personal

to them. That is why at that period some people were getting and some people were not getting it. During the year 1955-56, another family budget enquiry was made in order to examine whether the pattern of consumption had changed during the intervening period. On the basis of data collected during this enquiry another enquiry on the comparative cost of living in important towns had been made by the State Statistical Bureau. In November, 1955 Government also appointed a committee known as Darjeeling Enquiry Committee. That committee in the report recommended the restoration of the compensatory allowance in Darjeeling. Government are considering the report submitted by the State Statistical Bureau and also the recommendation of the Darjeeling Enquiry Committee with regard to restoration of compensatory allowance in Darjeeling for all with effect from 1. 4. 58. The entire field of compensatory allowance is now being examined.

Shri Satyendra Narayan Mazumdar : আমার প্রশ্নটা তাহলে একটু পরিষ্কার বলি। আগে ২৫ পার্সেণ্ট পেত, এখন কি ২৫ পার্সেণ্ট দিচ্ছেন ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Previously the allowance was 25 percent. Then it was found that 10 percent. allowance was given in Calcutta and the State Statistical Bureau found that the cost of living there is the same as in Calcutta. Therefore, as in Calcutta it was given 10 percent.

Shri Satyendra Narayan Mazumdar : দার্জিলিং এন্‌কোয়ারী কমিটি কি ১০ পার্সেণ্ট বলেছিলেন ? না ঐ ২৫ পার্সেণ্ট বলেছিলেন ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : ১০ পার্সেণ্ট বলেছিলেন।

Shri Satyendra Narayan Mazumdar : আমার প্রশ্ন হচ্ছে ১৯৫৭ সালের। এই প্রশ্নটা যখন এখানে উঠেছিল তখন আমরা বলেছিলাম যে দার্জিলিং অঞ্চলে অনেক বেশী জিনিস লাগে। কতকগুলি অতিরিক্ত জিনিস লাগে যেগুলি কলকাতা অঞ্চলে লাগেনা যেমন গরম কাপড়-চোপড়, জুতা, জিনিসের দাম, চারকোল ইত্যাদি। তখন আপনি বলেছিলেন যে এই ব্যাপারে আর একটা এনকোয়ারী করা হবে। আমার প্রশ্নোত্তরে ২৫শে নভেম্বর, ১৯৫৭ আপনি যা বলেছিলেন সেটা আমি পড়ে দিচ্ছি। Another enquiry is now being made. As soon as that is made, the question of compensatory allowance will be taken into consideration again.

সেটা কি করেছেন ? আপনি এখানে যা জবাব দিলেন, আর একটা আনস্টার্ড কোশ্চেন এর যা জবাব দিয়েছেন তাতে জানা যাচ্ছে ১৯৫৫-৫৬ সালের পরে এন্‌কোয়ারী হয়নি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : I was probably thinking of the Statistical Bureau enquiry.

Shri Satyendra Narayan Mazumdar : আমার প্রশ্ন হচ্ছে দার্জিলিং-এ ২৫ পার্সেণ্ট পুরোপুরি রেষ্টোর করা সম্বন্ধে যেটা বলেছিলেন সেটা বিবেচনা করেছেন কি ?

Hon'ble Dr. Bidhan Chandra Roy : কোন কারণ নেই।

Shri Satyendra Narayan Mazumdar : এটা কি সত্য যে রাজ্যপালের ষ্টাফ বা আপনার ষ্টাফ যখন সাময়িকভাবে দার্জিলিং-এ যান তখন তাঁদের ২৫ পার্সেণ্ট কমপেনসেটরী অ্যালাউয়েন্স দেওয়া হয় ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : I will find out.

Collection of revenue from sales tax on mill-made cloths, tobacco and sugar in West Bengal

***56.** (Admitted question No. *1488.) **Shri Dhirendra Nath Dhar :** Will the Hon'ble Minister in charge of the Finance Department be pleased to state—

(*a*) what is the average annual collection of revenue from sales tax on mill-made cloths, tobacco and sugar in West Bengal ; and

(*b*) estimated collection of revenue from Central Excise duties in lieu of sales tax on the above three commodities ?

The Chief Minister and Minister for Finance (The Hon'ble Dr. Bidhan Chandra Roy) : (*a*) There is no sales tax on mill-made cloth, tobacco and sugar in West Bengal since 14th December, 1957, on which date the Aditional Duties of Excise (Goods of Special Importance) Act, 1957, came into force replacing the sales tax on these commodities. Estimated annual collection of sales tax before 14th December, 1957, was as follows :

(1) *Mill-made cloth*—

(*i*) Mill-made cotton cloth—Rs. 200 lakhs.
(*ii*) Mill-made cloth other than cotton—Rs, 50 lakhs.

(2) *Tobacco*—

(*i*) Cigarettes—Rs. 19 lakhs.
(*ii*) Tobacco other than cigarettes—Rs. 25 lakhs.

(3) *Sugar*—Rs. 35.6 lakhs.

(*b*) Central excise duties in lieu of sales tax under the Additional Duties of Excise (Goods of Special Importance) Act, 1957, are levied and given to the State of West Bengal. Figures of collections are not available with this Government.

Since then I have had figures collected and I find that whereas the figures that we have given in this reply amounts to a little over Ruppees 3 crores 29 lakhs, the actual receipts of the share of the Central Excise on the three commodities have been Rupees 3 crores 34 lakhs in 1958-59 and Rupees 3 crores 38 lakhs in 1959-60.

Dr. Narayan Chandra Ray : The purpose of the question is do we gain by this method of taxation or do we lose ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : It may be that later we might get a little more but as I have said, if you add all the three figures, the total comes to about Rs. 329 lakhs whereas the actual collections of 1958-59 and 1959-60 have been Rs. 334 lakhs and Rs. 338 lakhs respectively, i.e. about 5 or 6 lakhs more.

Dr. Narayan Chandra Ray : The whole thing has been explained in relation to the total collection. But the question is supposing the collection is increasing but my share is not increasing in that ratio ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : কলেক্শন বাড়লেই শেয়ার বাড়বে এবং method of distribution of the central duties to the different States. যেটা আমরা প্রেস করছি ক্রমাগত সেটা যদি বদলায় তাহলে কালেক্শন বাড়বে। At the present moment, it is unfortunate that they did insist upon what the last Finance Commission said, namely, that the distribution should be on the basis of population, but our claim was that the distribution should be on the basis

of consumption. Otherwise the State which produces more and consumes more will have no incentive. But the reply of the Finance Commission was that they did not have firm figures. So we are trying to collect firm figures.

Exemption of hand-spun silk fabrics from payment of sales tax

***57.** (Admitted question No. *1563.) **Shri Shyama Prasanna Bhattacharjee :** Will be Hon'ble Minister in charge of the Finance Department be pleased to state—

(*a*) whether natural silk yarn and hand-woven silk fabrics are considered to be of the same category as Khaddar from the point of view of sales tax ; and

(*b*) if so, whether Government consider the desirability of exempting such silk fabrics from payment of sales tax ?

The Minister for Commerce and Industries (The Hon'ble Bhupati Majumdar) : (*a*) Silk yarn is not Khaddar, but hand-woven and hand-spun silk fabrics, i.e., silk khadi, is regarded as Khaddar.

(*b*) Yarn, including silk yarn, is already exempt from sales tax under item 15 of the Schedule I appended to the Bengal Finance (Sales Tax) Act, 1941, while sales of handloom-woven Khaddar made of hand-spun cotton, silk or wool yarn, when sold by dealers approved by the State Government, are exempt under item 41(*b*) of the said Schedule.

[3—3-10 p.m.]

Shri Shyamaprasanna Bhattacharjee : এই যে উত্তর বলেছেন when sold by the dealers approved by the State Government—এটা approved dealer নয়,—এখন dealers মারফত যদি বিক্রী হয়, তাহলে কি sales tax exempted হবে, না, দিতে হবে ?

The Hon'ble Bhupati Majumder : অনেক সময় এটা খদ্দর হচ্ছে কিনা তা জানা থাকে না, যদি জানতে হয়, তাহলে আমাদের যে সমস্ত মেশিন্ত্রারী রয়েছে, তাঁরা জানতে পারেন—ঐটা স্পিউরিয়াস কিছুই নয়, ঠিক জিনিস, তাহলে সেটা একজেম্ট করে দেবার জন্য কনসিডার্ড করা হয়।

Formation of a Sub-Committee by Government for formulating revised Government Servants' Conduct Rules

***58.** (Admitted question No. *1579.) **Shri Chitto Basu :** Will the Hon'ble Minister in charge of the Finance Department be pleased to state—

(*a*) if it is a fact that a Sub-Committee has been formed by Government for formulating revised Government Servants' Conduct Rules ; and

(*b*) if so, whether the said Sub-Committee has completed its findings ?

The Chief Minister and Minister for Finance (The Hon'ble Dr. Bidhan Chandra Roy) : (*a*) Yes. A Sub-Committee was formed in 1958.

(*b*) Yes. The rules as finally approved have been published in the extraordinary issue of the *Calcutta Gazette*, dated 8th August, 1959.

Shri Sunil Das : এটা কি সত্য যে সার্ভিস কণ্ডাক্ট রুলস্ ভায়োলেশন করেছে—এই অভিযোগে কয়েকজন সরকারী কর্মচারী অভিযুক্ত হয়েছে পশ্চিমবঙ্গে ?

Mr. Speaker : That question dose not arise.

Display of undesirable cinema wall posters

*59. (Admitted question No. *2455.) **Shrimati Manikuntala Sen :** (*a*) Will the Hon'ble Minister in charge of the Home (Political) Department be pleased to state whether attention of Government has been drawn to the undesirable cinema wall posters that rre currently being displayed in the streets of Calcutta ?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state what steps do Government propose to take to prevent the display of such posters ?

The Minister for Home (Police) (The Hon'ble Kali Pada Mookerjee) : (*a*) Yes.

(*b*) Government have been able to persuade the film trade to accept a system of voluntary censorship of all materials for publicity of films, whether produced in India or imported from foreign countries. Censorship includes Press advertising, photographs, posters, hoardings and other decorative materials for display, both outdoor and at the cinema house.

Shrimati Manikuntala Sen : এই যে লেখা হয়েছে সিস্টেম অফ ভোলান্টারী সেন্সরশিপ, এটা কি স্রুরু হয়েছে ?

The Hon'ble Kalipada Mukherjee : কাজ স্রুরু হয়েছে—4th November, 1959.

Shrimati Manikuntala Sen : এই সিস্টেম অফ সেন্সরশিপ কোন সিস্টেমে হয় ?

The Hon'ble Kalipada Mukherjee : এর জন্য একটি বোর্ড আছে, সেখানে আমাদের সেন্সর অফিসার আছেন, ট্রেড্ রিপ্রেজেণ্টেটিভ আছেন, তাঁরা মাঝে মাঝে মিট্ করেন। যে সমস্ত নূতন ফিল্ম আসে, তার এ্যাডভার্টাইজমেণ্ট ও পোষ্টার আগে তাদেরকে করে নিতে হয়, এতে বহু হাজার পোষ্টার রেখে দিয়েছি, বহু জিনিস যা সেন্সর হয়েছে, পাবলিসড হয়নি।

Shrimati Manikuntala Sen : এটা কি গভর্ণমেণ্ট বোর্ড ?

The Hon'ble Kalipada Mukherjee : সে বোর্ড গভর্ণমেণ্ট ফরম করেছেন, এর রেপ্রেজেণ্টেটিভ বহু ডিফারেণ্ট ইণ্ডাষ্ট্রি থেকে নেওয়া হয়েছে, সেখানে আমাদের সেন্সর অফিসারও রয়েছে।

Shrimati Manikuntala Sen : এই সেন্সর বোর্ডে কে কে আছেন ?

The Hon'ble Kalipada Mukherjee : কম্পোজিসন অফ দি বোর্ড এর কথা বলতে পারবো না। তবে সেখানে সেন্সর অফিসার আছে ও অন্যান্য ট্রেড রেপ্রেজেণ্টেটিভস্ আছেন।

Shri Jatindra Chandra Chakraborty : সেই সেন্সর অফিসার ভদ্রলোকের নাম কি, তিনি কে ?

The Hon'ble Kalipada Mukherjee : তিনি একজন সরকারী কর্মচারী।

Shri Jatindra Chandra Chakraborty: এই সেন্সর বোর্ড সেন্সর করবার পরে সিনেমার যে পোষ্টার ছাপান হয়েছে,—আপনার বাড়ীর সামনে তার একটি পোষ্টারও কি আপনি লক্ষ্য করেছেন ?

The Hon'ble Kalipada Mukherjee: আমি সিনেমায়ও যাইনা পোষ্টারও দেখি না।

Shri Jatindra Chandra Chakraborty: এই সেন্সর বোর্ড পোষ্টার সেন্সর করবার পরে সেই সমস্ত সিনেমা পোষ্টার ছাপান হচ্ছে। আপনার বাড়ীর সামনে কতকগুলি ঐ ছাপান সিনেমা পোষ্টার ঝুলছে—সেটা লক্ষ্য করেছেন কি ?

The Hon'ble Kalipada Mukherjee: আমি সিনেমা যাইনা, সিনেমা পোষ্টারও দেখিনি।

Shri Jntindra Chandra Chakbraborty: আপনার বাড়ীর সামনে যে পোষ্টার আছে সেটা দেখে ষ্টেপ নেবেন কি এটা বন্ধ করবার জন্য ?

The Hon'ble Kali Pada Mukherjee: আমাদের ভোলান্টরী সেন্সর বোর্ড য়্যাপয়েন্ট করে, অশ্লীল পোষ্টার ছাপান ও ডিসপ্লে করা বন্ধ করা হয়, এবং পুলিশ থেকেও এই সমস্ত অশ্লীল পোষ্টার ডিসপ্লে করা বন্ধ করার জন্য চেষ্টা করা হয়েছিল। কিন্তু আইনে কতকগুলি গলদ থাকায় পুলিশ প্রোসিকিউশন ষ্ট্যাণ্ড করেনি। তাই ভোলান্টরী সেন্সর বোর্ড এর দ্বারা সেই কাজ করান হচ্ছে এবং এর ফলও অনেক ভাল পেয়েছি। এবং এ থেকে আমি বলতে পারি, ইংলিস ফিল্ম ও ষ্টিল্ পিক্চার ক্যান্সেল হয়েছে ১১টি। তাছাড়া বহু পোষ্টার ক্যান্সেল হয়েছে। য়্যাড্ভার্টাইজমেন্ট মোডিফাই করা হয়েছে ৪৫টি এবং আরও একটা বিষয়ে মোডিফাই করা হয়েছে ৫টি। এইরকম ভাবে প্রতিটি ক্ষেত্রে দেখা গিয়েছে যেখানে ভোলান্টরী সেন্সর বোর্ড অপারেট করে, তার রেজাল্ট খুব সাকসেসফুল হয়েছে।

Shri Ramanuj Halder: মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে চলচিত্রের আপত্তিকর প্রচারপত্রের সংখ্যা ক্রমশঃ বেড়ে চলেছে ?

The Hon'ble Kali Pada Mookerjee: সংখ্যা ক্রমশঃ হ্রাস পাইতেছে।

Shri Sunil Das: বর্তমানে এই ভোলান্টরী সিসটেম প্রয়োগ করার পরেও যে সমস্ত সিনেমার সামনে ফর য়্যাডাল্ট ওন্লি বলে বিজ্ঞপ্তি করে যে সমস্ত আনডিজায়াবেল পোষ্টার দেওয়া হয়, সেগুলি বন্ধ করার জন্য কোন পন্থা ভাবছেন কি ?

The Hon'ble Kali Pada Mookerjee: ফর য়্যাডাল্ট ওন্লি বলে এইরকম কোন রিপোর্ট ভোলান্টরী সেন্সর বোর্ডের সামনে প্লেস করা হয়নি, যদি আসে, তাহলে তার জন্য নিশ্চয়ই ব্যবস্থা অবলম্বন করা হবে।

Shri Jyoti Basu: এই যে ভোলান্টরী সিস্টেম এর কথা আপনি উল্লেখ করলেন, এর মানে কি যত পোষ্টার হবে বই দেখাবার জন্য, সেগুলির প্রত্যেকটি এই কমিটির মারফৎ যেতে হবে এবং তারা দেখিয়ে দেবে কোনটা ছাপান হবে বা না হবে ?

The Hon'ble Kali Pada Mookerjee: হ্যাঁ।

Shri Jyoti Basu: তাহলে আপনি বলতে চান যত রকম অশ্লীল বা খারাপ পোষ্টার দেখান বা টাঙ্গান হচ্ছে সেগুলি সমস্ত সেন্সর মারফৎ এসেছে ?

The Hon'ble Kali Pada Mookerjee: হয়ত এসেছে—ধরে নিতে হবে। তবে আমাদের যিনি ডাইরেক্টর অফ পাব্লিসিটি, তিনিও এ সম্বন্ধে ব্যবস্থা করে থাকেন।

Shri Ajit Kumar Ganguly: আমি জিজ্ঞাসা করি আমাদের উপায়টা কি ? অর্থাৎ

বক্তাদের হতে পারে কোনটা অশ্লীল বা কোনটা অশ্লীল নয়। যদি এইরকম মনে হয়, তাহলে সেটাকে পরিবর্তন করবার জন্য আপনার নজরে আনবার কি উপায় আছে?

The Hon'ble Kali Pada Mookerjee: আমাদের কাছে পাঠাতে পারেন, ডাইরেক্টর অফ পাব্লিসিটির কাছে পাঠাতে পারেন।

Shri Ajit Kumar Ganguly: আপনি যে বলেছেন আইনে গলদ থাকার দরুণ পুলিশ কিছু করতে পারেনি; সেগুলি কি ঘোচান হয়েছে?

The Hon'ble Kali Pada Mookerjee: আইনে যে ল্যাকুনা আছে, তা ঘোচালেও বিশেষ সুবিধা হবে না। এই সেন্সর বোর্ড হচ্ছে সেন্ট্রাল গভর্ণমেন্টের ব্যাপার। সুতরাং এই আইনের মাধ্যমে সেন্সরসিপ যাতে করে ইমপ্রুভ করা যায়, তার জন্য আমরা একটা ভোলান্টারী সিস্টেম ইভল্ভ করেছিলাম। এই ভোলান্টরী সিষ্টেমএ কাজ হচ্ছে এবং তার রেজাল্টও খারাপ হয়নি। যদি কোন জায়গায় গলদ থাকে, সেন্সর বোর্ডের কাছে বললে নিশ্চয়ই ফল পাবেন।

Shri Ajit Kumar Ganguly: আইনের গলদ ঘোচাবার জন্য কি কোন চেষ্টা করা হয়নি?

The Hon'ble Kali Pada Mookerjee: এই গলদ ঘোচানর অধিকার আমাদের নেই।

Shri Ajit Kumar Ganguly: সেই অধিকারটা কাদের?

The Hon'ble Kali Pada Mookerjee: সেন্ট্রাল গভর্ণমেণ্টের।

Shri Ramanuj Halder: পুরান আপত্তিকর অশ্লীল চিত্রগুলির উপর হস্তক্ষেপ করবার কি কোন ব্যবস্থা নেই?

The Hon'ble Kali Pada Mookerjee: ৪ঠা নভেম্বর থেকে এই বোর্ডটা কার্যকরী হয়েছে, তারপর থেকে যা কিছু সেখানে প্লেস্ করা হচ্ছে, তাই নিয়ে কাজ করা হচ্ছে।

[3-20—3-30 p. m.]

Shri Ramanuj Halder: এই বোর্ড পুরাতন চিত্র সম্পর্কে কোনকিছু করবে কি?

The Hon'ble Kali Pada Mookerjee: তা করতে পারে।

Shri Subodh Banerjee: যদি কেউ এই সেন্সরসিপ না মানেন তাহলে তাকে কি এই সেন্সরসিপ মানান যাবে? এটা ভলান্টরী, না, এই কোন লিগ্যাল স্যাংশন আছে?

The Hon'ble Kali Pada Mookerjee: মানান যাবে, কারণ এজন্য তাদের একটা এ্যাসোসিয়েশন আছে। তারা একটা কোড্ অফ ডিকোরাম মেনে চলবে আশা করা যায়।

Shri Subodh Banerjee: কমিটি যেক্ষেত্রে অশ্লীল মনে করবে তখন সেটা এনফোর্স করার জন্য কোন লিগ্যাল স্যাংসন আছে কি?

The Hon'ble Kali Pada Mookerjee: এটা ভোলান্টরী বেসিস হয়েছে, লিগ্যাল স্যাংশন এর কোন প্রশ্ন আসে না।

Shri Subodh Banerjee: আপনি বলেছেন কয়েকটা বিলাতি ফিল্ম বন্ধ হয়েছে; আমি জানতে চাচ্ছি বোম্বে থেকে যে সমস্ত ফিল্ম আসে তাদের যে অশ্লীল পোষ্টার ও ছবি সেগুলি বন্ধ করেছেন, তার কোন রেকর্ড আছে?

The Hon'ble Kali Pada Mookerjee: অনেক রেকর্ড আছে, ডিটেল্স দিতে পারি যদি আপনি চান।

Community listening sets installed in Birbhum district

***60.** (Admitted question No. *2519.) **Shri Durgapada Das:** Will the Hon'ble Minister in charge of Home (Publicity) Department be pleased to state—

(*a*) what is the number of community listening sets under Rural Broad-casting Scheme installed in the district of Birbhum ;

(*b*) how many of them are in working order ;

(*c*) if it is a fact that most of these listening sets remain out of order for the major period of time in the year ; and

(*d*) if it is a fact that the transformers and the battery supplied for the purpose are not at all suitable for work ?

The Deputy Minister for Home (Publicity) (Shri Jagannath Kolay): (*a*) Ninety-three.

(*b*) Most of them except for occasional minor break-down and in cases where the parties are defaulters in payment of their share of the annual recurring cost,

(*c*) and (*d*) No.

Shri Mihir Lal Chatterjee: এসব লিসিনিং সেটস্ যদি খারাপ হয় মেরামতের খরচ কে বহন করবে ?

Shri Jagannath Kolay: আমরা বহন করি।

Shri Mihir Lal Chatterjee: আমার প্রশ্ন হচ্ছে গ্রামাঞ্চল সম্পর্কে—সিউড়ি জেল-এ টিউবারকিউলসিস্ ওয়াড-এ লিজনিং সেট খারাপ হওয়ার পর এ পর্যন্ত মেরামত হয়নি। এ দায়িত্ব কার, এই ডিপার্টমেণ্ট এর কি ?

Shri Jagannath Kolay: সুপারিণ্টেণ্ডেণ্ট নিশ্চয়ই আমাদের খবর পাঠাননি, তাঁকে বলবেন আমার কাছে খবর পাঠাতে।

Retired police officers employed in private firms

***61.** (Admitted question No. *2745.) **Dr. Narayan Chandra Ray:** Will the Hon'ble Minister in charge of the Home Department be pleased to state—

(*a*) how many police officers of the rank of I.P. and I.P.S. born in the cadre of the State Government have taken jobs in private commercial firms soon after their retirement during the last ten years ;

(*b*) the names and designations of these officers ; and

(*c*) the names of private commercial firms where each of those police officers has taken jobs after retirement from Government service ?

The Chief Minister and Minister for Home (The Hon'ble Dr. Bidhan Chandra Roy): (*a*) Six.

(*b*) and (*c*) A statement is laid on the Table.

Statement referred to in reply to clauses (b) and (c) of starred question No. 61

Names of officers of I.P/I.P.S. allowed to take up commercial employment after retirement during the last ten years.	Office held immediately before retirement.	Date of retirement (i.e., dates of finally quitting Government service).	Names of the Commercial Firms with whom the Police Officers were allowed to take up employment and the nature of such employment.
1	2	3	4
Shri A. K. Robertson, I.P.S.	Deputy Commissioner of Police, Calcutta.	16-7-49	Messrs. Jessop & Co., Calcutta (Security and Welfare Officer at firm's workshop at Dum Dum).
Shri S. K. Brahmachari, I.P.S.	Deputy Commissioner of Police, Calcutta.	1-7-51	Messrs. Martin Burn Ltd., Burnpur (Chief Superintendent, Watch and Ward).
Shri S. N. Chatterjee, I.P. ..	President, Evacuee Property Management Committee and ex-officio Joint Secretary, Land and Land Revenue Department (lately Commissioner of Police, Calcutta).	31-10-56	(i) Messrs. C. Mackertich, Stock Broker, Stock Exchange, Calcutta; and (ii) Commercial Planners Private Ltd. (Partner).
Shri H. K. Roy, I.P.S.	Superintendent of Police, Government Railway Police, Howrah.	1-9-57	Messrs. R. Sen & Co., Calcutta (Security Officer).
Shri H. L. Lahiri, I.P.S. ...	Superintendent of Police on deputation as Commandant, Railway Protection Police, West Bengal.	15-9-56	Messrs. Oriental Metal Industries Private Ltd., Calcutta (Security Officer).
Shri S. N. Mukherjee, I.P.S.	Deputy Commissioner of Police, Enforcement Branch, Calcutta.	1-3-59	The Andaman-Nicobar Development Corporation, (P) Ltd. (Director).

Dr. Narayan Chandra Ray : এ সম্পর্কে আমার কয়েকটা প্রশ্ন আছে। প্রথম নম্বর হচ্ছে, এসব চাকরীতে যাবার আগে সরকার থেকে কোন পারমিশন-এর প্রয়োজন হয় কি না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : There is a rule promulgated rule 26—under the All-India Services Retirement Rules, 1958, under which the retired officers of the I.A.S. and I. P.S. are required to take previous permission of the Central Government for accepting any commercial employment before the expiry of two years from the date of retirement. If such a pensioner is permitted by the Central Government to take up a particular commercial employment during leave preparatory to retirement, he will not be required to obtain subsequent permission for his continuance in such employment after retirement. For the purpose of this rule "commercial employment" means employment in any capacity including that of an Agent in a company, firm or individual engaged in training commercial interests, financial or professional business and includes directorship of a company and partnership, so and so. Prior to the promulgation of the rules permission of this Government to take up commercial employment after retirement was required under Article 531(b) of the Civil Service Regulations which contains a similar provision. Out of the six officers Mr. Robertson and Brahmachari who had retired from Government Service before the rules—I have mentioned above—were promulgated, were permitted by this Government to accept commercial employments after their retirement. Other four officers who retired from Government service after the commencement of the rules were permitted by the Government of India on the report of the State Government to accept commercial employment.

Dr. Narayan Chandra Ray : আমার প্রশ্ন—After retirement with the permission of the Central Government or State Government police officer কোন পুলিশ অফিসার যদি যান—what is the method adopted by the State Government for preventing his influence being exerted on the Government by the company concerned.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Before we give permission we make all enquiries.

Shri Rabindra Nath Mukhopadhyay : যে সমস্ত পুলিশ অফিসার্স এসব কোম্পানিগুলিতে আফটার রিটায়ারমেণ্ট নিযুক্ত হন তাদের কি বিশেষ করে এই কারণেই যোগ্য বলে বিবেচনা করা হয় যেহেতু ট্রেড ইউনিয়ন মুভমেণ্ট-এ সন্ত্রাস সৃষ্টি করতে পারেন?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : That question does not arise.

Shri Rabindra Nath Mukhopadhyay : এসব কোম্পানি, যেমন মেসার্স জেসপ এণ্ড কোং, মার্টিন বার্ণ কোং এগুলিতে যাতে পুলিশ অফিসার্স আফটার রিটায়ারমেণ্ট চাকরী গ্রহণ না করতে পারে তারজন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : No.

Shri Narayan Chobey : রিটায়ার করবার পর যারা চাকরি নিয়েছেন তাঁরা কি এখনো পেন্সন পান?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Yes.

Shri Narayan Chobey : রিটায়ার করার পর যারা কাজ নিয়েছেন তাঁরা অধিকাংশক্ষেত্রে মেম্বার অফ দি পাবলিক হিসাবে য়্যাক্টিভ পলিটিক্সএ অংশগ্রহণ করেন; কিন্তু য়্যাক্টিভ পলিটিক্স্‌এ অংশগ্রহণ করলে পেন্সন দেওয়ার নিষেধ আছে কি?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : আমি জানি না।

Shri Narayan Chobey : কোন নিষেধ নাই ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Don't know.

Shri Somnath Lahiri : এই অনুমতি দেওয়ার নীতি কি, যিনি দরখাস্ত করেন তাঁকেই কি অনুমতি দেওয়া হয় ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : না।

Shri Somnath Lahiri : তাহলে কি নীতিতে ডিসক্রিমেণ্ট করা হয় ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : That is theoretical proposition. We see the dossiers, their previous work, etc.

Shri Somnath Lahiri : এই ডিসক্রিমিনেশন্ করা প্রিন্সিপল কি ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : আমাদের জাজমেণ্ট এর উপর সেটা নির্ভর করে।

Shri Somnath Lahiri : আপনাদের জাজমেণ্ট অর্থাৎ আপনাদের ব্যক্তির উপর লাইকস্ এণ্ড ডিসলাইকস্ এর উপর তো ?

Shri Satyendra Narayan Mazumdar : কোন দরখাস্ত রিজেক্ট করেছেন কি ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : অনেক এ্যাপ্লিকেশন আসে, আমরা সেগুলি বিবেচনা করে দেখি।

Shri Jatindra Chandra Chakravorty : ডা: রায়ের নেকনজরে যারা আছেন তারাই অনুমতি পেয়ে থাকেন কি ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : That question does not arise.

Shri Deven Sen : একথা সত্য কিনা যে, যে জায়গায় এই পুলিস অফিসারর নিযুক্ত হয়েছেন সেখানেই মালিক এবং শ্রমিক সম্পর্কে আরো বিষাক্ত হয়েছে ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : এরকম ইনস্ট্যান্স দেবেন, এনকোয়ারী করব।

Shri Sunil Das : এসব কোম্পানিগুলি গভর্ণমেণ্ট এর কাছে কোন সার্কুলার দেয় কি যে আমাদের এই এই লোক দরকার ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : তার অ্যাপ্লাই করেন তারপর সেগুলি গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়ার কাছে যায়।

[3-30—3-40 p. m.]

Shri Sunil Das : আমার প্রশ্ন হল এই ব্যাপারে কোম্পানীগুলো প্রায়র ইন্টিমেশন টু দি গভর্ণমেণ্ট দেয় কিনা যে আমার লোকের দরকার ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : জানি না।

Shri Siddhartha Shankar Ray : In view of the nebulous state of affairs, will the Hon'ble Minister be pleased to state whether he will consider framing specific rules for the purpose of such cases so that there will be no discrimination and no charge is made unnecessarily ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : These are all I. P. S. officers and the rules are framed by the Government of India.

Shri Siddhartha Shankar Ray: Are there any rules relating to the appointment of retired officers ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Yes, I read out the rules.

Shri Siddhartha Shankar Ray: Are these rules followed ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Yes, we send our remarks to the Government of India and they finally decide.

Shri Manoranjan Hazra: মাননীয় মন্ত্রী মহাশয়, তাঁর উত্তরে যেসব পুলিশ অফিসারের কথা বলেছেন এছাড়া আরও পুলিশ অফিসার বিভিন্ন কোম্পানীতে আছেন কিনা জানেন ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: জানি না।

Arrest and prosecution under the West Bengal Security Act, 1950, in Bongaon Subdivision

***62.** (Admitted question No. *2846.) **Shri Ajit Kumar Ganguli:** Will the Hon'ble Minister in charge of the Home (Special) Department be pleased to state—

(ক) ১৯৫৩ সাল হইতে ১৯৫৮ সাল পর্যন্ত সময়ের মধ্যে বনগ্রাম মহকুমায় West Bengal Security Act-এ কত লোক arrested হইয়াছে ;

(খ) তাহাদের মধ্যে কতজনের শাস্তি হইয়াছে ; এবং

(গ) যে-সমস্ত Case-এ সাজা হয় নাই তাহাদের মধ্যে কোন Case-এ frivolous বা vexatious prosecution বলিয়া আদালত মন্তব্য করিয়াছেন কিনা ?

The Minister for Home (Police) (The Hon'ble Kali Pada Mookerjee):

(ক) ৭১ জন।

(খ) ৮ জন।

(গ) করেন নাই।

Shri Ajit Kumar Ganguli: এখানে লেখা আছে এত সাল থেকে এত সাল, কিন্তু কত সালে কত জন সিকিউরিটি য়্যাক্টে ধরা পড়েছে বলবেন কি ?

The Hon'ble Kali Pada Mookerjee: ১৯৫৩ সালে ২ জন, ১৯৫৪ সালে ২ জন, ১৯৫৬ সালে ৭ জন, ১৯৫৭ সালে ৮ জন এবং ১৯৫৮ সালে ৫২ জন।

Shri Ajit Kumar Ganguli: কোন কোন ব্যাপারে ধরা পড়েছে বলবেন কি ?

The Hon'ble Kali Pada Mookerjee: ব্যাপার বলতে পারি না, সিকিউরিটি য়্যাক্টের ১১ ধারা অনুযায়ী অভিযুক্ত হয়।

Shri Ajit Kumar Ganguli: কার রিপোর্টের ভিত্তিতে গ্রেপ্তার হয়েছে বলবেন কি ?

The Hon'ble Kali Pada Mookerje; তা কি করে বলব।

Shri Ajit Kumar Ganguli: পুলিশ রিপোর্ট, না পাবলিক রিপোর্টের উপর ভিত্তি করা হয় ?

The Hon'ble Kali Pada Mookerjee: পুলিশ এবং পাবলিক সকলের রিপোর্টের উপরে।

Shri Ajit Kumar Ganguli: এই রিপোর্ট যদি চ্যালেঞ্জ হয় তাহলে তার জন্ত কোন ব্যবস্থা করবেন কি ?

The Hon'ble Kali Pada Mookerjee : সে ব্যবস্থা কোর্টে হবে।

Shri Ajit Kumar Ganguli ; এই রিপোর্ট মিথ্যা বলে কেউ যদি চ্যালেঞ্জ করে তাহলে অনুসন্ধান করবেন কি এর সত্যতা সম্বন্ধে ?

The Hon'ble Kali Pada Mookerjee : সিকিউরিটি য়্যাক্টের মামলা ম্যাজিস্ট্রেটের কাছে যায়, তিনি যা করেন তাই হয়।

Shri Ajit Kumar Ganguli : ১৯৫৮ সালের শেষে বা ১৯৫৯ সালের গোড়ায় নেহেরু-নুন চুক্তির ফলে পাকিস্থানী পতাকা তোলার অজুহাতে যাদের সিকিউরিটি য়্যাক্টে গ্রেপ্তার করা হয় তাদের কি হয়েছে জানাবেন কি ?

The Hon'ble Kali Pada Mookherjee : ৮ জনের সাজা হয়েছে এবং এখনও অনেকের মামলা চলছে এবং সে মামলার নিষ্পত্তি হয়নি—সাবজুডিস।

Shri Ajit Kumar Ganguli : আমি জিজ্ঞাসা করছি যে পাকিস্থানী পতাকা তোলবার অভিযোগে যাদের গ্রেপ্তার করা হয়েছিল তাদের কি সাজা হয়েছে, না ছাড়া পেয়েছে ?

The Hon'ble Kali Pada Mookerjee : স্পেসিফিক্যালি সব বলা সম্ভব নয়, তবে এটা বলতে পারি যে ৮ জনের সাজা হয়েছে এবং অনেকগুলির মামলা বিবেচনাধীন আছে।

Shri Ajit Kumar Ganguli : ৮ জনের কি কোন সাজা হয়েছে বলতে পারেন কি ?

The Hon'ble Kali Pada Mookerjee : নোটিশ চাই।

Shri Ajit Kumar Ganguli : অসমাজবিরোধী লোকের বিরুদ্ধে রিপোর্ট থানায় দিলে তাদের যেখানে গ্রেপ্তার করা হয় না, সেখানে নাম দিলে তাদের গ্রেপ্তার করা হবে কি ?

The Hon'ble Kali Pada Mookerjee : নিশ্চয়।

Shri Ajit Kumar Ganguli : আপনি উত্তরে বলেছেন ৮ জন কনভিকটেড, কিন্তু বাকী ৬৩ জনের মধ্যে কতজন য়্যাকুইটেড এবং কতজন ডিসচার্জ হয়েছে বলবেন কি ?

The Hon'ble Kali Pada Mookerjee : অনেকগুলি মামলা বিচারাধীন আছে তবে তাদের সম্বন্ধে কি হবে বলতে পারি না। কতকগুলি ফাইন্যাল রিপোর্ট হয়ে গেছে। সেই ফাইন্যাল রিপোর্ট পেলে তাদের ডিসচার্জ করা হচ্ছে।

Shri Ajit Kumar Ganguli : যে ৬ জন নেতা পাকিস্থান হবে বলে আনন্দ করেছিলেন তাঁদের কি সিকিউরিটি য়্যাক্টে সাজা হয়েছে ?

The Hon'ble Kali Pada Mookerjee : জানি না। যে সমস্ত কেসে সাজা হয় নাই তাহাদের মধ্যে কোন কেস-এ ফ্রি ভোলাস অর ভেক্সেসাস প্রসিকিউশন বলিয়া আদালত মন্তব্য করিয়াছিলেন কিনা—এই প্রশ্নের উত্তরে আপনি বলেছেন "করেন নাই"। অতএব যদি কোর্ট এই মন্তব্য আপনাদের দিতে পারে তাহলে যাদের রিপোর্টের ভিত্তিতে গেপ্তার করা হয়েছিল তাদের কোন পানিশমেন্ট হবে কি ?

The Hon'ble Kali Pada Mookerjee ; এটা হাইপথেটিক্যাল প্রশ্ন।

Shri Hemanta Kumar Ghosal : পাকিস্থানের পতাকা উড়াইবার জন্য যাদের গ্রেপ্তার করা হয়েছিল তাদের মামলা তুলে নেবার জন্য আপনার কাছে কোন ডেপুটেশন এসেছিল কি ?

The Hon'ble Kali Pada Mookerjee : স্মরণ নাই।

Shri Hemanta Kumar Ghosal : একথা কি সত্য যে কংগ্রেসের বিশিষ্ট কর্মী বলে পরিচিত যে লোক তাকে পাকিস্থানী পতাকা উড়াবার দায়ে অভিযুক্ত করা হয়েছিল ?

The Hon'ble Kali Pada Mookerjee : নোটিশ চাই।

Shri Hemanta Kumar Ghosal :—এ কথা কি সত্য যে আবদুল গফুর যিনি মহকুমা কংগ্রেস কমিটির সম্পাদক তাঁকে পাকিস্থানী পতাকা উড়াবার দায়ে গ্রেপ্তার করা হয়েছিল ?

The Hon'ble Kali Pada Mookerjee :—নোটিশ দিলে বলতে পারব।

Shri Hemanta Kumar Ghosal :—একথা কি সত্য যে ২৪ পরগণা জেলার কংগ্রেস কমিটির সভাপতি এবং যাকে গ্রেপ্তার করা হয়েছিল তাঁরা উভয়ে মিলে মামলা তুলে নেবার আপনার কাছে ডেপুটেশানে এসেছিল ?

The Hon'ble Kali Pada Mookerjee :—বনগার প্রশ্ন, অন্য জায়গার সম্বন্ধে উত্তর দেওয়া সম্ভব নয়।

Shri Hemanta Kumar Ghosal :—এ কথা কি সত্য যে এই ভদ্রলোকের উপর থেকে মামলা উঠিয়ে নিয়ে একে মুক্ত করা হয়েছে ?

The Hon'ble Kali Pada Mookerjee :—জানি না।

Shri Ajit Kumar Ganguli :—বনগাঁয় যাদের গ্রেপ্তার করা হয়েছিল তাদের মুক্তির জন্য কি আপনার কাছে কোন ডেপুটেশন এসেছিল ?

The Hon'ble Kali Pada Mooekrjee :—স্মরণ নাই।

Shri Somnath Lahiri : এর মধ্যে কত জনের কেস ফয়সালা হয়নি ?

The Hon'ble Kali Pada Mookerjee :—২৫।২৬ জন।

Shri Somnath Lahiri :—৩০।৩৫ জনের মধ্যে ৮ জন সাজা পেয়েছে, বাকী লোক খালাস পেয়েছে কি ?

The Hon'ble Kali Pada Mookerjee :—কয়েকজন খালাস পেয়েছে এবং কয়েক জনের নাম ফাইন্যাল রিপোর্ট দেওয়া হয়েছে।

Shri Somnath Lahiri :—আপনি জবাবে বলেছেন ২২ জনের কেস পেণ্ডিং রয়েছে, ৪৬টি কেসের মধ্যে ৮ জন, সাজা পেয়েছে—বাকী সব ছাড়া পেয়েছে। এই অবস্থায় শুধু শুধু এত লোককে নেভিকসাম করার জন্য সংশ্লিষ্ট অফিসারকে কি কিছু করবেন ?

The Hon'ble Kali Pada Mookherjee :—That is a matter of opinion.

Pay-scale of primary school teachers under North Bengal Municipalities and in the transferred territories

*64. (Admitted question No. *1302) **Dr. Dhirendra Nath Banerjee** : Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(ক) উত্তরবঙ্গের জিলাগুলিতে (যথা, পশ্চিম দিনাজপুর, মালদহ, জলপাইগুড়ি, দার্জিলিং ও কুচবিহার) প্রতি মিউনিসিপ্যাল এলাকায় কতগুলি প্রাথমিক বিদ্যালয় আছে ও কতজন শিক্ষক-শিক্ষিকা কার্যে রত আছেন :

(খ) জিলা স্কুলবোর্ডের পরিচালনায় ও মিউনিসিপ্যাল পরিচালনায় যে যে প্রাথমিক স্কুল আছে উহাদের শিক্ষক-শিক্ষিকাদের বেতনের হার কি সমপর্যায়ভুক্ত এবং প্রতিমাসে স্কুল বোর্ডের অধীন শিক্ষকেরা নিয়মিত সময়ে মাহিয়ানার টাকা পাইয়া থাকেন কি ;

(গ) মিউনিসিপ্যাল এলাকার প্রাথমিক বিদ্যালয়গুলির পরিচালনাভার জিলাস্কুলবোর্ডের উপর ন্যস্ত করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ;

(ঘ) ইহা কি সত্য যে, বিহারের প্রত্যর্পিত অঞ্চল, যেমন দিনাজপুরের ইসলামপুর এলাকা ও পুরুলিয়া জিলায় স্কুলবোর্ডের অধীন প্রাথমিক শিক্ষকগণ পশ্চিমবঙ্গের অন্যান্য এলাকার ঐপ্রকার প্রাথমিক শিক্ষকদের অনুপাতে কম বেতন পান ; এবং

(ঙ) সত্য হইলে, সরকার প্রস্তাবিত অঞ্চলের প্রাথমিক শিক্ষকদের বেতন বৃদ্ধি করিয়া অন্যান্য অঞ্চলের সমপর্যায়ে আনিবার কোন সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন কিনা ?

The Minister for Education (The Hon'ble Rai Harendra Nath Chaudhuri) :

(ক) জিলা হিসাবে বিভিন্ন মিউনিসিপ্যাল এলাকায় প্রাথমিক বিদ্যালয়, ছাত্র-ছাত্রী এবং শিক্ষকের সংখ্যা :—

জিলা।	মিউনিসিপ্যাল এলাকার নাম।	প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা।	ছাত্র-ছাত্রীর সংখ্যা।	শিক্ষকের সংখ্যা।
১। পশ্চিম দিনাজপুর।	(ক) বালুরঘাট	১৪	২২২৩	৬৭
	(খ) রায়গঞ্জ	১২	২২৩০	৬২
২। মালদহ।	(ক) ইংরেজবাজার	২৭	৩৬৩২	১০৮
	(খ) পুরাতন মালদহ	৬	৬৩৪	১৭
৩। জলপাইগুড়ি।	(ক) জলপাইগুড়ি	১৮	২৫১১	৭৭
৪। দার্জিলিং।	(ক) দার্জিলিং	৮৫	৫৮২৬	১৮৫
	(খ) কার্শিয়াং	১৫	২৯৫৭	৩৯
	(গ) কালিম্পং	১২	১৫৩০	৬৫
	(ঘ) শিলিগুড়ি	২৫	৩৭৮২	১৩৪
৫। কুচবিহার।	(ক) কুচবিহার	১৮	২৭৫১	৯৮

(খ) রায়গঞ্জ, জলপাইগুড়ি ও শিলিগুড়ি মিউনিসিপ্যাল এলাকায় বেতনের হার স্কুলবোর্ডের হার অপেক্ষা বেশি। অন্য মিউনিসিপ্যাল এলাকায় শিক্ষকদের বেতনের হার স্কুলবোর্ডের সমপর্যায়ভুক্ত। স্কুলবোর্ডের অধীন শিক্ষকেরা নিয়মিত সময়েই মাহিয়ানার টাকা পাইয়া থাকেন।

(গ) আইনের বিধানে তাহা হইতে পারে না।

(ঘ) বর্তমানে একই হারে বেতন পান।

(ঙ) এ প্রশ্ন উঠে না।

[3-40—3-50 p.m.]

Shri Basanta Lal Chatterjee : আপনি (খ) প্রশ্নোত্তরে বলেছেন রায়গঞ্জ, জলপাইগুড়ি ও শিলিগুড়ি মিউনিসিপ্যাল এলাকায় বেতনের হার স্কুলবোর্ডের হার অপেক্ষা বেশি। ডিফারেন্সটা কত বলবেন কি ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : নোটিশ দিলে বলতে পারি।

Shri Ajit Kumar Ganguli : আপনি (খ) উত্তরে বলেছেন যে স্কুলবোর্ডের অধীন শিক্ষকেরা নিয়মিত সময়েই মাহিয়ানার টাকা পাইয়া থাকেন। মিউনিসিপ্যালিটির অধীন শিক্ষকেরা কি নিয়মিত বেতন পাইয়া থাকেন ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : হ্যাঁ।

Shri Ajit Kumar Ganguli : নিয়মিত বলতে কোন তারিখের মধ্যে পান সেটা জানাবেন কি ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : যে মাসের বেতন তার পরের মাসের প্রথমভাগে পান।

Shri Sunil Das : এইসব এলাকা থেকে প্রাথমিক শিক্ষকদের পক্ষ থেকে কোন স্মারকলিপি আপনি পেয়েছেন কি যে তাঁরা বলেছেন যে তাঁরা নিয়মিত মাইনে পাচ্ছেন না ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : না।

Shri Haridas Dey : (খ) প্রশ্নে ছিল স্কুলবোর্ডের পরিচালনায় এবং মিউনিসিপ্যাল পরিচালনায়। উনি বলেছেন স্কুলবোর্ড, মিউনিসিপ্যাল এলাকায়—মিউনিসিপ্যালিটির পরিচালনাধীনে যেসমস্ত স্কুল আছে এবং স্কুলবোর্ডের পরিচালনাধীনে যেসমস্ত স্কুল আছে ; মাষ্টারদের মাইনে কি সমান ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : উত্তর দেওয়া হয়েছে। মিউনিসিপ্যাল এরিয়ায় মিউনিসিপ্যাল বোর্ড স্কুল পরিচালনা করেন, ডিষ্ট্রিক্ট বোর্ড করেন না।

Shri Haridas Dey : যেখানে এইরকম আছে যে মিউনিসিপ্যালিটি যেগুলি পরিচালিত করে এবং বোর্ড থেকে যেগুলি পরিচালিত হয়।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : পৃথক পৃথক এরিয়ায় পৃথক পৃথক কর্তৃপক্ষ পরিচালনা করেন। রুরাল এরিয়ায় ডিষ্ট্রিক্ট স্কুলবোর্ড করে আর আরবান এরিয়ায় মিউনিসিপ্যালিটি করে।

Shri Chitto Basu : মন্ত্রীমহাশয় কি জানেন পুরুলিয়া জেলা স্কুলবোর্ডের অধীনে প্রাথমিক শিক্ষকরা বর্তমানে কত হারে বেতন পান ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : This question does not arise.

Shri Chitto Basu : স্যার, এখানে প্রশ্ন ছিল পুরুলিয়া জেলায় স্কুলবোর্ডের অধীনে প্রাথমিক শিক্ষকগণ পশ্চিমবাংলায় অন্যান্য এলাকায় প্রাথমিক শিক্ষকদের অনুপাতে কম বেতন পান কিনা—জবাবে উনি বলেছেন 'না'। কিসের ভিত্তিতে "না" বল্লেন ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : বর্তমানে একই হারে তাঁরা বেতন পান।

Shri Mihirlal Chatterjee : (গ) প্রশ্নের উত্তরে মন্ত্রী মহাশয় বলেছেন যে আইনের বিধানে মিউনিসিপ্যাল স্কুলগুলিকে স্কুলবোর্ডের অধীনে আনা যায় না। আমি জিজ্ঞাসা করি যে মিউনিসিপ্যাল এলাকাতে প্রাথমিক শিক্ষার প্রসার লাভের পথকে আরো সুগম করার জন্য বেংগল রুরাল প্রাইমারী এডুকেশন য়্যাক্ট সংশোধনের দ্বারা মিউনিসিপ্যাল এলাকায় প্রয়োগের কোন পরিকল্পনা গভর্ণমেণ্টের আছে কি ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : না।

Special facilities granted to secondary schools situated in educationally backward areas

***65.** (Admitted question No. *1309.) **Shri Satyendra Narayan Mazumdar :** Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(*a*) whether any special facilities are granted to secondary schools where the majority of students belong to the Scheduled Castes and Scheduled Tribes ;

(*b*) if so, what are those special facilities ; and

(*c*) the number of institutions which enjoy the same ?

The Minister for Education (The Hon'ble Rai Harendra Nath Chaudhuri):

(*a*) Yes.

(*b*) All questions relating to recognition, grants-in-aid and capital grants to such schools are considered liberally. Conditions prescribed for such purposes are relaxed in deserving cases in consideration of the educationally backward character of the areas served by these schools.

While sanctioning capital grants to them the measure of contributions from local sources may in deserving cases be lowered to a limit within their capacity.

(*c*)—

High Schools	....	61
4-class Junior High Schools	...	27
2-class Junior High Schools	...	95
Total	...	183

Shri Ramanuj Haldar : মন্ত্রীমহাশয় জানাবেন কিঅনুরূপ কোন্ কোন্ বিদ্যালয় যথাসময়ে গ্রাণ্ট ইন এড্ যথাসময়ে না পাওয়ার জন্য আর্থিক অসুবিধার সম্মুখীন হয়েছে ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : এরকম ভেগ কোশ্চেন এর উত্তর দেওয়া যায় না।

Shri Ramanuj Haldar : আপনি সংবিধানে স্টুডেণ্টদের জন্য যে বিদ্যালয়গুলির কথা বলছেন তার মধ্যে কোন্ কোন্ বিদ্যালয়. যথাসময়ে গ্র্যাণ্ট ইন এড না পাওয়ার জন্য অসুবিধার সম্মুখীন হয়েছে ?

Mr. Speaker : You please put a specific question.

Shri Siddhartha Shankar Ray : Will the Hon'ble Minister be pleased to state if in this matter his Department has been working in cooperation with the Tribal Welfare Department ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : So I think.

Shri Siddhartha Shankar Ray : Will the Hon'ble Minister be pleased to state if the recommendations of the District Tribal Welfare Committees are taken into account before the Education Department takes any decision in these matters ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : Advice is given by the Tribal Welfare Committees but aids and grants are given by my Department.

Shri Siddhartha Shankar Ray : Will the Hon'ble Minister be pleased to state whether it is not a fact that the Tribal Welfare Department is merely a policy-making Department and that the administration of the policy is left in the hands of the Education Department ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : So it is. The Tribal Welfare Department is the policy making department and in respect of recurring maintenance party we provide for such grants and we make necessary concessions fee suspect of aids and such grants.

Shri Siddhartha Shankar Ray : Therefore, if in administering this policy the Education Department takes into account the recommendations of the Tribal Welfare Committees of the verious districts ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : So I think.

Shri Siddhartha Shankar Ray: Is the Hon'ble Minister quite sure of that?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Yes. Unless the recommendations are taken into account we cannot make liberal concessions. We have already admitted that we make liberal concessions and these matters are surely considered by my department.

Establishment of multi-purpose Schools in Midnapur district

***66.** (Admitted question No. *1326.) **Shri Mrityunjoy Jana:** Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলায় কোথায় কয়টি মাল্টিপার্পাস স্কুল স্থাপন করা হইয়াছে;

(খ) কোন্ কোন্ বিদ্যালয়ে মাল্টিপার্পাস স্কীমের পরিকল্পনা সুষ্ঠুভাবে কার্যকরী করা হইতেছে;

(গ) পরিকল্পনা অনুযায়ী সম্পূর্ণভাবে রূপায়িত মাল্টিপার্পাস স্কুলের জন্য সরকার বাৎসরিক কত টাকা ব্যয় করেন;

(ঘ) কি নীতিতে সরকার মাল্টিপার্পাস স্কুল স্থাপনের স্থান নির্বাচন করেন:

(ঙ) অনগ্রসর এলাকাগুলিতে ঐরূপ বিদ্যালয় স্থাপনের সরকারী কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(চ) যদি থাকে, কতদিনের মধ্যে কার্যকরী করা হইবে?

The Minister for Education (The Hon'ble Rai Harendra Nath Chaudhuri):

(ক) মেদিনীপুর জেলায় ১৯৫৭ সালের জানুআরি হইতে ২৫টি বিদ্যালয় এবং ১৯৫৮ সালের এপ্রিল হইতে ৭-টি বিদ্যালয় বহুমুখী বিদ্যালয়ে উন্নীত হইয়াছে।

বিদ্যালয়গুলির অবস্থান সম্বন্ধে "ক" তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) গত বৎসর যে-সব বিদ্যালয়ে নূতন পরিকল্পনা চালু করা হইয়াছে, সেই-সব বিদ্যালয়ে প্রায় সর্বত্রই পরিকল্পনা অনুসারে কার্য পরিচালিত হইতেছে।

(গ) বিদ্যালয় হিসাবে সরকার বাৎসরিক টাকা ব্যয় করেন না। বিদ্যালয়ের পাঠ্য-ব্যবস্থা হিসাবে টাকা ব্যয় হয়।

(ঘ) "ঘ" তালিকা উপস্থাপিত করা হইল।

(ঙ) প্রত্যেক থানায় অন্ততঃ একটি করিয়া বহুমুখী বিদ্যালয় স্থাপনই সরকারের উদ্দেশ্য।

(চ) দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার কার্যকালের মধ্যে হইবে বলিয়া আশা করা যায়।

Statement "ঘ" referred to in reply to clause (ঘ) of starred question No. 66

নীতিগুলি হইতেছে—

(১) বিদ্যালয়ের স্থিতিকাল;

(২) বিদ্যালয়ের আঞ্চলিক অবস্থিতি ও আঞ্চলিক প্রয়োজন;

(৩) পার্শ্ববর্তী গ্রাম হইতে বিদ্যালয়ে সহজে পৌঁছান যায় কিনা;

(৪) বিদ্যালয়ের অবস্থান, বিদ্যালয়গৃহ ও কক্ষসংখ্যা, আয়তন এবং বিদ্যালয়ের আর্থিক ও অন্যান্য প্রয়োজনীয় সঙ্গতি ;

(৫) বিদ্যালয়ের পরিচালনায় যোগ্যতা, স্কুল ফাইনাল পরীক্ষার ফলাফল ও বিদ্যালয়ের অতীত কার্যাবলী ;

(৬) বিদ্যালয়ের শিক্ষকমণ্ডলীর যোগ্যতা ; এবং

(৭) স্থানীয় সাহায্য।

[3-50—4 p.m.]

Dr. Jnanendra Nath Majumdar : Will the Hon'ble Minister be pleased to how many streams of education are there in these 65 multi-purpose schools ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : First of all there is the Humanities stream, second is the Science stream then there are Technical stream, Agriculture and domestic Science streams.

Dr. Jnanendra Nath Majumdar : I know how many streams are there. They are more than one. I want to know, of these 65 schools, how many are 5 stream schools, how many are 4 stream schools, how many are 3 stream schools, how many are 2 stream schools and how many are 1 stream schools. I want to know the maximum number and the minimum number of streams in these 65 schools.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : If you want these details you must give me notice.

Shri Mritunjoy Jana : মেদিনীপুরে যে সব থানায় একটাও বিদ্যালয় হয় নাই—যেমন কেশিয়ারী, নারায়ণগড়, কেশপুর, খড়্গপুর, নয়াগ্রাম, সেখানে এগুলি হবে এবছর সেটা ধরে নিতে পারি কি ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : এ বছর সব না হতেও পারে। তবে যদি উপযুক্ত শিক্ষক থাকে, তাহলেও দেওয়া যেতে পারে, নইলে নয়।

Shri Ramanuj Halder : যে থানায় আদৌ কোন বিদ্যালয় নাই সেগুলি প্রথমে কি করা হবে ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : যদি কোন বিদ্যালয়ে উপযুক্ত শিক্ষক থাকে, তাহলে সেখানে উন্নয়ন করা যেতে পারে।

Shri Ramanuj Halder : আপনি (খ) স্টেটমেণ্ট-এ যে নীতির কথা বলেছেন, সেই নীতি অনুসারে একই থানায় যদি অনুরূপ গুণসম্পন্ন তিন-চারিটা বিদ্যালয় থাকে, তাহলে কি ব্যবস্থা সেখানে করা হবে ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : একাধিক স্কুল দেওয়া হবে। একই থানায় যদি ৫টা স্কুলকে উপযুক্ত মনে করে থাকি, তাহলে ৫টা স্কুলকেই ক্রমশঃ উন্নয়ন করা হবে।

Shri Ajit Kumar Ganguli : এই স্কিম-এর পরিকল্পনার কথা বলছেন ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : স্কিম অনুসারে পরিকল্পনা বা শিক্ষার ব্যবস্থা করার কথা বলা হচ্ছে—কোন জায়গায় ল্যাবরেটরী করতে হবে, সেখানে ল্যাবরেটরী বিল্ডিং তৈরীর সাহায্য দেওয়া হচ্ছে।

Shri Ajit Kumar Ganguli : এই যে স্কিম অনুসারে চলেছে, সেই স্কিম অনুসারে

চালাবার জন্য যে সমস্ত কোয়ালিফায়েড টিচার্স এর প্রয়োজন, সেই ধরণের কোয়ালিফায়েড টিচার্স আছে কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: কোয়ালিফায়েড টিচার্স না রেখে কোন স্কুলকে উন্নীত করা হয় না।

Shri Ajit Kumar Ganguli: এখানে পার্ট টাইম প্রফেসর দের এনে পড়ানর ব্যবস্থা করা হয়েছে তা জানেন কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: পার্ট টাইম প্রফেসর যাও পড়াতে পারেন তাঁরা যদি সময় মত পড়াতে পারেন তাহলে তাঁদের গ্রহণ করা হয়। অনেক জায়গায় উপযুক্ত শিক্ষক না থাকলে সেখানে পার্ট টাইম প্রফেসর দিয়ে পড়াবার ব্যবস্থা যদি না করা হয়, তাহলে সেখানে স্কুলের উন্নয়ন হতে পারে না।

Shri Ajit Kumar Ganguli: অনেক জায়গায় কোয়ালিফায়েড টিচার্স থাকা সত্বেও সেখানে পার্ট টাইম টিচার্স রেখে পড়ানর ব্যবস্থা করা হচ্ছে, তা আপনি জানেন কি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: না।

Shri Ajit Kumar Ganguli: হায়ার এডুকেশন এর জন্য যে সমস্ত কলেজ আছে, সেখানে যারা প্রফেসারী করেন, সেই সমস্ত প্রফেসর দের যদি এখানে এনে পার্ট টাইম হিসাবে কাজ করান যায় তাহলে কি আপনি মনে করেন স্কুলের শিক্ষাব্যবস্থা ক্ষতিগ্রস্থ হয়?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: যদি নিয়মমত প্রশ্ন হয় উত্তর না, এটা কিন্তু হাইপোথিটিক্যাল কোশ্চেন।

Government aid to Santipur College, district Nadia

*67. (Admitted question No. *1346,) **Shri Haridas Dey:** Will the Hon'ble Minister in charge of the Educational Department be pleased to state—

(ক) নদীয়া জেলার শান্তিপুর কলেজ গত তিন বছরে বাৎসরিক কত টাকা করিয়া সরকারী সাহায্য পাইয়া আসিতেছে;

(খ) ইহা কি সত্য যে, প্রয়োজনীয় অর্থাভাবের জন্য উক্ত কলেজকে বাড়ান সম্ভব হইতেছে না:

(গ) সত্য হইলে, উক্ত কলেজটির পরিচালনার ভারগ্রহণ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(ঘ) থাকিলে, তাহা কত দিনে সম্ভব হইবে?

The Minister for Education (The Hon'ble Rai Harendra Nath Chaudhuri):

(ক) বিবরণী এতৎসহ উপস্থাপিত হইল।

(খ) ইহা একটি প্রথম শ্রেণীর কলেজ, কলেজের সম্প্রসারণের কোন প্রস্তাব বর্তমানে সরকারের নিকট নাই।

(গ) এবং (ঘ) কলেজটির পরিচালনার ভার সরাসরি সরকার কর্তৃক গ্রহণের কোন পরিকল্পনা নাই, তবে কলেজ কর্তৃপক্ষের spousored কলেজরূপে গ্রহণের আবেদন বিবেচনাধীন।

Statement referred to in reply to clause (ক) of starred question No. 67

1954-55

		Rs.
Maintenance grant	...	7,000
Development grant	...	12,000
Dispersal grant	...	6,750

1955-56

Maintenance grant	...	7,000
Capital grant through Calcutta University	...	1,000
Maintenance grant for I.Sc.	...	1,700

1956-57

Maintenance grant	...	7,000
Furniture and equipments grant	...	2,000

1957-58

Lump maintenance grant	...	10,000

Shri Haridas Dey : এই কলেজের আই. এস্.-সি সেকশন ডিস্পারস্যাল স্কীম-এর সমস্ত সুযোগ পেয়ে থাকে, এটা কি সত্য ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : হ্যাঁ। পেয়ে থাকে।

Shri Haridas Dey : তা যদি হয়। তাহলে আই.এস,-সি সেকসন এতে আর্ট সেকসন এর প্রফেসাররা ইংরাজী ও বাংলা পড়ানর জন্য আর্ট সেকসন এর কি ক্ষতি হয় না ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : তা আমি বলতে পারি না। সেটা প্রিন্সিপ্যাল বা সেখানকার গভর্নিং বডি বলতে পারেন।

Shri Haridas Dey : আপনার কাছে—এই রকম কোন সংবাদ আছে কি—যে আর্টস প্রফেসর দের দিয়ে সায়েন্স প্রফেসর এর কাজ করান হচ্ছে ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : আমার কাছে এরকম কোন সংবাদ নেই।

Shri Haridas Dey : আপনি যে প্রশ্নোত্তরে ঐ কলেজটাকে স্পোন্সড কলেজরূপে গ্রহণের আবেদন বিবেচনাধীন বলেছেন। এটা কি এখনও বিবেচনাধীন রয়েছে ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : আমাদের চার পাঁচ রকমের স্পোন্সর্ড কলেজ আছে। এটা ডিগ্রি কলেজ নয় বলে এর বিষয়টা বিবেচনাধীন আছে।

Shri Haridas Dey : আপনি বলছেন এটা প্রথম শ্রেণীর কলেজ—সেই হিসাবে কোন পরিকল্পনা আছে কি ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : প্রথম শ্রেণীর কলেজকে স্পোন্সর্ড কলেজে পরিণত করবার কোন পরিকল্পনা নেই।

Shri Siddhartha Shankar Ray : From the answer to this question it appears that the question was put, I think, in the year 1957. Will the Hon'ble Minister therefore be pleased to inform the House as to whether the answers (ক) and (খ) relate to the state of affairs at the time when the question was put ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : In 1957-58, Lump maintenance grant was Rs. 10,000; furniture and equipment grant

through Calcutta University Rs. 1,500. In 1958-59, Lump maintenance grant made was Rs. 10,000. In 1959-60, Lump maintenance grant sanctioned was Rs. 10,000; Building grant Rs. 1,40,4000. Out of the total grant of Rs. 1,40,400 for construction of additional accommodation in connection with Three Year Degree Course only a sum of Rs. 7,020 has been released up to date by the D. P. I. Capital grant given through Calcutta University was Rs. 2,000.

Mr. Speaker : Question time is over. Further supplementaries to this question are held over.

[4—4-10 p.m.]

Adjournment motion.

Mr. Speaker : Mr. Mazumdar, you can only read your adjournment motion. Consent has been refused.

Shri Satyendra Narayan Mazumdar : My motion reads thus :

"The business of the House do now stand adjonrued to discuss a matter of urgent public importance and of recent occurrence, namely, the failure of the administration to give protection to the bhagchasis of the Siliguri Subdivision against the illegal offensive of the jotedars who have forcibly reaped paddy from the fields in certain cases and have also used fire arms in another case and have thereby created a grave situation."

Enquiry regarding answer to unstarred question No. 25.

Shri Narayan Chobey : স্যার গত বৃহস্পতিবার দিন মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় ২৫ নম্বর প্রশ্নোত্তরে জানিয়েছিলেন যে খড়্গপুরে It is not a fact, Urdu is taught as a major Indian language at the South Eastern Railway High School, Kharagpur, Urdu is also one of the media of instructions in this school, তাপর আমি একটা চিঠি লিখে‌ছিলাম খড়্গপুর রেলওয়ে স্কুল হেডমাষ্টারের কাছে, তিনি তার জবাবে চিঠি দিয়েছেন There is no prorision to teach pupils through the media of Urdu and Hindi.

এরকম মিসটেটমেন্ট অসত্য কথা যদি বলা হয় তাহলে আমরা যাব কোথায় ?

The Hon'ble Rai Harendra Nath Rai Chaudhuri : There is a separate Urdu Section I told you in my answer.

Sj. Jyoti Basu : এটা আমি বুঝতে পাচ্ছিনা। সেদিন স্যার ছিলেন কি না জানি না, উনি সেদিন পরিষ্কারভাবে বলেছিলেন উর্দু পড়াবার ব্যবস্থা আছে, এখন দেখছি নেই—এই যে ইন্‌করেশন পাওয়া গেল তাদেরকে বুঝা যাচ্ছে। এটা কোন ঝগড়ার কথা নয়, এই যে হেড মাষ্টার মহাশয়ের চিঠিতে জানা গেল সেখানে ব্যবস্থা নেই এসম্বন্ধে কি তিনি এন্‌কোয়ারি করে জানবেন ?

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : আগে হেড মাষ্টারের লেটার-টা দিন, দেখা যাক তাতে কি আছে !

Shri Suhrid Mullick Chowdhury : স্যার গত ২১ তারিখে আমি একটা অ্যাডজোর্নমেন্ট মোশন্ দিয়েছিলেম রূপশ্রী ক্যাম্প সম্বন্ধে, সেদিন আপনি ছিলেন, ডেপুটী স্পীকার মহাশয় ছিলেন। উহার বিভাগের মন্ত্রীমহাশয় বলেছিলেন তিনি একটা ষ্টেটমেন্ট দেবেন। আমি তাঁকে অনুরোধ করব তিনি একটা ষ্টেটমেন্ট করুন।

Mr. Speaker : As you did not take my permission beforehand I won't allow you to refer to it.

Shri Suhrid Mullick Chowdhury : আমি আপনার পারমিশন নিয়ে বলছি। সেদিন আপনি দিলেন না।

Shri Jyoti Basu : না, না ব্যাপার হচ্ছে সেদিন প্রফুল্লবাবু বলেছিলেন যে একটা স্টেটমেণ্ট দেবেন।

The Hon'ble Prafulla Chandra Sen : আজকে আমি দেব না।

Point of Privilege.

Shri Jatindra Chandra Chakravorty : অন এ পয়েণ্ট অফ প্রিভিলেজ স্যার থার্ড ফাইভ ইয়ার প্ল্যানে ডিস্কাশন করতে গিয়ে ডক্টর রায় যে বক্তব্য রেখেছেন তাতে তিনি বলেছিলেন ৮৯ কোটী টাকা যেটা ডেফিসিট ছিল, সেটা gap ছিল সেটা সম্পর্কে প্ল্যানিং কমিশনের সঙ্গে নেগোসিয়েশন হচ্ছে। শুক্রবার দিন এই হাউসে তিনি স্টেটমেণ্ট দিয়েছিলেন।

Mr. Speaker : What is your point of privilege ? Come to the facts.

Shri Jatindra Chandra Chakravorty : অথচ স্যার আমরা খবর পেয়েছি প্ল্যানিং কমিশন বাংলার যে ক্লেম এবং মহারাষ্ট্রের যে রেভিনিউ ক্লেম সেগুলি টার্ন ডাউন করে বৃহস্পতিবার দিন জানিয়ে দিয়েছে।

Mr. Speaker : Is it a question of privilege ?

Shri Jatindra Chandra Chakravorty : আমার কথা হচ্ছে By suppressing the fact Dr. Roy has misled the House. এটাই আমার, স্যাট ইজ মাই পয়েণ্ট অফ প্রিভিলেজ।

Mr. Speaker : I rule it out.

Ruling on Shri Jyoti Basu's adjournment motion.

Mr. Speaker : I have reconsidered my decision whereon Sj. Majumdar was permitted to make a statement with reference to Sj. Jyoti Basu's adjournment motion. I think my decision was right and I have given my reasons which I herein order to be circulated to members.

Honourable members will please remember that I had promised on last Wednesday to give my considered opinion on the subject of an adjournment motion tabled by Sj. Jyoti Basu whereon I had allowed Sj. Satyendra Narayan Majumdar to make a statement on Tuesday last. Sj. Sankar Das Banerjee on the day following drew my attention to the said decision and requested me to reconsider it on the ground that it might create an extraordinary precedent in the House in case I had applied Rule 31(2) in the case under consideration. He had been pleased to refer to Rule 31(2) of the Assembly Procedure Rules and had given his own interpretation as to its applicability in the present case. From the proceedings hon'ble members will please find that I did not say that I permitted an answer to be given to a question put under Rule 31(2) of the Assembly Procedure Rules. I allowed Sj. Majumdar only to make a statement because he was the subject of an adjournment motion tabled by Sj. Jyoti Basu in which he seemed to appear in a bad light as his name had been unfortunately mentioned in connection with some business of the House, namely, Sj. Jyoti Basu's adjournment motion. In such a case Sj.

Majumdar was perfectly entitled to clear up the position by making a statement and I gave him permission accordingly.

In a similar case in the House of Commons when Mr. Attlee, the Leader of the Opposition in the House of Commons, became subject of a criticism in a motion he had been allowed to make a personal statement with a view to clearing himself of the charge (vide House of Commons Debates, dt. 13th December 1937).

In another case in the House of Commons, Mr. Speaker ruled that it was in Order for an unofficial Hon'ble Member to ask another unofficial Hon'ble Member a Question on some subject with which the latter Member was connected, that is to say, with a motion or a Bill. I quote the words of Mr. Speaker :

> "There is a definite Rule that it is not in Order for an Hon'ble member to ask another Hon'ble member a Question but there are exceptions to that Rule. It has taken place in the past. It is not in order for an unofficial Hon'ble member to ask another unofficial hon'ble member a Question on general knowledge or on the merits of a particular case ; but on some Question with which an Hon'ble member is connected, that is to say, with a motion or Bill, it has been ruled in the past that an unofficial Hon'ble member is entitled to ask a Question on that subject." (*vide* House of Commons Debates dt. July 1, 1942).

This is the general proposition irrespective of whether Rule 31(2) applies to such cases.

In similar circumstances in Indian Parliament statements by Members whose conduct inside or outside the House has been referred to on the floor of the House have been permitted and it has been held that any Hon'ble member to whom a reference is made on the floor of the House with respect to his conduct whether inside or outside the House must have an opportunity to explain (*vide* Statement of Shri Deshpande on reference being made by the Home Minister to his conduct and incidents outside the House which was the subject of an adjournment motion, H. P. Deb. 11th March 1953). The same practice has been followed here in this House in a number of cases of which Hon'ble members are aware. Whether Rule 31(2) applied in terms or not, what I did was to permit Sj. Satyendra Narayan Majumdar to make a personal statement to clear up his position in respect of the unfavourable light in which he was made to appear in Sj. Basu's adjournment motion and not that Sj. Majumdar was answering the question asked by Sj. Jyoti Basu within the meaning of Rule 31(2). If the Hon'ble members would have taken the trouble of looking into the proceedings of Tuesday, which were hung up on the following morning in the Lobby, the reason why I permitted Sj. Majumdar to make a personal statement would have been amply clear and the question of reconsideration of a decision would not have arisen.

Lastly, I may say that if any other decision had been taken by me, namely, if the making of a statement by Sj. Majumdar was not permitted under the circumstances, that wou'd have denied the House the first quality of a really deliberative Assembly.

Discussion of the Berubari Bill

Shri Deben Sen : স্যার, কালকে বেরুবাড়ী সম্পর্কে আলোচনা হবে কিন্তু বেরুবাড়ী ট্রান্সফার বিল আমরা এখনও পাইনি। এর কপি আমাদের দেওয়া হয়নি। অথচ মুখ্যমন্ত্রী

আমাদের পুনঃ পুনঃ জানিয়েছেন বেরুবাড়ী ম্যাকুইজিশন বিল আলোচনার সময় আমরা বেরুবাড়ী ট্রান্সফার বিলটা আলোচনা করবার সুযোগ পাব। সুতরাং আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব আজকে বিলটার কপি আমাদের মধ্যে বিতরণ করা হয়। দ্বিতীয় কথা হচ্ছে স্যার, এই বেরুবাড়ী ট্রান্সফার বিলটা এতই গুরুত্বপূর্ণ যে একদিনের আলোচনায় আমরা এর প্রতি জাষ্টিস্ করতে পারব না। আমি আপনার মাধ্যমে জানাতে চাই যেন আমাদের আরও একটি দিন দেওয়া হয়। আরও একটা কথা আমার আছে, আমাদের কি কি এন্‌ক্লেভ যাবে না যাবে আমরা এখনও জানিনা সুতরাং ম্যাপ এবং অন্যান্য কাগজপত্র যেন আমাদের দেওয়া হয়। তা না হলে আমাদের হাওয়ার উপরে ওপিনিয়ন দিতে হবে।

[4-10—4-20 p.m.]

Shri Siddhartha Shankar Ray : Sir, if I am permitted, I want to support the honourable member on this point and raise two or three other matters. Tomorrow we are going to discuss this Berubari issue which is a very serious matter.

Sir, I would only request you to pay some attention to it because I think your assistance would be necessary. First, we have been supplied with copies of the Acquired Territories (Merger) Bill, 1960. I have paid some attention in going through this Bill, but, so far as this Bill is concerned, I find that it asks us really to rectify various agreements entered into between the Government of India and the Pakistan Government. But these agreements are nowhere available. Tomorrow when we discuss this matter, I am speaking on my own behalf alone—I do not know what other parties will say—it will not be possible for me to support this Bill in the absence of the agreements mentioned. Quite apart from other factors, we do not accept the territory aspect of the agreement. I do not see how we can possibly accept the other aspect of the agreement also, but that point I shall make out tomorrow.

So, Sir, my first request is that you will be kind enough to request the Chief Minister to tell the House if he can lay the agreements concerned on the table for us to see them.

My second point is this and I must say that I was absent for some time. I am feeling rather puzzled. I find that the Prime Minister is of the view that there is no difference between the Government of West Bengal and the Government of India whereas the Chief Minister has made the categorical statement that he is going to oppose this particular transfer. I find reference to correspondence having been passed between the Prime Minister and the Chief Minister. Now, tomorrow we are going, as I said, not only to discuss this important matter, but perhaps many of us, if we find the statements made by the Chief Minister are correct, will dub the Prime Minister as being very irresponsible in this particular matter or rather having taken up a rather irresponsible attitude on this question, i.e., by having agreed to part with a portion of West Bengal without taking into confidence the Government of West Begal itself. That being the position and before we really make such statements in the House in a matter with regard to which a foreign country is involved, would it not be better if the facts are laid before the House and the correspondence that was exchanged between the Chief Minister and the Prime Minister be placed before the House so that the members can really know all the facts. I would rather wish that we do not behave in an irresponsible manner tomorrow and we pay attention to the facts and we limit

our discussion to the facts and upon the question of policy and law. I wonder if the Chief Minister will oblige the House by issuing a White Paper upon this correspondence or by placing the correspondence entirely on the table—the first thing tomorrow—so that by the time the debate starts, we would have a good idea as to what stand has been taken by the Government of West Bengal and what stand has been taken by the Government of India. This is an important matter because we want to know if the Government of India had really taken the Government of West Bengal into account and the West Bengal Government is now trying to back out. Sir, I do not like to believe this. So, it would be better if the correspondence were placed before the House.

Mr. Speaker : I will pass your request on to the Chief Minister.

Shri Sisir Kumar Das : Sir, I also fully support the request of Shri Siddhartha Sankar Ray and I would request the Chief Minister to place before the House the correspondence that passed between the Chief Minister and the Prime Minister so far as the transfer of Berubari is concerned.

Mr. Speaker : I have already said that I will convey this request to the Chief Minister.

GOVERNMENT BILL

The West Bengal Estates Acquisition (Second Amendment) Bill, 1960.

Shri Ramanuj Halder : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের আলোচনা করতে উঠে আমার বিশেষকরে এ কথাই মনে হচ্ছে যে, কোন মৌলিক দৃষ্টিভঙ্গীর পরিপ্রেক্ষিতে এই আইন আনা হয়েছে এবং এর উদ্দেশ্যই বা কি? আমি মনে করি এই আইনটা আনবার সময় আমাদের দেশের মুষ্টিমেয় ধনিকসমাজ নানা রকম দিয়ে বা নানা পথে যে অধিকতর অর্থের মালিকানা ভোগ করছে তার প্রতি সামগ্রিকভাবে লক্ষ্য রাখা উচিত ছিল এবং সেই লক্ষ্য রেখে যদি আমরা আইনপ্রনয়ণ করতে অগ্রসর হতাম এবং আন্তরিকতার সহিত এই প্রচণ্ড ধনবৈষম্য দূর করতে চেষ্টা করতাম তাহলে এই ভূমিসংক্রান্ত ব্যাপারের আইন অর্থাৎ সেটা আমরা আজ আলোচনা করতে চলেছি সেটা অন্যরূপ নিতে পারত। শুধু তাই নয়, আমার মনে হয়, একদিকে যেমন শিল্প বাণিজ্য, ব্যবসা, চাকুরী, ব্যাঙ্ক এবং অন্যান্য কাজকর্মের দ্বারা মানুষ যেভাবে ধনসম্পদ সংগ্রহ করে রাখে তার প্রতি বাস্তবদৃষ্টি রাখা উচিত ছিল ঠিক তেমনি অপরদিকে এই ভূমিসম্পদ থেকে বার্ষিক আয় কতখানি এবং সেই আয়ের উপর স্বাধীন দেশের নাগরিক হিসেবে কত লোককে নির্ভর করতে হয় তার প্রতি দৃষ্টি রেখে আইন করা উচিত ছিল। কিন্তু আমরা লক্ষ্য করে দেখছি যে, সরকারের গাফিলতি, দুর্বলতা, অযোগ্যতা এবং দুর্নীতি প্রশ্রয় দেওয়ার ফলে সমাজে ভণ্ডামি এবং গুণ্ডামির মাত্রা বেড়েই চলেছে এবং সেদিকে লক্ষ্য না রাখার জন্য আমাদের দেশের সামাজিক কাঠামো নানাভাবে ব্যাহত হচ্ছে। তার সর্বপ্রথমে আমি এই ৪নং ধারা অর্থাৎ যেখানে সর্বোচ্চ ভূমির সীমা নির্ধারণ সম্পর্কে কথা রয়েছে তার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। কারণ আমি মনে করি এই আইনের মধ্যে বাস্ত, বাগান, পোলট্রি, পুষ্করিণী এবং সমিতি-গুলোকে পার্বত্য এলাকার চা বাগানের মাধ্যমে যে পরিমাণ ভূমি রেখে দেওয়ার সুযোগ করে দেওয়া হয়েছে তাতে করে বা সারাদেশে আর এমন কিছু প্রভূত পরিমাণ ভূমি উদ্বৃত্ত থাকবেনা যা ক্ষেতমজুরদের মধ্যে বণ্টন করে তাদের দারিদ্র্য ঘোচান যায়। কাজেই এমতাবস্থায় সর্বাগ্রে ভূমির

যে সর্বোচ্চ সীমা নির্ধারণ করা হয়েছে সেখানে আরও কঠোরতম ব্যবস্থা গ্রহণ করে যাতে দরিদ্র ক্ষেতমজুরদের হাতে জমি পৌঁছে দিতে পারা যায় তার ব্যবস্থা করা উচিত। আমার মনে হয় এ ব্যাপারে নিশ্চয়ই কারুর দ্বিমত নেই যে, কৃষকদের হাতে জমি দিয়ে যত তাড়াতাড়ি সম্ভব তাদের ক্ষুধা দূর করার ব্যবস্থা করা দরকার। কিন্তু আইনের মধ্যে যে ব্যবস্থা করা হচ্ছে তাতে আমার বিনোভাজীর একটি কথা মনে পড়ে যায়। তিনি একসময় বলেছিলেন যে, "হামারা দেশ সে জমিদারী চলি গঈ, কিন্তু জোতদার রহ গঈ"। ঠিক সেই জিনিসই আমরা দেখছি যে, পতনোন্মুখ এবং ধ্বংসোন্মুখ জমিদারদের কাছ থেকে জমি ছিনিয়ে নেওয়ার পরিবর্তে তাঁদের জমিদারী রক্ষা করার জন্য তাড়াতাড়ি কম্‌পেন্‌সেসন দিয়ে দেওয়া হচ্ছে এবং যে সমস্ত জমি এখনও তাঁদের কবায়ত্ব হয়ে রয়েছে সেগুলো রক্ষা করার ব্যবস্থা হচ্ছে। মাননীয় স্পীকার মহাশয়, হোল্ডিং রাখার যে definition আছে, তা আমরা সকলেই জানি, কিন্তু তা সত্ত্বেও জমি কিভাবে বেনাম হচ্ছে বা হস্তান্তরিত হচ্ছে তা' শুনলে আপনি অবাক হয়ে যাবেন। অর্থাৎ যে ব্যক্তির কোন অস্তিত্ব নেই বা যে এখন পর্যন্ত জন্মগ্রহণই করেনি তার নামে পযন্ত জমি ট্রানসফার করে রাখা হয়েছে এবং এইভাবে যে প্রচুর পরিমাণ জমি অন্যের হাতে থেকে গেছে সেগুলো ফিরিয়ে আনবার আর কোন উপায় নেই। একথা অবশ্য সকলেই জানেন যে, জনসাধারণের মধ্যে কোন দুর্ঘটনা বা অন্য কিছু ঘটলে বা কোথায় জমি বেনামী হয়ে রইল সেটা সরকারেরই জানা দরকার এবং প্রয়োজনমত ব্যবস্থা অবলম্বন করা কর্তব্য। কিন্তু এক্ষেত্রে আমরা দেখছি যে সেই বেনামি জমি উদ্ধার এবং সেই বেনামদারদের শাস্তি দেবার কোন ব্যবস্থাই সরকারের পক্ষ থেকে করা হচ্ছে না।

[4-20—4-30 p. m.]

তারপর এই উদ্‌বৃত্ত জমি বণ্টনের ব্যাপারে আমি বলতে চাই, যে ১ লক্ষ ১০ হাজার একর জমি আমরা পেয়েছি এবং যার মধ্যে মধ্যসত্বভোগীদের জমির পরিমাণই বেশী তা কৃষক, বর্গাদার এবং আর একশ্রেণীর লোক যা আমাদের দেশে রয়েছে অর্থাৎ ঐ ভূমিহীন, নিঃস্ব ক্ষেতমজুর যারা অন্যের জমির উপর নির্ভর করে বেঁচে আছে তাদের মধ্যে বণ্টন করা উচিত ছিল। কিন্তু স্যার, একটা ঘটনা শুনলে আপনি অবাক হবেন যে, গতবছর এবং তার আগের বছর এই উদ্‌বৃত্ত জমির ১০ কাঠায় যে তাদের বসত দেওয়া হয়েছিল সেখানে আজ সরকারের ল্যাণ্ড এ্যাণ্ড রেভিনিউ ডিপার্ট-মেণ্টের লোকেরা এসে বর্গাদারদের কাছ থেকে এই কথা লিখিয়ে নিচ্ছে যে, "আগামী বছর এই জমি চাষ করতে হলে আমরা সরকারের অনুমতি ছাড়া চাষ করব না।" এ প্রসঙ্গে আমি জিজ্ঞেস করতে চাই, বর্গাদারদের সম্বন্ধে যে আইন করা হয়েছে তাতে কি কোন ব্যক্তিবিশেষকে ঠিক করা হয়েছে যে, একাজ করবার তিনিই একমাত্র হকদার? আমার মনে হয় এ জিনিস কোনমতেই থাকা উচিত নয়। তারপর অধিক পরিমাণ ভূমি রাখার আর একটি উপায়ের প্রতি আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। ধরুন, কোন এক ব্যক্তির সর্বোচ্চ সীমার উর্ধে জমি আছে এবং সেটা দখল করার পূর্বে অর্থাৎ সরকারে ভেষ্টেড হওয়ার পূর্বে সে নানা কারণে ঐ জমির খাজনা বাকী ফেলে সেটা নীলাম হওয়ার রাস্তা করে দিতে পারে বা নিজের কোন লোকের নামে বেনামী হস্তান্তর করাতে পারে। কিন্তু সর্বোচ্চ সীমার উর্ধে যে জমি আছে তা' যদি বাকী খাজনার দায়ে নীলামও হয় তাহলেও সে নিজের কোন পরিচিত বা আত্মীয়স্বজনের নামে সেটা নীলামে কিনে তার ভোগদখলকার হয়ে থাকতে পারে। কাজেই এইভাবে নানারকম পদ্ধতিতে যে প্রচুর পরিমাণ জমি এক একজন লোকের হাতে থেকে যাচ্ছে তার প্রতি সরকারের বিশেষ দৃষ্টি দেওয়া প্রয়োজন। তারপর কম্‌পেন্‌সেসনের ব্যাপারে আমরা ওরিয়েণ্টাল গ্যাস কোম্পানী বা অন্যান্য ক্ষেত্রেও দেখছি যে ক্ষতিপূরণ দানের ব্যাপারে আমরা সর্বক্ষেত্রে জনসাধারণের উপর মনোভাবের সমতা রাখতে পারিনা। যেমন এবারে কমপেন্‌সেসনের ব্যাপারে থ্রি পার্সেণ্ট রেট্

অফ ইন্টারেস্ট এর কথা বলা হয়েছে কিন্তু অন্যান্য ব্যাপারে আমরা দেখেছি যে আরও অধি মাত্রায় সুদ দেবার ব্যবস্থা করা হয়। অবশ্য ক্ষতিপূরণের ব্যাপারে অধিক পরিমাণে সুদ দেও হবে কিনা সেটা আমার প্রসঙ্গ নয় কিন্তু তাহলে সুদ দেওয়ার প্রশ্ন যখন আসে তখন এরকম একা সমস্যা প্রায় সর্বক্ষেত্রেই দেখা যায় এবং সেটা কোনমতেই বাঞ্ছনীয় নয়। যা' হোক্, আমার ক হচ্ছে যে, বৈষম্য বিতরণ করার কোন রন্ধ্র যেন না থাকে এবং যদি আমাদের আইন প্রনয়ণ করতে হয় তাহলে আমরা কখনও এরকম আইন যেন না করি যার রন্ধ্র দিয়ে কোন লোকের কা উপার্জনস্বরূপ কিছু আসতে পারে। এবং সেইজন্যই আমি মনে করি যে, ২৫ হাজার টাকার উ কাউকে ক্ষতিপূরণ দেবার প্রয়োজন নেই।

বর্তমানে আমাদের অর্থনৈতিক সমাজের কাঠামোর দিকে লক্ষ্য রাখলে দেখি অগণিত মানু যেখানে ভূমিহীন, শুধু ভূমিহীন নয় শ্রমহীন, সেখানে সাধারণ মানুষের হাতে কিছু পরিমাণ জ পৌছে দিলেই যে তাঁরা দারিদ্র্যমুক্ত হবেন এমন আমি মনে করি না, বিশেষ করে বর্তমান আইনে ব্যবস্থা যায়। এবং যাঁরা কৃষিমজুর বা ভূমির উপর নির্ভর করেন সমূহ জমি তাঁদের মধ্যে বন্টন কর তাঁদের দারিদ্র্য কখনও ঘুচবে না—যতক্ষণ পর্যন্ত না অবসর সময়ে অন্যান্য শিল্প বা কাজের মাধ্য তাদের অন্য উপায়ের পথ আমরা খুলতে পারি, সেজন্য কয়েকটা বিষয় লক্ষ্য রেখে দেখেছি সরকারের হাতে কার্যভার পড়লে সরকারী কর্মচারীদের অযোগ্যতার জন্য, সরকারী অবহেলা এব অন্যান্য অসুবিধার জন্য মানুষকে দুরবস্থায় পড়তে হয় সে বিষয়ে আমি সরকারের দৃষ্টি আকর্ষ করছি। বাঁধ সংক্রান্ত ব্যাপারে ল্যাণ্ড য়্যাণ্ড ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেন্টের কথা শুনলে আশ্চ হয়ে যাবেন যে বহু জায়গায় বাঁধে মাটী ফেলা হয় না। রাজস্ব বিভাগের কর্মচারীগণ যেখানে ডিষ্ট্রীক্ট লেভেল থেকে আরম্ভ করে জুনিয়ার ল্যাণ্ড অফিসাররা পর্যন্ত এতে সম্পৃক্ত থেকে বাঁধগুলির টাকা আত্মসাৎ করেন। আমি সুন্দরবনের কথা জানি যে সেখানে বহু বাঁধে মাটী ফেলা হয় নাই বলে কন্‌ট্রাক্টরের টাকা আটক রাখা হয়েছে কিন্তু আমি মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করতে পারি কি, যে সমস্ত সরকারী কর্মচারীগণ এর মধ্যে সম্পৃক্ত ছিলেন তাঁদের বিরুদ্ধে কি ব্যবস্থা অবলম্বিত হয়েছে? যাঁরা সরকারী অর্থ অপচয় করতে পারেন কিম্বা আত্মসাৎ করতে পারেন বা অব্যবস্থা করতে পারেন তাঁদের বিরুদ্ধে কোন ব্যবস্থা অবলম্বিত হয়নি। খাজনা-সংক্রান্ত ব্যাপারে আমরা দেখলাম যে সাধারণ মানুষের হাতে ভূমি গিয়ে পৌছালো কিন্তু খাজনার পরিমাণ কমলো না, শুধু ব্যবস্থা করা হচ্ছে। ইত্যবসরে আমরা দেখি—অন্যান্য সদস্যরাও উল্লেখ করেছেন যে, ভেস্টেড ল্যাণ্ডগুলিতে সরকার জমিদার স্বরূপ বা মালিক স্বরূপ তার ⅓ অংশ ভোগ করবার অনুরূপ ব্যবস্থা রেখে দিয়েছেন। তড়িৎ গতিতে এই ব্যবস্থার প্রয়োজন ছিল বলে আমি মনে করি। আমরা লক্ষ্য করে দেখি যে জমিদারী প্রথার অবসান হয়েছে একথা ঠিক বলা চলেনা, এতে ভোটের কিস্তী মাত্ করা যায় কিন্তু এটার রূপান্তর হয়েছে মাত্র। মধ্যস্বত্বলোপ সংক্রান্ত ব্যাপারে যখন লক্ষ্য করি তখন আমরা দেখতে পাই সারা বাংলাদেশের মধ্যে এমন মধ্যস্বত্ব সম্পত্তি থেকে গেল যার বিলোপসাধন করা প্রয়োজন ছিল বলে আমি মনে করি। স্যার, আমাদের দেশের অগণিত জনসাধারণের মধ্যে যে ভূমি-ক্ষুধা থেকে গেছে, তাঁদের কাছে যদি আমরা ধর্মের নামে পড়ে আর প্রচারের নামাবলী গায়ে দিয়ে কটাক্ষ চক্ষুতে কুম্ভীরাশ্রু বিসর্জন করি তাহলে তাঁদের দারিদ্র্য কোনকালে ঘুচবেনা এবং আমরা লক্ষ্য করে দেখছি যে সরকারের দৃঢ় মনোভাবের অভাবের জন্য আমাদের দেশের এই যে কৃষক শ্রেণীর লোক, যাদের জন্য একটা মৌলিক ভিত্তির উপর নির্ভর করে আজ একটা আইনের ব্যবস্থা আমরা করতে যাচ্ছি—সেই আইনটা কোনরকমে কার্যকরী করা সম্ভবপর হবেনা যতক্ষণ পর্যন্ত সরকারের একটা আন্তরিক ইচ্ছা না থাকে। কাজেই আমাদের মন্ত্রীমহাশয়ের অবস্থা হয়েছে যে তিনি আইনের মুখে জোরসে বল্গা টেনে দিয়েছেন কিন্তু সেই কাছিটা এমন দূরে চলে গেছে যে কষাঘাতেও তার কোন কাজ হচ্ছে না। এবিষয়ে আমি তাঁর

দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে তিনি এই বিষয়গুলির প্রতি তন্ন তন্ন করে দৃষ্টি রেখে আইন প্রবর্তনের ব্যবস্থা করুন। আমি আরো খুঁটিনাটি কয়েকটা বিষয়ের প্রতি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই—খাজনা আদায় সংক্রান্ত ব্যাপারে সেই সমস্ত পুরাতন ঘুঘু কর্মচারী যারা জমিদারের অধিনস্থ থেকে গিয়েছিলেন এবং যারা জমিদারদের স্বার্থকে অক্ষুণ্ণ রাখার জন্য সর্বদা ব্যস্ত থাকতেন সেই সমস্ত লোককে আমরা এখনও পর্যন্ত নিযুক্ত করে রেখে দিয়েছি। সরকারী ব্যবস্থায় কখনও কোন চাকরীতে রাখতে হোলে আমাদের বিবেচনা করা দরকার যে বর্তমান নিয়মানুসারে দেশের জনগণের স্বার্থ রক্ষার জন্য আমরা যে লোক নিয়োগ করবো সেই লোকের উপযুক্ত গুণাবলী আছে কি না। খাজনা আদায়ের জুলুম, আদায়ের অন্যান্য টরচার কোন অংশে আজও পর্যন্ত এতটুকু কমে নাই, তবে তখন সুযোগ ছিল, জমিদার ছিল, আবেদন নিবেদন করে কিছুটা ব্যবস্থা করা যেত, এখন তার আর কোন সম্ভাবনা নেই। এইভাবে নানাদিক থেকে নানাভাবে মানুষ ক্রমশঃ ব্যতিব্যস্ত হয়ে যাচ্ছে। সুতরাং সবশেষে মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো তিনি যেন সকল বিষয়ের প্রতি দৃষ্টি রেখে আইনটা সংশোধনের ব্যবস্থা করেন। এই বলে আমি এর বিরোধিতা করে এবং এটাকে একটা নির্দিষ্ট সময়ের জন্য সার্কুলেশন দেবার দাবী জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4-30—4-40 p.m.]

Shri Subodh Banerjee : Sir, I beg to move that the West Bengal Estates Acquisition (Second Amendment) Bill, 1960, be circulated for the purpose of eliciting public opinion by the 30th November, 1960.

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, যে বিলটা আমাদের সামনে এসেছে সেই বিল সম্বন্ধে কয়েকটা দিক থেকে আলোচনা করার দরকার আছে। আপনি জানেন যে প্রথম যখন এস্টেটস্ য়্যাকুইজিসন বিল এই হাউসের সামনে আনা হয় তখন তার উদ্দেশ্য হিসাবে বলা হয়েছিল যে একমাত্র এর উদ্দেশ্য হল জমিদার জোতদারদের বাড়তি জমি নিয়ে ভূমিহীন চাষী, গরীব চাষী এবং ক্ষেতমজুরদের মধ্যে বিলি করা হবে যাতে করে আমাদের দেশের বেকার সমস্যার সমাধান খানিকটা হয়, যাতে করে আমাদের দেশের অর্থনৈতিক পুনর্গঠনের একটা ভিত্তি স্থাপিত হয়। সেদিক থেকে বিবেচনা করলে দেখা যায় যে এস্টেটস্ য়্যাকুইজিসান এ্যাক্ট বলুন আর ল্যাণ্ড রিফর্মস্ য়্যাক্ট বলুন যার মূল ভিত্তি হল চাষীর হাতে জমি দেওয়া, অথচ আপনি জানেন ডেপুটি স্পীকার মহোদয় আজ যে অবস্থা দাঁড়িয়েছে তাতে সেই উদ্দেশ্য ব্যর্থ হতে চলেছে, ব্যর্থ হতে চলেছে বললে ভুল হবে সেই উদ্দেশ্য ব্যর্থ হয়ে গেছে। আপনি জানেন যে যখন এই বিল প্রথমে এই হাউসের সামনে উপস্থাপিত করা হয় তখন সরকারের তরফ থেকে বলা হয়েছিল যে কমপক্ষে ৬ লক্ষ একর জমি সরকারের হাতে আসবে যা সরকার ভূমিহীন চাষী, গরীব চাষী, ক্ষেতমজুরদের মধ্যে বিলি করবেন। অথচ আশ্চর্যের কথা এই যে বহু হিসাব দেওয়া সত্বেও, বহুবার প্রতিশ্রুতি দেওয়া সত্বেও আজ পর্যন্ত সরকারের কাছে তার ভগ্নাংশ মাত্র জমি আসেনি, ফলে এই বাড়তি জমি না আসার জন্য চাষীর হাতে জমি দেওয়া যায়নি এবং তার ফলে যে উদ্দেশ্যে এই বিল আনা সেই উদ্দেশ্য সম্পূর্ণরূপে বানচাল হয়ে গেছে। প্রশ্ন হল কেন এ জিনিস হল না। কেন ৬ লক্ষ একর জমি সরকারের হাতে এলনা, কেন চাষীর হাতে জমি দেওয়া গেলনা—এই মূল প্রশ্নে যদি আমরা হাত না দিই, মূল জায়গায় যদি আমরা অঙ্গুলি নির্দেশ না করতে পারি তাহলে no amount of Palliatine, no amount of legislation no amount of sweet words, no amount of rosy promises will solve the problem.

বড় কথা বলে কিছু কাজ হবেনা, বাস্তবকে স্বীকার করা দরকার। কোথায় ত্রুটি হয়েছে যে ত্রুটির জন্য ভূমিসংস্কার ব্যর্থ হতে চলেছে সেই জায়গায় হাত দিতে হবে, সেই ত্রুটিকে দূর

করতে হবে। মিঃ ডেপুটি স্পীকার; স্যার, সেই ত্রুটি হচ্ছে **male fide** transfer of land by the Zemindars and Jotedars.

জমিদার জোতদাররা এই আইনকে ফাঁকি দেবার জন্য জমি বেনামী করেছে তার ফলে সরকারের হাতে বাড়তি জমি আসেনি, তার ফলে চাষীর হাতে জমি দেওয়া যায়নি। ডেপুটি স্পীকার মহাশয়, কোথাও কোথাও উর্দ্ধতন কর্মচারীরা এই প্রশ্ন করেছেন যে প্রমাণ কোথায় যে জমিদার জোতদাররা জমি বেনামী করেছে? প্রমাণ বাস্তব। গ্রামে যান, সেখানে দেখবেন আর যদি কোন দলিল চান, লিখিত কোন প্রমাণ চান সেই প্রমাণও আমি আপনার সামনে উপস্থাপিত করতে রাজী আছি। মিঃ ডেপুটি স্পীকার, স্যার, ভূমি এবং ভূমি রাজস্ব মন্ত্রীর চিঠির প্রতি আমি আমার দৃষ্টি আকর্ষণ করছি। ভূমি এবং ভূমি-রাজস্ব মন্ত্রী শ্রীবিমলচন্দ্র সিংহ মহাশয় ১৯৫৮ সালের ১৯শে ডিসেম্বর আমাদের কাছে চিঠি লিখে আমাদের সাজেসান চেয়েছিলেন। তিনি তাঁর সেই চিঠিতে বলেছিলেন আপনারা আপনাদের সাজেসান দিন যাতে করে "I can strengthen Section 5A of the Estates Acquisition Act. যাতে করে মূল আইনের ৫(ক) ধারাকে স্ট্রেন্‌দেন করতে পারি, ঐ বেনামী বন্ধ করতে পারি। মন্ত্রীমহাশয়ের এই চিঠি প্রমাণ করে যে তিনি জানেন বাংলাদেশের জমিদার জোতদাররা প্রচুর পরিমাণে জমি বেনামী করেছে যার ফলে বাড়তি জমি সরকারের হাতে আসেনি, যার ফলে গোটা ভূমিসংস্কার আইন, গোটা মধ্যস্বত্বভোগী আইনের উদ্দেশ্যগুলি বানচাল হয়ে গেছে।

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আমরা যেসব সাজেশন দিয়েছিলাম,—তাতে তিনি যদি বলতেন বা আমাদের জানাতেন—তাঁর কোথায় কি অসুবিধা আছে সেসব সাজেসন গ্রহণ করবার করবার পক্ষে,—তাহলেও আমরা বুঝতে পারতাম, আর যদি তিনি মনে করতেন আমাদের সাজেসন গুলি গ্রহণ যোগ্য—, তাহলেও বুঝতে পারতাম। আশ্চর্যের কথা এই যে বিল আমাদের সামনে রয়েছে—,—সেক্‌শন ৫এ, এখানে open করা হয়েছে, সেই সেক্‌সন ৫এ কোথাও নাই এই ম্যালাফাইডি ট্রান্সফার অফ ল্যাণ্ড বন্ধ করা যাবে। একথা ও কোথাও নাই এই জমি না ম্যালা ফাইডি ট্রান্সফার হয়েছে, তা কোন আইনের বলে কেড়ে নিয়ে এসে ভূমিহীন গরীব চাষী, ক্ষেত মজুরের মধ্যে বিলি করা হবে। এ দাবী আমি করছি না যে আমরা যা বলেছিলাম তা আপনাকে গ্রহণ করতেই হবে। আমার বক্তব্য হচ্ছে আপনি যে চিঠি দিয়েছিলেন আমার চিঠির যা বক্তব্য সেই জমিদার জোতদাররা যে জমি বেনামী করেছে, তা ধরবার জন্য আমাদের সাজেসন কোথায়? কেন এই সেকসন ৫-এর মধ্যে তা নাই? তার জবাব আমরা চাইব মন্ত্রীমহাশয়ের কাছে। বলুন তা কি? তিনি চিন্তা করুন। তার সাজেসন পেলে আমরা বুঝতাম কোথায় তাঁর অসুবিধা আছে। তাই যদি না হয় বেনামি জমি যদি কেড়ে নিয়ে না আসা যায়, তাহলে যে উদ্দেশ্যে বর্তমান আইন ছটী করা হয়েছে,—তা ব্যর্থ হয়ে যায়। এই গেল সেকসন ৫-এ, যেটা এই বিলে open করা হয়েছে। শুধু এই বেনামীর কথা নয়—স্যার, অবাক লাগে। আপনি উকিল মানুষ—, আপনি কি সত্যিই চান ভূমিসংস্কার করবেন—আপনি কি সত্যিই চানসারপ্লাস আন-এমপ্লয়েড রুর‍্যাল আন্-এমপ্লয়েড যারা, তারা এমপ্লয়েড হোক? এই ভূমি সংস্কারের কাজে তাদের লাগাতে হবে? এই যদি হয়, মাল্টিপ্ল সর্স অফ ইনকাম রাখতে হবে। মূল আইনের ৬ নম্বরের দিকে তাকিয়ে দেখুন যেটা বিলের ১৪ নম্বর ক্লজে তোলা হয়েছে, সেখানে কি প্রয়োজন? একটি লোক non-agricultural land—land appertaing to house—২০ একর রাখতে পারবে; সেই লোকই আবার ২৫ একর চাষের জমি রাখতে পারবে, সেই লোকই আবার ম্যানি এ্যামাউন্ট অফ ট্যাঙ্ক ফিসারী রাখতে পারবে;—সেই লোকই আবার ম্যানি য়্যামাউন্ট অফ ল্যাণ্ড পলটি প্রভৃতির জন্য রাখতে পারবে; সেই লোকই আবার ম্যানি এ্যামাউন্ট অফ ল্যাণ্ড বাগ বাগিচা চা-বাগানের জন্য রাখতে পারবে। এইভাবে যদি ম্যানি য়্যামাউন্ট অফ ল্যাণ্ড রাখতে পারে, তাহলে জমি রইল কোথায়? যে জমির মালিক, চাষের জমির মালিক নয়, যে, নন এ্যাগ্রিকালচার‍্যাল ল্যাণ্ড

এবং এ্যাগ্রিকালচুর‍্যাল ল্যাণ্ড এবং ল্যাণ্ড য়্যাপারটেনিং টু গার্ডেন, অরচার্ড ট্যাঙ্ক ফিসারী পর্যন্ত মালিক। মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, ট্যাঙ্ক ফিসারী যা ডেফিনেসন্ করে দিয়েছেন, তাতে অবাক লাগে। আজও সেই ডেফিনেসন্ এর সংশোধন হলো না। আপনি বলছেন ট্যাঙ্ক ফিসারী কাকে বলে? যেখানে বাঁধ দিয়ে মাছের চাষ করা হয়। সুন্দরবনের যারা জোতদার, তারা হাজার হাজার বিঘা ধানী জমি বাঁধ দিয়ে মেছোভেরীতে পরিণত করেছে। তাদের স্বার্থরক্ষার জন্য এই ট্যাঙ্ক ফিসারী সংজ্ঞা রাখা হয়েছে। আপনিও এটার সংশোধনী আনতে পারলেন না। ট্যাঙ্ক ফিসারী মানে পুকুরে মাছের চাষ হবে—, সেই অর্থে তিনি ট্যাঙ্ক ফিসারী করতে পারলেন না।

মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের সঙ্গে অন প্রিন্সিপাল এগ্রি করেছিলেন—৬ বিঘা পর্যন্ত পুকুর ইত্যাদির জন্য বাদ দেওয়া যেতে পারে। তাছাড়া embankment করে বাঁধ দিয়ে fishery করছে, মাছের চাষ করছে, সেই জমি অধিকার করে নেওয়া যেতে পারে।

The Hon'ble Bimal Chandra Sinha : There has been a seperate Act for that.

Shri Subodh Banerjee : মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, তা হতে পারে উনি যা বলেছেন। কিন্তু আসলে তা নয়। আপনার হয়তস্মরণ থাকতে পারে যে Act হয়েছে, তা কি হয়েছে? য়্যাক্টএ আছে এই যদি কোন ফিসারীর জলে পার্শ্ববর্তী জমির ধান নস্ট করে, সেখানে আপনারা অধিকার করতে পারবেন। ধরুন একজন মালিক সে খুব ভাল করে বাঁধ করলো, যাতে করে ভেরীর জল যদি পাশের জমির ধান নস্ট করতে না পারে, তাহলে কি আপনারা সেটা অধিকার করতে পারবেন ঐ আইনের বলে? তা তিনি পারবেন না।

[4-40—4-50 p.m.]

সুন্দরবনের দিকে তাকিয়ে দেখুন ডায়মণ্ডহারবার মহকুমার ক্যানিং থানায়, বসন্ত ইউনিয়নে নীলকণ্ঠ জানা আইন ভাওলেট করে বহু হাজার বিঘা জমি মেছভেড়ী করে রেখে দিয়েছেন; তার গায়ে আপনারা হাত দিতে পারছেন না। তার সর্স অফ ইনকাম বহু। তার হাজার হাজার বিঘা চাষের জমি আছে; তার লঞ্চ-এর কারবার আছে, তার সিনেমা হাউস আছে। তার নেই কি? আর একদিকে দেখছি অসংখ্য শুষ্ক মুখ চাষীগুলি ঐ একফোঁটা জমির অভাবে ভেসে চলে গেল। ভরতগড়ের চাষী 'তেয়োরী'—প্রভৃতি বহু কৃষক একটুখানি জমির জন্য প্রাণ হারাল। এই রকম ঘটনা শুধু ক্যানিং-এ নয়, জয়নগর, মথুরাপুর, সুন্দরবন অঞ্চলে, কাকদ্বীপ অঞ্চলে সর্বত্র ঘটছে। এই রকম ঘটনা কোথায় নাই বলুন। অথচ আপনি সেখানে হাত দিবেন না।

৬ নং ধারার সাহায্যে সেখানে বাড়তি জমি যা মেছভেড়ী করে রেখেছে সেটা কেড়ে নিয়ে আমাদের দেশের যারা গরীব চাষী ধান চাষ, যা মাছের চাষ করছে তাদের দিয়ে দেবার জন্য কি ব্যবস্থা করেছেন? সিলিং কমিয়ে দেওয়া উচিত, তা না করে ওঁরা সংশোধন নিয়ে এসেছেন ডিষ্ট্রিক্ট জাজ হবে, কি এ্যাডল ডিষ্ট্রিক্ট জাজ হবে? এটা কি সরকারের চিন্তার বিষয় হ'ল না যে গরীব ভূমিহীন চাষীকে কি করে জমি দেওয়া যায়? এটা কি চিন্তার বিষয় নয় যে ক্ষেত মজুরকে কাজ কেমন করে দেওয়া যায়? সরকারের এটাই বিশেষ চিন্তার বিষয় হল যে বিচারক একজন কালেক্টর হবে, না য়্যাডল কলেক্টর হবে। নট বিইং এ পারসন হবে, না, পারসন বিইং হবে—দেশের সামনে এটাই কি বড় সমস্যা? আমরা দেখছি ৬ নং ধারাকে রাখা হয়েছে এই বিলে. অথচ এই ধারার দ্বারা যে সকল সমস্যা সমাধান করবার ক্ষেত্রে অসুবিধা রয়েছে, সেটা সংশোধন করবার চেষ্টা হয়নি। মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, অবাক লাগে—মূল যে আইন, সেই মূল আইনের চেয়ে এটা

রিট্রোগ্রেড হয়েছে এই বিলেতে। মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো, তিনি তাকিয়ে দেখুন—মূল আইনে কলেক্সান এণ্ড ম্যানেজমেণ্ট চার্জ ধরা ছিল, কিন্তু বর্তমান বিলে কোথাও ঐ কলেক্সন এণ্ড মেনেজমেন্ট চার্জ-এর কথা উল্লেখ নেই। প্রকৃত হিসাব পাওয়া যাচ্ছে না। সরকার ইচ্ছে করলে বা কলেক্টর ইচ্ছে করলে কলেকসন এণ্ড ম্যানেজমেণ্ট চার্জ সম্বন্ধে যেটা তারা যুক্তিসংগত বলে মনে করবেন সেইটাই তাঁরা ধার্য করবেন। যদি যুক্তি হয় যে কলেকসন এণ্ড ম্যানেজমেণ্ট চার্জ কমিয়ে দেওয়া হল—তাহলে গরীব ইণ্টার-মেডিয়ারী যাদের আগের হার ধরা ছিল, তা থেকে তারা রক্ষিত হবে তাদের বিশেষ কিছুই থাকে না! মাননীয় মন্ত্রী মহাশয় এর অর্থনীতি সম্বন্ধে নিশ্চয়ই খুব ভাল জ্ঞান আছে। তিনি অর্থনীতির ভাল ছাত্র ছিলেন, এবং এ সম্বন্ধে তিনি যে সমস্ত প্রবন্ধ আগে লিখেছেন, সেগুলি প্রবাসী বা মডার্ন রিভিউ তে বেরিয়েছে। সেখানে দেখছি মার্কসিস্ট লিনিং এসেছে মোর অর লেস এবং আমাদের ওয়েলফেয়ার স্টেট এর কনসেপসন এর মধ্যে ও ঐ মার্কসিস্ট প্রিন্সিপালটা রয়েছে। তার মার্কসিস্ট লিনিং আছে। যদি মার্কসিস্ট প্রিন্সিপল এ তাঁর আপত্তি থাকত তাহলে তিনি ওয়েলফেয়ার স্টেট এর কনসেপসন এর কথা লিখতেন না। এদিকে তাঁর লিনিং এসেছে।

গরীবের বেলায় যত ছাড় হয়, বড় লোকের বেলায়ও কি তত ছাড় হবে? যদি গরীব লোকের বেলায় ৫ পার্সেণ্ট ছাড় হয়? বড় লোকের বেলাও কি ৫ পার্সেণ্ট ছাড় হবে? প্রোগেসিভ ট্যাক্সেসন এর যে প্রিন্সিপ্যাল তাতে সে রকম হয় না। এটা ক্যাপিট্যালিষ্ট একোনমি গরীবের বেলায় যে ছাড় হয়, কনসেসন হয়, বড় লোকের ক্ষেত্রে তার চেয়ে অনেক কম কনসেসন হবে। কিন্তু আশ্চর্য কথা, ডেপুটী স্পীকার মহাশর, ম্যানেজমেণ্ট এণ্ড কলেকসন চার্জেস এর ক্ষেত্রে আমরা দেখছি ঠিক উল্টো জিনিষ হচ্ছে। যাদের আয় ১০ হাজার থেকে ১৫ হাজার গ্রস ইনকাম তারা নিশ্চয়ই গরীব নয়। আগে ছিল ১২ পার সেণ্ট অফ দি টোট্যাল গ্রস ইনকাম এই আইনে সেটা করে দেওয়া হয়েছে সেভেন হাফ পার সেণ্ট অফ দি গ্রস ইনকাম আর যাদের ২২ হাজার টাকা গ্রস ইনকাম তাদের করে দেওয়া হয়েছে ফাইভ পার সেণ্ট এটা কি কমিয়েছেন, এটা কি প্রগেসিভ টাক্সেসন? বড় লোকের বেলায় জমিদার জোতদারদের বেলায়, ফাইভ পার সেণ্ট এতে হল কি আইনটা আগের চেয়েও খারাপ হল, আগের চেয়ে রেট্রোগ্রেড।

ক্লজ ২২ অফ দি বিল এ দেখছি যে সমস্ত চাষী আগে খাজনা দিতে হত না তাদের উপর খাজনা ধার্য করার ব্যবস্থা হচ্ছে। এটাকে কি বলবো? চাষীকে যেখানে রেহাই দেবার কথা সেখানে আপনারা এই করছেন, এ কোথায় আছে, কোন্ সভ্যদেশে এরকম হয়? সভ্যদেশে রেণ্ট এর প্রিন্সিপল কি? ইণ্ডাষ্ট্রীর বেলায় যদি প্রোফিট না হয়, ইনকাম ট্যাক্স দেবে না। ট্যাক্স দেবে না ইনকাম না হলে। জমির বেলায় কি নিয়ম আছে? আন-একোনমিক্স হলে ল্যাণ্ড এর বেলায় কেন এরূপ হবে না যে নো প্রফিট নো রেণ্ট? এর কি যুক্তি আছে। কোন প্রগেসিভ কাণ্ট্রিতে ল্যাণ্ড রেভেনিউর এই প্রিন্সিপল যে ল্যাণ্ড থাকলেই tax দিতে হবে! চিন্তা করুন। অর্থাৎ আমি দেখছি যে সুবিধা আজকে পাওয়া যাচ্ছিল সেই সুবিধাটুকু বর্তমান বিলে কেটে নেওয়া হচ্ছে।

মাননীয় মন্ত্রী মহাশয় বলেছিলেন যে সিলেক্ট কমিটির যে রিকমেণ্ডেসন তা মোটামুটি গ্রহণ করেছি। আগের দিন এ নিয়ে আলোচনা হয়েছে, সেগুলি আমি বলবো না কিন্তু যেগুলি আলোচিত হয়নি আমি তা দেখাচ্ছি। দেখুন কি সর্বনাশকরভাবে সিলেক্ট কমিটির রিকমেণ্ডেসন ফ্লাউটেড হয়েছে, আপনার সামনে তা তুলে ধরবো। প্রথম কথা—আপনি জানেন জমিদার জোতদাররা যে জমি রেখে দিচ্ছে আওার সেক্সন সিক্স সে জমির জন্য তাদের খেসারৎ দিতে হয় সরকারকে। আণ্ডার সেক্সসন সিক্স জমিদার জোতদার যে জমি রেখে দিচ্ছে এ আইনে তার জন্য যে খেসারৎ পায়। কি ভাবে? গ্রস ইনকাম ক্যালকুলেট করার সময় যে জমিগুলি থেকে আয় হত সেটা হিসাবের মধ্যে নেওয়া হয়।

[4-50—5-10 p. m.]

গ্রস ইনকাম ক্যালকুলেট করার সময় এই জমিগুলি থেকে যে আয় হত সেটা হিসাবের মধ্যে নেওয়া হল, এই তার একটা মাল্‌টিপ্লিকেসন পায় খেসারৎ হিসাবে। সিলেক্ট কমিটিতে এটা আলোচনা হল, একথাগুলি বাদ দেওয়া হোল। অর্থাৎ, যে জমি জমিদাররা জোতদাররা তাঁদের অধিকারে রাখবেন সেক্সসন সিক্স-এ, তার থেকে যে আয় সেটা গ্রস ইনকাম এ যাবে না। আগে যে বিল এসেছিল, অরিজিন্যাল বিল যেটা সিলেক্ট কাউন্সিলেত গিয়েছিল তাতে সেই প্রোভিসন ছিল; কিন্তু আজ যে বিল এসেছে তাতে এটা নাই। আমরা জানি ২।৩ মাস আগে এর আগের সেসন এ এষ্টেট ম্যাকুইজিসন এ্যামেণ্ডমেণ্ট এসেছে। তাতে এটা বাদ দেওয়া হয়নি। আপনি দেখবেন, সেই বিল আপনি Pilot করেন নি। ডাঃ রায় করেছিলেন, তাতে এই প্রোভিসন আমরা পাচ্ছি না। দ্বিতীয় জিনিস, সিলেক্ট কমিটি বলেছিলেন জমিদার জোতদার যাঁদের প্রচুর জমি আছে এবং যাঁরা করেক্ট অ্যাকাউণ্ট দেয় না, যারা মিথ্যা ষ্টেটমেণ্ট দেয়, তাঁদের সমস্ত কম্পেন্সেসন বাজেয়াপ্ত হবে মিথ্যা ষ্টেটমেণ্ট দেওয়ার জন্য। এটা সংশোধিত হয়েছে, আগেরবার কিন্তু তাতে বাজেয়াপ্ত করার কথা নাই, অর্থাৎ যারা ম্যালাফাইডি ট্রান্সফার করছে, হিসাব দিচ্ছে না তাদের সাজা দেবার জন্য ব্যবস্থা করার কথা এখানে যা ছিল, তা নাই। তৃতীয় জিনিস আমি আগেই বলেছি—আমার একটা সংশোধনীর আছে—যদি কোন লোক ঠকিয়ে বাড়তি কম্পেন্সেসন নিয়ে নেয়, এই কম্পেন্সেসন আদায় করার জন্য সরকারের Public ডিম্যাণ্ড রিকাভারী এ্যাক্ট এর আশ্রয় গ্রহণ করা দরকার। মাঃ ডেপুটী স্পীকার মহাশয়, এই সংশোধনী প্রস্তাব সিলেক্ট কমিটী রিকোমেণ্ড করেছিলেন এবং ইউন্যানিমাসলি ম্যাগ্রুড করেছিলেন—যে সিলেক্ট কমিটিতে কংগ্রেস সদস্যের সংখ্যাই ছিল বেশী—কিন্তু সেই জিনিষ আজ বাদ গিয়েছে। এখানেই হচ্ছে আজ মূল ভূমি সমস্যা—এবং আমি মনে করি এটা যদি না রাখেন এই বিলে তাহলে ভূমি সমস্যার কোন সমাধানই হবে না, চাষীরা জাহান্নামে যাবে। সুতরাং আমি মন্ত্রী মহাশয়কে বলব, তাঁরা একটা নীতি ঠিক করে নিন বেনামদার সম্পর্কে কি করবেন, ঠিক করে নিন সত্যিকারের ভূমিহীন চাষীকে, ক্ষেতমজুরকে জমি দেবেন কিনা। আমি মনে করি বাংলা দেশের অর্থনীতিকে যাতে ভালোর দিকে নিয়ে যাওয়া যায়, তারজন্য এই বিল সংশোধন করা দরকার। তা হয়নি বলেই আমি এই সার্কুলেসন মোশান এনেছি।

(At this stage the House was adjourned for fifteen minutes.)

[After adjournment]

[5-10—5-20 p.m.]

Shri Bankim Mukherjee : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st of March, 1961.

সভামুখ্য মহাশয়, আপনার হয়ত মনে আছে এই সভার পূর্বতন সভায় প্রায় ৭,৮ বছর পূর্বে আমি সুদীর্ঘ আবেদন করি বহু যুক্তি দিয়ে জমিদারী উচ্ছেদের জন্য সেই সময় আমাদের মুখ্য মন্ত্রী আমার যুক্তি শুনে এতই অভিভূত হন এবং তার পার্টির কাছে আবেদন করেন যাতে এখনি জমিদারী প্রথার অবসান হয়। কিন্তু তারপর দুঃখের বিষয় এই জমিদারী প্রথা উচ্ছেদের পরিকল্পনা করার পরের যে ইতিহাস সেই ইতিহাস বড়ই দুঃখজনক

আমরা জমিদারী প্রথা উচ্ছেদের বা বিলোপ চেয়েছিলাম তাতে বিন্দুমাত্র ক্রোধ বা অসন্তোষের জন্য নয়। বা দেশের অন্য কোন ব্যক্তিগত সম্পত্তি রাষ্ট্রীয়করণ করবার জন্য আবেদন না করে মাত্র জমিদারী প্রথা বিলোপ করবার জন্যই আবেদন করেছিলাম। তার একমাত্র কারণ বর্তমান সমাজে বর্তমান যুগে শিল্পে কলকারখানায় ব্যক্তিগত সম্পত্তি থাকলেও তাতে কিছুটা উন্নতির সম্ভাবনা আছে। সেখানে কিছুটা পরিবর্তনের সম্ভাবনা আছে। জমিদারী এমন একটা অবস্থায় এসেছে পৃথিবীব্যাপী যে জমির উপর শুধু খাজনা নেবে আর মালিকানা কিন্তু জমির কোন উন্নতিসাধন করবে না এর দ্বারা কৃষির কোন উন্নতি হতে পারে না। ভারতবর্ষের উন্নতির প্রথম ভিত্তিই হবে কৃষির উন্নতি। দুর্ভাগ্যক্রমে যখন জমিদারী প্রথা অবসান ঘটল এষ্টেট এ্যাকুইজিশন য়্যাক্ট এল তখন থেকেই আমরা দেখতে লাগলাম যে কিছু কিছু চেষ্টা হচ্ছে শাসক পার্টির পক্ষ থেকে এক শ্রেণীর লোককে বাঁচানোর জন্যে। এখন সত্যিকারের জমিদার শ্রেণী নিশ্চিন্ত হয়ে গেল যে জমিদারী প্রথার অবসান হবেই তখন দুর্ভাগ্যক্রমে বাংলাদেশে আরেকশ্রেণী জন্মগ্রহণ করল। যারা জমিদারদের চেয়েও আরও বেশী তীব্র রকমের শোষক এবং বাংলাদেশের কৃষির ব্যবস্থায় উন্নতিতো দূরের কথা আরও সজোরে অবনতির দিকে নিয়ে এরা যাচ্ছে। এই যে শ্রেণী জন্মে উঠল তাদেরই বলা হয় জোতদার শ্রেণী।

জমিদার শ্রেণীর দ্বারা সমাজের কিছুটা কল্যাণ ছিল, কিন্তু জোতদার শ্রেণীর মত এইরকম অকল্যাণকর কোন শ্রেণী বাংলাদেশে আর নেই। অথচ এই শ্রেণীকে বাঁচানোর জন্য শাসক পার্টির প্রচেষ্টা আমাকে ব্যথিত করছে। আজও পর্যন্ত এই শ্রেণী একরকমে আমাদের হন্তারক। প্রথমেই তারা বহু জমি নিজেদের দখলে রাখাতে কৃষিতে এরা কোনরকম সাহায্য করেননি এবং কৃষককেও সাহায্য করেননি। দ্বিতীয়তঃ তাঁর সুনামটা বর্তমানে অধিকের চেয়ে বেশী হয়ে দাঁড়িয়েছে। অর্থাৎ বাকী বকেয়া দেনা ধার ইত্যাদি সমস্ত অজুহাতে ফসল উৎপন্নের শেষে তারা প্রায় সব নিয়ে নেয় এবং নানাপ্রকারে জমি হাতে রেখে দেয়। তারা সেখানে রাজস্ব যেটা আদায় করে সেটার আজও শতকরা ৪০ ভাগ রয়ে গেছে। এটা কেউ কল্পনা করতে পারেন না যে বছরে ৩০৬।৪০৫ টাকা যাদের আয় তাদের আয়কর দিয়ে দাঁড়াল শতকরা ৪০্ লীগ মিনিষ্ট্রির আমলে একটা ফ্লাউড কমিশন বসান হয়েছিল। সেই ফ্লাউড কমিশন বলেছিলেন যে যদি এটাকে সমূলে আজ উৎপাটিত করা হয় তাহলে সমাজে তার ধাক্কা এসে পড়বে, কিন্তু প্রাথমিক হিসাবে তাঁরা করলেন যে এখন আধাআধি খাজনা কমিয়ে দেওয়া হোক—অর্থাৎ ১২ আনা কৃষক পাক। এবং পরে বাংলাদেশে বিরাট আন্দোলন হয়েছিল। বর্গাকার প্রথা যে আইন হয়েছে দুর্ভাগ্যক্রমে সেই আইনে কৃষকদের স্বার্থ রক্ষা করা হয়নি। এই রকম ভাবে শোষণ করার ফলে কৃষির ও কৃষকের কোন উন্নতি হয় নি! এরজন্য কৃষকের কোন ইনসেনটিও থাকে না। দ্বিতীয়তঃ তাঁরা পারেন কিনা হাজার হাজার বিঘা জমির উৎপন্ন ধান তাঁরা কুক্ষিগত করে আটক রাখতে পারেন। বড় বড় ব্যবসায়ী যারা তারা সিডিউল ব্যাঙ্ক থেকে ২২।২৩ কোটী টাকা ধার নিয়ে ৩ কোটী মণ ধান আটক করেন। এদের মারফৎ শ' ওয়ালেশ প্রভৃতি বিরাট কোম্পানীগুলো ধান আটক রাখে। খাদ্য সমস্যার কথায় প্রফুল্লবাবু বলেন যে কৃষকরা ধান আটক রাখে। আর, জে, এম-এ বলে যে কৃষকরা পাট আটক রাখে। কিন্তু তাদের সেই সমস্ত জিনিস আটক রাখার যে ক্ষমতা নেই একথা সবাই জানে। আসলে কৃষক শোষকশ্রেণী জোতদারই দেশের সমূহ ক্ষতি করছে। এর জন্য যখন এষ্টেট য়্যাকুইজিশন য়্যাক্ট আসে তখন আমরা বলেছিলাম যে জমি কিছুতেই অকৃষকদের হাতে রাখবেন না। কিন্তু শোষক পার্টি তখন থেকে আজ পর্যন্ত অত্যন্ত ব্যথিত যে এই শ্রেণীর হাতে জমি কিছুটা রাখতে হবে। এইভাবে ২৫ একর বা ৭৫ বিঘা জমি রাখার কথা হল। এই ৭৫ বিঘা জমি কি মধ্যবিত্তদের বাঁচানোর জন্য রাখা হল? মধ্যবিত্তদের বাঁচানোর জন্য আমাদের কথা ছিল যে তাদের জমি দেওয়া হোক, তাদের কম্পেনসেসন রেট বাড়ান হোক।

[5-20—5-30 p. m.]

প্রথম বিলে এনেছিল ৮ গুণ, আমাদের চেষ্টায় সেটা বেড়ে উঠে ২০ গুণ হয়েছে। আমাদের আজও কথা হচ্ছে যে মধ্যবিত্তদের পূরা থোক টাকা কম্পেনসেশন দেওয়া হোক। ২০ বছরের বণ্ড দিয়ে মধ্যবিত্তদের বাঁচানো যায় না। আপনারা যখন বণ্ড করেছিলেন তখন আমরা বলেছিলাম যে যদি বণ্ড দেন তাহলে নিগোশিয়েবল বণ্ড করুন। মাননীয় মন্ত্রী মহাশয় তখন আশ্বাস দিয়েছিলেন যে এবিষয়ে রিজার্ভ ব্যাঙ্কের সঙ্গে বন্দোবস্ত করা হবে। কিন্তু রিজার্ভ ব্যাঙ্কের সঙ্গে এখনও পর্যন্ত সেই বন্দোবস্ত হয়নি। কেন সেই নিগোশিয়েবল বণ্ড ব্যবস্থা হল না তা বুঝতে পাচ্ছি না। এই বণ্ড যদি দেওয়া হয় তাহলে সেই বণ্ড বাজারে কেনা কেচা করে মধ্যবিত্তরা এককালীন কিছু অর্থ পেয়ে তারা কিছু একটা করতে পারে। কিন্তু ২০ বছরে টাকা দেওয়ার কোন মানে হয় না। অর্থাৎ তাঁদের চেষ্টা কি করে ঐ সমস্ত রাক্ষসে শ্রেণীকে বাঁচান যায়। বাংলাদেশের শুধু কৃষক ভাগচাষীদের এরা যে খাচ্ছে তা নয়, সারা বাংলাদেশকে এরা খেয়ে ফেলছে এবং এদেরই বাঁচানোর জন্য এই ৭৫ বিঘা। এই কারণেই তখন থেকেই আমরা আপত্তি করেছিলাম যে যা কিছু ট্রান্সফার হবে সেসমস্ত গুলিই ধরা হোক বেআইনী। অর্থাৎ এই বিল আসার সময় থেকে, গেজেট হবার সময় থেকে, যত রকমের ট্রান্সফার, যত রকমের বেনামী, যত রকমের হস্তান্তর সবগুলিই ধরা হোক বেআইনী। কিন্তু এঁরা দুঃখে বিগলিত হয়ে বললেন তা কি হয়? ট্রান্সফার এর পার্টিশানের পুরো রাইট দিলে ৭৫ বিঘা করে কত জমি যে নানারকম ভাবে পার্টিশান এবং ট্রান্সফার করে আটক রাখবে তার ইয়ত্তা নেই। এটা ঠিক জানা নেই যে বাংলাদেশের কতজমি কৃষকরা স্বত্ববান হিসাবে চাষ করে। অর্থাৎ কতখানি জমি ভাগে চাষ করে তার কোন রকম সেনসাস এই বিষয়ে পাওয়া যায় নি। বাংলাদেশে সর্বত্র ঘুরে আমার এই ধারণা হয়েছে যে প্রায় ¼ ভাগ জমি বাংলাদেশে ভাগে চাষ হয়। অর্থাৎ ১ কোটী ২০ লক্ষ একরের মধ্যে ৩০ লক্ষ একর যে ভাগে চাষ হয় সে বিষয়ে সন্দেহ নেই। কিন্তু আর বাকী জমি কোথায় গেল? আমার সেজন্য আবেদন যে এই ৩০ লক্ষ একর জমি মধ্যবিত্তের হাতে রাখবার কোন প্রয়োজন নেই; ৩০ লক্ষ একর জমি জোতদারদের হাতে রাখার প্রয়োজন নেই। মধ্যবিত্তদের হয় পুরো কম্পেনসেসান দিন কিম্বা শুধু মধ্যবিত্ত যাদের একটা প্রধান আয় হবে কৃষিজাত পণ্য তাদের ২০।২৫।৫০ বিঘা দিন। অর্থাৎ দরিদ্র শিক্ষক এই রকম গ্রামের মধ্যবিত্ত লোক যারা তাদের আয়ের একটা বড় অংশ যেখানে জমির ধান সেখানে তাদের ঐটা দিন। কিন্তু যারা বড় বড় মালিক—যাদের কথা এইমাত্র সুবোধ ব্যানার্জী আপনাদের কাছ থেকে বললেন—যারা কৃষককে জমি থেকে উৎখাত করে হাজার হাজার বিঘা স্বনামে ও বেনামে রেখেছে, যাদের মেছো ভেড়ী আছে, সিনেমা হাউস আছে, ১০টা নানা প্রকারের ব্যবসা আছে সেই লোকের জন্য চিন্তা করার কোন দরকার নেই। কিন্তু আমাদের শাষকবর্গের চিন্তা তাদের জন্তেই দেখছি বেশী করে হচ্ছে। সেজন্য গভর্নমেণ্টের কাছে আমার আবেদন হল যে এই রকমভাবে ছোট ছোট পিসমিল লেজিসলেসান এনে কোন লাভ নেই এবং এই রকমভাবে ষ্টেট য়্যাকুইজিশন এর এমেণ্ডমেণ্ট এনেও কোন লাভ নেই। আমাদের দুর্ভাগ্য যে সিলেক্ট কমিটিতে যখন ষ্টেট য়্যাকুইজিসান আসে তখন আমরা সরকার পক্ষ থেকে এমেণ্ডমেণ্ট এসেছিল তার উপরেই আলোচনাকে সীমাবদ্ধ রইলাম। এর ফলে সামগ্রিক একটা পরিবর্তন করা আমাদের পক্ষে সম্ভবপর হল না।

এবং আজও তাই হবে কোন এ্যামেণ্ডমেণ্ট এলে পর। সেইজন্য আমার আবেদন হচ্ছে এই হাউস থেকে সকল দলমত নির্বিশেষে একটা কমিশন নিযুক্ত করা হোক যাতে করে এই ল্যাণ্ড এ্যাকুইজিশন য়্যাক্ট এবং ল্যাণ্ড রিফর্মস য়্যাক্ট পাশ হবার পর তাদের প্রত্যেকের কি সুবিধা অসুবিধা হয়েছে, দেশের কি ক্ষতি বা কি লাভ হচ্ছে তা তদন্ত করা যায়। এই সমস্ত তদন্ত করে

তাঁরা যে রিপোর্ট দেবেন সেই রিপোর্টের ভিত্তিতে সমগ্র ষ্টেট এ্যাকুইজিসান য়্যাক্ট এবং ল্যাণ্ড রিফর্মস য়্যাক্ট এ যেন সংশোধন আনা হয় এবং তার ফলে নতুনভাবে জমির ব্যবস্থা হতে পারে। নইলে বার বার এই চেষ্টা ব্যর্থ হতে থাকবে। সভামুখ্য মহাশয়, যে কারণে আমরা বাংলাদেশে ষ্টেট এ্যাকুইজিসান য়্যাক্ট, ল্যাণ্ড রিফর্মস য়্যাক্ট চেয়েছিলাম সেটা একেবারে নিরর্থক হয়ে গেছে, তার কোন সার্থকতা নেই। আমরা এ্যাক্টগুলি সত্যিকারে কিসের উদ্দেশ্যে চেয়েছিলাম না, আইনগত সংস্কার হয়ে যাবার পর যাতে কৃষির সংস্কার সম্ভব হয়; নয় কি? বাংলাদেশের উৎপাদন দুগুণ বাড়ান এবং তারচেয়ে বেশী বাড়ান কি সম্ভব নয়? বাংলাদেশের আজকে অবস্থা হচ্ছে শতকরা ২৫ ভাগ লোক হচ্ছে আরবান। আরবান পপুলেশান ভারতবর্ষের আর কোন প্রদেশে এত পরিমাণে নেই। বাংলাদেশে পুরাতন সেনসাসের অনুপাতে ছিল শতকরা ২৪। আমার ধারণা বর্তমান সেনসাস যখন হবে তখন দেখা যাবে বাংলাদেশের সহরে বাসিন্দা অন্ততঃ বাংলার শতকরা ৩০ হয়ে দাঁড়িয়েছে। এবং বাকি প্রায় শতকরা ২৫।৩০ ভাগ ঐ গ্রামে রয়েছে, একেবারে নিরন্ন, একেবারে ভূমিহীন, কর্মহীন। এই যে শতকরা প্রায় ৫০ ভাগ এর উপর লোক এদের খাওয়ায় বাকি শতকরা ৫০ ভাগ। তারা জন্মাচ্ছে বিঘা প্রতি ৪ মণও নয়। কেমন করে এই দেশ বাঁচতে পারে যদি না এই সম্বন্ধে একটা বিশেষ করে তদন্ত করে বাঁচাবার জন্য চেষ্টা করা হয়। এটা যদি অসম্ভব হত তাহলে আবেদন করতাম না। আমাদের ধারণা এটা সম্ভব। এই বাংলাদেশে যা জমি আছে সেই জমিতেই, একেবারে চরম টেকনোলজির প্রয়োগ প্রয়োজন করে না, যে টেকনোলজি অন্ততঃ ৫০ বছর পূর্বে পৃথিবীর সর্বত্র স্বীকৃত হয়েছে সেই টেকনোলজির মাধ্যমে সকল দেশের ফসল উৎপাদন দুগুণ বাড়ান সম্ভব। আমি খুব আধুনিক টেক্‌নোলজির কথা বলছি না যাতে করে হয়ত বাংলাদেশের ফসল ৪ গুণ, ৮ গুণ বাড়ান সম্ভব। আমি অসম্ভব একটা অবাস্তব জিনিস বলছি না উল্টে অত্যন্ত সাধারণ বাস্তব জিনিষ বলছি। সুখের বিষয় অজয় মুখার্জি মহাশয় উপস্থিত আছেন, আজকে তিনি স্বীকার করেন স্মল ইরিগেশনকে এবং তার প্রচারও করেন। একটা পাম্প করে কুয়া করে তা থেকে বলদ দিয়ে ঘুরিয়ে জল নিষ্কাশিত হচ্ছে. তাতে ১ একর জমি চাষ হয় এবং তার খরচ সামান্য এই জিনিসটা তিনি আজ স্বীকার করেন, আমি মনে করি আজ করুন, দুদিন পরে করুন ২ বছর পরে করুন আনন্দের বিষয় এদিকে তাঁর দৃষ্টি গেছে এবং আমার ধারনা বাংলাদেশের প্রত্যেকটি plot of land প্রতি বিঘা জমিতে আমরা জলসেচের ব্যবস্থা করতে পারি এটা এত কঠিন ব্যাপার নয়। ৫ হাত, ১০ হাত খুব বেশী হলে ২০ হাত তলায় যে জল আছে সেই জল দিয়ে প্রতিটি জমি সিঞ্চিত করা খুব বেশী কঠিন নয়। উত্তর প্রদেশের পশ্চিমাংশে, পাঞ্জাবে ১।২ শো ফুট গভীর কুয়া থেকে জল তুলে যদি ভাল কৃষি হয়, বোধ হয় ভারতবর্ষের ভিতরে শ্রেষ্ঠ কৃষিজাত দ্রব্য উৎপন্ন হয় পাঞ্জাব এবং উত্তর প্রদেশের পশ্চিমাংশে, সেখানে rain-fall আমাদের চেয়ে ঢের বেশী কম, হয়ত কিছু ক্যানেল আছে, সেখানে যদি সম্ভব হয় তাহলে আমাদের এখানে অসম্ভব নয়।

[5-30—5-40 p. m.]

